> ন হি রসাদৃতে কশ্চিদপ্যর্থঃ প্রবর্ততে। তত্র বিভাবানুভাবব্যভিচারিসংযোগাদ্রসনিষ্পত্তিঃ।[10]

অর্থাৎ রস ছাড়া কোন বিষয় হয় না। বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে রসনিষ্পত্তি হয়। ভরতের উপস্থাপিত প্রস্থান অনুযায়ী নাটক আস্বাদনের প্রক্রিয়ায় যা বিভাব (কাব্য বা নাটকের পাত্র-পাত্রী, উদ্দীপক উপাদান সমূহ) হিসেবে চিহ্নিত ছিল, যা কেবলমাত্র নাট্য অভিনয়ের দর্শক-মাধ্যমেই উপস্থিত থাকে বলে সেই সময় পর্যন্ত ভাবা হয়েছে, তাকেই অভিনবগুপ্ত কাব্য ভাষার ব্যঞ্জকের সমতুল্য করলেন। কাব্য পাঠকালে সহৃদয়ের অনুভবনে ব্যঞ্জিত হয় পাঠকের বাসনা সঞ্জাত স্থায়ী ভাব আর তৎসমুচিত ব্যভিচারিভাব। আর ব্যঞ্জক হয়ে ওঠে কাব্যে নিবেশিত অজস্র শব্দ-পদ-বাক্য-অলংকার-বৃত্তির সমবায়ে রূপ লাভ করা বিভাব। তার সাহায্যেই পাঠক আত্মসমাহিত অপূর্ব জগতের

সন্ধান পায় মহাকবির বাণীর মাধ্যমে। এটাই কাব্য পাঠজনিত আনন্দের অন্তর্লীন কারণ। অভিনবগুপ্তের মতে শ্রেষ্ঠ কাব্য মাত্রেই এই ধ্বনি কাব্য। তবে ভরতের তর্কে যা ছিল ইন্দ্রিয় নির্ভর প্রত্যক্ষ, অভিনবগুপ্তের লোচন টীকার ব্যাখ্যা অনুযায়ী তা ভাষানির্মিত কাব্যপাঠের ক্ষেত্রেও প্রযুক্ত হল। কালিদাসের যে *অভিজ্ঞানশকুন্তলমে*-র অভিনয় নট নটীদের সাজসজ্জা, মঞ্চ রূপায়ণ আর অভিনয়ে প্রত্যক্ষ হয়, সেই একই অভিজ্ঞতা নাটকটি পাঠ করতে করতে পাঠকের মানসচক্ষে স্পষ্ট হয়ে ওঠা সম্ভব। তবে *ধ্বন্যালোকে*-র মূল পাঠ অনুযায়ী ধ্বনির প্রাধান্যের ভিত্তিতে কাব্যকে তিনভাগে ভাগ করা হয়েছে। ধ্বনি যেখানে প্রধান তা হল ধ্বনিকাব্য। ধ্বনি যেখানে গৌণ সেটি পরিচিত গুণীভূতব্যঙ্গ্যকাব্য নামে। ধ্বনি বিহীন কাব্যকে বলা হয়েছে চিত্রকাব্য। লোচন টীকার পাঠ অনুযায়ী ধ্বনিবিহীন কাব্য কেবলমাত্র প্রকৃত কাব্যের অনুকরণসর্বস্ব চিত্র। তার কোনো সারবত্তা নেই। যা আলেখ্যের মতো অথবা শুধু কলাকৌশলময়। সহৃদয়গণ কাব্যে যে চমৎকারিত্বের অনুসন্ধান করেন, তা সেখানে পাওয়া যায় না।

> নতু সহৃদয়াভিলষণীয়চমৎকারসাররসনিঃষ্যন্দময়মিতর্থঃ।
> কাব্যানুকারিত্বা চিত্রম, আলেখমাত্রত্বা,কলামাত্রত্বাদ্বা।।[১১]

অভিনবগুপ্তের এই অভিমত কাব্যের চিহ্নিতকরণে খুব স্পষ্টভাবেই ধ্বনির উপস্থিতিকে প্রাধান্যে রেখে প্রকাশিত। তাঁর মতে ধ্বনির সমতুল্য হয়ে ওঠার ক্ষমতা আর কোনো কলাকৌশলেরই নেই। কারণ সহৃদয়ের অভিলষিত চমৎকারী উপাদান, ধ্বনি ছাড়া তৈরিই হতে পারে না। ধ্বনিবাদী আনন্দবর্ধন যেমন পূর্ববর্তী প্রস্থান প্রবক্তাদের সঙ্গে খানিকটা সমঝোতা করছেন ধ্বনিবিহীন কাব্যকে স্বীকার করে, অভিনবগুপ্ত সেই অবকাশটুকুও রাখলেন না।

ধ্বন্যালোকে-র লোচন টীকা নির্মাণে কাব্যনির্মাণকৌশলকেও অভিনবগুপ্ত দেখেছেন পাঠকের আস্বাদনের দিকটিকে গুরুত্ব দিয়ে। অর্থাৎ যেটা না কি কবির দিক থেকে দেখার কথা সেখানেও এসে পড়ে পাঠক পক্ষ। এর বিপরীতে আছে রসপ্রস্থানের আলোচনা। যার অন্যতম প্রধান প্রশ্নটাই হল, দর্শক কেন নাটক দেখে, অথবা নাটক দেখে ধর্ম-অর্থ-কাম-মোক্ষের মতো চতুর্বিধ কোনো ফল লাভ হয় কিনা। এই প্রশ্ন সম্বন্ধিত তর্কে অভিনবগুপ্ত আরও গভীরভাবে আন্তর উপাদানের চর্চা আর দার্শনিক উপলব্ধিকে সংযুক্ত করলেন। উপনিষদের সময় থেকে ব্রহ্মোপলব্ধিকে কেন্দ্র করে যে যুক্তি-প্রতিযুক্তির ধারা প্রবহমান ছিল তার্কিক ও দার্শনিকদের জ্ঞানচর্চায়, তা যুক্ত হল নন্দনতত্ত্বের ক্ষেত্রেও। নাটক দেখে দর্শক কেন আনন্দ পায়, তার স্বরূপ অনুসন্ধানে অভিনবগুপ্ত যোগ করলেন ব্রহ্মানন্দলাভের প্রক্রিয়ার তুলনাত্মক আলোচনা। 'Ananda (bliss) has been accepted as an eternal and invisible mark of the Supreme Principle from the Upanisdic period in Indian thought ; but the Saiva Darsana goes a step further… We have to remember that the alankara section of the sastra,--- in more senses than one, the nucleus of the sastra---, was remodelled in wake of the *rasa-cum-vyanjana* doctrines in Kashmir at a time when the saiva Darsana was one of the dominant thought.'[১২] এই ভাবনার সমান্তরালেই বলা যায় ব্রহ্ম ও আত্মস্বরূপ উপলব্ধি বিষয়ে অভিনবগুপ্তের শৈবপ্রত্যভিজ্ঞাচর্চার প্রত্যক্ষ অভিজ্ঞতা নন্দনতাত্ত্বিক আলোচনার যুক্তিগুলিকেও অন্তর্মুখী হওয়ার প্রবণতা যুগিয়েছে। যার প্রমাণ হিসেবে উল্লেখ করা যায় তাঁর দর্শন বিষয়ক রচনাগুলির কথা। *তন্ত্রালোক, প্রত্যভিজ্ঞাবিবৃতিমর্শিনী, ঈশ্বরপ্রত্যভিজ্ঞাবিমর্শিনী* - এর মধ্যে প্রথমটি তাঁর নিজের রচনা। পরবর্তী গ্রন্থ দুটি হল উৎপলদেব রচিত প্রত্যভিজ্ঞা কারিকার টীকা। যার মধ্যে সংকলিত হয়েছে তাঁর শৈবপ্রত্যভিজ্ঞা দর্শনচর্চার উপলব্ধিগুলি।

ধ্বন্যালোকে-র প্রথম উদ্দ্যোতে ব্যঙ্গ্য অর্থের গুরুত্ব বোঝাতে 'প্রত্যভিজ্ঞা', এই পারিভাষিক শব্দটি ব্যবহৃত হয়েছে। মহাকবিদের দ্বারা নির্বাচিত শব্দ ও অর্থের ব্যবহার প্রচলিত বাচ্যার্থ অথবা লক্ষণামূলক অর্থের মতো নয়। যথাযথভাবে কোন শব্দ ও অর্থ কাব্যোপযোগী ব্যঙ্গ্য প্রকাশে সমর্থ তা কবি বুঝে নেবেন প্রত্যভিজ্ঞা দ্বারা। 'যত্নতঃ প্রত্যভিজ্ঞেয়ৌ তৌশব্দার্থৌ মহাকবেঃ'।[১৩] লোচন টীকায় 'প্রত্যভিজ্ঞা' শব্দের ব্যাখ্যায় অভিনবগুপ্ত ব্যবহার করছেন একটি অর্থ, যা স্বয়ং পরিস্ফূরিত হয়, 'স্বয়মস্যৈতৎপরিস্ফূরতি'। অর্থাৎ এই যুক্তি অনুযায়ী কবি প্রায় স্বয়ম্ভূ শিবের মতো, যাঁর কবিসত্তা স্বয়ং

প্রকাশিত। কাব্যসৃষ্টির জগতের সঙ্গে এই ব্যাখ্যার পার্থক্য শুধু একটাই। একটি আধ্যাত্মিক জগতের তর্ক, অন্যটি মানুষের সৃষ্টি করা কাব্যের জগৎ। অথচ অভিনবগুপ্তের তত্ত্বানুসন্ধানে দুটিই সমান্তরাল ভাবে চলতে থাকে। পরমাত্মার স্বয়ং-প্রকাশিত স্বরূপের মতো কবিও নিজেই নিজেকে প্রকাশ করেন। কবিই কাব্যজগৎ-স্রষ্টা। কাব্যে প্রতিফলিত হয় তাঁরই অন্তরলোক। *তন্ত্রালোক*-এ পরমাত্মার স্বয়ং প্রকাশিত স্বরূপের ব্যখ্যাটিও প্রায় এরই সমগোত্রীয়। *তন্ত্রালোক*-এর শ্লোক -

> নির্মলে মুকুরে যদ্বৎ ভান্তি ভূমিলতাদ্বয়ঃ।
> অমিশ্রাস্তদ্বদ্ একস্মিন্ চিন্নাথে বিশ্ববৃত্তয়ঃ।।[১৪]

প্রত্যভিজ্ঞা মতে, পরমাত্মার অন্তরে যা আছে, তাকেই বাইরে নিজ ভূমিতেই সৃষ্টির অভিব্যক্তি হচ্ছে জগৎ। ব্যক্ত জগৎ এবং আত্মার মধ্যে আছে শুধু আপাত-পার্থক্য, যা আছে দর্পণ অ প্রতিবিম্বিত বস্তুর মধ্যে।[১৫]

অভিনবগুপ্তের ব্যখ্যা অনুযায়ী কবি যদি হন স্বয়ম্ভূ শিবের সমতুল্য তাহলে কাব্যের স্বরূপই বা কী আর তার আস্বাদনের স্বরূপই বা কেমন। ভরতের রসসূত্রের ব্যখ্যা দিতে গিয়ে এ বিষয়ে আরও বিস্তৃত আলোচনা করেছেন তিনি। ভরতের *নাট্যশাস্ত্রে*-র শুরুতেই বলা হয়েছে নাটকে বর্ণিত অভিনয়যোগ্য সমস্ত বস্তুই অলৌকিক। তার প্রধান উপাদানগুলি হল বিভাব, অনুভাব ও তেত্রিশটি ব্যভিচারী ভাব। এছাড়াও আছে আটটি স্থায়ী ও আটটি সাত্ত্বিক ভাব। এই উপাদানগুলি মহাকবির নির্মাণ প্রতিভায় এমন এক অলৌকিক জগতের সৃষ্টি করে যা আস্বাদন করে সহৃদয় সামাজিক ব্রহ্মাস্বাদের সমতুল্য আনন্দ (bliss) লাভ করেন। পারিভাষিক শব্দে এই প্রক্রিয়া ‘রস’ নামে পরিচিত। কিন্তু দৃশ্যকাব্য হিসেবে নাটকে অভিনয়ের আর একটি মাত্রা যুক্ত হয়। যা শ্রব্যকাব্য বা পঠনযোগ্য কাব্যের ক্ষেত্রে থাকে না। ফলে নাট্যরচয়িতার নির্মিত ‘বিভাব’ আর অভিনেতার অভিনয়ে প্রকাশমান ‘বিভাব’- এই দুটি স্তর পেরিয়ে তৈরি হয় ‘রস’। তাই প্রয়োজন হয় রসনিষ্পত্তির ব্যাখ্যার। এছাড়াও সেই মৌলিক প্রশ্ন যে, নাট্যঅভিনয় দর্শনে দর্শকের কেন ‘আনন্দ’ হয়, এবং একটি তার্কিক প্রশ্ন, স্থায়ী ভাব ভরতের রসসূত্রের একটি গুরুত্বপূর্ণ উপাদান হওয়া সত্ত্বেও মূল সূত্রে কেন উল্লেখ করা হল না ইত্যাদি বিষয় নিয়ে অস্পষ্টতা তৈরি হয়। এই তর্কে অংশ নিয়েছিলেন অনেকেই। তবে অভিনবগুপ্ত এর জনপ্রিয়তম প্রবক্তা। তাঁর *অভিনবভারতী* গ্রন্থে পূর্ববর্তী প্রথম তিনজন যথা ভট্ট লোল্লট, আচার্য শঙ্কুক এবং ভট্ট নায়কের তর্কগুলি উল্লিখিত হয়েছে। এঁদের মধ্যে লোল্লট নাট্যপ্রক্রিয়ার সংঘটনায় সহৃদয় সামাজিকের গুরুত্ব বিবেচনা করেননি। তাঁর মতে রস উৎপন্ন হয় বিভাবের মধ্যে। পাত্র-পাত্রীদের অনুভাব থেকে অনুমান করতে হয় অভিনেয় রস কোনটি। আর সামাজিকের চিত্তে অভিনয় দেখে যে আনন্দের অনুভব হয় তার কারণ হল নাট্যবিভাবোচিত পাত্র-পাত্রীর সাদৃশ্যে একই সজ্জায় সজ্জিত নট-নটীর উপরে আরোপিত সাক্ষাৎকার। সেটাই আনন্দের কারণ। এই ব্যাখ্যার থেকে আর একটু পরিণততর তর্ক উপস্থাপন করলেন আচার্য শঙ্কুক। তাঁর মতে ‘সহৃদয় কর্তৃক স্থায়িভাবের অনুমানই রসানুভূতি’।[১৬] তাঁর ব্যাখ্যা অনুযায়ী রস অনুমানের বিষয়। নটের অভিনয় দক্ষতার গুণে এবং বিভাবের সঙ্গে অভিনয়ের অভিন্নতার কারণে সহৃদয় নটের মধ্যেই রসের অনুমান করে, যদিও অভিনেতা বা নটের মধ্যে কোনো স্থায়ীভাব থাকে না। যেহেতু নাট্যবিষয় অলৌকিক তাই নটনটীর মধ্যে স্থায়ী ভাব বাস্তবে আছে কি নেই তার বিচার করা অর্থহীন। শঙ্কুকের মতে রস নিষ্পত্তি আসলে অনুমিতির সমার্থক। তবে লোল্লট বা শঙ্কুকের তুলনায় ভট্ট নায়ক তাঁর পূর্বে উপস্থাপিত তর্কগুলির তুলনায় প্রায় নিখুঁত যুক্তি পরম্পরা সাজাতে পেরেছেন। তাঁর বক্তব্যেই প্রথমবার সহৃদয় সামাজিকের গুরুত্ব তৈরি হল। তাঁর মতে সহৃদয় তার ‘অভিধা’ বা বাচ্যার্থবোধের দ্বারা নাট্যবস্তুকে বুঝতে সমর্থ হয়। কিন্তু শুধু এই বোধের দ্বারা অলৌকিক রসের অভিজ্ঞতা লাভ সম্ভব হয় না। নাট্যাভিনয় দর্শনকালে তার মধ্যে উপস্থিত হয় ‘ভাবনা’র। এই পর্যায়ে সে নিজের লৌকিক অস্তিত্বের পরিচয়কে সাময়িকভাবে বিস্মৃত হয়ে বিভাবের সঙ্গে সাধারণীকৃত হয়। তখন অভিনয়ের মঞ্চে থাকা রাম-সীতা, দেশকাল বিমুক্ত রসানুভূতির প্রতীক হয়ে, তার সঙ্গে একাত্ম হতে থাকে। এরই পরিণত স্তরে সে নিজের অখণ্ড আনন্দময় সত্তার সাক্ষাৎ লাভ করে আনন্দ অনুভব করে। যার নাম ভোগীকৃতি। ভট্ট নায়কের এই ব্যাখ্যার নাম ভুক্তিবাদ। অভিনবগুপ্ত, ভট্ট নায়কের এই ব্যাখ্যাকে শৈবপ্রত্যভিজ্ঞা দর্শনের অভিজ্ঞতা আর যুক্তি দিয়ে সম্পূর্ণ করেন। তাঁর মতে সহৃদয় সামাজিকের পক্ষে তখনই বিভাবের দ্বারা উপস্থাপিত স্থায়িভাবসমূহ আস্বাদন করা সম্ভব যখন

তার নিজের মধ্যেই আজন্মলালিত সংস্কার বা বাসনারূপে স্থায়ী ভাব উপস্থিত। যেমন কোনো ব্যক্তির পক্ষে শৃঙ্গার রসের প্রতীতি অসম্ভব যদি তার মধ্যে ঐ রসানুকূল সংস্কার না থাকে। তার জীবন যদি কঠোর তপস্যা আর বিদ্যাভাসে অভ্যস্ত হয় তাহলে তার পক্ষে বিভাবের দ্বারা উপস্থাপিত ভাবগুলির সঙ্গে সাধারণীকৃত হওয়া অসম্ভব। অন্যদিকে নাট্যমঞ্চে উপস্থাপিত বিভাবসমূহ বা অনুভাবসমূহ, যাকে বাইরে দেখে সে তার নিজ সত্তায় বর্তমান থাকা স্থায়িভাবগুলিকে আস্বাদন করছে, সেটাও অসম্ভব হবে যদি ঐ আপাত বাহ্য উপাদানগুলি তার অভিজ্ঞতার আন্তর উপাদান না হয়। অর্থাৎ এমন কোনো বাঙালি যাঁর অভিজ্ঞতায় বান্টু উপজাতির জীবনযাপন সম্পর্কে কোনো সংস্কার নেই তাহলে তার পক্ষেও বান্টু জাতির অভিনীত নাটক আস্বাদন অখণ্ড আনন্দস্বরূপ হবে না। অর্থাৎ ভরতের রসসূত্রের চারটি উপাদানই অভিনবগুপ্তের মতে সহৃদয়ের আন্তর উপাদান হতে হবে। তবেই সহৃদয় সামাজিক তার নিজ সদ্ ও চিদ্ অংশের আবরণ (শৈব প্রত্যভিজ্ঞা মতে মল) অপসারণ করে আনন্দময় সত্তার স্বাদ লাভ করতে পারবে। এই আস্বাদন ব্রহ্মাস্বাদের সমতুল্য। কারণ যোগীও তার সাধনার শক্তিবলে নিজ আনন্দময় সত্তা যা পরমসত্তারই অংশ, তার সঙ্গে সমাহিত হয়। নাট্যদর্শনে সহৃদয় তার নিজ সত্তার সব লৌকিক খণ্ডিত পরিচয়ের সীমা অতিক্রম করে নিজ আনন্দময় সত্তায় স্থিত হয়। এই পর্যায়ে তার সামনে কোনো বিভাব-অনুভাব-ব্যভিচারিভাবের খণ্ডিত অস্তিত্ব থাকে না। সে নিজেরই আনন্দময় সত্তার আস্বাদনে নিমগ্ন থাকে। সহৃদয়ের স্ব-সত্তা তার নিজের কাছেই অভিব্যক্ত হয়। যেমন ভাবে শৈব প্রত্যভিজ্ঞা মতে শিব স্বয়ং অভিব্যক্ত হন তাঁর সৃষ্ট জগতের মাঝে। অভিনবগুপ্তের এই ব্যাখ্যার নাম অভিব্যক্তিবাদ।

ভরতের রসসূত্রে স্থায়িভাবের উল্লেখ না থাকার কারণ হিসেবে অভিনবগুপ্ত উল্লেখ করেছেন একটি যুক্তি। সেটি এই যে, নাট্যমঞ্চে বা গোটা কাব্য আস্বাদনের অভিজ্ঞতায় অবিরাম একটানা কোনো স্থায়িভাবই উপস্থিত থাকতে পারে না। যদিও সেটাই সব আস্বাদনের মূল ভিত্তি, কিন্তু নাট্যমঞ্চে তাকে প্রত্যক্ষ করে তোলে স্থায়িভাবানুসারি ব্যভিচারিভাবসমূহ। তাই স্থায়ি ভাব অনুল্লেখিত। অনুমিতিবাদের প্রবক্তা শঙ্কুকের মতে স্থায়ী ভাব নাট্য উপাদানগুলির মধ্যে দৃশ্যমান নয়, তাকে অনুমান করে নিতে হয়। তাই ভরতের রসসূত্রে স্থায়ী ভাবের উল্লেখ করা হয়নি।

প্রাচীন ভারতীয় অলংকার শাস্ত্র কাব্যভাষার কাঠামো অনুসন্ধানের প্রচেষ্টায় যখন প্রস্থানভিত্তিক যুক্তির নিগড়ে ক্রমশ বৈচিত্র্যহীন হয়ে পড়ছিল, তখন, অভিনবগুপ্ত যুক্তির স্বচ্ছতা আর অন্তর্দৃষ্টির প্রয়োগ করে নন্দনতত্ত্বের শাস্ত্রভাষারই পুনর্গঠন করলেন। যদিও অভিনবগুপ্তের এবং তৎকৃত ধ্বনিবাদী চিন্তাভাবনার সমালোচনা যে একেবারে হয়নি তা নয়। যেমন *ব্যক্তিবিবেক* রচয়িতা মহিমভট্ট (আনুমানিক একাদশ শতক) ধ্বনির চেয়েও সম্ভাবনাময় তর্ক হিসেবে অনুমানকে উপস্থাপন করেছিলেন। তাঁর মতে শ্রেষ্ঠ ধ্বনি হিসেবে স্বীকৃত অসংলক্ষ্যক্রম ধ্বনির ক্ষেত্রেও ক্রম লক্ষ করা সম্ভব। আদতে যাকে ব্যঙ্গ্য বা ব্যঞ্জনা হিসেবে ধ্বনিবাদীরা দেখাতে চেয়েছেন সেটি পূর্বে প্রচলিত লক্ষণার বৈচিত্র্য ছাড়া আর কিছু নয়। যদিও এই ধরনের বিচ্ছিন্ন বিরোধিতার দৃষ্টান্ত বাদ দিলে পরবর্তীকালের তাত্ত্বিক যেমন *সাহিত্যমীমাংসা*-র রচয়িতা রাজশেখর (আনুমানিক দ্বাদশ শতক), রুয্যক (একাদশ শতক), কুন্তক (দশম শতক) এঁদের তর্কে অভিনবগুপ্তের ভাবনা সমাদৃতি লাভ করেছে। বিশেষত রসবাদের মতো প্রাচীন অথচ জরুরি একটি ভাবনা যা মূলত dramaturgy-র নির্দেশিকা হয়ে থাকার কারণে পৃথক ও বিচ্ছিন্ন তত্ত্ব হিসেবে অবস্থান করত। আবার ধ্বনিবাদের মত ব্যাকরণ নির্ভর প্রস্থানকেও অলংকারশাস্ত্রের চর্চায় গুরুত্বপূর্ণ করে তোলা হল প্রস্থানগুলির সমন্বয় সাধন এবং দার্শনিক চিন্তার সমন্বয় ঘটিয়ে। যার অন্যতম কৃতিত্ব অভিনবগুপ্তের। যে কারণে তাঁকে অনায়াসে প্রাচীন ভারতীয় অলংকারশাস্ত্রের দিক-নির্দেশক বা পথিকৃৎ বলা যেতে পারে।

উল্লেখপঞ্জি

১. *রস ও ভাব*, পৃ. ২.

২. *প্রাচীন ভারতীয় অলংকার-শাস্ত্রের ভূমিকা*, পৃ. ২৩

৩. *নাট্যশাস্ত্র*- ১৬.৪০, পৃ. ৮২.

৪. *ধ্বন্যালোক-লোচন* ১.১, পৃ. ১১.

৫. *অভিনবগুপ্ত*, পৃ. ৬৯.

৬. *History of Sanskrit Poetics*, p. 92.

৭. *তদেব*, পৃ. ৪১

৮. তত্রৈব

৯. *ধ্বন্যালোক-লোচন* ১.৬, পৃ. ২৯.

১০. *নাট্যশাস্ত্র*- ৬.৩১, পৃ. ১৩৭.

১১. *ধ্বন্যালোক-লোচন* ১.১৩, পৃ. ৩৩.

১২. *Studies in Indian Poetics*, p. 46/60.

১৩. *ধ্বন্যালোক*- ১.৮, পৃ. ২৯.

১৪. *অভিনবগুপ্ত*, অনুবাদ রত্না বসু, (*তন্ত্রালোক* ৩.৪), পৃ. ২৮

১৫. *তদেব*, পৃ. ২৮.

১৬. *সাহিত্য মীমাংসা*, পৃ. ৬৩.

নির্বাচিত গ্রন্থপঞ্জি

আনন্দবর্দ্ধন। *ধ্বন্যালোক* (অভিনবগুপ্ত কৃত *লোচন* টীকাসহিত)। অনু. শ্রী সুবোধচন্দ্র সেনগুপ্ত ও কালীপদ ভট্টাচার্য্য। *ধ্বন্যালোক ও লোচন*। কলকাতা: এ. মুখার্জী এণ্ড কোং, ১৩৫৭ বঙ্গাব্দ।

দেশপাণ্ডে, জি.টি. *অভিনবগুপ্ত* । অনু. রত্না বসু। সাহিত্য অকাদেমি, নিউ দিল্লি: ২০১৫।

ভট্টাচার্য, বিষ্ণুপদ। *সাহিত্য মীমাংসা*। কলকাতা: বিশ্বভারতী, ১৯৬০।

ভট্টাচার্য, বিষ্ণুপদ। *প্রাচীন ভারতীয় অলংকার-শাস্ত্রের ভূমিকা*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৬০ বঙ্গাব্দ।

ভরত। *নাট্যশাস্ত্র*। ১ম খণ্ড। সম্পা. সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। কলকাতা: নবপত্র প্রকাশন। ১৩৫৯ বঙ্গাব্দ (১ম প্রকাশ)।

ভরত। *নাট্যশাস্ত্র*। ২য় খণ্ড। সম্পা. সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। কলকাতা: নবপত্র প্রকাশন। ১৯৫৬ (১ম প্রকাশ)।

শাস্ত্রী, আশোক নাথ। *রস ও ভাব*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪০৫ বঙ্গাব্দ।

De, S.K. *History of Sanskrit Poetics.* Kolkata: Firma K.L.M, 1988.

Bhattacharya, Sivaprasad. *Studies in Indian Poetics.* Kolkata: Firma K.L.M, 1981.

বৌদ্ধদর্শন সম্মত অনুমানের শ্রেণীবিভাগ: একটি পর্যালোচনা

মন্দিরা ঘোষ

সংক্ষিপ্তসার: বিভিন্ন ভারতীয় দার্শনিকতন্ত্রগুলিতে অনুমান একটি স্বতন্ত্র প্রমাণরূপে স্বীকৃত, যা হলো প্রমা বা যথার্থ জ্ঞান লাভের একটি উপায় বা প্রণালী। বিভিন্ন দার্শনিকতন্ত্রগুলিতে অনুমানের শ্রেণীবিভাগ করা হয়েছে বিভিন্ন মূল নীতির উপর ভিত্তি করে, অর্থাৎ বিভাগীকরণের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গী হতে অনুমানের বিশেষ কোনো একটি বৈশিষ্ট্যের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে এবং তদনুসারে বা, সেই বৈশিষ্ট্যটির উপর নির্ভর করেই অনুমানের শ্রেণীবিভাগ করা হয়েছে। উদাহরণস্বরূপ, কোনো বিভাগীকরণের দৃষ্টিভঙ্গী গঠিত হয়েছে সাধ্য বা অনুমেয় পদার্থের প্রকৃতির উপর নির্ভর করে (যেমন – পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট ভেদে অনুমানের ত্রিবিধ শ্রেণীবিভাগ), অপর কোনো ক্ষেত্রে শ্রেণীবিভাগটি করা হয়েছে যার দ্বারা অনুমানটি করা হয়ে থাকে সেই ব্যাপ্তি সম্বন্ধের প্রকৃতির উপর নির্ভর করে (যেমন – কেবলান্বয়ী, কেবলব্যতিরেকী ও অন্বয়ব্যতিরেকী ভেদে অনুমানের ত্রিবিধ শ্রেণীবিভাগ); আবার, কোনো ক্ষেত্রে বক্তা ও শ্রোতার প্রয়োগের ভিত্তিতে অনুমানের শ্রেণিবিভাগ করা হয়েছে (যেমন – স্বার্থ ও পরার্থভেদে অনুমানের দ্বিবিধ শ্রেণীবিভাগ)। এর ফলস্বরূপ ভিন্ন ভিন্ন বিভাগীকরণের দৃষ্টিভঙ্গীর পরিপ্রেক্ষিতে এক এবং অভিন্ন অনুমান, ভিন্ন ভিন্ন প্রকারের অন্তর্ভূক্ত হতে পারে। বর্তমান গবেষণা নিবন্ধে আমার পর্যালোচনার অন্যতম মূল বিষয় হলো স্বার্থ ও পরার্থভেদে অনুমানের দ্বিবিধ শ্রেণীবিভাগ। যদিও *ন্যায়সূত্র* ও *বৈশেষিকসূত্রে*-র মধ্যে কোনোটিতেই স্বার্থ ও পরার্থভেদে অনুমানের এই দ্বিবিধ শ্রেণীবিভাগ উল্লিখিত হয়নি, কিন্তু এর ইতিহাস অনুধাবন করতে হলে ফিরে যেতে হবে প্রশস্তপাদের কাছে যিনি তাঁর বৈশেষিকসূত্রের উপর লিখিত ভাষ্যে এবিষয়ের উল্লেখ করেছিলেন। এই বিভাজনটি বৌদ্ধগণ কর্তৃকও স্বীকৃত ও বিশদে আলোচিত হয়েছে। ধর্মকীর্তির প্রমাণবার্তিক, ন্যায়বিন্দু, ধর্মোত্তরের ন্যায়বিন্দুটীকা, মোক্ষাকর গুপ্তের বৌদ্ধতর্কভাষা প্রভৃতি প্রসিদ্ধ গ্রন্থে এইপ্রকার শ্রেণীবিভাজনের উল্লেখ পাওয়া যায়। বর্তমান প্রবন্ধটিতে বৌদ্ধদর্শন সম্মত অনুমানের শ্রেণীবিভাগ নিয়েই মুখ্যতঃ আলোচনা করা হয়েছে।

সূচক শব্দ: স্বলক্ষণ, ত্রিরূপ লিঙ্গ, কার্য হেতু, স্বভাব হেতু, অনুপলব্ধি হেতু।

বৌদ্ধমতে স্বয়ং বুদ্ধ হলেন আরাধ্য ব্যক্তি; তাঁর বাণী মানুষকে অজ্ঞানতার অন্ধকার থেকে মুক্ত করেছে। সমস্ত জগতের প্রাণীসমূহের দুঃখ কষ্টের মূল কারণরূপ অবিদ্যাকে তিনি সাধনার দ্বারা জয় করেছেন এবং জরামরণক্লিষ্ট জীবগণকে ভবচক্র হতে মুক্তির পথ দেখিয়েছেন। আচার্য ধর্মকীর্তি যেমন বুদ্ধের বন্দনা দিয়েই তাঁর *ন্যায়বিন্দু* গ্রন্থের সূচনা করেছিলেন[১], তদনুরূপ আমিও ধর্মকীর্তিকে অনুসরণ করে ভগবান বুদ্ধের উদ্দেশ্যে আমার সশ্রদ্ধ প্রণাম নিবেদনপূর্বক বৌদ্ধ দর্শনে স্বীকৃত অনুমানের আলোচনা শুরু করছি।

বিভিন্ন ভারতীয় দার্শনিক সম্প্রদায় অনুমানকে একটি স্বতন্ত্র প্রমাণরূপে অর্থাৎ যথার্থ জ্ঞান লাভের একটি প্রণালী হিসেবে স্বীকার করেছে। বিভিন্ন দার্শনিকতন্ত্রগুলিতে অনুমানের শ্রেণীবিভাগ করা হয়েছে বিভিন্ন মূল নীতির উপর ভিত্তি করে। বিভাজনের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গী হতে অনুমানের বিশেষ কোনো একটি বৈশিষ্ট্যের উপর গুরুত্ব আরোপ করে তদনুসারে অনুমানের শ্রেণীবিভাগ করা হয়েছে। যেমন বক্তা ও শ্রোতার পরিপ্রেক্ষিতে তথা প্রায়োগিক দিক থেকে অনুমানকে স্বার্থ ও পরার্থ ভেদে দ্বিবিধ প্রকারে বিভক্ত করা হয়েছে।

যদিও *ন্যায়সূত্র* ও *বৈশেষিকসূত্রের* মধ্যে কোনোটিতেই স্বার্থ ও পরার্থভেদে অনুমানের এই দ্বিবিধ শ্রেণীবিভাগ উল্লিখিত হয়নি, কিন্তু এটির মূল উৎস অনুধাবন করতে হলে উপনীত হতে হবে প্রশস্তপাদের কাছে। তাঁর *বৈশেষিকসূত্রের* উপর লিখিত ভাষ্য *পদার্থধর্মসংগ্রহ* নামক গ্রন্থে তিনি এই প্রকার শ্রেণীবিভাগের উল্লেখ করেছিলেন। এই বিভাজনটি বৌদ্ধগণ কর্তৃকও স্বীকৃত হয়েছে। দিঙনাগের *প্রমাণসমুচ্চয়,* ধর্মকীর্তির *প্রমাণবার্ত্তিক, ন্যায়বিন্দু,* ধর্মোত্তরের *ন্যায়বিন্দুটীকা,* মোক্ষাকর গুপ্তের *বৌদ্ধতর্কভাষা* প্রভৃতি গ্রন্থে এইপ্রকার শ্রেণীবিভাজন উল্লিখিত হতে দেখা যায়।

বৌদ্ধযুক্তিবিদ্যায় অনুমানের শ্রেণীবিভাগ সংক্রান্ত দুটি চিন্তাধারা লক্ষ্য করা যায়। একদল যুক্তিবিদ্ ন্যায়সূত্রকার মহর্ষি গৌতমের মত সমর্থন করেছেন; অপরদল আচার্য প্রশস্তপাদের মতকে সমর্থন জানিয়েছেন।[২] প্রথম প্রকার মতটি খুঁজে পাওয়া যায় নাগার্জুনের *উপায়হৃদয়* নামক গ্রন্থে এবং

অপরটি খুঁজে পাওয়া যায় দিঙ্নাগ কর্তৃক বিরচিত *প্রমাণসমুচ্চয়* নামক গ্রন্থে। দিঙ্নাগের পূর্বে বৌদ্ধযুক্তিবিদ্‌গণ ন্যায় দৃষ্টিভঙ্গী অনুসরণ করতেন; কিন্তু দিঙ্নাগই প্রথম প্রশস্তপাদের ধারা গ্রহণ করলেন। তিনি স্বার্থ ও পরার্থ — এই দুইপ্রকার অনুমানকে যথেষ্ট গুরুত্ব সহকারে আলোচনা করেছেন এবং তাঁর *প্রমাণসমুচ্চয়* নামক গ্রন্থের দ্বিতীয় পরিচ্ছেদে স্বার্থানুমান এবং তৃতীয় পরিচ্ছেদে পরার্থানুমান সম্পর্কে বিস্তৃত বিবরণ দিয়েছেন। দিঙ্নাগের শিষ্য শঙ্করস্বামীও তাঁর *ন্যায়প্রবেশ* নামক গ্রন্থে এই দুইপ্রকার অনুমানের উপস্থাপনা করেছেন, যদিও তিনি স্বার্থানুমান ও পরার্থানুমানকে যথাক্রমে 'সাধন' ও 'অনুমান' — এই দুটি শব্দের দ্বারা উল্লেখ করেছিলেন। ধর্মকীর্তি, ধর্মোত্তর, মোক্ষাকর গুপ্ত এবং পরবর্তী অন্যান্য বৌদ্ধদার্শনিকগণ *উপায়হৃদয়ে* উল্লিখিত অনুমানের শ্রেণীবিভাগকে নস্যাৎ করে দিঙ্নাগকেই অনুসরণ করেছিলেন বলে জানা যায়।

ব্যুৎপত্তিগতভাবে নিজের জন্য কৃত অনুমান স্বার্থানুমান এবং অপরের উদ্দেশ্য প্রযুক্ত অনুমান পরার্থানুমান বলে কথিত হয়ে থাকে। ধর্মোত্তরের মতানুসারে পরার্থানুমান ভাষার উপর নির্ভরশীল হওয়ায় তা হল শব্দাত্মক। অপরপক্ষে স্বার্থানুমান কিন্তু শব্দের ভিত্তিতে প্রতিষ্ঠিত নয়, বরং এটিকে একপ্রকার মানসিক প্রক্রিয়া বলে অভিহিত করা যেতে পারে। এপ্রসঙ্গে মোক্ষাকর গুপ্তের বক্তব্য বিশেষ প্রণিধানযোগ্য। মোক্ষাকর গুপ্ত তাঁর *বৌদ্ধতর্কভাষা* গ্রন্থে স্বার্থানুমানকে জ্ঞানাত্মক এবং পরার্থানুমানকে বচনাত্মক বলে ব্যাখ্যা করেছেন।[৩] বৈশেষিক আচার্য প্রশস্তপাদ মনে করতেন যে পরার্থানুমান হল তাই, যেটি পঞ্চাবয়বী ন্যায় বা বাক্যের মাধ্যমে ক্রিয়াশীল বা প্রযুক্ত হয়ে থাকে; তাঁর মতে, প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় এবং নিগমন — এই হল পঞ্চাবয়ব। প্রখ্যাত নৈয়ায়িক জয়ন্তভট্ট কর্তৃক বিরচিত *ন্যায়মঞ্জরী* ও ন্যায়ৈকদেশী ভাসর্বজ্ঞ রচিত *ন্যায়সার* গ্রন্থেও স্বার্থ ও পরার্থ ভেদে অনুমানের শ্রেণীবিভাগ উল্লিখিত হয়েছে। অর্থাৎ, অনুমানের স্বার্থ-পরার্থ বিভাগটি বৌদ্ধ ছাড়াও বৈশেষিক ও নৈয়ায়িকগণের মধ্যেও প্রসিদ্ধ। তবে এইস্থলে বৌদ্ধদর্শনে স্বীকৃত স্বার্থ ও পরার্থ ভেদে অনুমানের শ্রেণীবিভাগটিই নিম্নে বর্ণনা করা হল —

বৌদ্ধমতে আমাদের সর্বপুরুষার্থ সিদ্ধ হয় সম্যক জ্ঞানের দ্বারা। অবিসংবাদক অর্থাৎ অবিরুদ্ধ জ্ঞানই হল সম্যক জ্ঞান।[৪] যে জ্ঞান বস্তুকে প্রবৃত্তির বিষয়রূপে প্রদর্শন করে তাই হল প্রমাণ, এই অর্থে সম্যক জ্ঞান হল প্রমাণ। প্রমাণ বিষয়ে ভারতীয় দার্শনিকদের মধ্যে নানা মতভেদ আছে। বৌদ্ধমতে *অনধিগতং বিষয়ং প্রমাণং* অর্থাৎ অনধিগত বা অজ্ঞাত বিষয়ের জ্ঞান হল প্রমাণ। যেহেতু পূর্বে অজ্ঞাত বিষয়কে যখন হিতকর বা অহিতকররূপে উপলব্ধি করা যায় তখনই আমাদের সেই বস্তু গ্রহণে প্রবৃত্তি হয় এবং সেই প্রবৃত্তি যদি সফল হয় তাহলে আমাদের সেই জ্ঞান বস্তুর প্রাপক হওয়ায় তা প্রমাণ বলে গৃহীত হয়ে থাকে। সুতরাং অনধিগত বস্তু বিষয়ক জ্ঞানই হল প্রমাণ। কিন্তু যে বস্তু আগে কোনো প্রমাণের বিষয় হয়েছে সেই বস্তু বিষয়ে নতুন কোনো প্রবৃত্তি উৎপন্ন না হওয়ায় সেই জ্ঞান বস্তুপ্রাপ্তির পক্ষে সহায়ক বলে গণ্য হয় না; ফলতঃ তাকে প্রমাণ বলা যাবে না। তাই বৌদ্ধ মতে জ্ঞাত বিষয়ের জ্ঞান হল অপ্রমাণ।

বৌদ্ধমতে এই সম্যক জ্ঞান হল দুই প্রকার[৫], যথা: প্রত্যক্ষ ও অনুমান।[৬] যে বিষয়ের দ্বারা সাক্ষাৎভাবে উৎপন্ন জ্ঞান কোনো বিকল্পের সাহায্য ছাড়া সেই বিষয়টিকে জানিয়ে দিতে পারে সেই বস্তুবিষয়ক জ্ঞানই হল প্রত্যক্ষ জ্ঞান। অর্থাৎ যে বিষয়ের দ্বারা আমাদের সাক্ষাৎভাবে জ্ঞান উৎপন্ন হয়, সেই বিষয়েরই প্রত্যক্ষ সম্ভব। তবে বৌদ্ধগণ প্রত্যক্ষ ছাড়া আরও একটি জ্ঞানকে প্রমাণ বলে মেনেছেন, যার নাম হল অনুমান। এই অনুমানের লক্ষণ প্রত্যক্ষের ব্যবর্তক জ্ঞানরূপেই দেওয়া হয়ে থাকে। যেমন – বৌদ্ধমতে অনুমানে যে বস্তুটি প্রবৃত্তির বিষয় হয় তা সাক্ষাৎভাবে জ্ঞানের বিষয় না হয়ে লিঙ্গদর্শনের দ্বারা জ্ঞানের বিষয় হয়। কিন্তু প্রত্যক্ষ জ্ঞানের ক্ষেত্রে যে বস্তুটি সুনির্দিষ্টরূপে ও সাক্ষাৎভাবে ভাসমান হয়, তা সমস্ত রকম সংশয়, বিপর্যয় ইত্যাদি দোষ হতে মুক্ত। অনুমিতি জ্ঞানে পক্ষে লিঙ্গের জ্ঞান এবং ঐ লিঙ্গের সাথে সম্বদ্ধরূপে যে বস্তুর জ্ঞান হয়, তা কোনো সাক্ষাৎ জ্ঞান নয়, বরং পরোক্ষ জ্ঞান। বৌদ্ধমতে প্রত্যক্ষ ও অনুমান এই দুই প্রকার জ্ঞানই বস্তুকে আমাদের কাছে সুনির্দিষ্টরূপে উপস্থাপন করতে পারে বলে কেবলমাত্র এই দুটি জ্ঞানকেই প্রমাণ বলে স্বীকার করা হয়। *ন্যায়বিন্দু*তে ইন্দ্রিয়জ জ্ঞান, মনোবিজ্ঞান, আত্মসংবেদন ও যোগীজ্ঞান ভেদে চারপ্রকার প্রত্যক্ষ জ্ঞান স্বীকৃত হয়েছে, এবং এই চার প্রকার প্রত্যক্ষেরই বিষয় হল স্বলক্ষণ বস্তু। যেহেতু

বৌদ্ধদার্শনিকগণ ক্ষণভঙ্গবাদে বিশ্বাসী তাই প্রত্যক্ষ জ্ঞানের বিষয়কে তাঁরা স্বলক্ষণ বা ক্ষণিক বিষয় বলে ব্যাখ্যা করেছেন। কিন্তু স্বলক্ষণই একমাত্র জ্ঞানের বিষয় হয় না; ক্ষেত্রবিশেষে সামান্য লক্ষণও জ্ঞানের বিষয় হয়ে থাকে। এই সামান্য লক্ষণকে জানার জন্য যে জ্ঞানের প্রয়োজন, তা প্রত্যক্ষের দ্বারা সম্ভব নয়; তাই প্রত্যক্ষ জ্ঞানের অতিরিক্ত অনুমিতি জ্ঞান স্বীকার করা হয়েছে। বৌদ্ধমতে প্রত্যক্ষ ও অনুমানের গ্রাহ্য বিষয় সম্পূর্ণ ভিন্ন, এবং তারা একে অন্যের ক্ষেত্রে প্রবেশ করতে পারে না। প্রত্যক্ষের গ্রাহ্য বিষয় স্বলক্ষণ এবং অনুমানের গ্রাহ্য বিষয় হল সামান্যলক্ষণ। সম্ভবতঃ এইকারণেই প্রত্যক্ষ জ্ঞানকে ব্যাখ্যা করার পর ধর্মকীর্তি তাঁর *ন্যায়বিন্দু* গ্রন্থের দ্বিতীয় পরিচ্ছেদে স্বার্থানুমান ও তৃতীয় পরিচ্ছেদে পরার্থানুমান নিয়ে আলোচনা করেছেন।

স্বার্থানুমান আলোচনার শুরুতেই ধর্মকীর্তি প্রথম সূত্রে বলেছেন, *অনুমানং দ্বিধা* অর্থাৎ স্বার্থ ও পরার্থ ভেদে অনুমান হল দুইপ্রকার। এখানে প্রশ্ন উঠতে পারে, কোনো বিষয় নিয়ে আলোচনা করতে গেলে প্রথমে তার সাধারণ স্বরূপের পরিচয় দেওয়া আবশ্যক এবং তারপর তার বিভাগ প্রদর্শন করা উচিৎ; কিন্তু এক্ষেত্রে গ্রন্থকার অনুমানের কোনো লক্ষণ নির্দেশ না করেই সরাসরি অনুমানের বিভাগ প্রদর্শনে প্রবৃত্ত হয়েছেন কেন? এইরূপ আপত্তির উত্তর দিতে গিয়ে ন্যায়বিন্দুটীকাকার ধর্মোত্তর বলেছেন যে, 'স্বার্থানুমান' এবং 'পরার্থানুমান' – এই দুটি শব্দের শেষে অনুমান শব্দটি থাকলেও উক্ত অনুমানদুটির কোনো সাধারণ রূপ হয় না। অর্থাৎ স্বার্থানুমান ও পরার্থানুমান পরস্পর হতে এতটাই ভিন্ন যে তাদের উভয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে এমন কোনো সাধারণ লক্ষণ প্রদান করা সম্ভব নয়। পরার্থানুমান শব্দাত্মক, আর স্বার্থানুমান হল জ্ঞানাত্মক। অর্থাৎ যে ন্যায়বাক্যের দ্বারা অন্যকে পরোক্ষ অর্থের বোধ করানো হয়, সেই ন্যায়বাক্যটিকে পরার্থানুমান বলা হয়; অপরপক্ষে ত্রিরূপ লিঙ্গের দ্বারা প্রমাতার মধ্যে যে পরোক্ষ অর্থের বোধ উৎপন্ন হয় সেই বোধটিকে বলে স্বার্থানুমান। ন্যায়বাক্য এবং বোধ হল সম্পূর্ণ ভিন্ন দুটি বস্তু। এদের কোনো সাধারণ লক্ষণ হয় না। সুতরাং স্বার্থানুমান ও পরার্থানুমান প্রত্যেকটির জন্য নির্দিষ্ট লক্ষণ বলার পূর্বে তাদের প্রকারভেদের উল্লেখ করা হয়েছে।

অনুমানং দ্বিধা –এই সূত্রের পরিপ্রেক্ষিতে কমলশীল কয়েকটি বিপ্রতিপত্তির উল্লেখ করেছেন। ন্যায়দর্শনে পূর্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট ভেদে অনুমানকে তিন প্রকার বলা হয়েছে। সাংখ্যকারিকাতেও অনুরূপ শ্রেণীবিভাগ উল্লিখিত হতে দেখা যায়। তবে এদের নাম একই হলেও ন্যায় ও সাংখ্য সম্প্রদায়ের ব্যাখ্যায় বেশ কিছু প্রভেদ আছে। তবে অনুমানের অস্তিত্বেই বিপ্রতিপত্তির কথা জানাতে গিয়ে কমলশীল তাঁর *ন্যায়বিন্দুপূর্বসংক্ষিপ্তে* বৈয়াকরণদের নাম উল্লেখ করেছেন।[৭]

কমলশীল অনুমানের প্রামাণ্য বিষয়ে পূর্বপক্ষীরূপে কেবল বৈয়াকরণদের কথাই বলেছেন। কিন্তু *প্রমাণবিনিশ্চয়ে* ধর্মকীর্তি স্বয়ং পূর্বপক্ষীরূপে লোকায়তিকদের কথা উল্লেখ করেছেন।[৮] টীকাকার জ্ঞানশ্রীভদ্র আবার তাঁর *প্রমাণবিনিশ্চয়টীকা*তে অনুমানের পূর্বপক্ষীরূপে বাক্যপদীয়কার ভর্তৃহরির নাম উল্লেখ করেছিলেন।

ন্যায়বিন্দু গ্রন্থের ১/৩ সংখ্যক সূত্রের টীকাতে ধর্মোত্তর অনুমানের স্বরূপ ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন, "লিঙ্গগ্রহণসম্বন্ধস্মরণস্য পশ্চাৎ মানম্ অনুমানম্।" অর্থাৎ লিঙ্গগ্রহণের পর লিঙ্গ ও সাধ্যের মধ্যে যে অবশ্যম্ভাবী সম্বন্ধ আছে, তা স্মরণের পর যে বস্তুপ্রাপক জ্ঞান হয় সেটিই হল অনুমান। এখানে জ্ঞানকে অনুমান বলাতে মনে রাখতে হবে এই স্বরূপটি স্বার্থানুমানের। বৌদ্ধগণ পরার্থানুমান বলে অনুমানের যে আরেকপ্রকার ভেদ স্বীকার করেন সেটি জ্ঞানাত্মক নয়, শব্দাত্মক। তাই ধর্মোত্তরের ঐ লক্ষণটি পরার্থানুমানের জন্য প্রদত্ত হয়নি বলেই বুঝতে হবে। ধর্মোত্তরের ব্যাখ্যানুসারে যার দ্বারা অন্যকে অপ্রত্যক্ষ অর্থটি বোঝানো হয় সেটিই হল পরার্থানুমান।

ন্যায়ৈকদেশী ভাসর্বজ্ঞের ব্যাখ্যায় পরার্থানুমান শব্দের অর্থে অভিনবত্বের সন্ধান পাওয়া যায়। তিনি বলেছেন, অনুমান বাক্যকে পরার্থানুমান বলা যেতে পারে, কারণ বক্তার অপেক্ষায় ঐ বাক্যটি পরার্থ। যেহেতু বক্তার ক্ষেত্রে ঐ বাক্যের অপেক্ষা থাকে না, বাক্যটি বক্তার নিজের জ্ঞানের অনুবাদক হয়, অন্যের প্রতীতির জন্যই সে ঐ বাক্যটি উপস্থাপিত করে মাত্র, তাই ঐ বাক্যটি হল পরার্থ। প্রশস্তপাদভাষ্যের উপর রচিত *ব্যোমবতী* টীকাতে ব্যোমশিবাচার্য বলেছেন, লিঙ্গটি কেবল চক্ষু প্রভৃতির মাধ্যমে সাধ্যপ্রতিপত্তির কারণ হলে, তা স্বার্থানুমানরূপে গণ্য হবে, যেহেতু সেখানে শব্দের সাহায্য থাকে না। আর শব্দের সাহায্য নিয়ে লিঙ্গের জ্ঞান হলে ঐ লিঙ্গজ্ঞানকে পরার্থানুমান বলে।

*ন্যায়কন্দলী*তে শ্রীধরাচার্য বলেছেন যে, কেবল বাক্যটিই সাধ্যকে বোঝায় না। যদি তা বোঝায়, তাহলে জ্ঞানটি শাব্দবোধরূপে পরিগণিত হবে। সুতরাং অবিনাভূত লিঙ্গের অভিধায়ক বাক্যের প্রয়োগই হল পরার্থানুমান। এইভাবেই স্বার্থ-পরার্থের বৈশিষ্ট্য ব্যাখ্যা করা হয়েছে।

ন্যায়বিন্দু গ্রন্থে স্বার্থানুমানের যে লক্ষণ পাওয়া যায়, তা ন্যায়মত হতে স্বতন্ত্র। যদিও বৌদ্ধ ও নৈয়ায়িক উভয়েই মনে করেন যে, স্বার্থানুমানের মূল উদ্দেশ্য হল অনুমানকর্তার জ্ঞানলাভ। কিন্তু সেই উদ্দেশ্য বা লক্ষ্য বৌদ্ধগণ প্রদত্ত লক্ষণে প্রকাশিত হয়নি। অপরপক্ষে নৈয়ায়িকগণ স্পষ্টতঃই বলেছেন যে, *তত্র স্বার্থং স্বানুমিতি হেতুঃ* অর্থাৎ, নিজের অনুমিতির যা হেতু বা কারণ,তাই হল স্বার্থানুমান। প্রকৃতপক্ষে বৌদ্ধদের যে বিশ্লেষণ তা অনুমান সাধারণের ক্ষেত্রেই প্রযোজ্য। বৌদ্ধমতে ত্রিরূপবিশিষ্ট লিঙ্গ থেকে অনুমেয় পদার্থ বিষয়ে যে জ্ঞান হয় তাই হল স্বার্থানুমান।কিন্তু পরার্থানুমানের ক্ষেত্রেও তো অনুমেয় পদার্থের জ্ঞান হওয়ার জন্য ত্রিরূপ লিঙ্গের জ্ঞানই আবশ্যক। পরার্থানুমানের পরিচয় প্রসঙ্গে ধর্মকীর্তি নিজেই বলেছেন, *ত্রিরূপ লিঙ্গাখ্যানং পরার্থানুমানম্* অর্থাৎ ত্রিরূপ লিঙ্গের জ্ঞানই হল পরার্থানুমান। সুতরাং ত্রিরূপ লিঙ্গ থেকে অনুমেয় পদার্থ বিষয়ক জ্ঞানকে অনুমান বললে তা কেবল স্বার্থানুমানের ক্ষেত্রেই প্রযোজ্য হবে এরূপ মনে করা উচিৎ নয়। প্রকৃতপক্ষে মনে হয় যে, যেহেতু ধর্মকীর্তি অনুমানের কোনো সাধারণ লক্ষণ দেননি, তাই অনুমান সাধারণের জন্য প্রয়োজনীয় তথ্যই স্বার্থানুমানের লক্ষণের মধ্য দিয়ে বিবৃত করেছেন। সুতরাং অনুমিতির লক্ষণপ্রদান স্থলের ন্যায় এক্ষেত্রেও ব্যুৎপত্তিগত অর্থকে মূল ধরে স্বার্থানুমানের পরিচয় দিতে হবে। এই অর্থে স্বার্থ অর্থাৎ নিজের প্রয়োজনে যে অনুমান তাকেই স্বার্থানুমান বলে বুঝতে হবে। যেহেতু যেকোনো প্রকার অনুমানের ক্ষেত্রেই ত্রিরূপ লিঙ্গ জ্ঞান আবশ্যক, তাই স্বার্থানুমানের লক্ষণে বলা হয়,

> তত্র স্বার্থং ত্রিরূপল্লিঙ্গাদ্ যদনুমেয়ে জ্ঞানং তদ্ অনুমানম্।।২/৩।।

অর্থাৎ ত্রিরূপ লিঙ্গ থেকে অনুমেয় বিষয়ে যে জ্ঞান উৎপন্ন হয় তাই হল স্বার্থানুমান।

এক্ষেত্রে হেতু বা লিঙ্গের স্বরূপ পরিস্ফুট করতে গিয়ে বলা যায়, যে পদার্থ থেকে অন্য কোনো বিষয় বা অর্থ পরোক্ষভাবে জানতে পারা যায় তাকেই বলে হেতু। এখানে হেতু বলতে কেবলমাত্র দৃষ্ট হেতুকেই বোঝানো হয়। কারণ বৌদ্ধমতে কোনো অতীত বা অনাগত হেতু থেকে অনুমান করা যায় না। পক্ষান্তরে তর্কসংগ্রহকার অন্নংভট্ট লিঙ্গ পরামর্শকে অনুমিতির করণ বলেছেন। তাঁর মতে এই লিঙ্গ পরামর্শের দ্বারা অতীত ও অনাগত হেতু থেকেও অনুমান সম্ভব। ন্যায়মতে সৎ হেতুর পাঁচটি ধর্ম বিদ্যমান, যথা: পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব, বিপক্ষাসত্ত্ব, অবাধিতবিষয়ত্ব এবং অসৎপ্রতিপক্ষত্ব। অপরপক্ষে বৌদ্ধমতে হেতু বা লিঙ্গের তিনটি ধর্মের উল্লেখ করা হয়েছে। আচার্য বিনীতদেবের মতে, হেতুর দোষ অর্থাৎ হেত্বাভাসের ভেদ দেখানোর জন্য হেতুর তিনটি রূপের কথা বলা হয়েছে। এই ত্রিরূপের মধ্যে এক বা একাধিক রূপের অভাব হলে উক্ত হেতুটি হেত্বাভাস বলে পরিগণিত হয়। ত্রিরূপ লিঙ্গের স্বরূপ পরিস্ফুট করতে গিয়ে ধর্মকীর্তি তাঁর ন্যায়বিন্দু গ্রন্থে বলেছেন —

> ত্রৈরূপ্যং পুনর্লিঙ্গস্যানুমেয়ে সত্ত্বম্ এব, সপক্ষে এব সত্ত্বম্, অসপক্ষে চাসত্ত্বম্ এব নিশ্চিতম্।।২/৫।।

অর্থাৎ লিঙ্গের এই তিনটি রূপ হল যথাক্রমে, (১) অনুমেয়ে সত্ত্বম্ এব নিশ্চিতম্, (২) সপক্ষে এব সত্ত্বম্ নিশ্চিতম্ এবং (৩) অসপক্ষে অসত্ত্বম্ এব নিশ্চিতম্। নিম্নে লিঙ্গের এই ত্রিরূপের সংক্ষিপ্ত পরিচয় প্রদান করা হল —

(১) অনুমেয়ে সত্ত্বম্ এব নিশ্চিতম্: অনুমেয়ে অর্থাৎ সাধ্যবিশিষ্ট পক্ষে হেতুর নিশ্চয়াত্মক জ্ঞান থাকা হল হেতুর প্রথম রূপ। অর্থাৎ হেতুর প্রথম রূপটিতে হেতুর পক্ষসত্ত্ব বা পক্ষবৃত্তিত্বের কথাই বলা হয়ে থাকে। লিঙ্গ কেবলমাত্র যোগ্যতার দ্বারাই পরোক্ষ জ্ঞানের হেতু হয় না, উপস্থিতির দ্বারাও হয়। যেমন আমরা বলতে পারি যে, বীজে অঙ্কুর উৎপাদনের ক্ষমতা আছে বলেই অদৃষ্ট বীজ থেকেও অঙ্কুর উৎপাদন সম্ভব। কিন্তু অদৃষ্ট ধূম থেকে আমরা অগ্নির অনুমান করতে পারি না। কারণ আমরা পূর্বেই আলোচনা করেছি যে, বৌদ্ধমতে কেবলমাত্র দৃষ্ট হেতু থেকেই সাধ্যের অনুমান করা যায়, অতীত বা অনাগত হেতু থেকে নয়। তাঁদের মতে হেতুকে কেবলমাত্র দৃষ্ট হলেই চলবে না, সাধ্যের সাথে তার সম্বন্ধ নিশ্চিত হতে হবে। সুতরাং পরোক্ষ বিষয়ের সাথে বিশেষ সম্বন্ধ দ্বারাই লিঙ্গ

পরোক্ষ বিষয় প্রতিপাদন করে, অন্য কোনোভাবে নয়। লক্ষণে ‘সত্ত্ব’ পদটির দ্বারা অসিদ্ধ হেতুকে বারণ করা হয়। যেমন – “শব্দঃ অনিত্যঃ চাক্ষুষত্বাৎ”, এখানে ‘চাক্ষুষত্ব’ হেতুটি অসিদ্ধ, কারণ তা শব্দরূপ পক্ষে বর্তমান থাকে না। আবার লক্ষণে ‘এব’ পদের দ্বারা যে হেতু পক্ষের একদেশে বিদ্যমান তাকেও বারণ করা হল। যেমন – “চেতনাঃ তরবঃ স্বাপাৎ”, অর্থাৎ বৃক্ষসমূহ চেতন, যেহেতু তারা নিদ্রা যায়। এখানে পক্ষ হল বৃক্ষ, পত্রসংকোচন হল বৃক্ষের নিদ্রা। অর্থাৎ এক্ষেত্রে হেতু হল পত্রসংকোচন, এই হেতুর দ্বারা বৃক্ষে চেতনত্বের অনুমান করা হয়। কারণ সংকোচন হল চেতনের ধর্ম। কিন্তু পত্রসংকোচনরূপ নিদ্রা পক্ষের একদেশে সিদ্ধ নয়, কারণ এমন অনেক বৃক্ষ আছে যাদের পত্র সংকোচন হয় না। তাই পক্ষের একদেশবৃত্তি অসিদ্ধ হেতুর নিরাসের জন্য লক্ষণে “এব” শব্দটি গ্রন্থকার কর্তৃক নিবিষ্ট হয়েছে।

যদি ‘এব’ শব্দটি ‘সত্ত্ব’ শব্দের পরে না থেকে আগে থাকতো তাহলে “নিত্যঃ শব্দঃ শ্রাবণত্বাৎ” – এখানে শ্রাবণত্বটি সৎ হেতু বা লিঙ্গরূপে পরিগণিত হয়ে যেত, যেহেতু শ্রাবণত্ব অবশ্যই অনুমেয় শব্দে থাকে, শব্দ ছাড়া আর কোথাও থাকে না, কিন্তু এটি অভিপ্রেত নয়, তাই ‘এব’ শব্দকে ‘অনুমেয়’ শব্দের পরে না দিয়ে, ‘সত্ত্ব’ শব্দের পরে নিবেশ করে গ্রন্থকার অনভিপ্রেত অসাধারণ হেত্বাভাসকে নিরস্ত করেছেন। আর ধর্মোত্তরের মতে সূত্রোক্ত ‘নিশ্চিত’ শব্দের দ্বারা সকলপ্রকার সন্দিগ্ধাসিদ্ধ হেত্বাভাসের নিরসন করা হয়েছে।[৯]

(২) সপক্ষে এব সত্ত্বম্ নিশ্চিতম্: সপক্ষে হেতুর নিশ্চয়াত্মক জ্ঞান থাকা হল হেতুর দ্বিতীয় রূপ। অর্থাৎ হেতুর দ্বিতীয় রূপটিতে হেতুর সপক্ষসত্ত্বের কথাই বলা হয়ে থাকে। এখানে ‘সত্ত্ব’ শব্দের দ্বারা সকল প্রকার বিরুদ্ধ হেতুকে বারণ করা হয়েছে। অর্থাৎ কোনো বিরুদ্ধ হেতুই সপক্ষে থাকে না। আবার “সপক্ষে এব সত্ত্বম্” এই লক্ষণে ‘এব’ শব্দটি দেওয়া হয়েছে অনৈকান্তিক হেত্বাভাস নিরসনের উদ্দেশ্যে। অনৈকান্তিক হেতু হল তাই যা, সপক্ষ ও বিপক্ষ উভয়স্থলেই বিদ্যমান থাকে। যেমন – ‘শব্দঃ অনিত্যঃ প্রমেয়ত্বাৎ’ এখানে সপক্ষ হল অনিত্য ঘটাদি ও বিপক্ষ হল আকাশ, দিক, কাল প্রভৃতি নিত্য দ্রব্য; এবং হেতু হল ‘প্রমেয়ত্ব’। এই প্রমেয়ত্ব হেতুটি সপক্ষ ও বিপক্ষ উভয়স্থলেই বিদ্যমান, ফলে এখানে সাধারণ অনৈকান্তিক হেত্বাভাস হয়।

‘সপক্ষে এব সত্ত্বম্’ –এখানে ‘এব’ শব্দটি যদি ‘সত্ত্ব’ শব্দের পরে থাকত,তাহলে ‘সপক্ষের সর্বাংশ ব্যেপে অবশ্যই উপস্থিতি আছে যার’ –এমন হেতুকেই কেবল সৎ হেতুরূপে গ্রহণ করা যেত। ফলে “পর্বতো বহ্নিমান্ ধূমবত্ত্বাৎ” –এই অনুমানস্থলে ধূমকে আর সৎ হেতুরূপে গ্রহণ করা যেত না কারণ, ধূমরূপ হেতুটি সকল সপক্ষে (যেমন: তপ্ত অয়ঃ পিণ্ড) বিদ্যমান থাকে না। অর্থাৎ এইস্থলে একটি সৎ হেতুকে হেত্বাভাস বলে গণ্য করতে হোত। এই আশঙ্কা নিরসনের জন্যই ‘এব’ শব্দটিকে ‘সত্ত্ব’ শব্দের পূর্বে নিবেশ করা হয়েছে।

আবার এখানে “নিশ্চিতম্” শব্দের দ্বারা সন্দিগ্ধান্বয় অনৈকান্তিক হেত্বাভাসের নিরসন করা হয়েছে। যে হেতুটি অনিবার্যরূপে সপক্ষে উপস্থিত থাকে কি না সেবিষয়ে সংশয় বা সন্দেহ আছে, তাকে সন্দিগ্ধান্বয় হেত্বাভাস বলা হয়। যেমন: “কশ্চিৎ সর্বজ্ঞঃ বক্তৃত্বাৎ”, অর্থাৎ কোনো এক ব্যক্তি সর্বজ্ঞ, যেহেতু তিনি বক্তা (শাস্ত্রবক্তা)। এখানে বিপক্ষ হল অসর্বজ্ঞ জীব এবং হেতু হল বক্তৃত্ব। বিপক্ষে হেতুটি অনুপস্থিত থাকে। এখানে সপক্ষ হল যেকোনো সর্বজ্ঞ ব্যক্তি। কিন্তু এই ধরণের কোনো সর্বজ্ঞ ব্যক্তি আছে কি না, যার মধ্যে বক্তৃত্ব বিদ্যমান; সেটি সন্দিগ্ধ একটি বিষয়। অর্থাৎ সকল সর্বজ্ঞে বক্তৃত্ব নিশ্চিতরূপে জ্ঞাত নয় বলে তা সন্দিগ্ধ হওয়ায় এখানে সন্দিগ্ধান্বয় অনৈকান্তিক হেত্বাভাস হয়েছে। সুতরাং হেতুর এই দ্বিতীয় রূপটিতে হেতুর নিশ্চিতভাবে সপক্ষবৃত্তিত্বের কথাই বলা হয়েছে।

(৩) অসপক্ষে অসত্ত্বম্ এব নিশ্চিতম্: বিপক্ষে হেতুর অনুপস্থিতির নিশ্চয়াত্মক জ্ঞান থাকা হল হেতুর তৃতীয় রূপ। অর্থাৎ হেতুর তৃতীয় রূপটিতে হেতুর বিপক্ষাসত্ত্বের কথাই বলা হয়ে থাকে। যেমন – হেতু ধূম মহানসে বিদ্যমান থাকলেও হ্রদে কখনোই উপস্থিত থাকতে পারে না, তাই হ্রদকে আমরা ধূমের অসপক্ষ বা বিপক্ষস্থল বলে থাকি। এখানে ‘অসত্ত্বম্’ শব্দের দ্বারা সকল প্রকার বিরুদ্ধ হেতুকে বারণ করা হয়েছে। এই লক্ষণে ‘এব’ শব্দের গ্রহণ দ্বারা বিপক্ষের একদেশে উপস্থিত সাধারণ হেত্বাভাসের নিরসন করা হয়। যেমন: “শব্দঃ প্রযত্নানন্তরীয়কঃ অনিত্যত্বাৎ”, অর্থাৎ শব্দ প্রযত্ন দ্বারা

উৎপন্ন, যেহেতু শব্দ অনিত্য। এখানে বিদ্যুৎ, আকাশ ইত্যাদি হল বিপক্ষ কারণ, প্রযত্নানন্তরীয়কত্ব (প্রযত্নের অনন্তর উৎপন্ন হওয়া) ধর্মটি বিদ্যুতেও নেই, আকাশেও নেই। বিদ্যুৎ বা আকাশের উৎপত্তিতে কোনো মনুষ্য প্রযত্ন থাকে না; সুতরাং 'অনিত্যত্ব' হেতুটির বিপক্ষে থাকার কথা নয়, কিন্তু দেখা যাচ্ছে এস্থলে 'অনিত্যত্ব' হেতুটি আকাশে না থাকলেও বিপক্ষের একদেশে যথা: বিদ্যুৎ প্রভৃতিতে থাকে। সুতরাং 'অনিত্যত্ব' হেতুটিকে নির্দোষ হেতু বলা যায় না, তা বিপক্ষের একদেশবৃত্তি সাধারণ হেত্বাভাসরূপে পরিগণিত হয়। অর্থাৎ হেতুটি বিপক্ষে অবশ্যই অনুপস্থিত থাকবে –এটি বোঝাতেই অসত্ত্বের পরে 'এব' শব্দ নিবেশ করা হয়েছে। এছাড়া সূত্রোক্ত 'নিশ্চিতম্' শব্দের দ্বারা সকল বিপক্ষে হেতুর অবৃত্তিত্ব সম্পর্কে নিশ্চিত জ্ঞান থাকার আবশ্যকতাই সূচিত হয়েছে।

বৌদ্ধমতে প্রতিটি সৎ হেতুর মধ্যেই উপরোক্ত পক্ষসত্ত্ব, সপক্ষসত্ত্ব ও বিপক্ষাসত্ত্ব –এই তিনটি বৈশিষ্ট্য নিশ্চিতরূপে বিদ্যমান থাকে। এরপর সৎ হেতুর বিভাগ প্রদর্শন করতে গিয়ে ধর্মকীর্তি তাঁর *প্রমাণবার্তিক* গ্রন্থে দুই প্রকার হেতুর কথা বলেছেন, যথা: স্বভাব হেতু এবং কার্য হেতু। আবার *ন্যায়বিন্দু* গ্রন্থে স্বভাব ও কার্য হেতু ছাড়াও অনুপলব্ধি হেতুর উল্লেখ পাওয়া যায়। সম্ভবতঃ ধর্মকীর্তি হেতুর ত্রিবিধ বৈশিষ্ট্যের উপর নির্ভর করেই এস্থলে তিন প্রকার হেতুর কথা উল্লেখ করেছিলেন বলে মনে হয়।[১০] নিম্নে এই তিন প্রকার হেতুর সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হল:

(ক) স্বভাব হেতু: যে হেতুর মধ্যে সাধ্যের স্বভাব নিহিত থাকে, সেই হেতুকে বলা হয় স্বভাব হেতু। যথা: "বৃক্ষোঽয়ং শিংশপাত্বাদ্ ইতি", অর্থা এটি বৃক্ষ, যেহেতু এটি শিংশপা (অশোক)। শিংশপার মধ্যে বৃক্ষরূপ সাধ্যের স্বভাবটি নিহিত থাকায় এস্থলে শিংশপা স্বভাব হেতু বলে কথিত হয়ে থাকে।

(খ) কার্য হেতু: যদি হেতুটির সঙ্গে সাধ্যের কার্যকারণ সম্বন্ধ থাকে এবং হেতুটি যদি সাধ্যের কার্য হয়, তাহলে সেই হেতু কার্য হেতু নামে অভিহিত হয়ে থাকে। এখানে হেতু শব্দটি সাধ্যের অনুমাপক অর্থে ব্যবহৃত হয়ে থাকে। কার্য হেতুর উদাহরণ দিতে গিয়ে *ন্যায়বিন্দু* গ্রন্থে বলা হয়েছে, "কার্যং যথা বহ্নিরত্র ধূমাদিতি"। 'পর্বতঃ বহ্নিমান্ ধূমাৎ' — এস্থলে ধূম হেতুটি স্বভাব হেতু নয়। যেহেতু বহ্নি ধূমের কারণ হলেও বহ্নি ধূমের স্বভাব নয়। বহ্নি ও ধূম হল পরস্পর স্বতন্ত্র দুটি পদার্থ। ধূম হল বহ্নির কার্য, তাই উক্ত স্থলে ধূম কার্য হেতুরূপে কথিত হয়ে থাকে।

(গ) অনুপলব্ধি হেতু: তিনপ্রকার হেতুর মধ্যে অনুপলব্ধি হেতু সর্বাধিক গুরুত্বপূর্ণ। অনুপলব্ধি হেতু ও অপর দুটি হেতুর মধ্যে উদ্দেশ্যগত দিক থেকে পার্থক্য বিদ্যমান। অনুপলব্ধি হেতু, (বস্তুর) প্রতিষেধ বা অভাব সিদ্ধ করে। যেমন: 'ভূতলে ঘট নেই' — এরূপ অভাব ব্যবহার অনুপলব্ধি হেতুর দ্বারাই সিদ্ধ হয়ে থাকে। অপর দুটি হেতু সদর্থকভাবে বস্তুর সত্ত্বা সিদ্ধ করে। যেমন: পর্বতটি ধূমহেতু বহ্নিমান –এখানে ধূমরূপ কার্য হেতুটি, বহ্নিরূপ সাধ্যের অস্তিত্ব পর্বতরূপ পক্ষে প্রতিষ্ঠা করে। আবার 'বৃক্ষোঽয়ং শিংশপাত্বাদ্ ইতি' — এইস্থলে বৃক্ষত্ব ও শিংশপাত্ব স্বভাবতঃ অভিন্ন বলে তাদের মধ্যে তাদাত্ম্যের ভিত্তিতে ব্যাপ্তি নিশ্চয় করা হয়; যেহেতু শিংশপার বৃক্ষত্ব অপগত হলে তার শিংশপাত্বও অপগত হয়। অতএব বলা যায়, তদাত্ম্য বা স্বভাব নিশ্চয়ের দ্বারা অবিনাভাবের নিশ্চয় হওয়ায় স্বভাব হেতুও সদর্থকভাবে বস্তুর সত্ত্বা সিদ্ধ করতে সমর্থ।

বৌদ্ধমতে অভাব স্বতন্ত্র পদার্থরূপে স্বীকৃত নয়; তারা অভাব ব্যবহার নিষ্পন্নের জন্য অনুপলব্ধি হেতু স্বীকার করেছেন। ধর্মকীর্তি তাঁর *ন্যায়বিন্দু* গ্রন্থে অনুপলব্ধি হেতুর কোনো সাধারণ লক্ষণ প্রদান করেননি। তিনি উদাহরণের সাহায্যে বিষয়টি ব্যক্ত করতে গিয়ে বলেছেন —

> তত্রানুপলব্ধির্যথা – ন প্রদেশবিশেষে ক্বচিদ্ ঘটঃ উপলব্ধিলক্ষণপ্রাপ্তস্যানুপলব্ধেরিতি।।২/১২।।

অর্থাৎ কোনো বিশেষ স্থানে ঘট নেই, কারণ, ঘটটি উপলব্ধিজনক সামগ্রীর অন্তর্ভূক্ত হলেও তার উপলব্ধি হচ্ছে না — এই হল অনুপলব্ধি হেতুর উদাহরণ। *বৌদ্ধ তর্কভাষা* গ্রন্থে ষোলো প্রকার অনুপলব্ধি হেতুর উল্লেখ করা হলেও *ন্যায়বিন্দু*-তে এগারো প্রকার অনুপলব্ধি হেতুর উল্লেখ পাওয়া যায়; যথা: স্বভাবানুপলব্ধি, কার্যানুপলব্ধি, ব্যাপকানুপলব্ধি, স্বভাববিরুদ্ধোপলব্ধি, বিরুদ্ধকার্যোপলব্ধি, বিরুদ্ধব্যাপ্তোপলব্ধি, কার্যবিরুদ্ধোপলব্ধি, ব্যাপকবিরুদ্ধোপলব্ধি, কারণানুপলব্ধি, কারণবিরুদ্ধোপলব্ধি এবং কারণবিরুদ্ধকার্যোপলব্ধি। এগুলির মধ্যে (অভাবপ্রতীতিস্বরূপ) স্বভাবানুপলব্ধির দ্বারা কেবলমাত্র

অভাব ব্যবহার সিদ্ধ হয় এবং স্বভাবানুপলব্ধি ভিন্ন বাকি দশটির দ্বারা অভাব এবং অভাব ব্যবহার (জ্ঞান, অভিধান ও প্রযত্ন) উভয়েই সিদ্ধ হয়ে থাকে। তবে এইসকল কার্যানুপলব্ধি প্রভৃতি দশটি অনুপলব্ধি আবার তাদাত্ম্যের দ্বারা স্বভাবানুপলব্ধিতে সংগৃহীত হয়ে যায় (*ইমে সর্বে কার্যানুপলব্ধ্যাদয়ো দশানুপলব্ধিপ্রয়োগাঃ স্বভাবানুপলব্ধৌ সংগ্রহম্ উপযান্তি। — ন্যায়বিন্দু।।২/৪২।।*)।

এইভাবে স্বার্থানুমানকে ব্যাখ্যা করার পর পরার্থানুমান সম্পর্কে আলোচনায় প্রবেশ করা যাক। ত্রিরূপ লিঙ্গের প্রতিপাদক বাক্যকে গৌণ বা ঔপচারিক অর্থে পরার্থানুমান বলা হয়। *ন্যায়বিন্দু* গ্রন্থে পরার্থানুমানকে ব্যাখ্যা করতে গিয়ে ধর্মকীর্তি বলেছেন, "ত্রিরূপলিঙ্গাখ্যানং পরার্থমনুমানম্"।।৩/১।।, অর্থাৎ ত্রিরূপ লিঙ্গের প্রকাশক যে অনুমান তাই হল পরার্থানুমান; অথবা বলা যায়, যে বচনের দ্বারা ত্রিরূপ লিঙ্গ আখ্যাত বা প্রকাশিত হয় তা হল পরার্থানুমান। হেতুর ত্রিরূপের এই প্রকাশের দ্বারা অন্যের উদ্দেশ্যে অনুমান প্রযুক্ত হয় বলে পরার্থানুমান হল বচনাত্মক। প্রয়োগের ভিন্নতার জন্য পরার্থানুমান দ্বিবিধ প্রকার হয়ে থাকে। এস্থলে প্রয়োগ বলতে মূলতঃ বাক্যপ্রয়োগের ভিন্নতাকেই নির্দেশ করা হয়েছে। হেতুর সাথে সাধ্যের সম্বন্ধকে দুটি ভিন্ন ভিন্ন বচনের মাধ্যমে প্রকাশ করা যায়, যথা: (১) যে বচনে সাধর্ম্য বর্ণিত হয় এবং (২) যে বচনে বৈধর্ম্য বর্ণিত হয়। অর্থাৎ সাধর্ম্যবৎ এবং বৈধর্ম্যবৎ ভেদে পরার্থানুমান হল দুইপ্রকার। যেমন: 'পর্বতঃ বহ্নিমান্ ধূমাৎ' –এই অনুমিতিস্থলে ধূম ও বহ্নির যে সম্বন্ধ তার (সপক্ষ) দৃষ্টান্ত হিসাবে আমরা মহানসকে গ্রহণ করতে পারি। অর্থাৎ এস্থলে পর্বতের সাথে মহানসের সাধর্ম্য বা সাদৃশ্য দর্শন করে পর্বতে বহ্নির অনুমান করা হয়। আবার বিপরীতভাবে বলা যায়, যেখানে যেখানে বহ্নির অভাব, সেখানে সেখানে ধূমের অভাব বিদ্যমান, যেমন: জলহ্রদাদি। এস্থলে বৈধর্ম্য অবলম্বন করে অনুমানটি করা হয়েছে। যে স্থলটির কথা অনুমানে বলা হয় তার সাথে যদি দৃষ্টান্তের সাদৃশ্য থাকে তখন অনুমানের আকার হয় একরকম; আবার যদি উল্লিখিত স্থলটির সাথে দৃষ্টান্তের বৈসাদৃশ্য থাকে, তখন অনুমানটির আকার হয় তদপেক্ষা ভিন্নরকম। এই দুটি অনুমান ভিন্ন হয় বলেই পরার্থানুমান দুইপ্রকারের হয়ে থাকে। অর্থাৎ এখানে অন্বয় ও ব্যতিরেক দৃষ্টান্ত ভেদে পরার্থানুমানের শ্রেণীবিভাগ করা হচ্ছে। এখানে বৌদ্ধমতের সাথে ন্যায় দৃষ্টিভঙ্গীর পার্থক্য লক্ষ্যণীয়। নৈয়ায়িকগণ অন্বয়ী, ব্যতিরেকী এবং অন্বয়ব্যতিরেকী — এইভাবে অনুমানের শ্রেণীবিভাগ স্বীকার করেন। কিন্তু বৌদ্ধমতে অনুমানের এই শ্রেণীবিভাগ নিছকই প্রয়োগের ভিন্নতার জন্য করা হয়ে থাকে। এক্ষেত্রে পূর্বপক্ষীগণ আপত্তি তুলে বলতে পারেন, প্রয়োগ ভেদে অর্থও ভিন্ন হয়ে থাকে; তাই ত্রিরূপ লিঙ্গ অভিন্ন অর্থের প্রকাশক হয় — একথা কেমন করে প্রতিষ্ঠা করা সম্ভব হবে? এর উত্তরে বৌদ্ধগণ বলেন যে, প্রয়োগের ভিন্নতার জন্য মূল অর্থের কোনো পরিবর্তন হয় না। যেমন: দেবদত্তের পীনত্ব বা স্থূলত্বকে দুইভাবে ব্যাখ্যা করা যেতে পারে। দেবদত্তের স্থূলত্বের কারণ ব্যাখ্যা করতে গিয়ে বলা যায়, "পীনঃ দেবদত্ত দিবা ন ভুঙক্তে", অর্থাৎ স্থূল দেবদত্ত দিবসে আহার করে না। একথার দ্বারা স্থূল দেবদত্ত রাতে আহার করে তা বোঝা যায় কারণ, দিবসে উপবাসী দেবদত্ত নৈশভোজী — একথা স্বীকার করে না নিলে দেবদত্তের স্থূলত্ব উপপন্ন হয় না। আবার এই কথাটিকেই অন্যভাবে বলা যায়, স্থূল দেবদত্ত কেবলমাত্র রাতেই আহার করে। এই কথার দ্বারাও দেবদত্ত যে দিনে আহার করে না — এটিই বোঝানো হয়ে থাকে। এখানে বাক্যপ্রয়োগের ভিন্নতা হচ্ছে ঠিকই, কিন্তু তার জন্য মূল অর্থের কোনো পরিবর্তন সাধিত হয় না। অনুরূপভাবে প্রয়োগের ভিন্নতার কারণে পরার্থানুমানের দ্বিবিধ বিভাগ স্বীকৃত হলেও তাতে অর্থের কোনো পরিবর্তন হয় না। যেমন: "শব্দঃ অনিত্যঃ কৃতকত্বাৎ" — এই অনুমানের সাধর্ম্য দৃষ্টান্তের উল্লেখ করে বলা যায়, 'যত্র যত্র কৃতকত্বম্ তত্র তত্র অনিত্যত্বম্; যথা: ঘটঃ' — এখানে শব্দ ও ঘট পদার্থে কৃতকত্বের দিক থেকে সাদৃশ্য আছে; তাই এটি হল সাধর্ম্যবৎ পরার্থানুমান। আবার উক্ত অনুমানটির বৈধর্ম্য দৃষ্টান্তের উল্লেখ করতে গিয়ে বলা যায়, 'যত্র যত্র নিত্যত্বম্ তত্র তত্র অকৃতকত্বম্; যথা: আকাশঃ' — এখানে নিত্য ও বিভু আকাশ পদার্থে কৃতকত্বাভাব আছে। আবার "শব্দঃ অনিত্যঃ কৃতকত্বাৎ" — এই অনুমানের পক্ষ শব্দে কৃতকত্ব বিদ্যমান। সুতরাং এক্ষেত্রে দৃষ্টান্ত ও সাধ্যধর্মীর মধ্যে বৈসাদৃশ্য রয়েছে।; তাই এটি বৈধর্ম্যবৎ পরার্থানুমান বলে কথিত হয়। এখানে একটি বিষয় লক্ষ্যণীয় যে, উভয় দৃষ্টান্তের দ্বারা একই অনুমান করা হচ্ছে, যদিও তাদের প্রয়োগ ভিন্নপ্রকার। তাই বৌদ্ধমতে প্রয়োগভেদেই পরার্থানুমানের ভেদ স্বীকার করা হয়েছে। হেতুর ত্রৈরূপ্যকেও আমরা একইভাবে ব্যাখ্যা করতে পারি। সুতরাং সংক্ষেপে বলা যায়, যে অনুমানে হেতুর তিনটি রূপেরই

প্রয়োগ আছে, তা হল পরার্থানুমান। স্বার্থানুমানের ন্যায় পরার্থানুমানেও হেতুর তিনটি রূপেরই উল্লেখ করা প্রয়োজন। যদি কোনো স্থলে হেতুর তিনটি রূপের মধ্যে যে কোনো একটি অনুপস্থিত থাকে তবে সেটি হেত্বাভাসের স্থলরূপে পরিগণিত হবে।

এইপ্রসঙ্গে পরার্থানুমানের অবয়বগুলির কিঞ্চিৎ পরিচয় দেওয়া আবশ্যক। ন্যায়মতে প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন ভেদে পরার্থানুমানের পঞ্চাবয়ব স্বীকৃত হয়েছে। কিন্তু বৌদ্ধমতানুসারে সাধারণতঃ পক্ষ, হেতু ও দৃষ্টান্ত ভেদে পরার্থানুমানের তিন প্রকার অবয়ব স্বীকৃত হয়েছে; উপনয় ও নিগমন তাঁদের মতে পুনরুক্তিমাত্র হওয়ায় তা নিরর্থক। এগুলিকে নিম্নলিখিতভাবে প্রকাশ করা যায়:

(১) পক্ষ – শব্দ হল অনিত্য।
(২) হেতু – যেহেতু শব্দে কৃতকত্ব আছে।
(৩) দৃষ্টান্ত –
  সাধর্ম্য দৃষ্টান্ত: যাতে যাতে কৃতকত্ব আছে, তাতে তাতে অনিত্যত্ব আছে; যেমন: ঘট।
  বৈধর্ম্য দৃষ্টান্ত: যাতে যাতে নিত্যত্ব আছে, তাতে তাতে অকৃতকত্ব আছে; যেমন: আকাশ।

বৌদ্ধতার্কিকগণের মধ্যে যাঁরা অন্তর্ব্যাপ্তি স্বীকার করেন তাঁদের মতে পক্ষেই হেতু ও সাধ্যের ব্যাপ্তি নিশ্চয় হয়ে যায় বলে দৃষ্টান্তকে অতিরিক্ত অবয়বরূপে স্বীকার করা অনাবশ্যক। আচার্য ধর্মকীর্তির মতে আবার পক্ষনির্দেশও আবশ্যক নয় (*দ্বয়োরপ্যনয়োঃ প্রয়োগয়োঃ নাবশ্যং পক্ষনির্দেশঃ। — ন্যায়বিন্দু।।৩/৩৪।।)*।

বৌদ্ধমতানুসারে স্বার্থ ও পরার্থ ভেদে অনুমানের শ্রেণীবিভাগ সংক্রান্ত আলোচনা এখানেই সমাপ্ত করা হল।

উল্লেখপঞ্জি

১. 'জয়ন্তি জাতিব্যসনপ্রবন্ধপ্রসূতিহেতোর্জগতো বিজেতুঃ। রাগাদ্যরাতেঃ সুগতস্য বাচো মনস্তমস্তানবমাদধানাঃ।।' ধর্মকীর্তি, *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*, সম্পা. শ্রীচন্দ্রশেখরশাস্ত্রী, পৃ. ১।

২. 'There are two lines of thought pertaining to the types of inference in Buddhist logic. One can be attributed to Gautama and the other to Prasastapada.'

৩. 'অনুমানং দ্বিবিধম্ স্বার্থং পরার্থং চ। স্বস্মৈ যত্তৎ স্বার্থানুমানং জ্ঞানাত্মকম্। পরস্মৈ যত্তৎ পরার্থম্। পরার্থানুমানং বচনাত্মকম্।' - Mokshakar Gupta and Jitaripada, *Tarkabhasha and Vadasthana*, H. R. Rangswami Iyengar, P. 24.

৪. 'অবিসংবাদকং জ্ঞানং সম্যগ্ জ্ঞানং।' – সাধুখাঁ, সঞ্জিত কুমার, *আচার্য ধর্মকীর্তি বিরচিত ন্যায়বিন্দু*, পৃ. ২।

৫. 'দ্বিবিধং সম্যগ্ জ্ঞানং।।'১/২– ধর্মকীর্তি, *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*, সম্পা. শ্রীচন্দ্রশেখরশাস্ত্রী, পৃ. ৭।

৬. 'প্রত্যক্ষম্ অনুমানঞ্চেতি।।১/৩ সাধুখাঁ, সঞ্জিত কুমার, *আচার্য ধর্মকীর্তি বিরচিত ন্যায়বিন্দু*, পৃ. ৩২।

৭. 'অনুমানেঽপি বিপ্রতিপত্তির্যথা – নানুমানং প্রমাণম্, ভ্রান্তিসম্ভবাদ্ ইতি বৈয়াকরণাঃ।' *তদেব*, পৃ. ১৪৭।

৮. 'অপরে অপ্রত্যক্ষপ্রমাণং নাস্তীতি যদাহুস্তদযুক্তম্। যতঃ –

প্রমাণেতরসামান্যস্থিতেরন্যধিয়ো গতেঃ।

প্রমাণান্তরসদ্ভাবঃ প্রতিষেধাচ্চ কস্যচিৎ।।' *তদেব*, পৃ. ১৪৯।

৯. 'নিশ্চিত–গ্রহণেন সন্দিগ্ধাসিদ্ধঃ সর্বো নিরস্তঃ।' *তদেব*, পৃ. ১৬৩।

১০. 'ত্রিরূপাণি চ ত্রীণ্যেব লিঙ্গানি।।২/১০, *তদেব*, পৃ. ১৭৪।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

List of English Books

Acharya, Dharmottara, *The Nyāyabindu-Tīkā,* (to which is added) *The Nyāyabindu,* Peter Peterson, Calcutta: The Asiatic Society of Bengal, 1929.

Annambhatta, *Tarka-Saṇgraḥa* (with the author's Dīpikā, and Govardhana's Nyāya Bodhīnī), Edited by the Late Yashawant Vasudev Athalye together with Mahadev Rajaram Bodas, Bombay: The Government Central Press, 1918.

Bhatt, Govardhan P. *The Basic Ways of Knowing.* Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1989.

Bijalwan, C. D. *Indian Theory of Knowledge.* New Delhi: Heritage Publishers, 1977.

Chatterjee, Satish Chandra & Dhirendramohan Datta. *An Introduction to Indian Philosophy.* Calcutta (Now Kolkata): University of Calcutta, 2004.

Dasgupta, Surendranth. *A History of Indian Philosophy*. Vol- I. Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1975.

Gokhale, Pradeep P. *Inference and Fallacies Discussed in Ancient Indian Logic* (with special reference to *Nyāya and Buddhism*). Delhi: Sri Satguru Publications – A Division of Indian Book Centre, 1992.

Gupta, Mokshakar, *Tarkabhāshā,* (edited with a Sanskrit commentary), Embar Krishnamacharya, Baroda: Oriental Institute, 1942.

Hiriyanna, M. *Outlines of Indian Philosophy*. Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1993.

Keith, A. B. *Indian Logic and Atomism*. New Delhi: Oriental Books Reprint Corporation, 1977.

Madhavacharya, *Sarva Darshan Sangrah*, (Translated into hindi), Pandit Udaya Narain Singh, Mumbai: 1847.

Mishra, Kesava, *Tarkabhāshā*, (Edited with Translation, Notes and an Introduction in English), S. R. Iyer, (with a forward note), Pandit Gaurinath Sastry, Varanasi: Chaukhambha Orientalia, 1979.

Mokshakar Gupta & Jitaripada. *Tarkabhasha and Vadasthana.* H. R. Rangswami Iyengar, Mysore: Oriental Library, 1944.

Pathak, Suniti kumar. *An Analytic View of Buddhist Logic.* Calcutta Book Fair: Nabachalantika, 2001.

Potter, Karl. H. *Encyclopedia of Indian Philosophy*. Vol- VII. Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1996.

Puligandla, Ramakrishna. *Fundamentals of Indian Philosophy*. Delhi: D. K. Printworld Private Limited, 1994.

Radhakrishnan, S. *Indian Philosophy.* Vol- I. London: George Allen & Unwin Limited, New York: Humanities Press INC, 1923.

Satis Chandra Vidyabhusana. *A History of Indian Logic.* Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1971.

Sharma, Chandradhar. *A Critical Survey of Indian Philosophy.* Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1960.

Stcherbatsky, F. Th. *Buddhist Logic.* Vol- II. New Delhi: Oriental Books Reprint Corporation, 1984.

Tucci, Giuseppe. *Pre-Diṇnāga Buddhist Texts on Logic from Chinese Sources.* Baroda: Oriental Institute, 1929.

Vinitdeva. *Nyāyabindutīkā*. Mrinalkanti Gangopadhyaya. Calcutta (Now Kolkata): Indian Studies: Past & Present, 1971.

বাংলা গ্রন্থের তালিকা

দে, দেবমিত্রা। *প্রসঙ্গ : প্রমাণ*। কলকাতা: লেভান্ত বুকস্, ২০১২।

ধর্মকীর্তি। *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*। সম্পা. শ্রীচন্দ্রশেখরশাস্ত্রী। বেনারস: চৌখম্বা সংস্কৃত সীরিজ, ১৯৫৪।

ধর্মকীর্তি। *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*। সম্পা. সঞ্জিত কুমার সাধুখাঁ। *আচার্য ধর্মকীর্তি বিরচিত ন্যায়বিন্দু*। কলকাতা: সদেশ, ২০০৭।

ধর্মকীর্তি। *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*। সম্পা. ও অনু. গোবিন্দচন্দ্র পাণ্ডে। দর্শন প্রতিষ্ঠান, জয়পুর: চৌখম্বা বিদ্যা ভবন, ১৯৭২।

ধর্মকীর্তি। *ন্যায়বিন্দু (শ্রীধর্মোত্তরাচার্যকৃতটীকাসমেত)*। সম্পা. জয়কৃষ্ণ দাশগুপ্ত। বেনারস: বিদ্যাভিলাস প্রেস, ১৯৬১।

বন্দ্যোপাধ্যায়, রুমা। *প্রমা ও প্রমাণ: ন্যায়বিন্দু ও প্রমাণবার্ত্তিকের আলোকে*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৬।

গিলন, এস. (সম্পাদিত)। *লজিক ইন আরলিয়েস্ট ক্লাসিক্যাল ইন্ডিয়া,* দিল্লী: মোতিলাল বানারসিদাস পাবলিশার প্রাইভেট লিমিটেড, ২০১০।

গুহ, দীনেশ চন্দ্র। *নব্য ন্যায় সিস্টেম অফ লজিক (বেসিক থিওরিস অ্যান্ড টেকনিকস),* দিল্লী: মোতিলাল বানারসিদাস পাবলিশার প্রাইভেট লিমিটেড, ২০১৬।

চট্টোপাধ্যায়, দেবী প্রসাদ (সাধারণ সম্পাদক)। *হিস্টোরি অফ সাইন্স, ফিলোজফি অ্যান্ড কালচার ইন ইন্ডিয়ান সিভিলাইজেশন,* (ভল্যুম ২ পার্ট ৪), *অরিজিন অ্যান্ড ডেভেলপমেন্ট অফ দ্য বৈশেষিক সিস্টেম বাই অনন্তলাল ঠাকুর,* দিল্লী: প্রজেক্ট অফ হিস্টোরি অফ ইন্ডিয়ান সাইন্স, ফিলোজফি অ্যান্ড কালচার (পি. এইচ. আই. এস. পি. সি.), সেন্টার ফর স্টাডিস ইন সিভিলাইজেশনস, ২০০৩।

বিশ্বনাথ। *ভাষাপরিচ্ছেদ কারিকাবলী,* শ্রীমৎ পঞ্চানন ভট্টাচার্য (সম্পাদিত), কলিকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৭৭ বঙ্গাব্দ।

ব্রোডি, আলেক্সান্ডার। “ইনট্রোডকসন ট্যু ট্যু মেডাইভ্যাল লজিক”, *ইন ফিলসফিক্যাল রিভিউ,* ই. জে. অ্যাসওয়ার্থ (সংশোধিত), (সেকেন্ড এডিসন), ভল্যুম ১০৪, সংখ্যা ১, পৃষ্ঠা ১২০-১২২, ১৯৯৫।

বন্দ্যোপাধ্যায়, কালীকৃষ্ণ। প্রবন্ধাবলি, সৌরীন ভট্টাচার্য (সম্পাদিত), কলকাতা: সাহিত্য সংসদ, ২০২৩।

ভট্টাচার্য, শ্রীশ্রী মোহন; ভট্টাচার্য, শ্রীদীনেশ চন্দ্র। *ভারতীয় দর্শনকোষ*, প্রথম খণ্ড, কলিকাতা: সংস্কৃত কলেজ, ১৯৫৮।

SECTION B

CLASSIFICATION OF HEROINE (NAYIKA) IN SANSKRIT RHETORICAL TEXTS: A COMPREHENSIVE STUDY

NANDITA BARUI

Abstract: In Sanskrit literature, the categorization of heroines, known as nāyikā-bheda, holds great importance, especially in the discipline of classical poetics, also known as alamkāraśāstra. The notion of nāyikā-bheda, which has its roots in ancient treatises like as Bharata's Nāṭyaśāstra and others, offers an in-depth classification of female characters based on their emotional and psychological reactions in romantic relationships. This essay explores the historical background of these classifications, looks at how they were expanded upon in later works like *Sāhityadarpana* and Rasikapriya, *Saduktikarṇāmṛta* and evaluates their applicability in the contemporary Indian context, particularly in literature, media, and film. This study aims to investigate how traditional categories such as mugdhā, pragalbhā, vipralabdhā, and others relate to and differ from modern portrayals of feminine identities in Indian cultural works.

Keywords: Nāyikā, Sanskrit literature, Indian Aesthetics.

Introduction

চতুষ্কোটিবিনির্মুক্ততার ধারণায় পূর্বপক্ষীর উত্থাপিত আপত্তি ও তার উত্তর

কোন কোন দার্শনিক শূন্যবাদের প্রেক্ষিতে অন্য একটি দাবী উত্থাপন ক'রে বলেছেন যে, মাধ্যমিকের যে বক্তব্য – "আমার কোন বক্তব্যই নেই" – এটিও একটি পক্ষ। ফলে, মাধ্যমিকের মতটি স্ববচনবিঘাতদোষে দুষ্ট হয় ব'লে পরিত্যাজ্য। আচার্য শঙ্কর তাঁর ভাষ্যে বলেছেন, অন্য তত্ত্ব অর্থাৎ, পরমার্থভূত অধিষ্ঠানকে (ব্রহ্মতত্ত্বকে) পূর্বে অবগত না হয়ে নিরধিষ্ঠানমূল শূন্যতত্ত্বকে প্রতিষ্ঠা করা যেতে পারে না যেহেতু, শূন্যতাপ্রতিষ্ঠার অর্থ হল সর্বপ্রমাণসিদ্ধ লোকব্যবহারকে অপলাপ করা। কিন্তু লোকপ্রসিদ্ধ ব্যবহারকে উপযুক্ত প্রমাণ ব্যতীত খণ্ডন করা যায় না।

> ন হি অয়ং সর্বপ্রমাণপ্রসিদ্ধঃ লোকব্যবহারঃ অন্যৎ তত্ত্বমনধিগম্য শক্যতে অপহ্নোতুম্, অপবাদাভাবে উৎসর্গ প্রসিদ্ধেঃ।[৬]

ভামতীকার এই প্রসঙ্গে আরও স্পষ্টতঃ বলেছেন, লৌকিকপ্রমাণ সৎ অথবা অসৎ বস্তুকেই গ্রহণ করে। লৌকিকপ্রমাণ দ্বারা কদাপি সৎ বা অসতের অতিরিক্ত কোন বস্তুর গ্রহণ হতে পারে না। সৎপদার্থ সদ্রূপে এবং অসৎপদার্থ অসদ্রূপেই প্রমাণগোচর হয়। এর বিপরীত ব্যবস্থা কদাপি দেখা যায় না। অসৎরূপে অর্থাৎ, কোন পদার্থের অভাব যেমন অনুপলব্ধিপ্রমাণ দ্বারা গোচরীভূত হয় তেমনই প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা সৎপদার্থের ভান সিদ্ধ হয়। সুতরাং, তারা যদি শূন্যতত্ত্ব দ্বারা কোন কিছু বোঝাতে চান তবে হয় সর্বপ্রপঞ্চের অতীত কোন সৎবস্তুকেই অঙ্গীকার করতে হবে অথবা শূন্যপদার্থ দ্বারা কোন অভাববস্তুই বোঝাবে। এখন "শূন্য" শব্দ দ্বারা যদি কোন অভাববস্তু বোঝায় তবে শূন্যের একটি সৎপদার্থরূপ প্রতিযোগী থাকবে যেহেতু, যেকোনো অভাবের প্রতিযোগী একটি সৎবস্তুই হয়। তবে মাধ্যমিক শূন্যপদার্থ বলতে কোন অভাবপদার্থকে বোঝেন না। ফলে মানতেই হবে যে, শূন্যতত্ত্ব দ্বারা ভাববস্তুই অঙ্গীকৃত হয়। যদি মাধ্যমিক শূন্যতত্ত্ব বলতে পঞ্চম প্রকারের কোন তত্ত্বকে বোঝেন তবে তা প্রমাণগম্য না হওয়ায় হয় গৃহীত হবে না অথবা সকল প্রকারের প্রমাণব্যবস্থা বিনষ্ট হবে।

> লৌকিকানি হি প্রমাণানি সদসদেৎগোচরাণিতৈঃ সদসদিতি গৃহ্যমাণং যথাভূতমবিপরীতং তত্ত্বং ব্যবস্থাপ্যতে। অসচ্চাসদিতি গৃহ্যমাণং যথাভূতমবিপরীতং তত্ত্বং ব্যবস্থাপ্যতে। সদসতোশ্চ বিচারাসহত্বং ব্যবস্থাপয়তা সর্বপ্রমাণবিপ্রতিষিদ্ধং ব্যবস্থাপিতং ভবতি।[৭]

পূর্বপক্ষীর এমত সিধান্তের প্রতিবাদে *প্রসন্নপদা* টীকায় আচার্য চন্দ্রকীর্তি বলেছিলেন, উক্ত প্রকারের অভিযোগ বাতুলের প্রলাপমাত্র। এর কারণ, কোন ব্যক্তির নিকট থেকে কেউ কিছু গ্রহণ করতে চাইলে, সে যদি তাকে বলে, "তার দেবার মতো কিছুই নেই," তখন সেই গ্রহীতা পুনরায় যদি তার নিকট দাবী করেন, "সেই নেই-টাই আমায় দাও।", তবে সেক্ষেত্রে ঐ গ্রহীতার দাবী যেমন প্রলাপবাক্য হবে, এক্ষেত্রেও অনুরূপ হবে।

> যঃ ন কিঞ্চিদপিতেপণ্যং দাস্যামীত্যুক্তঃ স চেদ্ দেহি ভোস্তদেব মহ্যং কিঞ্চিন্ নাম পণ্যমিতি ব্রূয়াৎ। স কেনোপায়েন শক্যঃ পণ্যাভাবং গ্রাহয়িতুম্।।[৮]

বস্তুতঃ কোন নবীন তত্ত্বকে খ্যাপন করতে নয়, বরং সকল সম্ভাব্য মতগুলি খণ্ডন করতেই আচার্য নাগার্জুন প্রসজ্য প্রতিষেধ নীতি ব্যবহার করেছেন।

চতুষ্কোটিবিনির্মুক্ততাঃ নিঃস্বভাবতার ধারণায়

মাধ্যমিকের চতুষ্কোটিবিনির্মুক্ততার ধারণা যত ভিন্ন ধারণার দ্বারা সংঘাতপ্রাপ্ত হয়েছে ততই বদলপ্রাপ্ত হয়েছে। মূল বৈশিষ্ট্য অপরিবর্তিত থাকলেও নির্মাধ্যম যুক্তির খণ্ডন ব্যতীতও বস্তুনিচয়ের নিঃস্বভাবতা বিভিন্ন যুক্তির দ্বারা ব্যাখ্যাত হয়েছে। বস্তুতঃ জাগতিক বস্তুনিচয়কে চতুষ্কোটিবিনির্মুক্ত বলার মধ্যে দিয়ে পদার্থের নিঃস্বভাবতাই বোঝানো হয়েছে।

নিঃস্বভাবতাকে উপলব্ধির পূর্বে আমাদের জানা দরকার মাধ্যমিক বৌদ্ধের মতে স্বভাবতার লক্ষণ কি? এই প্রসঙ্গে মূলমধ্যমককারিকার পঞ্চদশ অধ্যায়ের দ্বিতীয় কারিকার *প্রসন্নপদা* টীকায় বলা হয়েছে, কৃতকত্ববিশিষ্ট পদার্থ হওয়া সম্ভব নয় কারণ, লক্ষণানুসারে বস্তুস্বভাব নিত্য হয় এবং একারণে তা উৎপন্ন-বিনাশরহিত হয়ে থাকে। যা কিছু প্রতীত্যসমুৎপন্ন অর্থাৎ, উৎপত্তি ও বিনাশের উপর নির্ভরশীল তাকে স্বভাববস্তু বলা যেতে পারে না। বস্তুতঃ যা উৎপত্তি–বিনাশরহিত হয়ে ভাববিশিষ্ট হয় তাকেই বলে স্বভাববস্তু।

এখন নিঃস্বভাবতার যুক্তি থেকে একথা অনুমেয় যে, যা উৎপত্তি ও বিনাশের উপর নির্ভরশীল তা স্বভাববস্তু হতে পারে না। এছাড়াও আচার্য নাগার্জুন তাঁর মূলমধ্যমককারিকায় বলেছেন, যে জাগতিক বস্তুগুলিকে আমরা সত্তাবান তথা স্বভাববিশিষ্ট বলে মনে করি সেই বস্তুগুলি বস্তুতঃ নিয়ত পরিবর্তনশীল। কিন্তু যা নিয়ত পরিবর্তনশীল সেই পদার্থসমুদায়কে কখনোই স্বভাববান ভাববস্তু বলা যেতে পারে না। এই কারণে এই পদার্থগুলিকে নিঃস্বভাবই বলতে হবে।

পূর্বপক্ষী নিঃস্বভাবতার এরূপ ব্যাখ্যা শুনে মাধ্যমিককে একটি উভয়সঙ্কটে ফেলে দিতে চান। তাঁরা বলেন, যদি শূন্যতা বলতে কোন ধর্মকে বোঝায় তাহলে সেই ধর্ম অবশ্যই কোন ভাবপদার্থে থাকবে। কিন্তু মাধ্যমিক কোন ভাবপদার্থই তো অঙ্গীকার করেন না। আবার অন্যদিকে, পরিবর্তন কোন ভাবপদার্থেরই হতে পারে। কিছুই যদি না থাকে তবে তার ধর্মের অন্যথাভাবই বা কীভাবে থাকবে? কিন্তু মাধ্যমিক তো কিছুই আছে ব'লে অঙ্গীকার করেন না।

এর উত্তরে বলা হয়েছে, মাধ্যমিক যে ব্যাবহারিক বস্তু অঙ্গীকার করেন না এমন নয়। কিন্তু সেগুলিকে সাংবৃতিক সৎ বলা হয়। তারা ব্যাবহারিক সৎ হলেও এদের কোনরূপ পারমার্থিক সত্তা নেই। অবিদ্যার দ্বারাই জাগতিক বস্তুনিচয়ের সাংব্যাবহারিকতা সম্পন্ন হতে পারে। কিন্তু শূন্যতাবাদ জাগতিক বস্তুগুলির অন্যথাভাব দ্বারাই প্রতিষ্ঠিত হতে পারে। এই প্রসঙ্গে আচার্য নাগার্জুন বলেছেন, যদি কোন ভাবপদার্থের স্বভাব অর্থাৎ, নিত্যতা থাকত তবে কোন ভাববস্তুর অন্যথাভাব কদাপি সম্ভবই হোত না। ভাবপদার্থের মধ্যে নিয়ত যে পরিবর্তন অর্থাৎ, বস্তুর অন্যথাভাব তা শূন্যতার দ্বারাই প্রতিষ্ঠিত হতে পারে।[৯] এই প্রসঙ্গে আরও স্পষ্ট ক'রে আচার্য চন্দ্রকীর্তি তাঁর *প্রসন্নপদা* টীকায় বলেছেন, কোন পদার্থের স্বভাব বলতে সেই পদার্থের অপরপ্রতিবদ্ধ ধর্মকে বোঝায় যা কোন অবস্থায় পরিবর্তিত হতে পারে না। যেমন, যেখানে যেখানে অগ্নি থাকে সেখানে সেখানে তাপ থাকে। তাপ হল অগ্নির অপরপ্রতিবদ্ধ ধর্ম। অগ্নি থেকে তাপ বা উষ্ণতাকে বিচ্ছিন্ন করতে পারা যায় না। একারণে উষ্ণতাকে কখনো জলের ধর্ম বা

স্বভাব বলতে পারা যায় না। উষ্ণতা জলে কোন কোন সময় দেখা গেলেও সেই উষ্ণতা কৃত্রিম। সেই উষ্ণতার নেপথ্যে কোন আগ্নেয় বস্তু অবশ্যই থাকে। একারণে উষ্ণতা কখনো জলের ধর্ম হতে পারে না। এইভাবে যদি কোন পদার্থ স্বভাবের সঙ্গে অব্যাভিচারিভাবে সম্বন্ধযুক্ত হয়, তখন অব্যাভিচারিতাবশতঃ সেই স্বভাবের পরিবর্তন সম্ভব হয় না। কিন্তু ভাবপদার্থের বাস্তবে পরিবর্তন দেখতে পাওয়া যায়। তাই ভাবপদার্থের কোন স্বভাব থাকতেই পারে না। এর দ্বারা প্রমাণিত হয়, কোন ভাববস্তুর কোন অপরপ্রতিবদ্ধরূপ স্বভাব থাকতে পারে না। এভাবেই অন্যথাভাবের দ্বারা বস্তুর শূন্যতা প্রতিপাদিত হয়। সুতরাং, চতুষ্কোটিবিনির্মুক্ততার ধারণাই আধিবিদ্যকভাবে পরিবর্তিত হয়েছে নিঃস্বভাবতার ধারণায়।

চতুষ্কোটিবিনির্মুক্ততাঃ প্রতীত্যসমুৎপাদের ধারণায়

বৌদ্ধমতবাদের অন্যতম একটি গুরুত্বপূর্ণ আধিবিদ্যক তত্ত্ব হল প্রতীত্যসমুৎপাদবাদ। বৌদ্ধদের কার্য-কারণ সম্পর্কীয় মতবাদ হল প্রতীত্যসমুৎপাদবাদ। বস্তুতঃ বৌদ্ধগণের কার্য-কারণ সম্পর্কীয় মতবাদ হল অসৎকার্যবাদ যেখানে যেকোনো কার্যবস্তু উৎপত্তির পূর্বে তার কোন হেতু বা প্রত্যয়রূপ কারণে অনভিব্যক্তরূপে নিহিত থাকে না। তবে ভারতীয় দর্শনের অনেক সম্প্রদায়ই অসৎকার্যবাদী। যেমন–ন্যায় সম্প্রাদায়। ফলে, বৌদ্ধগণের যে অসৎকার্যবাদ তার সঙ্গে ন্যায় সম্প্রদায়ের অসৎকার্যবাদ বিলক্ষণ পার্থক্যবিশিষ্ট। ফলে, আমাদের প্রতীত্যসমুৎপাদবাদকে ভালভাবে জানতে হবে। প্রশ্ন হতে পারে, এই মতবাদের সঙ্গে শূন্যতার সম্পর্ক কি? এই প্রসঙ্গে আচার্য নাগার্জুন নিজেই বলেছেন যে, প্রতীত্যসমুৎপাদবাদ শূন্যতার নামান্তর মাত্র।

> যঃ প্রতীত্যসমুৎপাদঃ শূন্যতাং তাং প্রচক্ষ্মহে।[১০]

সুতরাং, শূন্যতার ধারণা কীভাবে বিবর্তিত হয়ে প্রতীত্যসমুৎপাদবাদে রূপায়িত হয়েছে তা উপলব্ধি করা প্রয়োজন।

ব্যুৎপত্তিগত অর্থের দিক থেকে “প্রতীত্যসমুৎপাদ” শব্দের একাধিক অর্থ হয়। একপ্রকার অর্থানুসারে “প্রতীত্যসমুৎপাদ” একটি সমাসবদ্ধ পদ যার সমস্যমান পদ দুটি- “প্রতীত্য” এবং “সমুৎপাদ”। “প্রতীত্য” শব্দটিও একটি সমাসবদ্ধ পদ যা “প্রতি” এবং “ইত্য” পদদ্বয় দ্বারা গঠিত হয়েছে। “প্রতি” শব্দ দ্বারা সামীপ্য বোঝায় এবং গত্যর্থক “ই” ধাতুর উত্তর ল্যব্ প্রত্যয় যোগে নিষ্পন্ন “ইত্য” পদ দ্বারা সমুদায়ার্থে কোনকিছু প্রাপ্তির অপেক্ষাকে বোঝায়। অপরদিকে, “সম” ও “উৎ”- এই দুটি উপসর্গের সঙ্গে “পদ্” ধাতু যুক্ত হয়ে গঠিত “সমুৎপাদ” পদটির অর্থ হল প্রাদুর্ভাব বা উৎপত্তি। সুতরাং, “প্রতীত্যসমুৎপাদ” শব্দের অর্থ হবে হেতু ও প্রত্যয়কে অপেক্ষা ক’রে কোন ভাববস্তুর উৎপত্তিকে বোঝায়।[১১]

অন্য ব্যাখ্যানুসারে, “প্রতীত্য” শব্দের অন্তর্ভুক্ত “ইত্য” পদটি বিনাশকে সূচিত করে এবং “প্রতি” পদের দ্বারা বীপ্সা বা পৌনঃপুনিকতাকে বোঝায়। এই মতেও “সমুৎপাদ” শব্দের অর্থ উৎপত্তি। ফলে, সমুদায়ার্থে “প্রতীত্যসমুৎপাদ” শব্দের অর্থ প্রতিটি বিনাশীবস্তুর সমুৎপত্তিকে বোঝায়। অভিপ্রায় এই যে, “প্রতীত্য” শব্দের দ্বারা এই ব্যাখ্যানুসারে বীপ্সা বোঝানো হয়েছে।[১২]

আচার্য নাগার্জুন উপরোক্ত ব্যাখ্যাদ্বয়ের কোন একটি ব্যাখ্যাও অঙ্গীকার করেন নি। প্রথম ব্যাখ্যানুসারে “প্রতীত্যসমুৎপাদ” দ্বারা কোন ভাববস্তুকে বোঝায়। কিন্তু কোন ভাববস্তুর অস্তিত্ব শূন্যবাদে খণ্ডিত হয়। অন্যদিকে দ্বিতীয় ব্যাখ্যানুসারে, “প্রতীত্য” শব্দের যে বীপ্সার্থে প্রয়োগ ঘটেছে তা বৌদ্ধশাস্ত্রে সর্বদা গৃহীত হয়নি ব’লে মাধ্যমিকগণ মনে করেছেন। তবে আচার্য নাগার্জুন “প্রতীত্যসমুৎপাদ” পদের দ্বারা সম্পূর্ণ অন্য এক কার্য-কারণ তত্ত্বের প্রতিষ্ঠা করেছেন যার সহিত শূন্যতার তত্ত্ব সঙ্গতিপূর্ণ। এই প্রসঙ্গে তিনি বলেছেন, যা প্রতীত্যসমুৎপাদ তাকেই শূন্যতা বলা হয়। এই শূন্যতা প্রাপ্তির উপরই নির্ভর ক’রেই মধ্যমা প্রতিপদ বলা হয়।

> যঃ প্রতীত্যসমুৎপাদঃ শূন্যতাং তাং প্রচক্ষ্মহে। সা প্রজ্ঞপ্তিরুপাদায় প্রতিপৎসৈব মধ্যমা।।[১৩]

এর অর্থ এই যে শূন্যতা বলতে কোন নঞর্থক কিছু বোঝায় না। শূন্যতা বলতে প্রতীত্যসমুৎপাদকেই বোঝায়। আচার্য চন্দ্রকীর্তি এর ব্যাখ্যায় বলেন যে, জগতের সকল বিষয়েরই উদ্ভব হয় ভাব ও অভাব

পরস্পরের সাপেক্ষতায়। যেমন অঙ্কুরের উৎপত্তি নির্ভর করে বীজের উপর তেমনভাবেই বিজ্ঞানের উৎপত্তিও ইন্দ্রিয়াদি নানা হেতু ও প্রত্যয়ের উপর নির্ভর করে। মাধ্যমিক বলবেন, যার উৎপত্তি হয় অন্য কোন বিষয়ের উপর নির্ভর ক'রে তাকে কখনোই নিজ স্বভাবের দ্বারা উৎপন্ন একথা বলা যেতে পারে না।[১৪] আর যাকে নিজ স্বভাবের উপর নির্ভর ক'রে উৎপন্ন হয়েছে এমন বলা যেতে পারে না তাকেই স্বভাববশতঃ অনুৎপন্ন অর্থাৎ, নিঃস্বভাব শূন্যতা বলা হয়– "শূন্যাঃ সর্বধর্মা নিঃস্বভাবযোগেন"।[১৫] বস্তুতঃ যা অন্য কিছুর উপরে নির্ভর ক'রে উৎপন্ন হয় তাকে স্বভাবতঃ উৎপন্ন এমন বলা যেতে পারে না। জগতের সকল বস্তুই অন্যের পরিপ্রেক্ষিতে উপলব্ধ হয়। যেমন হ্রস্বকে বুঝতে হলে দীর্ঘকে আবার দীর্ঘকে বুঝতে হলে হ্রস্বকে বুঝতে হয়। এই যে একের পরিপ্রেক্ষিতে অন্যের বোধ, একের উদ্ভবে অন্যের সাপেক্ষতা তাকেই প্রপঞ্চশূন্যতা তথা তথতাশূন্যতা বলা হয়। তথতাশূন্যতার ধারণা দ্বারা আচার্য নাগার্জুন প্রতিষ্ঠা করতে চেয়েছেন–

১। কোন হেতু বা প্রত্যয় ব্যতীত কোন বস্তুর উৎপত্তি হয় না,
২। একটি মাত্র হেতু দ্বারা সকল কিছুর উদ্ভব হয় না,
৩। ভিন্ন প্রকৃতির হেতু দ্বারা কোন বস্তুর উদ্ভব হয় না,
৪। বস্তু সমপ্রকৃতির কোন হেতু দ্বারা উৎপন্ন হয় না,
৫। বস্তু স্বয়ং উৎপন্ন হয় না এবং
৬। বস্তুর উৎপত্তিতে স্ব বা ভিন্ন অন্য কোন হেতু কারণ হয় না।

> অনিরোধমনুৎপাদমনুচ্ছেদমশাশ্বতম্।
> অনেকার্থমনানার্থমনাগমমনির্গমম্।।[১৬]

বস্তুতঃ কোন স্বভাববস্তুর উৎপত্তি নিতান্ত অসম্ভব। এভাবে বিশুদ্ধ যুক্তিবিজ্ঞানের নিয়ম থেকে চতুষ্কোটিবিনির্মুক্ততা দ্বারা যেমন শূন্যতাকে প্রতিষ্ঠা করা হয়েছে, অনুরূপভাবে আধিবিদ্যক দিক থেকেও নিঃস্বভাবতা এবং প্রতীত্যসমুৎপাদের ধারণা দ্বারা বস্তুর প্রপঞ্চশূন্যতাকে প্রতিষ্ঠা করেছেন।

চর্যাগানের দর্শনে শূন্যতাঃ সহজিয়ার ধারণায়

মাধ্যমিক বৌদ্ধদের দর্শন কেবল গ্রন্থের গ্রন্থিতেই আবদ্ধ থাকে নি যুগের পর যুগ ধরে তার ধারণার বদল হয়েছে। মাধ্যমিকের দর্শন যত বেশী জন-আবহে প্রবিষ্ট হয়েছে তত বেশী তার দর্শনের বিশুদ্ধতায় লোকায়ত স্পর্শ স্থান পেয়েছে। সাধারণ লোক বিশুদ্ধ প্রজ্ঞার বিশুদ্ধতায় পারমিতা অর্জন করতে চান না। তাঁরা চান করুণার স্পর্শ। একারণে যত মাধ্যমিক দর্শন লোকমুখী হয়েছে ততই এই দর্শন করুণার তত্ত্বে অভিসিঞ্চিত হয়েছে। মাধ্যমিক দর্শনেরও অন্য একটি প্রসিদ্ধ তত্ত্ব হল করুণা। *বোধিচর্যাবতার* গ্রন্থে মহাযানী সাধক বলেছেন, সকল দিকের সকল লোক যারা যত শারীরিক বা মানসিক ব্যথায় আতুর তারা সবাই আমার পুণ্যলাভ ক'রে সুখ আর প্রমোদের সাগরে নিমজ্জিত হোক।[১৭] যারা শীতে আছে কাতর তারা একটু উষ্ণতা পাক এবং যারা দুঃখ পাচ্ছে উষ্ণতায় তারা বোধিসত্ত্বরূপ মহামেঘ থেকে একটু জল পাক।[১৮] এভাবেই চর্যাগানে যে শূন্যতার ধারণা রূপায়িত হয়েছে, সেই ধারণার মধ্যে একদিকে আছে যেমন করুণা অন্যদিকে তেমনই আছে শূন্যতা। বিষয়টা অনেকের নিকটই আপাত বিরোধী মনে হতে পারে। কারণ, করুণা কোন ভাববস্তুতেই দেখানো যেতে পারে, কোন শূন্যপদার্থে করুণার প্রসক্তি হয় না। কিন্তু চর্যার যোগী সেটাই করেছেন। চর্যার কম্বলাম্বরপাদ বলেছেন,

> সোনে ভরিতী করুণা নাবী।
> রূপা থোই নাহিক ঠাবী।।

সর্ব সংকল্প – বিকল্প বর্জিত যে ভাস্বর চিত্ত তাকেই চর্যায় বলা হয়েছে শূন্যতা। এই শূন্যতাই হল সাধকজীবনের "সোনা"। অবিদ্যাজাত এই রূপজগত হল রূপা। তাই বৌদ্ধ আচার্য বলেছেন, শূন্যতারূপ সোনা দ্বারা তিনি করুণার নৌকা ভ'রে রেখেছেন, তাই রূপার নৌকা রাখার ঠাঁই আর তার নেই। আরও একটি চর্যাগানে বৌদ্ধকবি গেয়েছেন,

> চিঅ সহজে শূণ সংপুণ্ণা।
> কান্ধবিয়োএঁ মা হোহি বিসন্না।।

- "চিত্ত সহজের দ্বারা অর্থাৎ, মহাসুখস্বরূপ সহজস্বরূপে শূন্যই পূর্ণ হয়েছে। স্কন্ধবিয়োগে তবে বিষণ্ণতা কেন?"

এখানে শূন্যতা যেমন সম্পূর্ণ হয়েছে তেমনই করুণার সঙ্গে শূন্যতার ধারণার সংবাদে সহজের ধারণা স্ফুট হয়েছে। কোন একটি মতবাদকে বলে বাদ, তার বিরোধী মতকে বলে প্রতিবাদ এবং এই বাদ ও প্রতিবাদের সংশ্লেষিত নির্যাস থেকে যে মতবাদ স্ফুট হয় তাকে ব'লে সংবাদ। মূল তত্ত্ব হল তথতাশূন্যতা। তার আপাত বিরোধী তত্ত্ব হল করুণা। আর এই উভয়ের সংশ্লেষ হল সহজ। করুণাকে শূন্যতার আপাতবিরোধী বলা হচ্ছে কারণ, যা তথতা বা প্রপঞ্চশূন্য তাতে করুণার উদ্রেক হতে পারে না। কিন্তু আমরা এখানে তাই হতে দেখছি। তবে বস্তুতঃ শূন্যতা ও করুণার মধ্যে কোনরূপ পারস্পরিক বিরোধ নেই। শূন্যবাদী কদাপি সংসারজগতের ব্যাবহারিকতাও খণ্ডন করেন নি। তাঁরা জগতকে স্বরূপতঃ শূন্য বললেও ব্যাবহারিক দিক থেকে সংবৃতিসৎ বলেছেন। তবে সাধক তাঁর চিত্তকে এমনভাবে তৈয়ার করবেন যাতে চিত্ত সকল প্রকার সংকল্প ও বিকল্প বর্জিত হয়। এমন চিত্তাবস্থাই হল শূন্যচিত্ততা। এমন চিত্তেই প্রজ্ঞার প্রকৃতস্বরূপ প্রতিভাত হয়। তখন জগতবিষয়ক রূপাদি স্কন্ধ স্খলিত হয়ে যায়। কিন্তু এরূপ প্রজ্ঞার স্তরে তাঁরা পৌঁছালেও ব্যবহার-জগত বা তার জ্ঞান প্রতিহত হয় না। ফলে, ব্যাবহারিক জগতে প্রজ্ঞাপ্রাপ্ত সাধকদের শূন্যতাময় চিত্ত দ্বারা যে ব্যবহার সম্পন্ন হয়, তাতে জাগতিক কোন আসক্তি থাকে না। সুতরাং, তাঁদের জগত সম্পর্কে শূন্যতার ধারণাই বজায় থাকে। কিন্তু ব্যবহার ক্ষেত্রে তাঁরা করুণার দৃষ্টি নিয়ে ব্যবহারসম্পন্ন হন। জগতের ধনী – দরিদ্র, পাপী – পুণ্যবান নির্বিশেষে সকলের প্রতিই তাঁদের যে দৃষ্টি থাকে সেই দৃষ্টি হয় করুণার। তাঁরা জানেন সকলেই শূন্য, তথাপি ব্যবহারক্ষেত্র বজায় রাখার জন্য তাঁরা যে করুণার ব্যবহার করেন, সেই করুণামিশ্রিতশূন্যতার উপলব্ধিই সহজ। তাই চর্যাকার বলেছেন,

মূঢ়া দিঠ নাঠ দেখি কাঅর।
ভাগ তরঙ্গ কি সোসই সাঅর।।

- "বোকালোক দৃষ্টকে নষ্ট দেখে কাতর হয়, তরঙ্গভঙ্গ কি সাগরকে শোষণ করে?"

চর্যার মাধ্যমিক বৌদ্ধ দৃষ্টকে দেখেই না। সে সহজ চিত্তে শূন্যই দেখে। তবে জগতের সাংব্যাবহারিকতা নির্বাহের নিমিত্ত তাঁরা করুণাচিত্ত নির্বাহ করেন মাত্র। এভাবেই চর্যায় শূন্যতার ধারণা ক্রমশঃ করুণার সংবাদে সহজিয়ায় পর্যবসিত হয়েছে।

উদাহরণস্বরূপ অপর একটি বৌদ্ধ দোঁহার বিষয়ে কিঞ্চিৎ ব্যাখ্যা করা যাক।

কাআ তরুবর পঞ্চবি ডাল।
চঞ্চল চিএ পইঠ কাল।।
দিঢ় করিঅ মহাসুহ পরিমাণ।
লুই ভণই গুরু পুছিঅ জাণ।।
সঅল সমাহিঅ কাহি করিঅই।
সুখদুঁখেতে নিচিত মরি আই।।
এড়িউ ছান্দক বান্ধ করণক পাটের আস।
সুন্নপাখ ভিড়ি লাহু রে পাস।।
ভণই লুই আমহে ঝানে দিঠা।
ধমন চমণ বেণি পিণ্ডি বইঠা।।

পটমঞ্জরী রাগে লুইপাদ কর্তৃক বিরচিত দোহাটিতে দেহকে পঞ্চ ডাল বা প্রশাখাযুক্ত বৃক্ষের সঙ্গে তুলনা করা হয়েছে। "পঞ্চডাল" বলতে বৌদ্ধদের রূপ-বেদনা-সংজ্ঞা-সংস্কার-বিজ্ঞান – এই পঞ্চপ্রকার স্কন্দকে বোঝানো হয়েছে। এদের সমাহারেই দেহকায় নির্মিত হয়। দেহকায়কে বিশ্লেষণ করলে ক্ষণভঙ্গুর আকৃতিস্বরূপ রূপ, ক্ষণভঙ্গুর অনুভূতিস্বরূপ বেদনা, ক্ষণভঙ্গুর প্রত্যভিজ্ঞাস্বরূপ সংজ্ঞা, ক্ষণভঙ্গুর ভাবনারূপ সংস্কার এবং ক্ষণিক চৈতন্যস্বরূপ বিজ্ঞানই লব্ধ হয়। এগুলির ক্ষণিকতা ও প্রবহশীলতা মনোপ্রকৃতি মধ্যে যে চাঞ্চল্য সৃজন করে তার গর্ভেই কাল সমুৎপন্ন হয়। আর এই কালগর্ভেই অবিদ্যাবন্ধন প্রবৃত্তিমুখী সংসার সমুৎপন্ন হয়। মনকে চঞ্চলতারহিত এবং মহাসুখের স্থান

করতে হইলে নিঃস্বভাব হতে হবে। এটি গুরুমুখী বিদ্যা ব'লে গুরুকে ধ'রেই জানতে হবে। তবে লুই পাদাচার্যের উপদেশ, এই সাধনা সহজিয়া ঘরানায় করতে হবে ব'লে কঠিন সমাধি-সাধনায় ইহার কোন সার্থকতা নাই। বস্তুতঃ সহজিয়া সাধনাই চর্যার নির্দিষ্ট সাধনমার্গ। বর্তমান দোহাটিতেও ঐরূপ সহজিয়া সাধনপ্রণালী উক্ত হওয়ায় চর্যাটীকাকার মুনিদত্ত একে "মহারাগনয়চর্যা" বলে অভিহিত করেছেন। মূল বক্তব্য হল, সহজিয়া সাধনায় বাসনারূপ ছন্দের বন্ধন এড়িয়ে ইন্দ্রিয়রূপী করণগুলির পটুত্বের আশা পরিহারপূর্বক শূন্যতাকে আঁকড়ে ধরতে হইবে। এই শূন্যতাকে আশ্রয় করতে হলে ধমন অর্থাৎ, ইড়া নাড়ী এবং চমন অর্থাৎ, পিঙ্গলা নাড়ীর গতিতে দৃষ্টি রাখতে হবে। ধমন ও চমন নাড়ীর ব্যাখ্যায় আচার্য হরপ্রসাদ শাস্ত্রী বলেছেন, ধমন নাড়ী হইল চন্দ্রনাড়ী এবং চমন নাড়ী হইল সূর্যনাড়ী। এই উভয় নাড়ীর সমাযোগ হইলেই শূন্যতাবোধের সাক্ষাৎদর্শন হয়।

> ধবনং শশিশুদ্ধ্যালিনা চবনং রবিশুদ্ধ্যাকালিনা তদুভাভ্যামাসনং কৃত্বা স্বদেবতাহুঙ্কারোপবিষ্টঃ সন্ সাক্ষাৎ কৃতং।[১৯]

এইস্থলে লক্ষ করলে বুঝবেন, সূর্য ও চন্দ্র নাড়ীর সমাযোগ বস্তুতঃ পাতঞ্জল যোগদর্শনবিহিত যোগপ্রক্রিয়া। পাতঞ্জল যোগসূত্রের ২৬ – ২৮ সূত্রোপরি লিখিত ব্যাসভাষ্য অবলোকন করলে বুঝা যায় কীভাবে সূর্য, চন্দ্র এবং সুষুম্না নাড়ীর অবরোধে সমগ্র জগত অবরুদ্ধ হয়। ফলতঃ উক্ত চর্যায় যে যোগপ্রভাব রয়েছে তা সুস্পষ্ট। উপরন্তু এই চর্যায় দৃষ্ট হয়, কীভাবে যোগসাধনার মধ্যমে চতুষ্কোটিবিনির্মুক্ত শূন্যতাকে সাধনায় উপলব্ধি করা যেতে পারে।

শূন্যতার বিবর্তনঃ বাউল থেকে সুফির ভাবনায়

চর্যাসাহিত্যের ধারা প্রবাহিত হয় পরবর্তী সময়ের বাউল পরম্পরায়। মধ্যে বঙ্গে ইসলাম প্রসারের দ্বারা যে সুফিপ্রভাব গড়ে ওঠে তাহাও যোগের দর্শন, তত্ত্ব এবং ক্রিয়া দ্বারা সঞ্জীবিত হয়। এটি আমরা ফকিরি পরম্পরার গানগুলি অনুসন্ধান করলে বুঝতে পারি। বস্তুতঃ "তাসাউফ্" নামক আরবি শব্দ থেকে "সুফি" শব্দের উদ্ভব হয় যার অর্থ হল আত্মশুদ্ধি। অতিসংক্ষেপে তাসাউফের দর্শন হল, আত্মশুদ্ধির মাধ্যমে প্রেমিক ভক্তসত্তা (*এশকে নাফসানিয়াত্*)–র সঙ্গে প্রেমাত্মচৈতন্যময় (*মাশুকে রুহানিয়াত্*) ঈশ্বরসত্তার মিলন বা একীভবন *(ফানা)*। আমীর খসরু এতদ্বিষয়ে তাঁর একটি কবিতায় বলেছেন –

> মান্ তুঁ শুদম্ তু মান্ শুদি
> মান্ তুঁ শুদম্ তু জাঁ শুদি
> আঁকশ কেনা গোয়েদ্ আজই
> মান্ দিরগম্ তু দি গরি।

পারস্য কবিতাটির অর্থ– "আমি তুমি হলাম তুমি আমি হলে, আমি তুমি হলাম, তুমি মম প্রাণ হলে, এর পর আজ থেকে কেউ যেন আর না বলতে পারে, তুমি আর আমি পৃথক কেউ।" সুধী পাঠক কবিতাটি থেকে অচিরেই বুঝবেন, এইস্থলে সুফিভাবসম্মত জীবাত্মার সহিত পরমাত্মার মিলন বা সংযোগকেই খসরু সাহেব বুঝেছেন। একেও আমরা "যোগ" ব'লেও নির্দেশ করিতে পারি। কারণ যোগের একপ্রকার লক্ষণার্থ হল জীবাত্মা-পরমাত্মার মিলন।

বঙ্গে সুফিবাদ প্রসারিত হয় ফকিরি গানের মধ্য দিয়ে। ফলে, ফকিরি গানগুলির তর্জমা করলে সুফিভাব ও আদর্শের সন্ধান মেলে। সাথে সাথে সুফিগানে তন্ত্র, যোগ, বৌদ্ধ শূন্যতা প্রভৃতির প্রভাবও ধরা পড়ে। অধুনা সিলেটী কবি হাসন রাজার একটি গানে কীভাবে শূন্যতার ব্যঞ্জনা অনুসৃত হয়েছে তা বিচার ক'রে নিবন্ধটির ইতি টানব। গানটি নিম্নরূপ-

> ধরো দিলারাম, ধরো দিলারাম ধরো দিলারাম, ধরো
> হাসন রাজারে বাইন্ধা রাইখো দিলারাম তোর ঘরো।
> হাসন রাজা হাওয়ার মানুষ, উইঠয়া দিলো দৌড়,
> গেলে না পাইবে আর তাহারই খবর।
> হাসন রাজা হাওয়ার মানুষ, যাইবে যে উড়িয়া,
> হাসন রাজারে বাইন্ধা রাইখো মনের জিঞ্জির দিয়া।

কবি হাসন রাজা এইস্থলে যে “হাওয়া” শব্দের উল্লেখ করেছেন তা হল প্রাণ এবং “হাওয়ার উড়ে যাওয়া” হল যোগবিহিত ইড়া-পিঙ্গলার সমাযাগে প্রাণবায়ুর সুষুম্নাপথে ঊর্ধ্বগতি। একই ভাবনায় সন্ত কবীর গেয়েছিলেন, “*উড় জায়েগা হংস একেলা।*” এইস্থলেও সুষুম্নাপথে প্রাণের ঊর্ধ্বগমন বোধিত হয়েছে। তবে “হাওয়া” শব্দটির গর্ভে কেবল যোগের ভাবনাই সুপ্ত নেই, মাধ্যমিকের শূন্যতাও গভীরভাবে প্রোথিত। ইড়া-পিঙ্গলার মিলনে সুফি কোন সত্তার অস্তিত্ব টের পাচ্ছেন না। বরং তাঁর উপলব্ধিতে যোগের দ্বারা তথতাশূন্যতার নিঃস্বভাবত্বই প্রতীত হয়েছে। এই কারণে হাসন রাজা প্রাণবায়ুর ঊর্ধ্বগমনের কোন গন্তব্য নির্দিষ্ট করেন নি। এই অর্থে নিঃসন্দেহে “হাওয়া” শব্দটি তথতাশূন্যতারই তাৎপর্যগ্রহণ করে। সঙ্গীতটির মূল তাৎপর্য হল, জীবাত্মারূপী “হাসন” বস্তুতঃ হংসস্বরূপ। তাঁর প্রধান লক্ষ্য পরমাত্মস্বরূপে স্থিতি। এখানে অবশ্য পরমাত্মস্বরূপতা বলতে শূন্যতাই বোদ্ধব্য। সেই স্থিতি একটিবার সম্ভব হলে তিনি আর তার দেহরূপী গৃহে বন্দী থাকবেন না। তিনি তাঁর লোকে বা “*লা মোকামে*” অথবা মাধ্যমিকের পরিভাষায় বললে সহস্রারস্থিত পরমশূন্যে “পলায়ন করবেন” অর্থাৎ, লয়প্রাপ্ত হবেন। অন্যদিকে, তিনি যোগী হলেও প্রকৃতার্থে তিনি কবি। এই কারণে তিনি নিজ “দিলারাম” অর্থাৎ, প্রাণবন্ধুর সঙ্গে কৌতুকে কিছুটা রমন ক’রে বলেছেন, সে যেন পারলে তাকে মায়ার বন্ধনে শক্ত ক’রে আটকে রাখে। এইস্থলেও যোগের প্রভাব স্পষ্ট। যোগসূত্রের বিভূতিপাদে *“কূর্মনাড্যাং স্থৈর্য্যম”* সূত্রে বলা হয়েছে, হৃদয়ে যে গ্রন্থি থাকে তাকে কূর্মনাড়ী বলা হয়। এটিই জীবের ঊর্ধ্বগতির বাধক হয়ে ওঠে। বর্তমানস্থলেও কবি হাসন রাজা যেন ছল ক’রে তার হৃদয়গ্রন্থিস্থিত মায়াময় অহংসত্তাকে বলেছেন, সে পারলে তাকে “হাওয়ার মানুষ” হয়ে ঊর্ধ্বে ছুটে যাওয়া থেকে বিরত করুক। এটি কাব্যের অলংকারবিশেষ ব্যতীত অন্য কিছু নয়। *হংসোপনিষদে* উক্ত হয়েছে, যখন বায়ুর গতি নিরুদ্ধ হয়ে হংসপদে মন উন্নীত হয় তখন ঐ তুরীয়াতীত অবস্থায় মন উন্মনাবস্থা লাভ করে। হাসন রাজার তার দিলারামের সঙ্গে এমন কৌতুক এরই পরিচয় নয় কি? যাইহোক, উপরিলিখিত ব্যাখ্যাটি থেকে বাউল-ফকিরি গানসমূহেও কীভাবে যুগে যুগে যোগদর্শনের ভাব এবং মাধ্যমকদর্শনের শূন্যতা অভিব্যঞ্জিত হয়েছে তাও পরিজ্ঞাত হওয়া যায়।

উপসংহার

এখানে একটি বিশেষ বৈশিষ্ট্য লক্ষণীয়, শূন্যতার ধারণা চর্যা ও পরবর্তীকালের বাউল ও সুফিসাহিত্যে নিঃস্বভাবতার ধারণায় পর্যবসিত হয়েছে। বস্তুতঃ বৌদ্ধচিন্তার প্রগতি যুগে যুগে বিভিন্নভাবে হয়েছে। আচার্য নাগার্জুন প্রথমতঃ যৌক্তিকভাবে শূন্যতা বলতে চতুষ্কোটিবিনির্মুক্ততাকে বুঝেছিলেন। দ্বিতীয়তঃ তিনি তথতাশূন্যতার আধিবিদ্যক ধারণাটিকে পরিপুষ্ট করেছেন প্রতীত্যসমুৎপাদবাদের কার্য-কারণতত্ত্বের ভিত্তিতে এবং সেই প্রেক্ষিতেই তথতাশূন্যতার ধারণাটি গতি বা নিয়তপরিবর্তনশীলতার ধারণায় পরিণত হয়। নিয়তপরিবর্তনশীলতার ধারণাই বৌদ্ধ নির্বেদে রূপায়িত হয় নিঃস্বভাবতার প্রত্যয়ে। ক্রমশঃ লোকায়তসাহিত্যে নিঃস্বভাবতার ধারণা সিক্ত হয় সাহিত্যের নবরসে। প্রকট হয়েছে বৌদ্ধসাধনার মূলীভূত নির্যাস – করুণা। এই করুণা দুঃখকাতর মনের ক্ষুদ্র দুর্বলতা নয়। এই করুণা সেই দুঃখ থেকে আসে যে দুঃখ অন্যের দুঃখকে সমান অনুভবে বোঝে, যা বৌদ্ধের পরিভাষায় অবিদ্যাকার অহংকারগ্রন্থি ছিন্ন না ক’রে শূন্যতাকে উপলব্ধি না করলে সম্ভব নয়। চর্যাসাহিত্য এবং পরবর্তীকালের বাউল – ফকিরি সাহিত্য শূন্যতার ধারণায় সংশ্লিষ্ট করেছে করুণার ধারণা। উল্লেখ্য কেবল করুণার সংবেদই নয়, বঙ্গদেশে বজ্রযান বৌদ্ধসাধনার প্রভাবে নাথপন্থী যোগীদের যোগসাধনার প্রভাবও মাধ্যমিক বৌদ্ধের শূন্যতার ধারণাকে সহজিয়ার তত্ত্বে উন্নীত করতে বিশেষ সহায়তা করেছে।

উল্লেখপঞ্জি

১. *মধ্যমকশালিস্তম্বসূত্র*, ৯

২. মোহান্ত, দিলীপকুমার, “মধ্যমকদর্শনের রূপরেখা”, *নাগার্জুনকৃত সবৃত্তিশূন্যতাসপ্ততিঃ*- এর অন্তর্গত, পৃষ্ঠা- ৩২

৩. *শব্দকল্পদ্রুমঃ*, তৃতীয় খণ্ড, চৌখাম্বা সংস্কৃত সিরিজ, পৃষ্ঠা – ২৯৮, ২৬৪

৪. *প্রসন্নপদা*, *মূলমধ্যমককারিকা*, ১৮/৮

৫. *মূলমধ্যমককারিকা* ২৭/১৮

৬. শঙ্করাচার্য, *শারীরকমীমাংসাভাষ্যম্*, দ্বিতীয় ভাগ, চৌখাম্বা বিদ্যাভবন পৃষ্ঠা – ৪৪৬

৭. বাচস্পতি মিশ্র, *ভামতী, শারীরকমীমাংসাভাষ্যম্,* দ্বিতীয় ভাগ, চৌখাম্বা বিদ্যাভবন, পৃষ্ঠা – ৭৩৬

৮. *প্রসন্নপদা, মূলমধ্যমককারিকা,* পৃষ্ঠা – ২৪১-২৪২

৯. চট্টোপাধ্যায়, মধুমিতা, "নাগার্জুনের শূন্যতাতত্ত্ব", *নাগার্জুনের দর্শন–পরিক্রমা* – এর অন্তর্গত, পৃষ্ঠা – ৪২

১০. *মূলমধ্যমককারিকা* ২৪/১৮

১১. চট্টোপাধ্যায়, মধুমিতা, "নাগার্জুনের শূন্যতাতত্ত্ব", *নাগার্জুনের দর্শন–পরিক্রমা* – এর অন্তর্গত, পৃষ্ঠা– ২৪–২৫

১২. তদেব, পৃষ্ঠা – ২৫

১৩. *মূলমধ্যমককারিকা* ২৪/১৮

১৪. *প্রসন্নপদা,* দিল্লীঃ মতিলাল বারানসীদাস, পৃষ্ঠা– ৩৪০-৩৪১

১৫. চট্টোপাধ্যায়, মধুমিতা, "নাগার্জুনের শূন্যতাতত্ত্ব", *নাগার্জুনের দর্শন–পরিক্রমা* – এর অন্তর্গত, পৃষ্ঠা – ৫২

১৬. *মূলমধ্যমককারিকা* ১/১

১৭. *বোধিচর্যাবতার,* ১০/২

১৮. তদেব, ১০/৫

১৯. শাস্ত্রী, হরপ্রসাদ, *চর্যাচর্যবিনিশ্চয়ঃ বৌদ্ধ-সহজিয়া-মতের বাঙলা গান,* পৃষ্ঠা – ৫

নির্বাচিত গ্রন্থপঞ্জি

চট্টোপাধ্যায়, মধুমিতা। "নাগার্জুনের শূন্যতাতত্ত্ব"। *নাগার্জুনের দর্শন–পরিক্রমা* – এর অন্তর্গত। কলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০১৫।

দাশগুপ্ত, শশিভূষণ। "চর্যাপদে বর্ণিত দার্শনিক তত্ত্ব"। *বৌদ্ধধর্ম ও চর্যাগীতি* – এর অন্তর্গত। কলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০২১।

মহর্ষি বাদরায়ণ। *ব্রহ্মসূত্রম্* (দ্বিতীয় ভাগ)। শঙ্করাচার্য কৃত *শারীরকমীমাংসাভাষ্য* ও বাচস্পতি মিশ্র কৃত *ভামতী* টীকা সহ, বারাণসী: চৌখাম্বা বিদ্যাভবন, ২০১৭।

মুখোপাধ্যায়, সুজিতকুমার। "বুদ্ধের ব্রহ্মবিহার ও বোধিসত্ত্বের আদর্শ"। *বৌদ্ধদর্শন তত্ত্ব ও যুক্তি* – এর অন্তর্গত (দ্বিতীয় খণ্ড)। সম্পা. ডঃ এম মতিউর রহমান। ঢাকা: জাতীয় সাহিত্য প্রকাশ, ২০১৩।

মোহান্ত, দিলীপকুমার। "মধ্যমক দর্শনের রূপরেখা"। *নাগার্জুনকৃত সবৃত্তিশূন্যতাসপ্ততিঃ* – এর অন্তর্গত। হাওড়া: রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়, ২০২১।

শান্তিদেব, *বোধিচর্যাবতার*। সম্পা. স্বামী হরিহরানন্দ আরণ্য ও জ্যোতিঃপাল মহাস্থবির। কলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০০৫।

শাস্ত্রী, হরপ্রসাদ। *হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা - চর্যাচর্যবিনিশ্চয়ঃ বৌদ্ধ-সহজিয়া-মতের বাঙলা গান।* কলিকাতা: বঙ্গীয় সাহিত্য পরিষদ, ১৩২৩ বঙ্গাব্দ।

হাসন রাজা সমগ্র। সম্পা. মোস্তাক আহমেদ, ঢাকা: দি ইউনিভার্সাল একাডেমী, ২০১৫।

Kalupahana, David J. *Mulamadhyamakakarika of Nagarjuna.* Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1999.

Narain, Harsh. "The Madhyamika as Sunyavada" in *The Madhyamika Mind.* Delhi: Motilal Banarasidass Publishers Private Limited, 1997.

Pandeya, Ramchandra and Manju. "Sunyata: An Epistemological Cosideration" in *Nagarjuna's Philosophy of No-identity.* Delhi: Eastern Book Linkers, 1991.

অদ্বৈতবেদান্তের প্রস্থানচতুষ্টয়ে অবিদ্যার আশ্রয়ত্ব- একটি সমীক্ষা

শিখা সরকার সিকদার

সংক্ষিপ্তসার: বেদের অন্তিম ভাগ হওয়ায় ভারতীয় আধ্যাত্মিক জ্ঞানের মূল পৃষ্ঠভূমি, উপনিষদ বেদান্ত নামেও পরিচিত। বেদান্তদর্শনের প্রধান গ্রন্থ ব্রহ্মসূত্র এবং উপনিষদগুলির ভাষ্য অদ্বৈতবেদান্তের প্রবর্তক শঙ্করাচার্য কর্তৃক রচিত হয়েছে। পরবর্তীকালে শঙ্করাচার্যরচিত ভাষ্যগুলিকে অবলম্বন করে তাঁর শিষ্য-প্রশিষ্যরা বহু বৃত্তি-টীকাদি রচনা করেছেন। যাইহোক, আমি এখানে অদ্বৈতবেদান্তের প্রস্থানচতুষ্টয়কে অবলম্বন করেই বক্তব্য বিষয়টি বর্ণনা করার চেষ্টা করছি। শঙ্করোত্তরপর্যায়ে অদ্বৈতবাদের প্রসারে যেসকল আচার্যগণের অবদান অনস্বীকার্য তাঁরা হলেন- পদ্মপাদ, প্রকাশাত্মযতি, সুরেশ্বরাচার্য, বাচস্পতি মিশ্র, অমলানন্দ, অপ্পয়দীক্ষিত, বিদ্যারণ্য, শ্রীহর্ষ, চিৎসুখাচার্য, মধুসূদন সরস্বতী প্রমুখ। তবে মণ্ডনমিশ্র কর্তৃক অদ্বৈতবাদ সমর্থিত হলেও শঙ্করাচার্যের সিদ্ধান্তের সাথে নিজের বিচারধারার ভেদও স্পষ্টরূপে ব্যাখ্যাত হয়েছে। অনুরূপভাবে শঙ্করোত্তরপর্যায়ের আচার্যদের দ্বারা একদিকে যেমন বৌদ্ধ ও ন্যায় দার্শনিকদের অদ্বৈতবাদ বিষয়ে অনেক আশঙ্কার নিরসন হয়েছে, অন্যদিকে তেমনি রামানুজ-মধ্বাচার্যাদির দ্বৈতবিষয়ক যুক্তিতর্কও খণ্ডিত হয়েছে। মণ্ডনমিশ্রের বিচারধারা দ্বারা প্রভাবিত হয়ে শারীরকভাষ্যকে আশ্রয় করে বাচস্পতি মিশ্র ভামতীটীকা রচনা করেন, যা ভামতীপ্রস্থান নামে পরিচিত। শঙ্করাচার্যের প্রধান শিষ্যদের মধ্যে আরও দুইজন শিষ্য হলেন- আচার্য পদ্মপাদ ও সুরেশ্বর। পদ্মপাদ রচিত পঞ্চপাদিকাটীকা এবং পঞ্চপাদিকাটীকাকে অবলম্বন করে প্রকাশাত্মযতি পঞ্চপাদিকাবিবরণ রচনা করেন, যা বেদান্তদর্শনে বিবরণপ্রস্থান নামে পরিচিত। এছাড়াও সুরেশ্বরাচার্য রচিত বার্তিকপ্রস্থানও বেদান্তের একটি অন্যতম প্রস্থান। এই প্রসঙ্গে উল্লেখনীয় যে, ভামতী, বিবরণ এবং বার্তিক- এই তিনটি প্রস্থান হল অধিকরণপ্রস্থান ; কারণ এই তিনটি প্রস্থানের প্রত্যেকটিতেই আচার্যগণ নিজ নিজ মতাদর্শের আলোকে প্রধানত অদ্বৈতবাদের সিদ্ধান্তকে ব্যাখ্যা করার চেষ্টা করেছেন। কিন্তু অন্য একটি প্রস্থান অর্থাত্ বাদপ্রস্থানে একদিকে যেমন অদ্বৈতবাদের সকল প্রস্থানের সমন্বয় সাধিত হয়েছে, অন্যদিকে তেমনি অদ্বৈতবিরোধী মতবাদগুলিও সমান গুরুত্বসহকারে খণ্ডিত হয়েছে। বাদপ্রস্থানের প্রবর্তকরূপে শ্রীহর্ষের নাম সর্বাগ্রে উল্লেখনীয় হলেও এই প্রস্থানের আরও দুজন মুখ্য আচার্য হলেন- আচার্য চিৎসুখ ও মধুসূদন সরস্বতী। অদ্বৈতবেদান্তে অবিদ্যা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। অবিদ্যার জন্যই আমরা যথার্থভাবে ব্রহ্ম এবং জগতকে উপলব্ধি করতে পারি। আবার এই অবিদ্যাই হল জীবের বন্ধনের কারণ। যাইহোক, বেদান্তদর্শনে অবিদ্যা, মায়া, অজ্ঞান প্রভৃতি শব্দগুলি সমানার্থক শব্দ। যদিও মায়া ও অবিদ্যার মধ্যে সূক্ষ্ম ভেদ আছে, তথাপি শঙ্করাচার্য এবং সুরেশ্বরাচার্য- উভয়ই এদের সমানার্থকতাকে সমর্থন করেন। অবিদ্যা হল সদসদ্বিলক্ষণ, অনির্বচনীয়, ত্রিগুণাত্মক, ভাবরূপ এবং জ্ঞানবিরোধী। ব্যবহারিকদশায় অবিদ্যার স্বপ্নাবস্থা থেকে পৃথক অস্তিত্ব বিদ্যমান হলেও জাগ্রতাবস্থায় তা মিথ্যারূপে প্রতিপন্ন হয়। তবে অবিদ্যার এই মিথ্যা রূপ কেবলমাত্র ব্রহ্মজ্ঞানীর নিকট স্পষ্টরূপে প্রতিভাত হয়। সাধারণ মানুষ অবিদ্যার এই মিথ্যারূপে আচ্ছন্ন হয়ে অধ্যাসগ্রস্থ থাকে। অতএব অবিদ্যাই হল অধ্যাসের মূল। শ্রুতি এবং স্মৃতিতে যাকে প্রকৃতি বলা হয়েছে সেই অবিদ্যাই হল ঈশ্বরের শক্তি এবং সংসারের মূল কারণ। *শারীরকভাষ্যের* বর্ণনা অনুসারে ব্রহ্ম হলেন এই জগতের সৃষ্টিকর্তা। কিন্তু জীব অব্যাপক, অকর্তা, অল্পশক্তিসম্পন্ন। অতএব অবিদ্যা কখনও জগতের অধিষ্ঠান হতে পারে না। তবে অবিদ্যার আশ্রয় হওয়ার জন্য ব্রহ্ম হলেন জগতের অধিষ্ঠানস্বরূপ। সুতরাং বলা যেতে পারে যে, *শাঙ্করভাষ্যানুসারে* ব্রহ্মই হলেন অবিদ্যার আশ্রয়। ভ্রমজ্ঞান বা মিথ্যাজ্ঞানের জন্য আশ্রয় অবশ্যই প্রয়োজন। যেমন- রজ্জুতে সর্পের ভ্রান্তিজ্ঞানের ক্ষেত্রে যে রজ্জু আমাদের সামনেই থাকে, তাকে আশ্রয় করেই সর্পের জ্ঞান হয়। অনুরূপভাবে ব্রহ্মকে আশ্রয় করেই এই জগতপ্রপঞ্চের ভ্রান্তিজ্ঞান আমাদের হয়ে থাকে। পরে যথার্থ চৈতন্যস্বরূপ ব্রহ্মের জ্ঞানোদয়ের ফলে জীবের অবিদ্যা বিনাশের সঙ্গে সঙ্গে অপবর্গপ্রাপ্তিও ঘটে।

সূচকশব্দ: আভাসপ্রস্থান, বিবরণপ্রস্থান, ভামতীপ্রস্থান, বাদপ্রস্থান, অবিদ্যা, আশ্রয়ত্ব।

‘প্র’ পূর্বক ‘স্থা’ ধাতুর উত্তর ‘অনট্’ প্রত্যয় যোগে ‘প্রস্থান’ শব্দটি নিষ্পন্ন হয়েছে। ‘প্র’ উপসর্গটির অর্থ ‘প্রকৃষ্টার্থ’। অতএব বেদান্তদর্শনের প্রতিপাদ্য বিষয়বস্তু যেখানে প্রকৃষ্টভাবে বা বিশেষভাবে আলোচিত ও ব্যাখ্যাত হয়েছে, বেদান্তের সেইসকল আকরগ্রন্থগুলিকেই প্রস্থান বলা হয়। অর্থাত্ প্রস্থান শব্দের অর্থ হল আকরগ্রন্থ। এই অর্থে সকল আকরগ্রন্থগুলিই হল প্রস্থানপদবাচ্য। বেদান্তের আধারভূত গ্রন্থগুলি মূলত তিনটি প্রস্থানে বিভক্ত। যথা- শ্রুতিপ্রস্থান, স্মৃতিপ্রস্থান এবং ন্যায়প্রস্থান বা তর্কপ্রস্থান। আত্মদর্শনের নিমিত্ত শ্রবণ, মনন ও নিদিধ্যাসন- এই ত্রিবিধ সাধনের উপদেশ শ্রুতিতে

নিহিত আছে। বেদ, উপনিষদ প্রভৃতি শোনাই হল শ্রবণ। উপনিষদ হল বেদান্তের শ্রুতিপ্রস্থান; কারণ বেদান্তের অর্থ উপনিষদবাক্য থেকেই শ্রুত হয়। ব্রহ্মসূত্র হল তর্কপ্রস্থান; কারণ উপনিষদ থেকে শ্রুত অর্থ ব্রহ্মসূত্র ও তার ভাষ্য-টীকাদি গ্রন্থে নানা যুক্তিতর্কের সাহায্যে বিচার করা হয়। এই তর্কের সাহায্যে বিচারিত অর্থ শ্রীমদ্ভগবদ্গীতায় ব্যাখ্যাত আধ্যাত্মিক আলোচনার ফলে পুনঃ পুনঃ চিত্তে উদিত হয়ে স্থির ও দৃঢ় হওয়ায় শ্রীমদ্ভগবদ্গীতা হল বেদান্তের স্মৃতিপ্রস্থান।

এখানে আমার আলোচ্য বিষয়টি বেদান্তের চারটি প্রস্থানকে নিয়ে হওয়ায় সেদিকেই আলোকপাত করার প্রয়াস করছি। প্রস্থানচতুষ্টয়ে অবিদ্যার আশ্রয়ত্ব বিষয়ে ব্যাখ্যা প্রসঙ্গে প্রথমেই সুরেশ্বরাচার্যের বার্তিকপ্রস্থান সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন। সুগভীরভাবে পর্যালোচনা করলে দেখা যাবে মণ্ডনমিশ্রের প্রভাব যেমন ভামতীপ্রস্থানে প্রতিফলিত হয়েছে, তেমনি সুরেশ্বরাচার্যের প্রভাবও বিবরণপ্রস্থানে দৃষ্ট হয়। তথাপি বার্তিকপ্রস্থান হল স্বতন্ত্র একটি প্রস্থান। সুরেশ্বরাচার্যকে কেউ কেউ বাচস্পতি মিশ্রের পূর্ববর্তী এবং কোথাও সমকালিক বলে উল্লেখ করেছেন। সুতরাং নবম শতাব্দীকে তাঁর সময়কাল হিসাবে অনুমান করা যেতে পারে। *ব্যাকরণশাস্ত্রে* বার্তিকের লক্ষণ প্রসঙ্গে বলা হয়েছে যে, উক্তানুক্তদুরুক্তার্থচিন্তাকারি তু বার্তিকম্। অর্থাত্ কোনো বিষয়ে যা উক্ত বা যা বলা হয়েছে, অনুক্ত বা যা বলা হয়নি এবং দুরুক্ত বা যা সঠিকভাবে বলা হয়নি তাই বার্তিক। সুরেশ্বরাচার্যরচিত বৃহদারণ্যকোপনিষদভাষ্যবার্তিক এবং তৈত্তরীয়োপনিষদভাষ্যবার্তিক হল দুটি অন্যতম গ্রন্থ। তবে তাঁর রচিত বার্তিকপ্রস্থানের অন্তর্গত অন্যান্য গ্রন্থগুলি *হল-* নৈষ্কর্ম্যসিদ্ধি, মানসোল্লাস বা দক্ষিণামূর্তিস্তোত্রবার্তিক, পঞ্চীকরণবার্তিক বা প্রণববার্তিক প্রভৃতি। এই গ্রন্থগুলিকে অবলম্বন করে রচিত টীকাদিও বার্তিকপ্রস্থানের অন্তর্গত। এছাড়াও এই প্রস্থানের অন্তর্গত একটি অন্যতম গ্রন্থ হল সর্বজ্ঞাত্মমুনি রচিত সংক্ষেপশারীরক। বার্তিকপ্রস্থানের অন্তর্গত গ্রন্থগুলিকে অবলম্বন করে রচিত টীকা ও টীকাকারগণ হলেন- বৃহদারণ্যকোপনিষদভাষ্যবার্তিক অবলম্বনে রচিত প্রধান টীকাদ্বয়- ১. শাস্ত্রার্থপ্রকাশিকা – আনন্দগিরি, ২. বৃহদারণ্যকবার্তিকসার – বিদ্যারণ্য স্বামী। সুরেশ্বরাচার্যরচিত গ্রন্থগুলির মধ্যে আর একটি অন্যতম গ্রন্থ হল নৈষ্কর্ম্যসিদ্ধি। এই গ্রন্থের টীকাগুলি হল- ১.চন্দ্রিকাটীকা – জ্ঞানোত্তমাচার্য, ২. ভাবতত্ত্বপ্রকাশিকা – চিৎসুখ, ৩. বিদ্যাসুরভি – জ্ঞানামৃত, ৪. নৈষ্কর্ম্যসিদ্ধিবিবরণ – অখিলাত্মা, ৫. সারার্থ – রামদত্ত। পঞ্চীকরণবার্তিক অবলম্বনে রচিত টীকাগুলি হল- ১. বার্তিকাভরণ- নারায়ণ সরস্বতী, ২. বিবরণ- আনন্দগিরি, ৩. তত্ত্বচন্দ্রিকা- রামতীর্থ, ৪. অদ্বৈতাগমহৃদয়- শান্ত্যানন্দ সরস্বতী, ৫. পঞ্চীকরণচন্দ্রিকা- গঙ্গাধর। আলোচ্য গ্রন্থগুলি ছাড়াও সুরেশ্বরাচার্যের অন্যতম শিষ্য সর্বজ্ঞাত্মাচার্যরচিত সংক্ষেপশারীরক অবলম্বনে রচিত টীকাগুলি হল- ১.সংক্ষেপশারীরকসারসংগ্রহ- মধুসূদন সরস্বতী, ২. তত্ত্ববোধিনী- নৃসিংহাশ্রম, ৩. সুবোধিনী- পুরুষোত্তম দীক্ষিত, ৪. বিদ্যামৃতবর্ষিণী- রাঘবানন্দ, ৫. সিদ্ধান্তদীপ- বিশ্বদেব, ৬. অন্বয়ার্থপ্রকাশিকা- রামতীর্থ, ৭. সংক্ষেপশারীরকব্যাখ্যা- প্রত্যগ্বিষ্ণু, ৮. সংক্ষেপশারীরকসম্বন্ধোক্তি- বেদানন্দ। এই সমস্ত গ্রন্থ এবং টীকা বার্তিকপ্রস্থানের অন্তর্গত। ব্যাকরণশাস্ত্রের পাশাপাশি *পরাশর উপপুরাণে* বার্তিকের লক্ষণ প্রসঙ্গে বলা হয়েছে-

> উক্তানুক্তদুরুক্তানাং চিন্তা যত্র প্রবর্ততে।
> তং গ্রন্থং বার্তিকং প্রাহুর্বার্তিকজ্ঞা মনীষিণঃ।।

অতএব কোনো মূল গ্রন্থকে অবলম্বন করে রচিত বার্তিকগ্রন্থগুলিতে উক্ত, অনুক্ত ও দুরুক্ত- এই তিনপ্রকার উপায়ে মূল গ্রন্থের বিষয়গুলি আলোচিত হয়। উক্ত অর্থাত্ যা বলা হয়েছে তার ব্যাখ্যা করা, অনুক্ত অর্থাত্ যা বলা হয়নি তার আলোচনা করা এবং দুরুক্ত অর্থাত্ যা বলা হয়েছে সেগুলি যদি অসংগত হয় তবে তা সঠিকভাবে ব্যাখ্যা করা। বার্তিকগ্রন্থ রচনাকালে এই বিষয়গুলিকে যথাযথভাবে প্রয়োগ করা আবশ্যক। সুরেশ্বরাচার্যও বার্তিকগ্রন্থগুলি রচনাকালে শঙ্করাচার্যের সিদ্ধান্তগুলিকে ব্যাখ্যা করেছেন, যে বিষয়গুলি তাঁর রচনায় সংক্ষিপ্তভাবে ব্যাখ্যাত হয়েছিল সেগুলিকে যুক্তি সহকারে আলোচনা করেছেন এবং যেগুলি আলোচিত হয়নি সেই বিষয়গুলিও বর্ণনা করার প্রয়াস করেছেন।

অদ্বৈতবেদান্তে অবিদ্যা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। অবিদ্যার জন্যই আমরা যথার্থভাবে ব্রহ্মকে এবং জগতকে উপলব্ধি করতে পারি। আবার এই অবিদ্যাই হল জীবের বন্ধনের কারণ।

যাইহোক, বেদান্তদর্শনে অবিদ্যা, মায়া, অজ্ঞান প্রভৃতি শব্দগুলি সমানার্থক শব্দ। যদিও মায়া ও অবিদ্যার মধ্যে সূক্ষ্ম ভেদ লক্ষ্য করা যায়, তথাপি শঙ্করাচার্য এবং সুরেশ্বরাচার্য- উভয়ই এদের সমানার্থকতাকে সমর্থন করেন। অবিদ্যা হল সদসদ্বিলক্ষণ, অনির্বচনীয়, ত্রিগুণাত্মক, ভাবরূপ এবং জ্ঞানবিরোধী। অবিদ্যা মূলত এক হলেও অবস্থাভেদে তা ভিন্ন ভিন্ন রূপে প্রতীত হয়। শঙ্করাচার্য *শারীরকভাষ্যে* এই বিষয়টি বিস্তৃতভাবে বর্ণনা করেছেন। ব্যবহারিকদশায় অবিদ্যার স্বপ্নাবস্থা থেকে পৃথক অস্তিত্ব বিদ্যমান হলেও জাগ্রতাবস্থায় তা মিথ্যারূপে প্রতিপন্ন হয়। তবে অবিদ্যার এই মিথ্যা রূপ কেবলমাত্র ব্রহ্মজ্ঞানীর নিকট স্পষ্টরূপে প্রতিভাত হয়। সাধারণ মানুষ এই অবিদ্যার মিথ্যারূপে আচ্ছন্ন হয়ে অধ্যাসগ্রস্থ থাকে। অতএব অবিদ্যাই হল অধ্যাসের মূল। শ্রুতি এবং স্মৃতিতে যাকে প্রকৃতি বলা হয়েছে সেই অবিদ্যাই হল ঈশ্বরের শক্তি এবং সংসারের মূল কারণ- "সর্বজ্ঞস্য ঈশ্বরস্য আত্মভূত ইব অবিদ্যাকল্পিতে নামরূপে তত্ত্বান্যত্বাভ্যামনির্বচনীয়ে সংসারবীজভূতে চ শ্রুতিস্মৃত্যোরভিলপ্যতে"।[১] *শারীরকভাষ্যের* বর্ণনা অনুসারে ব্রহ্ম হলেন এই জগৎপ্রপঞ্চের সৃষ্টিকর্তা। কিন্তু জীব অব্যাপক, অকর্তা, অল্পশক্তিসম্পন্ন। অতএব জীব কখনও জগতের অধিষ্ঠান হতে পারে না। তবে অবিদ্যার আশ্রয় হওয়ার জন্য ব্রহ্ম হলেন জগতের অধিষ্ঠানস্বরূপ। অতএব বলা যেতে পারে যে, *শাঙ্করভাষ্যানুসারে* ব্রহ্মই হলেন অবিদ্যার আশ্রয়। ভ্রমজ্ঞান বা মিথ্যাজ্ঞানের জন্য আশ্রয় অবশ্যই প্রয়োজন। যেমন- রজ্জুতে সর্পের ভ্রান্তিজ্ঞানের ক্ষেত্রে যে রজ্জু আমাদের সামনেই থাকে, তাকে আশ্রয় করেই সর্পের জ্ঞান হয়। অনুরূপভাবে ব্রহ্মকে আশ্রয় করেই এই জগৎপ্রপঞ্চের ভ্রান্তিজ্ঞান আমাদের হয়ে থাকে। পরে যথার্থ চৈতন্যস্বরূপ ব্রহ্মের জ্ঞানোদয়ের ফলে জীবের অবিদ্যা বিনাশের সঙ্গে সঙ্গে অপবর্গপ্রাপ্তিও ঘটে।

আভাসপ্রস্থানানুসারে অবিদ্যার আশ্রয়ত্ব

শঙ্করাচার্য যেমন অবিদ্যা, অজ্ঞান, মায়া, অধ্যাস, বিবর্ত প্রভৃতি শব্দগুলিকে পর্যায়বাচীশব্দ বলে মত প্রকাশ করেছেন, সেরূপ সুরেশ্বরাচার্যও তত্ত্বগতদিক থেকে মায়া ও অবিদ্যা- এই শব্দদুটির অভিন্নতা স্বীকার করেছেন। এই অবিদ্যার কোনো পারমার্থিক সত্তা না থাকায় এর অবস্থানের জন্য একটি আশ্রয় বা অধিষ্ঠানের আবশ্যকতা রয়েছে – "In advaitism, ajñāna is not as real as Brahma, because it disappears while Brahma continues to exist; and as ajñāna cannot exist without the basic of Brahma it cannot be said to have any independent existence.[২]। তাছাড়া সুরেশ্বরাচার্যও বলেছেন যে, অবিদ্যার জন্য ভ্রমজ্ঞান হয় এবং অধিষ্ঠান ছাড়া ভ্রমজ্ঞান কখনও সম্ভব নয়। অতএব অবিদ্যার অধিষ্ঠান বা আশ্রয় হল ব্রহ্ম-

> পরমার্থমনালিঙ্গ্য ন দৃষ্টং বিতথং ক্বচিত্।
> তস্মাদ্বা বিতথং সর্বং পরমার্থৈকনিষ্ঠিতম্।।[৩]

রজ্জুতে সর্পের ভ্রমজ্ঞানের ক্ষেত্রেও রজ্জু সামনে উপস্থিত থাকে। অতএব সর্পের ভ্রমজ্ঞানের উৎপত্তির ক্ষেত্রে রজ্জু হল আশ্রয়স্বরূপ। এই রজ্জুই সর্পরূপে আমাদের নিকট প্রতিভাত হয়। অনুরূপভাবে যথার্থ, চেতন এবং সীমাহীন ব্রহ্মই হল অযথার্থ, জড় এবং সীমিত জগতের আশ্রয়- "It is the rope that is mistaken for a snake. Brahma is the substratum on which the pluralistic universe which is unreal, insentient, and finite is superimposed. Through the negation of the unreal, etc., the text intends to teach that Brahman is the reality lying at the basis of the illusory manifestation of the whole universe".[৪] সুতরাং বার্তিকপ্রস্থানানুসারে পরমার্থবস্তুরূপ ব্রহ্মই হলেন সমগ্র ভ্রমাত্মক জগৎপ্রপঞ্চের আধার বা অধিষ্ঠান। সাধারণত আত্মা এবং অনাত্মাভেদে দুই প্রকার বস্তু স্বীকার করা হয়। ব্রহ্ম বা আত্মাকে অবিদ্যার আশ্রয়রূপে পূর্বেই স্বীকার করা হয়েছে। এখন প্রশ্ন হতে পারে যে, অনাত্মবস্তু অবিদ্যার অধিষ্ঠান হতে পারে কি? – এই প্রসঙ্গে বলা যেতে পারে যে, অনাত্মবস্তুকে অবিদ্যার আশ্রয়রূপে স্বীকার করলে অজ্ঞান নিজেই নিজের দ্বারা আচ্ছাদিত হয়ে যাবে। এছাড়া অনাত্মবস্তুর স্বরূপ অজ্ঞানমূলক হওয়ায় তা অজ্ঞানের বিষয় ও আশ্রয় হতে পারে না– "তত্রানাত্মনস্তাবন্নাজ্ঞানেনাভিসম্বন্ধঃ... ন হি পূর্বসিদ্ধিং সত্ততো লব্ধাত্মলাভস্য সেৎস্যত আশ্রয়স্যাশ্রয়ি সংভবতি"[৫]। কোনো জ্ঞানের ক্ষেত্রে যেমন আশ্রয়ের প্রয়োজন, তেমনই অজ্ঞানের ক্ষেত্রেও আশ্রয়ের

প্রয়োজন। আশ্রয় ব্যতীত অজ্ঞান অসম্ভব – “Just as a knowledge is incomplete without any subject and object, similarly Avidyā too requires someone as its substratum, to whom it belongs or characterises and some content which is governed by it.”[৬] অতএব ব্রহ্মই হল একমাত্র আত্মবস্তু যাকে আশ্রয় করে সম্পূর্ণ ভ্রমাত্মক জগতের জ্ঞান হয়। এই অন্যতম বস্তু অর্থাত্ ব্রহ্ম এক হলেও অবিদ্যার দ্বারা তা বিভিন্নরূপে আমাদের নিকট প্রতিভাত হয়। এছাড়াও ব্রহ্মকে যদি অবিদ্যার আশ্রয়রূপে স্বীকার করা হয় তবেই অদ্বৈততত্ত্ব সিদ্ধ হবে।

শাঙ্করভাষ্য অবলম্বনে প্রবর্তিত প্রস্থানগুলির মধ্যে বার্তিকপ্রস্থান যেমন অন্যতম প্রস্থান, তেমনই বিম্ব-প্রতিবিম্ব প্রভৃতি মতবাদগুলির মধ্যে একটি উল্লেখযোগ্য মতবাদ হল আভাসবাদ। এখানে ব্রহ্মে অবিদ্যার আশ্রয়ত্ব বিষয়ে আলোচনা প্রসঙ্গে আভাসবাদের ব্যাখ্যা করলে বিষয়টি পাঠকবর্গের নিকট সুস্পষ্ট হবে বলে মনে করি। মূলত যে সূত্রদুটি অবলম্বন করে আভাসবাদ পরবর্তীকালে বিস্তার লাভ করেছিল সেই দুটি সূত্র হল- “প্রকাশাদিবন্নৈবং পরঃ”[৭] এবং “আভাস এব চ”[৮]। এই সূত্রদ্বয়ানুসারে জলের মধ্যে যেমন সূর্যের আভাস পরিলক্ষিত হয় তেমনই এই জগৎসংসারে বিরাজমান জীব সুখ-দুঃখ ভোগ বা অনুভব করলেও পরমেশ্বরে সেই সুখ-দুঃখের ভোগ আভাসমাত্র। অর্থাত্ জীব তাদের শুভাশুভ কর্মের ফলস্বরূপ সুখ-দুঃখাদির দ্বারা লিপ্ত হলেও ঈশ্বরকে লিপ্ত করতে পারে না। অব উপসর্গ পূর্বক ভাস্ ধাতুর পরে ঘঞ্ প্রত্যয়ের দ্বারা অবভাস শব্দটি নিষ্পন্ন হয়। তবে অবভাস শব্দটি অবসাদ এবং অবমান- এই দুটি অর্থের দ্যোতক। পূর্বে উৎপন্ন কোনো জ্ঞান যদি পরভাবী অন্য কোনো জ্ঞানের দ্বারা বাধিত হয় তবে তাকে অবসাদ বলে। অন্যদিকে ব্যাবহারিক জীবনের কোনো কার্য সাধন করার শক্তির অভাবই হল অবমান। এই প্রসঙ্গে উদাহরণস্বরূপ বলা যায় যে, যতক্ষণ পর্যন্ত শুক্তির রজতরূপে জ্ঞান হয় ততক্ষণই রজতের প্রতি আমাদের আকর্ষণ থাকে; কারণ ব্যাবহারিক জীবনের কোনো প্রয়োজনই ঐ রজতের দ্বারা সিদ্ধ হবে না। তবে শুক্তির যথার্থ জ্ঞান উৎপন্ন হওয়ার সঙ্গে সঙ্গে মিথ্যারূপ রজতের কার্যকরী শক্তিও তিরোহিত হয়, যা অবমানরূপে অভিহিত- “অবসাদ উচ্ছেদঃ। অবমানো যৌক্তিকতিরস্কারঃ”[৯]। অতএব বলা যেতে পারে, যে বিষয়ের পরবর্তীকালে যুক্তিসহকারে বাধ বা তিরস্কার হবে তাই হল আভাস।

সুরেশ্বরাচার্য আভাসবাদের ব্যাখ্যাকালে চিদাভাস, কূটস্থাভাস প্রভৃতি শব্দের ব্যাবহার করেছেন। গৌড়পাদাচার্য তাঁর *মাণ্ডূক্যকারিকায়* তিনপ্রকার আভাসের কথা বলেছেন। প্রথমত, অজাতবস্তু জাতবস্তুর মতো বা অনুৎপন্নবস্তু উৎপন্নবস্তুর মতো আভাসিত হয়। দ্বিতীয়ত, অক্রিয়বস্তু সক্রিয়বস্তুরূপে আভাসিত হয় এবং তৃতীয়ত, অনেক সময় অবস্তুও বস্তুর মতো ভাসিত হতে থাকে-

> জাত্যাভাসং চলাভাসং বস্ত্বাভাসং তথৈব চ।
> অজাচলমবস্তুত্বং বিজ্ঞানং শান্তমদ্বয়ংম্।।[১০]

তবে সুরেশ্বরাচার্যকৃত *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক* এবং এই বার্তিকগ্রন্থ অবলম্বনে *আনন্দগিরিরচিত টীকার* অধ্যয়নের দ্বারা বলা যেতে পারে যে, কারণাভাস ও কার্যাভাসভেদে আভাস দুইভাগে বিভক্ত। সমগ্রজগতে যে দ্বৈতজ্ঞান বিরাজমান তার কারণ হল অজ্ঞান এবং আকাশ প্রভৃতি হল কার্য। সুতরাং অবিদ্যা বা অজ্ঞানে যখন চৈতন্যের আভাস হয় তখন তাকে কারণাভাস বলতে পারি। এছাড়া যখন অহংকারাত্মিকা বুদ্ধিতে অবিদ্যার কার্যের আভাস হয় তখন তাকে কার্যাভাস বলা হয়। অতএব কারণাভাস হল অজ্ঞানগত এবং কার্যাভাস হল অজ্ঞানজন্য বস্তুগত আভাস – “কৃৎস্নস্য দ্বৈতস্য মূলকারণমজ্ঞানং তস্য কার্যং বিয়দাদি তত্রোভয়ত্র বৃত্তিরাভাসস্তদ্রূপোপাধ্যবষ্টম্ভাদপ্তঙ্গস্যাপি মায়াময়ী দ্বয়ী বৃত্তিস্তং দৃষ্টান্তদ্বয়েন দর্শয়ত্যুত্তরং বাক্যদ্বয়মিত্যর্থঃ”[১১]। ভেদভাবের ফলে বিভিন্ন প্রকার জীবের ধারণা তখনই উৎপন্ন হয় যখন চিদাভাস সেই সেই বিভিন্ন প্রকার মন, বুদ্ধি প্রভৃতি উপাধিগুলিতে আশ্রিত হয়-

> কার্যকারণতাং যতি আত্মা অপ্যেবং তমোবশাত্।
> স্বাভাসৈর্বহুতামেতি মনোবুদ্ধ্যাদ্যুপাধিভিঃ।।[১২]

ঈশ্বর এবং সম্পূর্ণ জগৎপ্রপঞ্চ এই চেতনাভাস বা কারণাভাস এবং অচেতনাভাস বা কার্যাভাসের অন্তর্ভূক্ত। কিন্তু চিদাভাসরূপ ঈশ্বর এবং জীবকে ব্রহ্ম থেকে ভিন্ন এবং মিথ্যা বলে স্বীকার করা হয়।

কারণ আভাসবাদের অন্তর্গত আভাসকে বিম্ব থেকে ভিন্ন ও মিথ্যারূপে স্বীকার করা হয় – “ঈশ্বরস্যোক্তাবিদ্যাবিজৃম্ভিতত্বানুরোধেন মায়িনমিতি স্ফুটা শ্রুতিরুচ্যমানা তস্য মায়াবিশিষ্টতাং বদন্তী শুদ্ধতাং বারয়ত্যতো অশুদ্ধজগন্নিবেশীসন্নসৌ কল্পিতঃ স্যাদিত্যর্থঃ”।[১৩]

ব্রহ্মই হলেন আভাসের কারণ। অতএব আভাস হল অজ্ঞানমূলক-

> ন চাস্য কশ্চিজ্জনিতেত্যাগমেন নিষিধ্যতে।
> কারণং ব্রহ্ম তত্তস্মাদ্ব্রহ্ম নোৎপাদ্যমিষ্যতে।।[১৪]

সুতরাং দর্পণে মুখ ছাড়া যেমন মুখাভাস উৎপন্ন হবে না তেমনই আত্মা ছাড়া চিদাভাসেরও কল্পনা করা যায় না। অনুরূপভাবে এই মুখাভাসের অধিষ্ঠান যেমন মুখ এবং আশ্রয় হল দর্পণ, তেমনই শুদ্ধ ব্রহ্ম হল চিদাভাসের অধিষ্ঠান এবং অবিদ্যা ও অবিদ্যাজনিত সংসার হল আশ্রয়- “আভাসস্য চাবিদ্যাকৃতত্বাত্ তদাশ্রয়স্য সংসারস্যাবিদ্যাকৃতত্বোপপত্তিরিতি”।[১৫] আপাতদৃষ্টিতে আভাস মিথ্যারূপে প্রতিপন্ন হলেও আত্মা ভিন্ন সকল বস্তুর ব্যাবহারিক ও প্রাতিভাসিক সত্তার সিদ্ধি হেতু বা স্বরূপ নিরূপণ হেতু আভাসের প্রয়োজনীয়তা অবশ্য স্বীকার্য। এই আভাসের জন্যই অজ্ঞানের ফলে উৎপন্ন জগতের পৃথক অস্তিত্ব সিদ্ধ হয়েছে। এছাড়াও নির্বিশেষ, নির্গুণ, নির্বিকার ব্রহ্ম জগতের কারণ হতে পারে না। আবার অবিদ্যাও জড় হওয়ায় জগতের কারণ হতে পারে না। অতএব ব্রহ্ম ও অজ্ঞান বা অবিদ্যা- উভয়ই জগতের কারণ হতে পারে না। এমতাবস্থায় চিদ্রূপ ব্রহ্মের অজ্ঞানের সাথে সম্বন্ধ দ্বারাই ব্রহ্ম জগতের কারণ হতে পারে। এই চিদ্রূপ ব্রহ্মের অজ্ঞানের সাথে সম্বন্ধ স্থাপনের একমাত্র মাধ্যম হল আভাস-

> আভাসস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদানকারণম্।
> অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্ম কারণমুচ্যতে।।[১৬]

বিবরণপ্রস্থানানুসারে অবিদ্যার আশ্রয়ত্ব

সুরেশ্বরাচার্যের সিদ্ধান্তের দ্বারা অনুপ্রাণিত হয়ে পদ্মপাদাচার্য পঞ্চপাদিকা গ্রন্থটি রচনা করেন। আর প্রকাশাত্মযতি এই পঞ্চপাদিকাকে অবলম্বন করে পঞ্চপাদিকাবিবরণ নামক ভাষ্য রচনা করেন, যা বিবরণপ্রস্থান নামে পরিচিত। এইভাবেই শঙ্করোত্তরপর্যায়ে অদ্বৈতবেদান্তে প্রস্থানগুলির প্রারম্ভ হয়েছিল। সম্ভবত পাঁচটি পাদ বা ভাগ থাকায় পদ্মপাদাচার্যরচিত গ্রন্থটির এরূপ নামকরণ হয়েছে[১৭]। এই পাঁচটি ভাগ হল- ১. পদচ্ছেদ, ২. পদার্থোক্তি, ৩. বিগ্রহ, ৪. বাক্যযোজনা এবং ৫. আক্ষেপের সমাধান। পঞ্চপাদিকা এবং পঞ্চপাদিকাবিবরণ গ্রন্থদুটিকে অবলম্বন করে রচিত অন্যান্য টীকাগুলি হল- ১. স্বামী অমলানন্দবিরচিত পঞ্চপাদিকাদর্পণ, আত্মস্বরূপানন্দকৃত প্রবোধপরিশোধিনী, বিজ্ঞানাত্মাকৃত তাৎপর্যার্থদ্যোতিনী, আনন্দপূর্ণ বিদ্যাসাগররচিত পঞ্চপাদিকাটীকা, নৃসিংহাশ্রমাচার্যকৃত বেদান্তরত্নকোষ ইত্যাদি। অপরপক্ষে পঞ্চপাদিকাবিবরণ অবলম্বনে রচিত টীকাগুলি হল- বিষ্ণুভট্টোপাধ্যায়কৃত ঋজুবিবরণ, চিৎসুখাচার্যকৃত বিবরণতাৎপর্যদীপিকা, নৃসিংহাশ্রমাচার্যবিরচিত তত্ত্বদীপন, আনন্দপূর্ণ বিদ্যাসাগরকৃত পঞ্চপাদিকাবিবরণব্যাখ্যা প্রভৃতি। এইসকল টীকা-টিপ্পনীগুলি ছাড়াও কিছু প্রকরণগ্রন্থও বিবরণপ্রস্থানের অন্তর্ভূক্ত। প্রকরণগ্রন্থগুলি হল- বিদ্যারণ্যকৃত বিবরণপ্রমেয়সংগ্রহ, ধর্মরাজাধ্বরীন্দ্রের বেদান্তপরিভাষা, রামানন্দসরস্বতীকৃত বিবরণোপন্যাস প্রভৃতি।

শঙ্করাচার্য অধ্যাসের লক্ষণ বিষয়ে বলেছেন, “স্মৃতিরূপঃ পরত্র পূর্বদৃষ্টাবভাসঃ”[১৮]। অর্থাত্ পূর্বে দেখা কোনো বস্তুর অন্য কোনো বস্তুতে ভাতি বা প্রকাশই হল অধ্যাস। তবে পদ্মপাদাচার্যের মতে অধ্যাস হল স্মৃতির মতো, স্মৃতি নয়। কারণ যে বিষয়ে স্মৃতি উৎপন্ন হয় সেই বিষয়টি স্মরণকর্তার সামনে উপস্থিত থাকে না। অন্যদিকে মিথ্যাজ্ঞান বা ভ্রমজ্ঞানের বিষয় ব্যক্তির সম্মুখে উপস্থিত থাকে। কোনো আশ্রয় ছাড়া ভ্রমজ্ঞান হতে পারে না। অবিদ্যার অধিষ্ঠানস্বরূপ সচ্চিদানন্দ পরব্রহ্ম ভ্রমবশতঃ জীব ও জগতরূপে প্রতিভাত হয়ে থাকে। অধ্যাসের মূল উপাদান হল অনির্বচনীয় অবিদ্যাশক্তি। কারণ পদ্মপাদাচার্যের মতানুসারে অজ্ঞান শব্দের অর্থ হল জড় অবিদ্যাশক্তি। আর মিথ্যা শব্দের অর্থ হল অনির্বচনীয়- “মিথ্যা চ তদজ্ঞানং চ মিথ্যাজ্ঞানম্। মিথ্যেতি অনির্বচনীয়তা উচ্যতে, অজ্ঞানমিতি চ জড়াত্মিকা অবিদ্যাশক্তিঃ জ্ঞানপর্যুদাসেনোচ্যতে। তন্নিমিত্তঃ তদুপাদান ইত্যর্থঃ”।[১৯]। এই অবিদ্যারই

নামান্তর হল মায়া। তবে মায়া ও অবিদ্যা সমার্থক শব্দ হলেও ব্যাবহারকালে ব্রহ্মের তিরস্করণী বা আবরণশক্তিপ্রধানা মায়াকে অবিদ্যা এবং বিক্ষেপশক্তিপ্রধানা মায়াকে মায়া বলা হয়- "ভাষ্যকারেণ চাবিদ্যা মায়া অবিদ্যাত্মিকা মায়াশক্তিরিতি তত্র তত্র নির্দেশাত্। ...বিক্ষেপশক্তিপ্রধান্যেন মায়া আচ্ছাদনপ্রাধান্যেনাবিদ্যেতি ব্যবহারভেদঃ"।[২০]

বেদান্তশাস্ত্রে আবরণ ও বিক্ষেপশক্তিভেদে অবিদ্যার দুইপ্রকার শক্তি আলোচিত হয়েছে। শুক্তিরজতভ্রমস্থলে আবরণশক্তির দ্বারা শুক্তির যথার্থজ্ঞান আবৃত হয়ে শুক্তিবিষয়ক ভ্রমজ্ঞান উৎপন্ন হয় এবং সেই সময়েই বিক্ষেপশক্তির দ্বারা শুক্তিতে রজতভ্রম উৎপন্ন হয়। অনুরূপভাবে বিশুদ্ধচৈতন্যের স্বরূপ অবিদ্যার আবরণশক্তির দ্বারা আবৃত হয় এবং ব্রহ্মাধিষ্ঠানরূপ মিথ্যা ভেদপ্রপঞ্চের উৎপত্তি বিক্ষেপশক্তির দ্বারা হয়ে থাকে। অবিদ্যাবশত জগৎভ্রম হয়। তবে ব্রহ্মবিষয়ক সাক্ষাৎজ্ঞানের দ্বারাই এই অবিদ্যার নিবৃত্তি সম্ভব। অতএব ব্রহ্মই হল অবিদ্যার আশ্রয় ও বিষয়। কিন্তু এখানে প্রশ্ন হতে পারে যে, স্বয়ংপ্রকাশ, জ্যোতিঃস্বরূপ জ্ঞানময় ব্রহ্ম কিরূপে অজ্ঞানের আশ্রয় হতে পারে? এই বিষয়ে বলা যেতে পারে যে, ব্রহ্মের স্বরূপের আচ্ছাদক অবিদ্যা ব্রহ্মে বর্তমান আছে বলেই জীবের নিকট ব্রহ্মের যথার্থ স্বরূপের পরিবর্তে বিকৃতরূপেরই প্রকাশ পায়- "বিদ্যত এবাত্রাপ্যগ্রহণাবিদ্যাত্মকো দোষঃ প্রকাশস্যাচ্ছাদকঃ"।[২১] এছাড়া ব্রহ্ম জড় অবিদ্যার প্রকাশক হওয়ায় অজ্ঞান জ্ঞানময় ব্রহ্মের বিরোধী নয়। অতএব ব্রহ্ম জ্ঞানস্বরূপ-এরূপ বৃত্তিজ্ঞানই হল অজ্ঞানের বিরোধী। কারণ এই বৃত্তিজ্ঞানের দ্বারাই অজ্ঞান তিরোহিত হয়। সুতরাং অবিদ্যার আশ্রয় হল ব্রহ্ম- "নাপি স্বাশ্রয়চিৎপ্রকাশেন বিরুধ্যতে অজ্ঞানম্... সাক্ষিচৈতন্যস্য চাজ্ঞানাবভাসকত্বাদতো ন চিদাশ্রয়ত্ববিরোধঃ।[২২]

ভামতীপ্রস্থানানুসারে অবিদ্যার আশ্রয়ত্ব

বাচস্পতিমিশ্র তাঁর রচিত ভমতী টীকাতে বিরোধী মত যথার্থ তর্কসহকারে খণ্ডনপূর্বক শারীরকভাষ্যের গূঢ়রহস্য স্পষ্টীকৃত করেছেন। এই টীকাকে অবলম্বন করে রচিত সর্বাপেক্ষা প্রচীন টীকা হল- অমলানন্দরচিত বেদান্তকল্পতরুটীকা। বেদান্তকল্পতরু অবলম্বনে অপ্পয়দীক্ষিতরচিত টীকাটি হল বেদান্তকল্পতরুপরিমল। এছাড়াও লক্ষ্মীনৃসিংহাচার্যের আভোগ টীকা, বৈদ্যনাথপায়গুণ্ডের বেদান্তকল্পতরুমঞ্জরী, বল্লালসূরির ভামতীতিলক, অখণ্ডানুভূতিযতির ঋজুপ্রকাশিকা, সুব্রহ্মণ্যশাস্ত্রীর ভামতীবিবরণ, প্রকাশানন্দসরস্বতীর বেদান্তনয়ভূষণ প্রভৃতি টীকা রচিত হয়েছে। এই সমস্ত গ্রন্থই ভামতীপ্রস্থানের অন্তর্ভূক্ত।

ভামতীটীকার প্রথমেই ব্রহ্মের উদ্দেশ্যে নমস্কার জ্ঞাপনের মাধ্যমে বাচস্পতিমিশ্র এই টীকায় বর্ণিত মূল বিষয়গুলি সংক্ষেপে বর্ণনা করেছেন, যা অদ্বৈতবেদান্তের চরমতত্ত্ব। এখানে তিনি প্রথমেই মূলা-অবিদ্যা এবং তুলা-অবিদ্যাভেদে দ্বিবিধ অবিদ্যার কথা বলেছেন। অনাদি ভাবরূপা জগৎপ্রসবিনী মায়া হল মূলা অবিদ্যা। ঈশ্বরচৈতন্যের উপাধি হল মূলা অবিদ্যা এবং তুলা অবিদ্যা হল জীবচৈতন্যের উপাধি। মায়াতীত পরমেশ্বর এই দুইপ্রকার অবিদ্যার সহায়তায় ক্ষিতি, অপ্, তেজ, মরুত্, ব্যোম প্রভৃতিরূপে বিবর্তিত হন এবং সমগ্র জগৎপ্রপঞ্চের সৃষ্টি করে থাকেন-

> অনির্বাচ্যাবিদ্যাদ্বিতয়সচিবস্য প্রভবতো বিবর্ত্তা যস্যেতে বিয়দনিলতেজো অববনয়ঃ।
> যতশ্চাভূদ্বিশ্বং চরমচরমুচ্চাবচমিদং নমামস্তদ্ব্রহ্মাপরিমিতসুখজ্ঞানমমৃতম্।।[২৩]

তবে ভামতীপ্রস্থানানুসারে জগত্ সৃষ্টির ক্ষেত্রে মায়া হল সহকারী কারণ। তবে অনাদি ভাবরূপ অবিদ্যার আশ্রয় কে?- এই প্রশ্নের সমাধান ভামতীপ্রস্থানে অত্যন্ত সূক্ষ্মরূপে ব্যাখ্যাত হয়েছে। তাঁর মতে ব্রহ্ম নিত্য শুদ্ধ হওয়ায় অবিদ্যার আশ্রয় হতে পারে না- "নাবিদ্যা ব্রহ্মাশ্রয়া, কিং তু জীবে, সা ত্বনির্বচনীয়েত্যুক্তং, তেন নিত্যশুদ্ধমেব ব্রহ্ম"।[২৪] আবার অবিদ্যা বিদ্যারূপ পরমাত্মাকে সরাসরি আশ্রয় না করলেও পরমাত্মার প্রতিবিম্বরূপ জীবের জন্য অবিদ্যাকে পরমাত্মাশ্রিত বলা হয়- "অবিদ্যোপধানং চ যদ্যপি বিদ্যাস্বভাবে পরমাত্মনি ন সাক্ষাদস্তি তথাপি তৎপ্রতিবিম্বকল্পজীবদ্বারেণ পরস্মিন্ উচ্যতে"।[২৫] এইভাবে ভামতীপ্রস্থানে অবিদ্যার আশ্রয়রূপে জীবকে স্বীকার করা হয়েছে। অপ্পয়দীক্ষিতও বাচস্পতিমিশ্রের মতকে সমর্থন করে জীবকে অবিদ্যার আশ্রয়রূপে স্বীকার করেছেন। কারণ জীব অবিদ্যার আশ্রয় হওয়ায় এই জগৎপ্রপঞ্চ জীবেতেই অধ্যস্ত। অতএব এই সিদ্ধান্তেই বেদান্তবাক্যের সমন্বয় হওয়া উচিত- "জীবাজ্জজ্ঞে জগৎসর্বং সকারণমিতি ব্রুবন্। ক্ষিপন্ সমন্বয়ং জীবে ন লেজে

বাক্পতিঃ কথম্”[২৬]। অতএব আলো যেভাবে কখনই অন্ধকারের আশ্রয় হতে পারে না, তেমনই অবিদ্যার আশ্রয় ব্রহ্ম হতে পারে না।

বাদপ্রস্থানানুসারে অবিদ্যার আশ্রয়ত্ব

ন্যায়দর্শনে বাদ-এর আলোচনা প্রসঙ্গে বলা হয়েছে, বাদী ও প্রতিবাদীর স্বপক্ষ-সংস্থাপন ও পরপক্ষ-খণ্ডনার্থ উক্তি-প্রত্যুক্তিরূপ বিচার, তত্ত্বনির্ণয় অথবা জয়লাভ- এই দুই উদ্দেশ্যে হতে পারে। তবে কেবল তত্ত্বনির্ণয়ের উদ্দেশ্যে গুরু-শিষ্য প্রভৃতির যে বিচার হয় তার নাম বাদ। এমনকি বাদী ও প্রতিবাদীর বাক্যসমূহকেও বাদ বলে। বাদ-এর ক্ষেত্রে তত্ত্বনির্ণয় একমাত্র উদ্দেশ্য হওয়ায় কারও কোনো জিগীষা থাকে না। মহর্ষি গৌতম *ন্যায়দর্শনের* প্রথম অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকের প্রারম্ভে বাদ-এর লক্ষণ বিষয়ে বলেছেন-

> প্রমাণতর্ক সাধনোপালম্ভঃ সিদ্ধান্তাবিরুদ্ধঃ।
> পঞ্চাবয়বোপপন্নঃ পক্ষপ্রতিপক্ষ-পরিগ্রহো বাদঃ।।

অতএব এককথায়, কেবল তত্ত্বনির্ণয়ার্থ যে বিচার, যাতে কারও জিগীষা নেই তাকে বাদ বলে। ভগবান শ্রীকৃষ্ণ বাদ প্রসঙ্গে বলেছেন, “বাদঃ প্রবদতামহং”[২৭]। বাদপ্রস্থানের প্রারম্ভক শ্রীহর্ষ হলেন একাধারে কবি এবং দার্শনিক। তাঁর রচিত গ্রন্থগুলির মধ্যে দুটি প্রধান গ্রন্থ হল- খণ্ডন-খণ্ডখাদ্য এবং নৈষধচরিত। এই *খণ্ডনখণ্ডখাদ্যগ্রন্থে* তিনি ন্যায়দর্শনের অনেক পরিভাষা খণ্ডন করেছেন। এই গ্রন্থকে অবলম্বন করে রচিত টীকাগ্রন্থগুলি হল- পরমানন্দের খণ্ডন-মণ্ডন, ভবনাথকৃত খণ্ডন-মণ্ডন, রঘুনাথশিরোমণির দীধিতি, বর্ধমানের প্রকাশ, বিদ্যাভরণের বিদ্যাভরণী, শঙ্করমিশ্রের আনন্দবর্ধন বা শংকরী, প্রগলভমিশ্রের খণ্ডনদর্পণ, চিৎসুখাচার্যের ভাবদীপিকা, সূর্যনারায়ণশুক্লের খণ্ডনরত্নমালিকা প্রভৃতি। তবে এই সকল টীকাসমূহের মধ্যে বিদ্যাসাগর, চিৎসুখ এবং সাধু মোহনলাল প্রভৃতি অদ্বৈতবৈদান্তিকগণ খণ্ডনখণ্ডখাদ্যগ্রন্থের সমর্থনপূর্বক বাদপ্রস্থানের বিকাশ সাধনে অগ্রসর হয়েছেন। উক্ত তিনজন টীকাকারগণের মধ্যে আনন্দপূর্ণ বিদ্যাসাগরের বিদ্যাসাগরী টীকা অত্যন্ত প্রসিদ্ধ, যার অপর নাম খণ্ডন-ফক্কিকা-বিভজন। অন্যদিকে শ্রীহর্ষের খণ্ডন-খণ্ডখাদ্য অনির্বচনীয়তাবাদসর্বস্ব নামে পরিচিত। কারণ অনির্বচনীয়বাদ বা মায়াবাদকে অবলম্বন করেই অদ্বৈতবাদের ভিত্তিপ্রস্তর গঠিত। শ্রীহর্ষের মতানুসারে সমগ্র জাগতিক অনির্বচনীয় বস্তুর আশ্রয়রূপে নিত্যসিদ্ধ, জ্ঞানস্বরূপ, স্বয়ংপ্রকাশক এবং স্বতঃপ্রমাণরূপ অদ্বিতীয় সত্যবস্তু বা পরব্রহ্ম রয়েছেন। অর্থাত্ অনির্বচনীয় বা মিথ্যা জগৎপ্রপঞ্চের সৃষ্টির জন্য নিত্য চৈতন্য এবং স্বপ্রকাশরূপ কোনো সত্যবস্তু অবশ্যই অবস্থিত থাকে। যেহেতু অসত্য বা মিথ্যা বস্তু নিজেই নিজেকে কোনোভাবে প্রকাশ করতে পারে না।

শ্রীহর্ষ দৃশ্য বস্তুর বা জাগরিত সকল বস্তুর মিথ্যাত্ব বা অনির্বচনীয়তা বিষয়ের ব্যাখ্যা প্রসঙ্গে সকল বস্তুরই অবিদ্যা বা অজ্ঞানজন্য মিথ্যাত্ব স্বীকার করেছেন। কারণ স্বপ্নাবস্থায় দৃষ্ট বস্তুগুলির অস্তিত্ব যেমন জাগরিত অবস্থায় থাকে না, তেমনই জাগরিত অবস্থায় দৃষ্ট বস্তুগুলিকেও স্বপ্নাবস্থায় আর দেখা যায় না। অতএব উভয় অবস্থাতেই দৃষ্টবস্তু সমূহের অস্তিত্ব মিথ্যা প্রতিপন্ন হয়। এই মিথ্যা বা অবিদ্যার অধিষ্ঠান জ্ঞান বা পরমাত্মাই হল একমাত্র সত্যবস্তু। এইভাবে অবিদ্যার আশ্রয়ত্ব প্রতিপন্ন করতে গিয়ে একদিকে যেমন ন্যায়, বৈশেষিক প্রভৃতি দার্শনিক সম্প্রদায়কে খণ্ডন করেছেন, অন্যদিকে তেমনই মায়াবাদের পুষ্টিবিধানের জন্য রামানুজাদি আচার্যগণ কর্তৃক ব্যাখ্যাত মায়াবাদের খণ্ডনপূর্বক যুক্তিসহকারে তা প্রতিষ্ঠা করার মধ্য দিয়ে অদ্বৈতবাদের ইতিহাসে শ্রীহর্ষ কর্তৃক যেন এক নতুন যুগের সূচনা হয়েছে। এই যুগকে অদ্বৈতবেদান্তের ইতিহাসে খণ্ডন-মণ্ডন-যুগ বলে অভিহিত করা যেতে পারে।

উল্লেখপঞ্জি

১. *শারীরকভাষ্য,* ২/১/৪।

২. *The Theory of Ignorance in Advaitism,* R. Das, 1993, P-76।

৩. *তৈত্তরীয়োপনিষদভাষ্যবার্তিক*, ব্রহ্মবল্লী, ১/৬৪।

৪. *Taittarīya Upaniṣad Bhāṣya Vārtika*, Translated by R. Balasubramanian, ED.-84, P-306.

৫. *নৈষ্কর্ম্যসিদ্ধি*, তৃতীয়াধ্যায়, উপোদ্ঘাত।

৬. *Lights on Vedānta*, edited by V.P.Upadhyaya, 1959, P- 101.

৭. *ব্রহ্মসূত্র*, ২/৩/৪৬।

৮. *ব্রহ্মসূত্র*, ২/৩/৫০।

৯. *ব্রহ্মসূত্র*, বেদান্তকল্পতরুটীকা, নির্ণয়সাগর সংস্করণ, পৃ- ১৮।

১০. *মাণ্ডূক্যকারিকা*, ৪/৪৫।

১১. *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক*, আনন্দগিরিকৃত টীকা, ১/৪/৬৩৬।

১২. *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক*, ২/৪/৪২৫।

১৩. *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক*, আনন্দগিরিকৃত টীকা, ১/৪/৩৮২।

১৪. *সর্ববেদান্তসিদ্ধান্তসারসংগ্রহ*, শ্লোক-১৫৬।

১৫. *ব্রহ্মসূত্র*, শাঙ্করভাষ্য, ২/৩/৫০।

১৬. *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক*, ১/৪/৩৭১।

১৭. *পঞ্চপাদিকা* তথা *পঞ্চপাদিকাবিবরণ* নামক গ্রন্থ, যেটি মাদ্রাস গভমেন্ট সিরিজ থেকে প্রকাশিত, ভূমিকা অংশে শ্রীরাম শাস্ত্রী মহাশয়ের বক্তব্য অনুসারে শারীরকভাষ্যের টীকা পাঁচটি পাদ বা ভাগে বিভক্ত ছিল।

১৮. *ব্রহ্মসূত্র*, শাঙ্করভাষ্য, নির্ময়সাগর সংস্করণ, পৃ- ১৭-১৮।

১৯. *পঞ্চপাদিকা*, সম্পা. টি. চন্দ্রশেখরন্, পৃ- ৪।

২০. *পঞ্চপাদিকাবিবরণ*, ৩২।

২১. *পঞ্চপাদিকা*, সম্পা. টি. চন্দ্রশেখরন্, পৃ- ১৪।

২২. *পঞ্চপাদিকাবিবরণ*, কাশীস্থ রাজকীয় পাঠশালার অধ্যাপক শ্রীরামশাস্ত্রিভাগবতাচার্য কর্তৃক সংশোধিত, পৃ- ৪৩।

২৩. *ভামতী*, প্রারম্ভশ্লোক, ১।

২৪. *ভামতী*, ১/১/৪।

২৫. *ভামতী*, ১/৪/২২।

২৬. *বেদান্তকল্পতরু*, ১/৪/১৬।

২৭. *শ্রীমদ্ভগবদ্গীতা*, ১০/৩২।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

কৃষ্ণদ্বৈপায়ন। *শ্রীমদ্ভগবদ্গীতা*। সম্পা. অতুলচন্দ্র সেন। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৫ (চতুর্থ সংস্করণ)।

গুহ, বিভুরঞ্জন ও নন্দী, সুধীরকুমার। *ভারতীয় দর্শনের রূপরেখা*। কলিকাতা: নলেজ হোম, জুলাই, ১৯৬৪ (প্রথম প্রকাশ)।

ঘোষ, রাজেন্দ্রনাথ। *বেদান্তদর্শনের ইতিহাস* (প্রথম ভাগ)। বরিশাল: শ্রীশঙ্করমঠ, ১৩৩২ (প্রথম সংস্করণ)।

ধীরেশানন্দ, স্বামী। *বেদান্ত-সংজ্ঞা-মালিকা*। কলকাতা: উদ্বোধন কার্যালয়, ২০১৩।

পদ্মপাদ প্রকাশাত্মযতিশ্চ। *পঞ্চপাদিকা পঞ্চপাদিকাবিবরণম্ চ*। সম্পা. টি. চন্দ্রশেখরন্। মাদ্রাস: গভমেন্ট ওরিয়েন্টাল ম্যানুস্ক্রিপ্টস্ লাইব্রেরী, ১৯৫৮।

পদ্মপাদ। *পঞ্চপাদিকা* (ভল্যুম্-২,ভাগ-১)। সম্পা. শ্রীরামশাস্ত্রীভাগবতাচার্য। কাশী: ই. জে. লাজরস্ কো., ১৮৯১।

বাদরায়ণ। *ব্রহ্মসূত্র*। সম্পা. বসন্তকুমার চট্টোপাধ্যায়। দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় (প্রকাশক)। কলিকাতা: আশ্বিন, ১৩৪৬।

মিশ্র, বাচস্পতি। *ভামতী*। সম্পা. অনন্তকৃষ্ণ শাস্ত্রী। বম্বে: নির্ণয়সাগর, ১৯৩৪।

শাস্ত্রী, আশুতোষ ভট্টাচার্য। *বেদান্তদর্শন-অদ্বৈতবাদ* (তৃতীয়খণ্ড)। কলিকাতা: কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২৫শে বৈশাখ, ১৩৬৮ (প্রথম সংস্করণ)।

শ্রীহর্ষ। *খণ্ডনখণ্ডখাদ্যম্*। সম্পা. দ্রাবিড় ও লক্ষ্মণ শাস্ত্রী। বেনারস: চৌখাম্বা সংস্কৃত সিরিজ, ১৯১৪।

সুরেশ্বর। *তৈত্তিরীয়োপনিষদ্ভাষ্যবার্তিক*। সম্পা. আলাদি মহাদেব শাস্ত্রি। সমতা বুকস্, ২০০৭।

সুরেশ্বর। *নৈষ্কর্ম্যসিদ্ধি*। সম্পা. স্বামী জগদানন্দ। কলকাতা: উদ্বোধন কার্যালয়, সেপ্টেম্বর, ১৯৮৫ (দ্বিতীয় সংস্করণ)।

সুরেশ্বর। *বৃহদারণ্যকোপনিষদ্ভাষ্যবার্তিক*। সম্পা. এস্. সুব্রহ্মণ্যশাস্ত্রি। বারাণসি: মহেশ অনুসন্ধান সংস্থানম্, ১৯৯০।

বৃহদ্দেবতা গ্রন্থে ইন্দ্রের বিবিধ নামনির্বচনে যাস্কীয়নির্বচনপদ্ধতি

সুতপা মণ্ডল

সারসংক্ষেপ: আচার্য শৌনক তাঁর *বৃহদ্দেবতা* নামক প্রকরণগ্রন্থে মূলত *ঋগ্বেদসংহিতায়* বর্ণিত ও ঋষিদের দ্বারা স্তুত বৈদিক দেবতা সম্বন্ধে এক পুঙ্খানুপুঙ্খ ও সুবিন্যস্ত বিবরণ প্রদান করেছেন। বৈদিকসাহিত্যমূলক গ্রন্থটিতে স্থান ভেদে বিভাগকৃত ত্রিবিধ দেবতার বিবিধ নামান্তর নির্বচনসহ বর্ণনা করা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে ইন্দ্রদেবতার নামান্তরসমূহের নিরুক্তিগুলিতে আচার্য যাস্ক দ্বারা পর্যালোচিত ব্যুৎপত্তিভাবনার প্রভাব অনেকাংশেই সুস্পষ্ট। তবে তাঁর প্রদর্শিত তিনটি নির্বচনপদ্ধতি কতটা অনুসৃত হয়েছে, নির্বচন বিশ্লেষণপূর্বক তা নির্ণয় করা উক্ত লঘুপ্রবন্ধের বিবেচ্য বিষয়।

সূচক শব্দ: ইন্দ্র, নির্বচনপদ্ধতি, *বৃহদ্দেবতা,* যাস্ক, শৌনক।

শৌনকাচার্যের এক অন্যতম গ্রন্থকৃতির স্বাক্ষর বহন করে *বৃহদ্দেবতা* নামক বৈদিক প্রকরণগ্রন্থ। আটটি অধ্যায়ে বিভক্ত গ্রন্থটির মূল উৎস *ঋগ্বেদসংহিতা*। এই সংহিতার অন্তর্গত সূক্তগুলির দেবতা ও আখ্যান বর্ণনা গ্রন্থটির মূল বিষয়। সূক্তসমূহের ঋষি ও তাঁদের বংশপরিচয়ও প্রাসঙ্গিকভাবে বর্ণিত হয়েছে। প্রথম অধ্যায়ে দেবতাকে জানার মহত্ত্ব, সূক্তের প্রকারভেদ, অগ্নির তিন রূপ, অগ্নি ও ইন্দ্রের সাথে সম্বদ্ধ দেবতাদের পরিচয় ইত্যাদি আলোচিত হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে ইন্দ্র, সূর্য প্রভৃতি দেবতার পর্জন্য, বৃহস্পতি, ব্রহ্মণস্পতি, বিষ্ণু ইত্যাদি নামের তালিকা নির্বচন হিসাবে প্রদর্শিত হয়েছে। এছাড়াও অন্যান্য অধ্যায়গুলিতে *ঋগ্বেদস্থিত* প্রথম মণ্ডলের ত্রয়োদশতম সূক্ত থেকে দশম মণ্ডলের ১৯১তম সূক্তের ঋষি, দেবতা ও তাঁদের বাহক বিষয়ে বর্ণনা উপস্থিত। ইন্দ্রদেবতার নামের বিবরণ প্রদর্শনকালে তাঁর বিবিধ গুণমাহাত্ম্যের পরিচয় জ্ঞাপনের মাধ্যম হিসাবে নির্বচনের আশ্রয় নেওয়া হয়েছে। নির্বচন তথা নিরুক্তি বৈদিক ও লৌকিক সাহিত্যের এক অপরিহার্য অঙ্গ। শব্দের অর্থ সম্পর্কে নিঃশেষ ও নিশ্চিত বচন বা উক্তিকে 'নির্বচন' বা 'নিরুক্তি' বলা হয়। আচার্য যাস্ক *নিরুক্ত* নামক নির্বচনশাস্ত্রে ত্রিবিধ নির্বচনপদ্ধতির অবতারণা করেছেন। সেগুলি হল-

লক্ষণশাস্ত্র অনুসারে নির্বচন

নির্বচনের উপায় নিরূপণকালে প্রথমেই বলা হয়েছে-

> যেষু পদেষু স্বরসংস্কারৌ সমর্থৌ প্রাদেশিকেন গুণেনান্বিতৌ স্যাতাং তথা তানি নির্ব্রূযাৎ।[১]

অর্থাৎ যে সমস্ত পদে স্বর (উদাত্তাদি) ও সংস্কার (প্রকৃতি-প্রত্যয়যোগে সাধন) লক্ষণশাস্ত্র অর্থাৎ ব্যাকরণশাস্ত্রের নিয়মের অনুগামী, যাদের স্বর ও সংস্কার হতে ধাতু বা ক্রিয়ার উপলব্ধি হয়, সেই সমস্ত পদের নির্বচন সেইভাবেই অর্থাৎ ব্যাকরণশাস্ত্রের নিয়মানুসারেই করতে হবে।

লক্ষণশাস্ত্র ব্যতীত বৃত্তিসামান্যের দ্বারা নির্বচন

এই নির্বচনপ্রসঙ্গে বলেছেন-

> অথানন্বিতেঽর্থেঽপ্রাদেশিকে বিকারেঽর্থনিত্যঃ পরীক্ষেত কেনচিদ্ বৃত্তিসামান্যেন।[২]

অর্থাৎ শব্দ যখন অর্থের অনুগামী নয়, যখন ধাতু বা ক্রিয়া অর্থপ্রকাশক নয়, তখন অর্থে নিয়ত থেকে অর্থাৎ অর্থের প্রতি লক্ষ্য রেখে কোনও বৃত্তি বা ভাবের সমানতা দ্বারা পরীক্ষা বা নির্বচন করতে হবে।

লক্ষণশাস্ত্র ব্যতীত অক্ষরবর্ণসামান্যের দ্বারা নির্বচন

'অতিপরোক্ষবৃত্তি' শব্দের নির্বচনের জন্য এই পদ্ধতি প্রযোজ্য। এটি হল-

> অবিদ্যমানে সামান্যেঽপ্যক্ষরবর্ণসামান্যান্নির্ব্রূযান্নত্বেব ন নির্ব্রূযান্ন সংস্কারমাদ্রিযেত।[৩]

অর্থাৎ বৃত্তি বা ভাবের সমানতা না থাকলেও অক্ষর অর্থাৎ স্বর, বর্ণ অর্থাৎ ব্যঞ্জন এদের সমানতা ধরে নির্বচন করবে, কিন্তু নির্বচন যে করবে না- তা নয়, নির্বচন করবেই, ধাতু ও প্রত্যয়গত সাধন সমাদর করবে না।

অন্তরিক্ষস্থানীয় দেবতা ইন্দ্রের গুণ-মাহাত্ম্যবাচক নামান্তরের নির্বচনগুলি শব্দার্থ উল্লেখ করে যাস্কাচার্য দ্বারা নির্দেশিত উপায় অনুসারে পদ্ধতি-নিরূপণ তথা পদ্ধতিগত বিশ্লেষণে প্রবৃত্ত হওয়া যাক-

অদিতি

শৌনকাচার্য ‘অদিতি’ শব্দের উৎপত্তির কারণস্বরূপ বলেছেন-

> ন কুতশ্চন যদ্দীনো বৃত্বা তিষ্ঠতি মধ্যমঃ।
> রাহূগণ ঋষিস্তেন প্রাহৈনং গোতমোঽদিতিম্।।[৪]

যেহেতু তিনি সংসারকে আবৃত করে মধ্যম স্থানে অবস্থান করেন এবং কোনো ভাবেই, কোনো দিকেই একটুও হীন বা ক্ষয় হননা। সেইজন্য রাহুগণ গোতম তাঁকে (ইন্দ্রকে) ‘অদিতি’ বলেছেন।

নির্বচনপদ্ধতি

নির্বচনটির বিশ্লেষণ থেকে জানা যায় শব্দটির উৎপত্তির ক্ষেত্রে ‘ন কুতশ্চন যদ্দীনো’- এই নির্বচনাংশের ভূমিকা অপরিসীম। কোথাও, কোনোভাবেই হীন বা ক্ষীণ না হওয়ায় ‘অদিতি’ এই নাম প্রাপ্ত হয়েছেন অর্থাৎ ‘ন দীন > অদীন > অদিতি’ এই পদ্ধতিক্রমে ধ্বনিতাত্ত্বিক নিয়ম অবলম্বনে ‘অদিতি’ শব্দের উৎপত্তি সিদ্ধ হয়। ব্যাকরণগত সংস্কার অনুসারে শব্দটির ব্যুৎপত্তি যথা- অ-√দা-ধাতু + তি = অদিতি। অতএব অনুমান করা যায় নিরুক্তিটি যাস্কাচার্য দ্বারা প্রদর্শিত দ্বিতীয় অর্থাৎ পরোক্ষনির্বচনপদ্ধতির প্রকৃষ্ট প্রয়োগস্বরূপ।

অসুনীতি

ইন্দ্রের নামসমূহ বর্ণনাকালে আচার্য শৌনক তাঁর ‘অসুনীতি’ নামের ব্যাখ্যাও প্রদর্শন করেছেন। এই নামের ব্যুৎপত্তি যথা-

> যদন্তকালে ভূতানামেক এব নয়ত্যসূন্।
> তেনাসুনীতিরুক্তোঽয়ং স্তবতা শ্রুতবন্ধুনা।।[৫]

যেহেতু প্রাণীদের মৃত্যুকালে তিনিই প্রাণসমূহকে নিয়ে যান অতএব তাঁর এই কর্মের জন্য স্তুতিকালে শ্রুতবন্ধু ঋষি তাঁকে ‘অসুনীতি’ নাম উল্লেখ করেন।

নির্বচনপদ্ধতি

নির্বচনে বিদ্যমান ‘অসূন্ নযতি’ এই বাক্যাংশ থেকে ‘অসুনীতি’ নামের উৎপত্তির সংকেত পাওয়া যায়। প্রাণবাচক ‘অসু’ শব্দটি √অস্-ধাতুর (*অসু ক্ষেপণে,* দিবাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১২০৯) উত্তর ‘উন্’-প্রত্যয় সংযুক্ত করে নিষ্পন্ন হয়। ‘নযতীতি নীতি’, ‘অসুন্ নযতি ইতি অসুনীতি’- এইরূপ বিগ্রহ দ্বারা ‘অসুনীতি’ শব্দের ব্যুৎপত্তি সিদ্ধ করা যায়। অতএব এটি প্রত্যক্ষনির্বচনপদ্ধতির প্রয়োগরূপে অনুমিত হয়।

ইন্দ্র

বৃহদ্দেবতা গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে ইন্দ্রের বিবিধ নামান্তরের উৎপত্তি বর্ণনার সময় ‘ইন্দ্র’ নামের দুটি ব্যুৎপত্তি প্রদর্শিত হয়েছে, সেগুলি যথা-

> চতুর্বিধানাং ভূতানাং প্রাণো ভূত্বা ব্যবস্থিতঃ।
> ঈষ্টে চৈবাস্য সর্বস্য তেনেন্দ্র ইতি স স্মৃতঃ।[৬]
>
> ইরাং দৃণাতি যৎকালে মরুদ্ভিঃ সহিতোঽম্বরে।
> রবেণ মহতা যুক্তঃ তেনেদ্রমৃষযোঽব্রুবন্।।[৭]

চার প্রকার ভূত অর্থাৎ জীবের ব্যবস্থিত প্রাণ হয়ে তিনি এই সবকিছু বা বিশ্বকে শাসন করেন সেইজন্য তাঁকে ইন্দ্র নামে স্মরণ করা হয়।

যেহেতু তিনি মরুতের সাথে সম্বন্ধযুক্ত হয়ে যথাসময়ে ভীষন গর্জনের সাথে আকাশে জলকে প্রকট করেন তাই ঋষিগণ তাঁকে ইন্দ্র বলেন।

নির্বচনপদ্ধতি

‘ইন্দ্র’ শব্দের দুটি নির্বচন থেকে শব্দটির উৎস সম্পর্কে দুটি ভিন্ন উপায়ের সংকেত পাওয়া যায়। প্রথম নির্বচনে ‘ঈষ্টে’ এই ক্রিয়াপদের উপস্থিতি অনুসারে √ঈশ্-ধাতু (*ঈশ ঐশ্বর্যে,* অদাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১০২০) থেকে ‘ইন্দ্র’ শব্দের উৎপত্তি সম্পর্কে অনুমান করা যায়। √ঈশ্-ধাতুর ঈকার হ্রস্ব হয়ে ‘ইন্দ্র’ শব্দের আদ্যংশ ইকার প্রাপ্ত হয় এবং তা থেকেই শব্দটির উৎপত্তি সিদ্ধ হয়। অতএব √ঈশ্-ধাতু থেকে জাত ‘ইন্দ্র’ শব্দের নিরুক্তি যাস্কাচার্য প্রদর্শিত অতিপরোক্ষনির্বচনপদ্ধতির অন্তর্গত। দ্বিতীয় নির্বচনে ‘ইরাং দৃণাতি’ অংশ থেকে সংকেত পাওয়া যায় ইরা শব্দপূর্বক √দৃ-ধাতু (*দৃ বিদারণে,* ক্র্যাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১৪৯৩) থেকে ‘ইন্দ্র’ শব্দের উৎপত্তি হয়েছে (ইরা + √দৃ ধাতু > ইন্দ্র)। ব্যাকরণগত শব্দগঠনপ্রক্রিয়া দ্বারা √ইন্দ্-ধাতুর উত্তর ‘রন্’-প্রত্যয় সংযুক্ত হয়ে ‘ইন্দ্র’ শব্দ উৎপন্ন হয় (√ইন্দ্-ধাতু *ইদি পরমৈশ্বর্যে* + রন্ = ইন্দ্র)। দ্বিতীয় নির্বচনটি ব্যাকরণ অনুসারে প্রতিষ্ঠিত হয়নি। মেঘ-বিদারণ কর্মকে গুরুত্ব আরোপ করে ধ্বনিতাত্ত্বিক নিয়ম অনুসারে ব্যুৎপাদিত হওয়ায় এটি পরোক্ষনির্বচনপদ্ধতির প্রকৃষ্ট উদাহরণ।

ক

শৌনকাচার্য অন্তরিক্ষস্থানীয় দেবতা ইন্দ্রকে ‘ক’ এই একাক্ষর নামেও অভিহিত করেছেন। শব্দটির নিরুক্তি প্রসঙ্গে বলেছেন-

> প্রজাভ্যস্ত্বেষ যচ্ছর্ম কমিচ্ছন্মনসা সুখম্।
> হিরণ্যগর্ভস্তেনৈনম্ ঋষিরর্চন্নুবাচ কম্।।[৮]

অর্থাৎ তিনি যেহেতু প্রজাদের জন্য মনে মনে বা মানসিকভাবে সুখ কামনা করেন সেইজন্য ঋষি হিরণ্যগর্ভ অর্চনাকালে তাঁকে ‘ক’ নামে অভিহিত করেন।

নির্বচনপদ্ধতি

‘ক’ শব্দের অর্থ ‘সুখ’। নিরুক্তিস্থিত ‘কম্’ ও ‘সুখম্’ শব্দ সমানার্থক। উক্ত ‘কম্’ পদ থেকেই ‘ক’ এই নামের উৎপত্তির সংকেত পাওয়া যায়। অতএব ককারের সাম্য বজায় থাকায় এটি যাস্কীয় অতিপরোক্ষনির্বচনপদ্ধতির অন্তর্গত।

তার্ক্ষ্য

ইন্দ্রের ‘তার্ক্ষ্য’ নামের নির্বচনস্বরূপ বলা হয়েছে-

> স্তীর্ণেঽন্তরিক্ষে ক্ষিযতি যদ্বা তূর্ণং ক্ষরত্যসৌ।
> অরিষ্টনেমিস্তার্ক্ষ্যর্ষিস্ তার্ক্ষ্যং তেনৈবমুক্তবান্।।[৯]

বিস্তীর্ণ অন্তরিক্ষে নিবাস করেন অথবা তিনি তীব্র গতিতে ক্ষরিত হন, সেইজন্য অরিষ্টনেমি তার্ক্ষ্য ঋষি ‘তার্ক্ষ্য’ এই নাম ব্যক্ত করেন।

নির্বচনপদ্ধতি

নির্বচন পর্যালোচনা করে দেখা যায়- ‘তার্ক্ষ্য’ শব্দটি দুটি বৈকল্পিক হেতু দ্বারা সিদ্ধ হয়েছে। প্রথম নির্বচন অনুসারে ‘স্তীর্ণ’ শব্দের সাথে √ক্ষি-ধাতু (*ক্ষি নিবাসগত্যোঃ,* রুধাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১৪০৭) যুক্ত হয়ে উৎপন্ন হয়েছে এবং দ্বিতীয় নির্বচনে ‘তূর্ণ’ শব্দ ও √ক্ষর্-ধাতুর (*ক্ষর সঞ্চলনে,* ভ্বাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ৮৫১) সংযোগে ‘তার্ক্ষ্য’ শব্দের উৎপত্তি প্রদর্শিত হয়েছে। উভয় নির্বচনে আগমলোপাদি ধ্বনিতাত্ত্বিক নিয়মের প্রাধান্য লক্ষিত হওয়ায় অনুমান করা যায় এটি যাস্কাচার্যের পরোক্ষনির্বচনপদ্ধতির এক অন্যতম দৃষ্টান্ত। ব্যাকরণ অনুসারে ‘তার্ক্ষ’ শব্দের সাথে যঞ্-প্রত্যয় সংযুক্ত হয়ে ‘তার্ক্ষ্য’ শব্দ ব্যুৎপন্ন হয়।

ধাতা

বৃহদ্দেবতা গ্রন্থ অনুসারে ইন্দ্রেরই আর এক নাম ‘ধাতা’। এই শব্দের নিরুক্তি প্রসঙ্গে তিনি বলেছেন-

> মাসেন সংভৃতং গর্ভং নবমেনাথ মাসিকম্।

> স্বযং ক্রন্দন্দধাতুর্ব্যাং ধাতেত্যৃগ্‌ভিঃ স গীযতে।।[১০]

তারপর স্বয়ং গর্জন করতে করতে নবম মাসে গর্ভকে প্রকাশিত করে এক মাস পর্যন্ত পৃথিবীতে স্থাপন করেন। অতএব ঋগ্বেদের মন্ত্রের দ্বারা তিনি 'ধাতা' এই নামে গীত হন।

নির্বচনপদ্ধতি

নিরুক্তিতে বিদ্যমান 'দধাতি' ক্রিয়াপদের অর্থ 'ধারণ বা স্থাপন করা'। ইন্দ্র দেবতা ধারণ বা স্থাপনকর্তা হিসাবে 'ধাতা' নামে অভিহিত হন। দধাতি ক্রিয়াপদটি √ধা-ধাতু নিষ্পন্ন। অতএব বলা যায় 'ধাতা' শব্দটিও √ধা-ধাতু *(ডু ধাঞ্ ধারণপোষণযোঃ,* জুহোত্যাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১০৯২) থেকেই উৎপন্ন হয়েছে (√ধা-ধাতু + তৃচ্-প্রত্যয় = ধাতৃ>ধাতা)। নির্বচনটি ব্যাকরণগত শব্দগঠন প্রক্রিয়ার অনুরূপ হওয়ায় এটি যাস্কীয় প্রত্যক্ষনির্বচনপদ্ধতির অন্তর্গত।

পর্জন্য

শৌনকাচার্য রচিত গ্রন্থটির দ্বিতীয় অধ্যায়ে 'পর্জন্য' শব্দের নির্বচন করা হয়েছে। 'পর্জন্য' শব্দের নিরুক্তিতে ইন্দ্র দেবতার পর্জন্যত্ব প্রতিষ্ঠিত হয়েছে, সেটি হল-

> যদিমাং প্রার্জযত্যেকো রসেনাম্বরজেন গাম্।
> কালেঽত্রিরৌর্বশশ্চর্ষী তেন পর্জন্যমাহতুঃ।।[১১]
>
> তর্পযত্যেষ যল্লোকাঞ্জন্যো জনহিতশ্চ যত্।
> পরো জেতা জনযিতা যদ্বাগ্নেযস্ততো জগৌ।।[১২]

অর্থাৎ যেহেতু এই পৃথিবীকে যথাসময়ে আকাশে উৎপন্ন আর্দ্রতা প্রদান করে অতএব ঋষি অত্রি তথা উর্বশী-পুত্র ঔর্বশ (বসিষ্ঠ) তাঁকে পর্জন্য বলে থাকেন।

এছাড়াও পরের শ্লোকটিতেও বলা হয়েছে-

যেহেতু তিনি লোকসমূহের প্রসন্নতা প্রদান করেন এবং যেহেতু তিনি জনগনের হিতৈষী অথবা যেহেতু তিনি বিজেতা বা জনয়িতা অতএব আগ্নেয় (কুমার বা বসিষ্ঠ) তাঁকে (পর্জন্য রূপে) স্তুতি করেন।

নির্বচনপদ্ধতি

প্রথম নির্বচনে 'প্রার্জযতি' ক্রিয়াপদ থেকে অনুমান করা যায় 'প্র' এই উপসর্গপূর্বক √অর্জ্-ধাতুর সাথে 'যক্' প্রত্যয় যুক্ত হয়ে 'পর্জন্য' শব্দ সিদ্ধ করার চেষ্টা করা হয়েছে (প্র–√অর্জ্-ধাতু + যক্ = পর্জন্য)।

দ্বিতীয় নির্বচন অনুসারে একাধিক উপায়ে 'পর্জন্য' শব্দটি সিদ্ধ করা যায়। 'তর্পযতি জন্যঃ' এই বাক্যাংশ পর্জন্য শব্দের উৎপত্তির সহায়করূপে পরিচয় পাওয়া যায়। 'তর্পযতি' ক্রিয়াপদটি √তৃপ্-ধাতু নিষ্পন্ন। এটি বর্ণবিপর্যয়ের দ্বারা 'পর্ত্' করে √জন্ ধাতুর উত্তর 'যক্' প্রত্যয় যুক্ত করে 'পর্জন্য' শব্দটি নিষ্পন্ন করা যায় (তৃপ্ > পর্ত্ + √জন্-ধাতু + যক্ = পর্জন্য)। 'পরো জেতা' ও 'পরো জনযিতা' শব্দজোড় থেকেও যথাক্রমে 'পর' পূর্বক- √জি-ধাতু + 'যক্' প্রত্যয় যোগে (পর–√*জি অভিভবে* ধাতু + যক্ = পর্জন্য) এবং 'পর' শব্দ পূর্বক - √জন্-ধাতুর সাথে 'যক্' প্রত্যয় যোগে 'পর্জন্য' শব্দের উৎপত্তি বিষয়ে অনুমান করা যায় (পর – √জন্ ধাতু + যক্ = পর্জন্য)। ইন্দ্রবাচক 'পর্জন্য' শব্দ "পর্জন্যঃ[১৩] অনুসারে √পৃষ্-ধাতুর (*পৃষু সেচনে,* ভ্বাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ৭০৫) সাথে 'অন্য' প্রত্যয় যুক্ত হয়ে, ষকারের স্থানে জকার প্রাপ্ত হয়ে নিপাতনে সিদ্ধ হয়। অতএব সমস্ত নির্বচন ভাষাবৈজ্ঞানিক নিয়মে প্রতিষ্ঠিত হওয়ায় অনুমিত হয়- যাস্কাচার্যের পরোক্ষনির্বচনপদ্ধতি অনুযায়ী এগুলির নির্বচন করা হয়েছে।

বৃহস্পতি

'বৃহস্পতি' ইন্দ্রেরই অপর নাম। ইন্দ্র দেবতাকে 'বৃহস্পতি' কেন বলা হয়, তার উত্তরস্বরূপ বলা হয়েছে-

> বৃহন্তৌ পাতি যল্লোকাবেষ দ্বৌ মধ্যমোত্তমৌ।
> বৃহতা কর্মণা তেন বৃহস্পতিরিতীলিতঃ।।[১৪]

যেহেতু মধ্যম ও উত্তম এই দুই বৃহৎ লোক তিনি রক্ষা করেন, তাই তাঁর এই বৃহৎ কর্মের জন্য তাঁকে (ইন্দ্রকে) 'বৃহস্পতি' এই নামে স্তুতি করা হয়।

নির্বচনপদ্ধতি

বৃহত্ দুই লোক রক্ষা করেন অর্থাৎ তিনি বৃহৎ দুই লোকের পতি বা রক্ষক। তাই তাঁর নাম 'বৃহস্পতি'। নির্বচনে বিদ্যমান 'বৃহন্তৌ পাতি' বিগ্রহ বাক্য থেকে অনুমিত হয়, 'বৃহত্' শব্দপূর্বক রক্ষণার্থক √পা-ধাতু (*পা রক্ষণে,* অদাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১০৫৬) নিষ্পন্ন 'পাতি' ক্রিয়াপদ থেকে বর্ণলোপ ও বর্ণাগম এই দুই ধ্বনিতাত্ত্বিক নিয়ম প্রযুক্ত হয়ে 'বৃহস্পতি' শব্দের উৎপত্তি হয়েছে (বৃহত্ + পাতি > বৃহস্পতি)। এখানে বৃত্তিগত সাম্য লক্ষ্য করা যায়। অতএব 'বৃহস্পতি' শব্দের নির্বচনে যাস্কীয় দ্বিতীয় অর্থাৎ পরোক্ষনির্বচনপদ্ধতির প্রয়োগ বিদ্যমান।

ব্রহ্মণস্পতি

পূর্বোক্ত গ্রন্থে 'ব্রহ্মণস্পতি' শব্দ দ্বারা ইন্দ্র দেবতা দ্যোতিত হয়েছেন। 'ব্রহ্মণস্পতি' শব্দের উৎপত্তি প্রসঙ্গে বলা হয়েছে-

> ব্রহ্ম বাগ্ ব্রহ্ম সত্যং চ ব্রহ্ম সর্বমিদং জগৎ।
> পাতারং ব্রহ্মণস্তেন শৌনহোত্র স্তবঞ্জগৌ।।[১৫]

অর্থাৎ বাক্ ব্রহ্ম, সত্য ব্রহ্ম, দৃশ্যমান সমগ্র জগৎ ব্রহ্ম। অতএব স্তুতি করার সময় শৌনহোত্র (গৃৎসমদ) ঋষি ব্রহ্মরূপী এই সবের রক্ষক হিসাবে 'ব্রহ্মণস্পতি' বলেছেন।

নির্বচনপদ্ধতি

নির্বচনটি বিশ্লেষণ দ্বারা অনুমান করা যায় যে, 'ব্রহ্মণঃ পাতা' এই সামাসিক আধারে আচার্য শৌনক 'ব্রহ্মণস্পতি' শব্দটি সিদ্ধ করেছেন। এখানে 'ব্রহ্ম'-শব্দ বাক্, সত্য ও এই জগতের বাচক। এগুলির রক্ষক হওয়ায় তিনি নির্বচনকৃত নাম প্রাপ্ত হন। সামাসিক আধারে প্রতিষ্ঠিত হলেও ব্যাকরণগত শব্দগঠন অনুসৃত হয়নি। 'ব্রহ্ম' শব্দপূর্বক রক্ষণার্থক √পা ধাতুর (*পা রক্ষণে,* অদাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ১০৫৬) সংকেত পাওয়া যায় (ব্রহ্ম + √পা-ধাতু > ব্রহ্মণস্পতি)। গ্রন্থকার ক্রিয়াগত সাম্য ও ধ্বনিপরিবর্তন দ্বারা নিরুক্তি করেছেন। অতএব এটি পরোক্ষনির্বচনপদ্ধতির অন্তর্গত।

মৃত্যু

ইন্দ্রদেবকে 'মৃত্যু' নামেও অভিহিত করা হয়েছে। তাঁর এই নামকরণের কারণ হিসাবে শৌনকাচার্য বলেছেন-

> যত্তু প্রচ্যাবয়ন্নেতি ঘোষেণ মহতা মৃতম্।
> তেন মৃত্যুমিমং সন্তং স্তৌতি মৃত্যুরিতি স্বয়ম্।।[১৬]

যেহেতু অত্যন্ত গর্জন করতে করতে তিনি মৃতদেহকে প্রকৃষ্টরূপে নিয়ে যান অতএব সংকুসুক নামক যমের সর্বকনিষ্ঠ পুত্র সূর্য থেকে অন্ধকার হটিয়ে এবং উষাকে প্রকট করে স্বয়ং মৃত্যুরূপে তাঁর স্তুতি করেন।

নির্বচনপদ্ধতি

নিরুক্তিতে বর্তমান 'মৃতম্' ও 'প্রচ্যাবয়ন্' শব্দদুটি থেকে 'মৃত্যু' শব্দটি ব্যুৎপত্তি বিষয়ে অনুমান করা যায়। ইন্দ্রদেবতা মৃতদেহকে নিয়ে যাওয়ায় তাঁর নাম 'মৃত্যু'। 'প্রচ্যাবয়ন্' শব্দটি √চ্যু-ধাতু (*চ্যুঙ্ গতৌ,* ভ্বাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ৯৫৫) থেকে জাত। অতএব 'মৃত' শব্দের আদ্যংশ 'মৃ' এবং √চ্যু যুক্ত হয়ে 'মৃচ্যু' শব্দ পাওয়া যায় এবং চকার তকারে পরিণত হয়ে 'মৃত্যু' শব্দ গঠিত হয়। অতএব বলা যায়-ধ্বনিপরিবর্তন জনিত নিয়ম অবলম্বন করায় পরোক্ষনির্বচনপদ্ধতিতে নির্বচন করা হয়েছে।

যম

'যম' শব্দের যমত্ব প্রতিপাদনস্বরূপ *বৃহদ্দেবতা* নামক গ্রন্থে বলা হয়েছে-

> ইহ প্রজাঃ প্রযচ্ছন্স সংগৃহীত্বা প্রযাতি চ।
> ঋষির্বিবস্বতঃ পুত্রং তেনাহৈনং যমো যমম্।।[১৭]

অর্থাৎ তিনি ইহলোকে প্রজা অর্থাৎ সন্তান প্রদান করেন এবং তাদের একত্র করে অন্যলোকে বা প্রকৃষ্টরূপে গমন করেন। তাই যম নামক ঋষি তাঁকে বিবস্বতের পুত্রকে ‘যম’ এই আখ্যা দিয়েছেন।

নির্বচনপদ্ধতি

নির্বচনস্থিত ‘প্রযচ্ছন্’ ক্রিয়াপদের মধ্যে √যম্ ধাতুর অস্তিত্ব বিদ্যমান। অতএব √যম্ ধাতু থেকে ‘যম’ শব্দের উৎপত্তি বিষয়ে সংকেত পাওয়া যায় (*যম উপরমে,* ভ্বাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ৯৮৪) এবং ‘প্রযাতি’ ক্রিয়াপদে বর্তমান √যা-ধাতু (*যা প্রাপণে,* অদাদিগণ, ১০৪৯) থেকে 'যম’ শব্দের উৎপত্তির অনুমান করা যায়। প্রথম নির্বচনটি ব্যাকরণের নিয়ম দ্বারা অর্থাৎ যম্-ধাতুর সাথে অচ্-প্রত্যয় যুক্ত করে সিদ্ধ করা যায়। অতএব এটি প্রত্যক্ষনির্বচন শ্রেণীর অন্তর্গত। দ্বিতীয় নির্বচনে প্রাপ্ত √যা-ধাতুর সাথে ‘যম’ শব্দের আদ্যংশ যকারের সাম্য বর্তমান থাকায় অনুমান করা যায়, অতিপরোক্ষনির্বচনপদ্ধতিতে শব্দটির নির্বচন করা হয়েছে।

রুদ্র

আচার্য শৌনক ইন্দ্রের যে নামসমূহ বর্ণনা করেছেন সেগুলির মধ্যে ‘রুদ্র’ একটি অন্যতম নাম। ইন্দ্রকে ‘রুদ্র’ বলার কারণ হিসাবে বলা হয়েছে-

> অরোদীদন্তরিক্ষে যদ্ বিদ্যুদ্বৃষ্টিং দদন্নৃণাম্।
> চতুর্ভিরবৃষিভিস্তেন রুদ্র ইত্যভিসংস্তত।।[১৮]

যেহেতু তিনি (ইন্দ্র) অন্তরিক্ষে গর্জন করতে করতে মানুষের জন্য বিদ্যুৎসহ বৃষ্টি সৃষ্টি করেন তাই চারজন (কণ্ব, কুৎস, গৃৎসমদ্ ও বসিষ্ঠ) ঋষির দ্বারা তিনি ‘রুদ্র’ এই অভিধায় অত্যধিক স্তুত হন।

নির্বচনপদ্ধতি

নির্বচনে বিদ্যমান ‘অরোদীত্’ এই ক্রিয়াপদের উল্লেখ থেকে অনুমান করা যায় শব্দার্থক √রুদ্-ধাতু থেকে ‘রুদ্র’ এই শব্দের উৎপত্তি দ্যোতিত হয়েছে। ব্যাকরণ অনুসারে √রুদ্-ধাতুর (*রুদির্ অশ্রুবিমোচনে,* অদাদিগণ, ১০৬৭) উত্তর ‘রক্’-প্রত্যয় সংযোগে ‘রুদ্র’ শব্দ ব্যুৎপন্ন হয়। অতএব ইন্দ্রের রুদ্রত্ব প্রতিষ্ঠায় এই নিয়ম অনুসরণ করায় নিরুক্তিটি প্রত্যক্ষনির্বচনপদ্ধতির দৃষ্টান্ত হিসাবে বিবেচিত হয়।

বরুণ

পূর্বোক্ত গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে ইন্দ্রের নামসমূহের উৎপত্তি আলোচনাকালে ইন্দ্র ‘বরুণ’ হিসাবেও বর্ণিত হয়েছেন। ইন্দ্রের বরুণত্ব প্রতিষ্ঠাস্বরূপ বলা হয়েছে-

> ত্রীণীমান্যাবৃণোত্যেকো মূর্তেন তু রসেন যত্।
> তয়ৈনং বরুণং শক্ত্যা স্তুতিষ্বাহুঃ কৃপণ্যবঃ।[১৯]

যেহেতু তিনি একাই স্থূল আর্দ্রতা বা রসের দ্বারা পৃথিব্যাদি তিন লোককে আবৃত করে আছেন অতএব তাঁর এই কর্মের জন্যই ঋষিগণ তাঁকে (ইন্দ্রকে) স্তুতিকালে বরুণ নামে অভিহিত করেন।

নির্বচনপদ্ধতি

নিরুক্তিতে বিদ্যমান ‘আবৃণোতি’ ক্রিয়াপদের অর্থ আবরণ সৃষ্টি করা। যেহেতু লোকত্রয়কে আবৃত করেন তাই বলা যায় আবরণার্থক √বৃ-ধাতু থেকে ‘বরুণ’ শব্দের নিষ্পত্তির চেষ্টা করেছেন গ্রন্থকার। ব্যাকরণপদ্ধতি দ্বারাও শব্দটি √বৃ-ধাতুর সাথে ‘উনন্’-প্রত্যয় যুক্ত হয়ে সিদ্ধ হয়। সুতরাং নির্বচনটি ব্যাকরণগত প্রত্যক্ষনির্বচনপদ্ধতির এক অন্যতম দৃষ্টান্তস্বরূপ।

বাচস্পতি

‘বাচস্পতি’ শব্দের উৎপত্তি প্রসঙ্গে শৌনকাচার্য বলেছেন-

> বাচা বেদা হ্যধীযন্তে বাচা ছন্দাংসি তত্র হ।
> অথো বাক্ সর্বমেবেদং তেন বাচস্পতি স্তুতঃ।।[২০]

অর্থাৎ বাক্-এর দ্বারা বেদসমূহ, ছন্দোসমূহ অধ্যয়ন করা হয়। যেহেতু বাক্ বা বাণীই এই বিশ্ব অতএব বাণীর অধিপতি বা বাচস্পতিরূপে তিনি (ইন্দ্র) স্তুত হন।

নির্বচনপদ্ধতি

'বাচস্পতি' শব্দের ব্যুৎপত্তি অনুযায়ী অনুমান করা যায়, 'বাচঃ পতি বাচস্পতি' এইরূপ বিগ্রহ দ্বারা শব্দটি সিদ্ধ হয়। ব্যাকরণগত শব্দগঠন প্রক্রিয়া অনুসরণ করায় এটি প্রত্যক্ষনির্বচনপদ্ধতির উদাহরণ।

বায়ু

ইন্দ্রের নামসমূহ আলোচনাকালে প্রথমেই 'বায়ু' শব্দের নিরুক্তি প্রদর্শিত হয়েছে। 'বায়ু' শব্দের উৎপত্তির কারণ হিসাবে বলা হয়েছে-

> অণিষ্ঠ এষ যত্তু ত্রীন্ ব্যাপ্যৈকো ব্যোম্নি তিষ্ঠতি।
> তেনৈনমৃষযোঽর্চন্তঃ কর্মণা বায়ুমব্রুবন্।।[২১]

পরন্তু তিনি অত্যন্ত সূক্ষ্মরূপে লোকত্রয়কে ব্যাপ্ত করে বায়ুমণ্ডলরূপে প্রতিষ্ঠিত, অতএব কর্মের দৃষ্টিতে তাঁকে অর্চনাকারী ঋষিরা 'বায়ু' নামে অভিহিত করেন।

নির্বচনপদ্ধতি

ব্যাপ্তকারী বা গমনকারী হিসাবে ইন্দ্রদেবকে বায়ু নামে অভিহিত করা হয়েছে। অতএব √বা-ধাতু থেকেই 'বায়ু' শব্দ নিষ্পন্ন হয়েছে। ব্যাকরণ অনুসারে 'বায়ু' শব্দটি *কৃবাপাজিমিস্বদিসাধ্যশূভ্য উণ্*[২২] এই সূত্র দ্বারা √বা-ধাতুর (*বা গতিগন্ধনযোঃ,* অদাদিগণ পাণিনীয়ধাতুপাঠ ১০৫০) সাথে 'উণ্' প্রত্যয় যুক্ত হয়ে উৎপন্ন হয় (√বা-ধাতু + উণ্ প্রত্যয় = বায়ু)। এখানেও শব্দটি তদনুসারেই প্রতিষ্ঠিত হয়েছে। অতএব প্রত্যক্ষনির্বচনপদ্ধতিতেই ইন্দ্রের বায়ুত্ব সিদ্ধ হয়েছে।

বিশ্বকর্মন্

আচার্য শৌনক বিরচিত *বৃহদ্দেবতা* গ্রন্থে দেখা যায় ইন্দ্র দেবতারই আর এক নাম 'বিশ্বকর্মন্'। তাঁর এই নামকরণের কারণ হিসাবে যা বলা হয়েছে তা হল-

> নিদাঘমাসাতিগমে যদৃতেনাবতি ক্ষিতিম্ ।
> বিশ্বস্য জনযন্কর্ম বিশ্বকর্মৈষ তেন সঃ।।[২৩]

যেহেতু গ্রীষ্মকালীন মাসসমূহ অতিক্রান্ত হলে পৃথিবীকে জল দ্বারা তৃপ্ত করে সকল বস্তুতে ক্রিয়াশীলতা উৎপন্ন করেন অতএব তাঁকে 'বিশ্বকর্মন্' বলা হয়।

নির্বচনপদ্ধতি

নিরুক্তিটির পর্যালোচনার দ্বারা অনুমান করা যায় যে, 'বিশ্ব' ও কর্মন্ শব্দ সংযুক্ত হয়ে 'বিশ্বকর্মা' বা 'বিশ্বকর্মন্' পদটি সিদ্ধ করার চেষ্টা করা হয়েছে। ব্যাকরণ অনুসারেও পূর্বোক্ত দুই শব্দের সংযোগে তা নিষ্পন্ন হয়। অতএব এটি সম্পূর্ণভাবে ব্যাকরণগত প্রত্যক্ষনির্বচনপদ্ধতির প্রয়োগস্বরূপ।

বেন

পূর্বোক্ত গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ে 'বেন' শব্দের উৎপত্তি প্রসঙ্গে উক্ত হয়েছে-

> প্রাণভূতস্তু ভূতেষু যদ্বেনত্যেষু তিষ্ঠতি।
> তেনৈনং বেনমাহর্ষির্বেনো নামেহ ভার্গবঃ।।[২৪]

ভূতসমূহের প্রাণস্বরূপ তিনি যেহেতু ভূতসমূহেই গতিশীল হন তাই বেন ভার্গব নামক ঋষি তাঁকে 'বেন' নামে অভিহিত করেন।

উৎসসন্ধান

'বেন' শব্দের নির্বচনে 'বেনতি' ক্রিয়াপদ বিদ্যমান, যার অর্থ গতিশীল হওয়া। 'বেনতি' ক্রিয়াপদটি √বেন্-ধাতু নিষ্পন্ন। অতএব অনুমান করা যায় √বেন্-ধাতু (*বেণৃ গতিজ্ঞানচিন্তানিশামনবাদিত্রগ্রহণেষু,* ভ্বাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ৮৭৭) থেকেই 'বেন' শব্দটি ব্যুৎপন্ন হয়েছে। ব্যাকরণ

অনুসারে *ধাপৃবস্যজ্যতিভ্যো নঃ* [২৫] এই উণাদিসূত্র দ্বারা √অজ্-ধাতুর ‘*অজ গতিক্ষেপণযোঃ*, ভাদিগণ, পাণিনীয়ধাতুপাঠ ২৩০) সাথে ‘ন’-প্রত্যয় যোগে এবং ‘অজ্’ এর স্থানে ‘বা’ আদেশ করে ‘বেন’ পদটি সিদ্ধ হয়। অতএব গত্যর্থক √বেন্-ধাতু থেকে উৎপন্ন ‘বেন’ শব্দ বৃত্তিসাম্য দ্বারা যাস্কীয় পরোক্ষনির্বচনপদ্ধতির দৃষ্টান্তরূপে পরিগণিত হয়।

সরস্বত্ ও সরস্বতী

ইন্দ্রদেবের ছাব্বিশটি নামের মধ্যে একটি অন্যতম নাম হল ‘সরস্বত্’। গ্রন্থকার এই শব্দের নিরুক্তিস্বরূপ বলেছেন-

> সরাংসি ঘৃতবন্ত্যস্য সন্তি লোকেষু যৎত্রিষু।
> সরস্বন্তমিতি প্রাহ বাচং প্রাহুঃ সরস্বতীম্।।[২৬]

যেহেতু তিন লোকের ঘৃত দ্বারা পূর্ণ সরোবরসমূহ তাঁর নিকটে বিদ্যমান সেইজন্য ঋষিগণ তাঁকে (ইন্দ্রকে) ‘সরস্বত্’ ও বাক্-কে ‘সরস্বতী’ বলে থাকেন।

নির্বচনপদ্ধতি

নির্বচন অনুসারে ‘সরস্বত্’ ও ‘সরস্বতী’ শব্দের উৎপত্তিতে ‘সরস্’ শব্দের বিশেষ ভূমিকা বিদ্যমান। ‘সরস্’ শব্দের সাথে ‘মতুপ্’ প্রত্যয় যুক্ত করে ‘সরস্বত্’ শব্দ ব্যুৎপন্ন করা যায় এবং ‘সরস্’ শব্দের সাথে ‘মতুপ্’ প্রত্যয় যুক্ত করে স্ত্রীলিঙ্গে ‘ঙীষ্’ প্রত্যয় দ্বারা ‘সরস্বতী’ শব্দ নিষ্পন্ন করা যায়। ব্যাকরণগত শব্দগঠন প্রক্রিয়া অনুসরণ করায় এটি প্রত্যক্ষনির্বচনপদ্ধতির উদাহরণ।

উপসংহার

সামগ্রিক বিশ্লেষণ থেকে জানা যায়, ইন্দ্রের বিবিধ নাম প্রকৃতপক্ষে তাঁর বিভিন্ন স্বরূপেরই পরিচয় বহন করে। তিনি একাধারে বরুণত্ব প্রাপ্ত হয়ে আর্দ্রতা দ্বারা পৃথিব্যাদি তিন লোক আবৃত করেন। বায়ুত্ব প্রাপ্ত হয়ে অত্যন্ত সূক্ষ্মরূপে লোকত্রয় ব্যাপ্ত করে প্রতিষ্ঠিত। ‘রুদ্র’ হিসাবে অন্তরিক্ষে গর্জন করতে করতে মানুষের জন্য বিদ্যুৎসহ বৃষ্টি সৃষ্টি করেন। অন্যদিকে ‘বাচস্পতি’, ‘বৃহস্পতি’ ও ‘ব্রহ্মণস্পতি’ হয়ে ‘বাক্’, ‘ব্রহ্ম’ তথা সমগ্র বিশ্বের রক্ষকের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। প্রাণীদের মৃত্যুকালে তিনিই প্রাণসমূহের নয়নকর্তা। স্বয়ং ইন্দ্ররূপে ভূতসমূহের ব্যবস্থিত প্রাণ, অক্ষয় ও অবিনাশী। এগুলির দ্বারা প্রকৃতপক্ষে অন্তরিক্ষস্থানীয় দেবতা হিসাবে তাঁর-ই নানা কর্মমূলক সত্তা ও অভিব্যক্তির পরিচয় ব্যক্ত হয়, যা আমাদের ঋগ্বেদের এই বহুপ্রসিদ্ধ শাশ্বত বাণী স্মরণ করায়- *একং সদ্বিপ্রা বহুধা বদন্তি...*[২৭]। ইন্দ্রের ইন্দ্রত্ব, বরুণত্ব প্রভৃতি প্রতিষ্ঠাকালে আচার্য শৌনক পূর্ববর্তী আচার্য যাস্কের দ্বারা অনেকাংশেই প্রভাবিত হয়েছেন। নির্বচনস্থিত ধাতু বা শব্দ চয়নে সর্বাগ্রে নিরুক্তকারকে অনুকরণ করেছেন। এছাড়াও নির্বচনগুলির পদ্ধতিগত বৈশিষ্ট্য অনুসন্ধানকালে দেখা যায়, নিরুক্তকার যাস্কাচার্য প্রদর্শিত নির্বচনপদ্ধতিত্রয়ের যথার্থ প্রয়োগ বিদ্যমান। উল্লেখ্য, প্রত্যক্ষনির্বচনপদ্ধতি অপেক্ষা পরোক্ষ ও অতিপরোক্ষনির্বচনপদ্ধতি অধিক প্রযুক্ত হয়েছে।

অতএব এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, বৈদিকসংহিতার যুগে যে নির্বচন ও নির্বচনপদ্ধতির বীজ বপিত হয়েছে, তা দীর্ঘ সময় অতিবাহিত করে নিরুক্তকারগণের জ্ঞানস্পর্শে সম্পূর্ণতা প্রাপ্ত হয়েছে এবং পরবর্তীকালে বেদমূলক গ্রন্থরাজিতেও স্বমহিমায় ভাস্বর হয়ে আছে।

উল্লেখপঞ্জি

১. অমরেশ্বর ঠাকুর (সম্পা.), *নিরুক্তম্* ২/১/১/২, পৃ. ১৮২।

২. *তদেব* ২/১/১/৩, পৃ. ১৮৩।

৩. *তদেব* ২/১/১/৪, পৃ. ১৮৪।

৪. রামকুমার রায় (সম্পা.), *বৃহদ্দেবতা* ২/৪৬, পৃ. ৪৩।

৫. *তদেব* ২/৫৪, পৃ. ৪৫।

৬. *তদেব* ২/৩৫, পৃ. ৪০।

৭. *তদেব* ২/৩৬।

৮. *তদেব* ২/৪৭, পৃ. ৪৩।

৯. *তদেব* ২/৫৮, পৃ. ৪৬।

১০. *তদেব* ২/৫৭।

১১. *তদেব* ২/৩৭, পৃ. ৪০।

১২. *তদেব* ২/৩৮, পৃ. ৪১।

১৩. *উণাদিকোষঃ* ৩/১০৩।

১৪. রামকুমার রায় (সম্পা.), *বৃহদ্দেবতা* ২/৩৯, পৃ. ৪১।

১৫. *তদেব* ২/৪০।

১৬. *তদেব* ২/৬০, পৃ. ৪৭।

১৭. *তদেব* ২/৪৮, পৃ. ৪৩।

১৮. *তদেব* ২/৩৪, পৃ. ৩৯।

১৯. *তদেব* ২/৩৩।

২০. *তদেব* ২/৪৫, পৃ. ৪২।

২১. *তদেব* ২/৩২, পৃ. ৩৯।

২২. *উণাদিকোষঃ* ১/১।

২৩. রামকুমার রায় (সম্পা.), *বৃহদ্দেবতা* ২/৫০, পৃ. ৪৪।

২৪. *তদেব* ২/৫২।

২৫. *উণাদিকোষঃ* ৩/৬।

২৬. রামকুমার রায় (সম্পা.), *বৃহদ্দেবতা* ২/৫১, পৃ. ৪৪।

২৭. *ঋগ্বেদসংহিতা* ১/১৬৪/৪৬।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

আর্য (শাস্ত্রী), ছবিকৃষ্ণ। *ঋগ্বেদীয় নির্বচন*। দিল্লী: উপাসনা পাব্লিকেশন্স, ২০২০ (১ম সংস্করণ)।

ধর্মপাল, গৌরী। *বেদের ভাষা ও ছন্দ*। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৫ (পুনর্মুদ্রণ) (১ম সংস্করণ ১৯৯৯)।

পাণিনি। *অষ্টাধ্যায়ী*। সম্পা. সি. শংকররাম শাস্ত্রী। *অষ্টাধ্যায়ীসূত্রপাঠঃ*। দিল্লী: শারদা পাব্লিশিং হাউস, ১৯৯৪ (পুনর্মুদ্রণ) (১ম সংস্করণ ১৯৩৭)।

পাণিনি। *উণাদিকোষঃ*। সম্পা. সত্যব্রত শাস্ত্রী। রাজস্থান: কাকা প্রিন্টার্স, ১৯৬৬।

বন্দ্যোপাধ্যায়, শান্তি। *বৈদিক সাহিত্যের রূপরেখা*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৩ (পুনর্মুদ্রণ) (১ম সংস্করণ ১৯৯৩)।

ভট্টাচার্য, বিষ্ণুপদ। *বৈদিক-দেবতা*। কলকাতা: বিশ্বভারতী গ্রন্থালয়, ১৩৫৭ (বঙ্গাব্দ)। (বিশ্ববিদ্যাসংগ্রহ-৮২)।

ভট্টোজিদীক্ষিত। *বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী*। ৪র্থ খণ্ড। সম্পা. গিরিধর শর্মা এবং পরমেশ্বরানন্দ শর্মা। দিল্লী: মোতিলাল বনারসী দাস, ২০১১ (পুনর্মুদ্রণ) (১ম সংস্করণ ১৯৭৯)।

যাস্ক। *নিরুক্তম্,* দুর্গ কৃত ঋজ্বর্থাখ্যবৃত্তি সহ। সম্পা. জ্ঞানপ্রকাশ শাস্ত্রী। দিল্লী: পরিমল পাব্লিকেশন্স, ২০১৬ (১ম সংস্করণ)। (পরিমল পাবলিকেশন্স সিরিজ নং- ১৫৩)।

যাস্ক। *নিরুক্তম্, বাংলা অনুবাদ সহ*। ১ম খণ্ড। সম্পা. অমরেশ্বর ঠাকুর। কলকাতা: কলকাতা বিশ্ববিদ্যালয়, ২০১৭ (পুনর্মুদ্রণ) (১ম সংস্করণ ১৯৫৫)। (আশুতোষ-সংস্কৃত-গ্রন্থমালা-৫)।

লাবণ্যবিজয়। *ধাতুপাঠকোশঃ*। কলকাতা: দ্য বনারস মার্কেন্টাইল কো, ২০২০।

শাস্ত্রী, শিবনারায়ণ। *নিরুক্ত-মীমাংসা*। দিল্লী: পরিমল পাব্লিকেশন্স, ২০২১।

শৌনক। *বৃহদ্দেবতা*। সম্পা. রামকুমার রায়। *শৌনকীয় বৃহদ্দেবতা,* হিন্দি-অনুবাদসহিতা। বারাণসী: চৌখম্বা সংস্কৃত সংস্থান, ২০১৯ (পুনর্মুদ্রণ)। (কাশী সংস্কৃত গ্রন্থমালা-১৬৪)।

Śaunaka. The *Bṛhaddevatā*. *Part I and II.* Ed. Arthur Anthony Macdonell. Massachusetts: Harvard University, 1904.

SECTION C

*श्रीमद्भगवद्गीता*नुसारमाहाराभ्यासनियन्त्रणम्: एका पर्यालोचना वर्तमाने च तस्य प्रासङ्गिकता

नीलाद्रि-घडा

संक्षिप्तसारः शरीरधारणार्थमस्माकमाहार आवश्यकः। आहारेणैव शरीरं सचलं भवति। शरीरे सचले सति कर्मसम्पादनमपि भवति। ये तावद्यथायथमाहारं न कुर्वन्ति ते पुष्टाद्यभावे कृशाः भवन्ति। वुभुक्षितं न प्रतिभाति किञ्चिदिति काव्योक्तवचनेनावगम्यते क्षुधार्ते शरीरे शास्त्रचर्चायां किमपि स्थानं नास्ति। शास्त्रचर्चायाः प्रागेव नीरोगशरीरमावश्यकम्। नानाविधैः आहारैः अस्माकमुदरपूर्तिः सम्भवति। परन्तु तत्किं सुखकारकमुत विनाशकारकम्, एतत्तु चिन्तनीयम्। वर्तमानेऽस्माकमुदरे अम्लत्वमधिकमात्रया सञ्जातम्। एतस्य कारणं खलु अनुचितखाद्यग्रहणम्। मनुष्यस्य आयुः क्रमशोऽल्पं भवति। यदि अस्माभिः शास्त्रानुसारमाहारः गृह्यते तर्हि आयुरप्यधिकं भवेत्। *श्रीमद्भगवद्गीतायां* कीदृशः आहारः सेवितव्यः तद्विषये पूर्णतया निर्दिष्टः। अतः तन्मार्गमवलम्ब्य यथायथाहारभ्यासेनैव शतं समाः जीवितुं प्रयासः कर्तव्यः। वर्तमानसमये आहाराभ्यासनियन्त्रणस्य प्रासङ्गिकता मया आलोचिता गवेषणाप्रबन्धमध्ये।

कुञ्चिकाशब्दः आहारः, अभ्यासः, पीडा, सुखम्, दुःखम्।

१.० उपोद्घातः – संसारेऽस्मिन् सर्वेषामपि जीवनधारिणां कृते आहारमावश्यकं वर्तते। विना आहारं तेषां जीवनं कष्टप्रदं भवति। एकस्मै दिवसाय भोजनमलभमाना जीवाः कष्टं प्राप्नुवन्ति। केवलं नगण्याः संयतप्राणमयान्नमयकोषाः योगिनः एव स्वव्रतसंयमनियमादिभिरुपायैः भोजनं विनापि प्राणधारणं कर्तुं समर्थाः भवन्ति। परञ्च सामान्यजीवनधारिणस्तु भोजनं विना जीवितुं न शक्नुवन्ति। करोणाकालादनन्तरं स्वाभाविकं जीवनधारणमतीव कष्टकरं सञ्जातम्। दूषणयुक्तेऽस्मिन् परिवेशे वायुः, मृत्तिका, आपश्च सर्वे पदार्था दूषिताः। एतन्निमित्तं अस्माकं शरीरे बहुविधानां रोगाणां प्रादुर्भावो वर्तते। शरीरस्य गतिसम्पादनार्थं यथायथमाहारमावश्यकमस्ति। आहारेणैव रक्तादिधातुवृद्ध्या शरीरं सवलं भवेत्। शरीरसचलार्थं यथा आहाराः ग्रहीतव्याः तथा शरीरपीडादायका आहारा अपि वर्जनीयाः। अन्यथा मृत्युः अवश्यम्भावी। शुद्धाहारस्य अभ्यासेनैव जीवनं नियन्त्रयितुं शक्यते। अभ्यासेनैव चित्तशुद्धिर्जायते इति योगमतम्। योगसाधानायाः परमोपदेशः कृष्णद्वैपायनेन व्यासदेवेन विरचितायां *श्रीमद्भगवद्गीतायां* वर्तते। *श्रीमद्भगवद्गीता* न केवलं धर्मग्रन्थमपि तु सा अस्माकं समीपे प्राणस्वरूपा। जीवनं परिचालनार्थं मातृस्वरूपा सा। तत्र बहुविधा उपदेशाः प्रकीर्तिताः। तन्मध्ये आहारोऽपि उपदिष्टः। योगी आहाराभ्यासेन कथं स्वात्मानं परिचालयेत् तदुपदिष्टः भगवता। आङिति उपसर्गपूर्वकं हृ-धातोरुत्तरं घञ्-प्रत्यययोगेन आहारशब्दः निष्पन्नः। भोज्यद्रव्यस्य पुष्टिगुणं सम्यगाह्रियते अत आहारः। आहारव्याख्यायां भाष्यकारेण मधुसूदनसरस्वत्या उक्तम् – 'आह्रियत इत्याहारोऽन्नम्।'[१] इन्द्रियेण गृह्यते यः स आहार इति शाङ्करमतम्। *श्रीमद्भगवद्गीता*नुसारेण आहारः कथं वर्णितः, वर्तमाने च तस्य प्रासङ्गिकता अस्ति न वेति विषयमवलम्ब्य मया गवेषणाप्रबन्धः प्रस्तुतः। कारणं वर्तमानसमये अनुचिताहारः रोगस्य मूलकारणम्। *चरकसंहितायामु*क्तम् – 'आहारसम्भवं वस्तु रोगश्चाहारसम्भवाः।'[२]

१.१ आहारेण योगसम्भवः – स्वधर्मपालने पराङ्मुखाः जनाः कर्मत्यागिनः मिथ्याचारिनश्च भवन्ति। शास्त्रविहितकर्मसम्पादनेन मानवानां यथा अन्तःकरणं शुद्धो भवति तथैव ज्ञातानामज्ञातानाञ्च पापानां प्रायश्चित्तोऽपि भवति। परन्तु कर्मत्यागमाध्यमेन अन्तःकरणस्य शुचिता विनष्टा जाता। निद्रालस्यप्रमादानां वशीभूतः सन् कर्मत्यागी अधोगतिः प्राप्तो भवति। उक्तञ्च *गीतायाम्* –

> उर्द्धं गच्छन्ति सत्त्वस्था मध्ये तिष्ठति राजसाः।

जघन्यगुणवृत्तिस्था अधो गच्छन्ति तामसाः॥[३]

अतो भगवत उपदेशः कर्मत्यागापेक्षया कर्मसम्पादनमेव श्रेयस्करम्। निष्कामकर्मेण कर्तव्यकर्मपालनमेव परमो धर्मः। कर्मत्यागेन जनः स्वतन्त्रतया जीवितुं न शक्यते। देहस्य सचलार्थं मानवानामाहारस्य आवश्यकता अस्ति। आहारार्थं कर्म कर्तव्यम्। अतः विहितं कर्म सर्वेषां श्रद्धासहकारेण सम्पादनीयम्। महाकविना कालिदासेनाप्युक्तमाद्यं शरीरं ततः धर्मसाधनम् –

अपि क्रियार्थं सुलभं समित्कुशं जलान्यपि स्नानविधिक्षमाणि ते।
अपि स्वशक्त्या तपसि प्रवर्तसे शरीरमाद्यं खलु धर्मसाधनम्॥[४]

यदि मानवस्य शरीरं स्वस्थं नास्ति तदा महतीं समीहां प्राप्तोऽपि सः किमपि सुकार्यं न कर्तुं शक्नोति। अत एव *महाभारते* जीवलोकस्य षट्सुखवर्णने व्यासेन आरोग्यं प्राधान्येन निर्दिश्यते –

अर्थागमो नित्यमरोगिता च, प्रिया च भार्या प्रियवादिनी च।
वश्यश्च पुत्रोऽर्थकरी च विद्या षड्जीवलोकस्य सुखानि राजन्॥[५]

नीरोगशरीरे एवोन्नतचित्तस्याधिष्ठानं सम्भवम्। रोगयुक्तं शरीरं साधनकार्यस्यानुपयुक्तम्। परिमितेन सुषमेन च आहारेण परिमितया च निद्रया शरीरस्य सुस्थता साधिता भवति। ध्यानयोगे आहारनिद्रयोः प्रयोजनं *गीतायां* कथितम्। शरीरमुपेक्ष्य साधनायां सिद्धिं न लभते - इति भगवता बुद्धेन प्रत्यक्षप्रमाणेन दर्शितम्।

योगः दुःखविनाशकः। मानवाः आध्यात्मिक-आधिभौतिक-आधिदैविकैः त्रिविधैः दुःखैः क्लिष्टा भवन्ति। नियतमानसः योगी परमात्मना सह जीवात्मनः संयोगं संस्थाप्य परां शान्तिमधिगच्छति। सा च शान्तिः निर्वाणपरमारूपेण श्रीभगवता वर्णिता। योगी साधनायां सिद्धिलाभार्थम् आहार-विहार-चेष्टा-निद्रा-जागरणविषयेषु शास्त्रानुसारं तत्परो भवेत्। मनसः शरीरस्य च सात्त्विकतत्त्वं प्रतिपादयितुं योगी सात्त्विकाहारी भवेत्। शरीरमनसोः सुस्थताविधानार्थमाहारस्य भूमिका महत्त्वपूर्णा।

एवञ्च साधनोपयोगिकर्मसम्पादनाय योगी सचेष्टो भवेत्। वर्णाश्रमविधिमनुसृत्य योगी प्रात्याहिकं कर्म कुर्यात्। अधिका निद्रा अधिकञ्च जागरणं ध्यानयोगस्य विपरीतम्। परिश्रान्तशरीरस्य मनसश्च विश्रामार्थं निद्रा प्रयोजनीया। किन्तु निद्राधिक्ये आलस्यं वर्धते, रोगश्चोत्पद्यते। आहार-विहार-कर्मप्रचेष्टा-निद्रा-जागरणानां सामञ्जस्यविधानेनैव सम्पादितः योगः दुःखनिवारको भवति। परमात्मासायुज्यं प्राप्य योगी सच्चिदानन्दमये परब्रह्मणि लोनो भवति। फलतः सिद्धयोगिनः सर्वेषां दुःखानां दुःखकारणानां च परिसमाप्तिः जायते, चिदानन्दस्वरूपे महानन्दसागरे योगी सदा भासमानो भवति।

१.२ कियन्तमाहारं ग्राहयेत्? – सिद्धयोगिनां वचनं स्वतन्त्रम्। ते कायकल्पनामके यौगिकविधौ प्रत्यक्षाहारनिद्रे परित्यज्य चिरं यावत् साधयितुं शक्नुवन्ति, परन्तु साधारणान् जनान् निकषा तदसम्भवमेव। तेषामाहारनिद्रे द्वे आवश्यके। योगसाधनायामाहारविधिपालनस्य आवश्यकता अस्ति। परिमिताहारेणैव नीरोगशरीरं सम्भवति। *यजुर्वेदभाष्ये* श्रीदयानन्देन कथितम्– 'ये प्रतिदिनमग्निहोत्रादिकं यज्ञं युक्ताहारविहारं च कुर्वन्ति तेऽरोगा भूत्वा दीर्घायुषो भवन्ति।'[६] अधिकाहारग्रहणेन यथा निद्रालस्यादीनां वृद्धिः सञ्जाता, आहारपरिपाकजातसमस्याऽपि जायते, तथा क्रमेण उपवासादिकेन इन्द्रियमनःप्राणानां शक्तिः क्षुण्णा जाता। योगशास्त्रे आहारग्रहणस्य निर्दिष्टं परिमाणमुक्तम् –

> द्वौ भागौ पूरयेदन्नैस्तोयेनैकं प्रपूरयेत्।
> वायोः सञ्चारणार्थाय चतुर्थमवशेषयेत् ॥[७]

अर्थात् आहारकाले उदरस्य द्वौ भागो आहारेन पूरयेत्, एकमुदकेन पूरयेत्, चतुर्थभागः वायोः सञ्चालनार्थं शुन्यं भवेत्। आहारादनन्तरं निद्रायाः अपि प्रयोजनमस्ति। निद्रा शरीरस्य खेदजनितक्लान्तेः अपनोदनं करोति। एतेन शरीरं कर्मक्षमं भवति। अतोऽधिकं तु सर्वथा वर्जयेत्। *मार्कण्डेयपुराणे* कतिपयः योगबाधक उल्लिखितः –

> नाध्मानः क्षुधितः श्रान्तो न च व्याकुलचेतनः।
> युञ्जीत योगं राजेन्द्र योगो सिद्ध्यर्थमात्मनः॥
>
> नातीशीते चैबोष्णे न द्वन्द्वे नालिनान्विते ।
> कालेष्वेतेषु युञ्जीत न योगं ध्यानतत्परः॥[८]

१.३ आहारविभागः – *श्रीमद्भगवद्गीता*नुसारं गुणत्रयविभागवदाहारोऽपि त्रिविधः। ‘आहारस्त्वपि सर्वस्य त्रिविधो भवति प्रियः।’[९] सात्त्विक-राजस-तामसानाम् आहाराः त्रिविधाःभवन्ति। यथा – सात्त्विकाहारः, राजसिकाहारः, तामसिकाहारश्च।

१.३.० सात्त्विकाहाराः – तत्र सत्त्वगुणस्य किं स्वरूपम्? उच्यते च भगवता श्रीकृष्णेन –

> तत्र सत्त्वं निर्मलत्वात् प्रकाशकमनामयम्।
> सुखसङ्गेन बध्नाति ज्ञानसङ्गेन चानघ॥[१०]

गुणाः प्रकृतिसम्भवाः। प्रकृतिसम्भवैः गुणैः जीवानां जन्मप्रक्रिया नियन्त्र्यते। तत्र सत्त्वं निर्मलं प्रकाशकमनामयञ्च। सर्वथा दोषरहितं विकारशून्यं सत्त्वम्। निर्मलत्वादयं गुणः प्रकाशकः विकाररहितश्च। एवंविधाः गुणयुक्ताः व्यक्तयः सात्त्विकाः। तेषां प्रियाः आहाराः सात्त्विकाहाराः, एवं राजसिकानां तामसिकानाञ्च बोद्ध्यव्यम्। *गीतायाः* सप्तदशाध्याये श्रद्धात्रयविभागयोगे सात्त्विकाहारः निरूप्यते भगवता श्रीकृष्णेन –

> आयुःसत्त्वबलारोग्यसुखप्रीतिविवर्धनः।
> रस्याः स्निग्धा स्थिरा हृद्या आहाराः सात्त्विकप्रियाः॥[११]

अर्थात् जीवत्काल-बुद्धि-शक्ति-रोगनिरामयता-सुखप्रीतिकराः रसयुक्ताः स्नेहपदार्थयुक्ताः सारपदार्थयुक्ताः चित्ततृप्तिकराः आहार्यवस्तुनि सात्त्विकपुरुषाणां प्रियकराः भवन्ति। प्राणिशरीराणां पुष्टि-वृद्धि-रोगारोग्य-दीर्घायुभ्यः आहारस्य प्रयोजनम्। प्रसङ्गेऽस्मिन्नुच्यते अत्र अर्जुनो भगवन्तमाहारविषये न कोऽपि प्रश्नः पृच्छति। परन्तु स्वतःप्रणोदिततया भगवान्नाहारविषयमुपत्थापयति। कारणं प्राणिशरीरेष्वाहार्यवस्तुनः प्रभाव आवश्यकः। मानवः यादृशमाहारं ग्राहयति, तस्य अन्तःकरणमपि तादृशं भवति। सात्त्विकाहारेणैव चित्तशुद्धिर्जायते। श्रीभगवान् अर्जुनेन विश्वचराचरस्य कल्याणार्थं धर्मसंस्थापनार्थञ्च कार्यं कारयति। एतदर्थं तस्य सेनापतिमनुकुलं कर्तव्यम्। मानवानां शरीरं मनश्च परस्परसापेक्षम्। अतः शरीरेण सह अन्तःकरणमपि महत्कर्मणे उपयुक्ताहारः ग्रहीतव्यः। *छान्दोग्योपनिषदि* उच्यते – ‘आहारशुद्धौ सत्तशुद्धिः।’[१२] अत एव अन्तःकरणस्य शुद्धिः आहारापेक्षा वर्तते।

रस्याः स्निग्धाः स्थिराः हृद्याश्च सात्त्विकाहाराः। रस्याः आस्वाद्याः। मधुर-अम्ल-लवण-कटु-कषाय-तिक्ता इति आयुर्वेदोकाः षड्रसयुक्ताः आहाराः रस्याः। तैल-घृतादिस्नेहयुक्ताः आहाराः स्निग्ध्याः। रसाद्यंशेन शरीरे चिरकालस्थायिनः आहाराः स्थिराः। हृदयंगमाः दुर्गन्धाशुचित्वादिदृष्टादृष्टदोषशून्या आहाराः हृद्याः। ‘आहाराः’ इति

बहुवचनप्रयोगः कृतः। कारणं मानवः चतुर्भिः प्रकारैः आहारं ग्राहयति। आहारः चर्वचोष्यलेह्यपेयः। *गीतायाः* पश्चदशाध्याये चतुर्विधमन्नमुक्तम् –

अहं वैश्वानरो भूत्वा प्राणिनां देहमाश्रितः।
प्राणापानसमायुक्तः पचामन्नं चतुर्विधम् ॥[१३]

वृहदारण्यकोपनिषदि उच्यते - 'अयम् अग्निवैश्वानरो योऽयमन्तः पुरुषे येनेदमन्नं पच्यते।'[१४] मानवशरीरे विद्यमानायाः क्षुधायाः द्वे रूपं वर्तते। मृत्युः अमृतञ्च। क्षुधा पार्थिवधातुक्षयकृतोऽवसादः। क्षुधां विना प्राणिनां शरीरभूतां सुखं नास्ति। *श्रीश्रीचण्ड्यामु*क्तम् - 'या देवी सर्वभूतेषु क्षुधारूपेण संस्थिता।'[१५] तत्र भोक्ता वैश्वानरोऽग्निः, भोज्यमन्नं सोमः। अग्निषोमौ सर्वं चराचरस्य । James Jeans महोदयस्य मते –

> All the energy which makes life possible on earth, the light and heat which keep the earth worm and grow our food, and the stored up sun light in the coal and wood we burn, if traced far enough back, are found to originate out of the annihilation of electrons and of the protons in the sun. The atoms in the sun and stars are, in effect, bottles of energy, each capable of being broken and having its energy spilled throughout the Universe in the form of light and heat.[१६]

अनेन सात्त्विकाहारेण आयुः बुद्धिः वलम् आरोग्यं सुखं दुःखं तृप्रिश्च वर्धते। आयुः एव जीवनम् । बुद्धेः शुचिता तीक्ष्णता सूक्ष्मदर्शिता च प्रतिपादनं बुद्धेर्वृद्धिः। कार्यसाधनहेतुः वलम्। शारीरिक-मानसिक-भेदेन वलं द्विविधम्। नीरोगशरीरमेव आरोग्यम्। यथायथमाहारेण रोगस्य प्रतिरोधवलं सञ्जातम्। आहारोऽयं कर्मयोगिनः ग्रहणीयः।

१.३.१ राजसिकाहाराः – रजोगुणः तीक्ष्णः स्वभावविशिष्टः। रजोगुणयुक्तव्यक्तिः राजसिकः। राजसिकानामाहाराः राजसिकाहाराः। रजोगुणस्वरूपं निर्देशयति भगवान् श्रीकृष्णः -

रजो रागात्मकं विद्धि तृष्णासङ्गममुद्भवम्।
तन्निबध्नाति कौन्तेय कर्मसङ्गेन देहिनम्॥[१७]

रागात्मकेन रजोगुणेन मनुष्यः कर्मणा कर्मफलेन च बद्धो भवति। स्वभावतीक्ष्णतया रजोगुणयुक्ताहाराः राजसिकाहाराः। एतद्विषये भगवता उक्तम् –

कट्वम्लवणात्युष्णतीक्ष्णरुक्षविदाहिनः।
आहारा राजसस्येष्टा दुःखशोकामयप्रदाः॥[१८]

कटु-आहाराः खलु तिक्ताद्याहाराः। तत्र अतिशब्दः कट्वादिषु सप्तस्वपि योजनीयः। अस्माकं शरीरे कटु-अम्ल-लवण-अत्युष्ण-तीक्ष्ण-रुक्ष-विदाहीनां सप्तानामावश्यकमस्ति। परन्तु अतिमात्रया न प्रयोजनं वर्तते। तीक्ष्ण इत्युक्ते मरीचिकादियुक्ताः। रुक्षभोजनं मूलतः ज्वलितं मांसादिकं निर्दिशति। तदतिरिक्तं शरीरे शोथं जनयन्तः सर्वे आहारपदार्थाः यथा मद्य-गञ्जिकादिकं राजसिकभोजनम्। तथा च कतिपयानामाहारानां सेवनेन शरीरे रोगः जायते। यथा – अतिस्निग्धेन मसालायुक्तेन च आहाराः राजसिकाहाराः। मनुष्यशरीरे सहनक्षमतायाः सीमास्ति। तद् व्यतिरिच्य वस्तु उदरस्थे सति शरीरविद्रोहः जायते, शरीरे च दुःखं पीडा रोगश्च समुत्पद्यते। रोगेभ्य एव दुःखं शोकश्च

सञ्जायते। एवंविधा आहाराः राजसस्य इष्टाः। राजसिकाहाराः सर्वथा वर्जनीयाः। कारणमिमे आहाराः योगसाधनायां पीडादायकाः भवन्ति।

१.३.२ तामसिकाहाराः –तमोगुणयुक्तः तामसिकः। अज्ञानात् तमोगुणः जातः। तमोगुणस्वरूपं दर्शितम्-

> तमस्वज्ञानजं विद्धि मोहनं सर्वदेहिनाम्।
> प्रमादालस्यनिद्राभिस्तन्निबध्नाति भारत।।[१९]

अर्थात् सर्वेषां देहवतां मोहकरं तमः प्रमादालस्यनिद्राभिः क्षेत्रज्ञं निबध्नाति। यः आहारः मन्दपक्वः, दुर्गन्धयुक्तः, पर्युषितः, उच्छिष्टः, अमेध्यश्च स तामसिकानामतीव प्रियः। उक्तञ्च –

> यातयामं गतरसं पूति पर्युषितं च यत्।
> उच्छिष्टमपि चामेध्यं भोजनं तामसप्रियम्।।[२०]

यातयामं भोजनं परिपाकेऽसहनीयम्। यथायथं पक्वं भोजनमेव परिपाकसहायम्। अपि च यस्य भोजनस्य रसवियुक्तं जातम्, तद्भोजनं न सुखकरम्। कारणमेतादृशं भोजनं गृहीते सति मलस्य काठिन्यं वर्तते। यतः प्रातः शौचकर्मणि समस्या जायते। दुर्गन्धयुक्तं भोजनमपि न ग्रहीतव्यम्। एतेन शरीरस्य महत्पीडा वर्तते। साधारणतया दृश्यते कुक्कुरः दुर्गन्धं भोजनं लिह्यति। स्वभावोऽयं न मनुष्यस्य। परन्तु मनुष्यः लोभात् प्रवृत्तो भोजनमिदं विगाह्य स्वात्मानं मृत्युमुखं प्रेरयति। पर्युषितं भोजनमपि न ग्रहीतव्यम्। यथा मांसादिकं भोजनं रात्रौ एकवारं खादितम्, तद्भोजनं पुनः प्रातः सेवितम्। अनेन पर्युषितभोजनेन शरीरे रोगस्य प्रादुर्भावो जायते। उच्छिष्टभोजनेनापि शरीरस्यामङ्गलं भवति। भुक्तावशिष्टमुच्छिष्टम्। एवममेध्यं भोजनमपि तामसानां प्रियं भवति। अमेध्यमित्युक्ते अयज्ञार्हम्। यद्भोजनं देवानुत्सर्गीकर्तुं न शक्यते तन्न ग्रहीतव्यम्।

१.४ राजसिकानां तामसिकानाञ्चाधिक्यम् – वर्तमानसमये राजसिकानां तामसिकानाञ्च जनानामाधिक्यं वर्तते। तेभ्यः सात्त्विकाहारेषु रुचिर्न जायते। दुग्धघृताद्याहारेषु यद्बलमस्ति तत्तामसिकाहारेषु राजसिकाहारेषु च कुत्र? परन्तु भोजने यदि मसालादिकं प्रयोगं न कृतम्, तर्हि तन्न मुखरोचकं भविष्यति। अधुना भोजनक्रयार्थं Food Apps (Zomato, Swiggy, Uber Eats इत्यादीनि) वर्तन्ते। तत्र ग्राहकपरिषेवार्थं भोजनमध्ये मसालादिप्रयोगं यथायथं कृतम्। तद्भोजनं गृहीत्वा जनस्य रोगप्रादुर्भावोऽपि अधिकमात्रया सञ्जातः। रेलप्रतीक्षालयस्य पार्श्वे, विमानप्रतीक्षालयस्य पार्श्वे, मार्गस्य पार्श्वे, यत्र तत्र च बह्व्यः भोजनशालाः सन्ति। तत्र एवमपि दृश्यते प्रातः पचितं भोजनमुष्णं कृत्वा रात्रौ सेवितम्। यद्यपि अधुना परिवेशदूषणस्य कुप्रभावेन नानाविधस्य रोगस्य प्रादुर्भावः, तथापि रोगस्य अन्यतमं कारणं खलु राजसिकाहारसेवनं ताममिकाहारसेवनञ्च। सात्त्विकाहारः न केवलं शरीरस्यापि तु अन्तःकरणस्य मङ्गलं विदधाति। अधुना अस्माकं शरीरस्य किञ्चिद् विकारे सञ्जाते चिकित्सकं निकषा न गत्वा उपायोऽपि नास्ति। चिकित्सकोऽपि औषधं दत्त्वा तत्प्रतीकारे प्रयत्नो भवति। तैरधिकसमये तु अतिरिक्त-ओषधस्य प्रयोग: कृतः। शरीरस्य पुष्टिपूरणार्थं ते ओषधमपि दत्तवन्तः। एतेन रोगिणः शारीरिकावस्था मन्दा जाता। मात्रातिरिक्त-औषधसेवनेन रोगिणः कीदृशी दुरवस्था जाता तच्छुश्रूषालये द्रष्टव्या। शरीरन्तु व्याधिमन्दिरम्। भगवता श्रीकृष्णेन अर्जुनाय आहारविषये यदुपदेशः प्रदत्तः तन्न केवलं योगिणां कृते अपि तु चराचरस्य सर्वेषां कृते एव। अस्माकन्तु तत्पाथेयं कृत्वा सात्त्विकाहाराः ग्रहणीयाः। सात्त्विकाहाराः यदि अतिमात्रया सेवन्ते तर्हि तत्सात्त्विकत्वं परित्यज्य राजसिकत्वं गृह्यन्ते। एवं सात्त्विकाहाराः यदि दुर्गन्धयुक्तं गतरसञ्च स्यात्तर्हि तत्तामसिकत्वं गृह्यन्ते।

१.५ मिताहारग्रहणं सुस्थतायाः मूलकारणम् - वयं मिताहारिणः भवेमः। *गीतायां* मिताहारिण एव दुःखविनाशकत्वमुक्तम् –

> युक्ताहारविहारस्य युक्तचेष्टस्य कर्मसु।
> युक्तस्वप्नावबोधस्य योगो भवति दुःखहा॥[२१]

अत्यश्नतः एकान्तमनश्नतः अतिस्वप्नशीलस्य अतिजाग्रतः कदापि योगो न सम्भवति। यथोक्तं भगवता –

> नात्यश्नतस्तु योगोऽस्ति न चैकान्तमनश्नतः।
> न चातिस्वप्नशीलस्य जाग्रतो नैव चार्जुन॥[२२]

आहारमात्रा पुनरग्निवलापेक्षिणी। यस्य यावदशनमशितं प्रकृतिमनुपहत्य यथाकालं क्लेशं विना जरां गच्छति तावदस्य परिमिताहारो वेदितव्यः। रक्तशलितण्डुलः, यष्टिकतण्डुलः, मुद्गः, लावः, कपिञ्जलः, शशकः, शरभः, शम्बरश्च आहारद्रव्याणि प्रकृत्या लघून्यपि मात्रानुसारं भोजनं कर्तव्यम्। पुनः गुडशर्करादिपिष्टकेक्षुविकृतिः, दधिछानादिक्षीरविकृतिः, माषः, वराहः, कच्छपः, मत्स्यादि चाहारद्रव्याणि प्रकृत्या गुरुण्यपि मात्रानुसारं भोजनं कर्तव्यम्। लघुपाकं गुरुपाकञ्च द्रव्यं सर्वथा स्मरणीयम्। कीदृशं द्रव्यं नित्यं सेवेत तद्विषये *चरकसंहितायामु*क्तम् –

> यष्टिकान् शालिमुद्गांश्च सैन्धवामलके यवान्।
> आन्तरीक्षं पयः सर्पिषाजलं मधु चात्यमेत्॥
>
> तच्च नित्यं प्रयुञ्जीत स्वास्थ्यं येनानुवर्तते।
> अजातानां विकाराणामनुत्पत्तिकरञ्च यत्॥[२३]

१.६ वर्तमानसमये आहाराभ्यासः कथं नियन्त्रयेत्? - वर्तमानसमये शाकशस्यादिपदार्थे विषस्योपस्थितिश्चिन्तनीयः विषयः भयकारणञ्चापि। कृषिक्षेत्रे कर्षणादिसमये अत्यधिकमात्रया रासायनिकसारस्य प्रयोगः, अनन्तरं शस्यानां वृद्ध्यर्थं कीटनाशकस्य प्रयोगः कृतः। विषयुक्तमिदं शस्यमापणजातं क्रियते। तद्भक्षयित्वा ग्यास्ट्रिकालसारादिभिः रोगैः आक्रान्ताः भवामः। एतच्छङ्काकारणम्। अस्माकं प्रात्याहिक्याहारेषु शाकशस्यादिमात्रायाः परिमाणं यथायथं भवेत्। यथा – रक्तफलम्, गृञ्जनकम्, आलुकम्, केम्बुकम्, वृन्ताकम्, पुष्पशाकम्, छत्राकम्, मूलकम्, पलाण्डुः, भिण्डिका, पालक्या, कारबेल्लम् इत्यादीनि शस्यानि ग्रहीतव्यानि। फलान्युपयुक्तमात्रया ग्रहीतव्यानि। शरीरस्य कृते कतिपयानामुपयुक्तानां फलानां नामानि दत्तानि – सेवम्, कदलिका, नारङ्गम्, दाडिमः, आम्रम्, द्राक्षाफलम्, अनारसम्, नीरबीजम्, नारिकेलः, मधुकर्कटी, कालिङ्गम्, तृणबदरम्, आमलकी, प्रबदरम्, पियालुः, कीवीफलम्, पनसम्, जम्बीरम्, आर्द्रालुः, अमृतफलम्, तिन्तिडी च। फलन्तु सूर्यास्तात् प्राक् भक्षणीयम्। मांसमल्पं ग्रहीवत्यम्। कर्मव्यस्ततायां यथासमये भोजनं न कृतं स्यात्तर्हि उदरमध्ये अम्लत्वं भविष्यति। एत्तत् प्रायः सर्वेषां समस्यारूपेण प्रकटितम्। यथासमये भोजनं कर्तव्यम्। भोजनादनन्तरं कियत्क्षणं स्थित्वा जलं ग्राहयेत्। अतः *श्रीमद्भगवद्गीताया*ं वर्णितः आहारविषयः अस्माभिः अनुसरणीयः। शरीरस्य पीडादायका आहारा सर्वथा वर्जनीयाः। यद्यपि रोगदूरीकरणार्थं चिकित्सकं निकषा गन्तव्यम्, तथापि शुद्धाहारेण रोगस्य न्यूनीकरणं कर्तुं शक्यते। प्रबन्धस्य निष्कर्षः खलु आहाराभ्यासनियन्त्रणेन नीरोगं शरीरं लब्धुं शक्यते। नीरोगशरीरेनैव दीर्घायुषः लभ्यते।

संकेतपञ्जिः

कुमार. = *कुमारसम्भवम्*

गू. दी. = *गूढार्थदीपिका*
च. सं = *चरकसंहिता*
छा. उ. = *छान्दोग्योपनिषद्*
मार्क. पु. = *मार्कण्डेयपुराणम्*
महा. भा. = *महाभारतम्*
यजु. भा. = *यजुर्वेदभाष्यम्*
वृहद्. उ. = *वृहदारण्यकोपनिषद्*
श्रीमद्. = *श्रीमद्भगवद्गीता*
सम्पा. = सम्पादकः
ह. यो. प्र. = *हठयोगप्रदीपिका*

उल्लेखपञ्जिः

१. गू. दी.- ६/१७
२. च. सं.- २८/४५
३. श्रीमद्.- १४/१८
४. कुमार.- ५/३३
५. महा. भा., उद्योगपर्व – ३३/८८
६. यजु. भा.
७. ह. यो. प्र., ज्योत्स्नाटीका, पृष्ठसंख्या- २०
८. मार्क. पु.- ३१/४६-४८
९. श्रीमद्.- १७/७
१०. *तदेव*- १४/६
११. *तदेव*- १७/८
१२. छा. उ.– ७/२६/२
१३. श्रीमद्.- १५/१४
१४. वृहद्. उ.- ५/९/१
१५. श्रीश्रीचण्डी – ५/१८
१६. *Universe Around Us*, p.159
१७. श्रीमद्. १४/७
१८. *तदेव*- १७/९
१९. *तदेव*- १४/८
२०. *तदेव*- १७/१०
२१. *तदेव*- ६/१७
२२. *तदेव*- ६/१६
२३. च. सं., पञ्चमाध्यायः, पृष्ठसंख्या – ३९-४०

परिशीलित-ग्रन्थपञ्जिः

कालिदासः। *कुमारसम्भवम्*। प्रथमसर्गात् पञ्चमसर्गपर्यन्तम्। सम्पा. गुरुनाथ-विद्यानिधि-भट्टाचार्य्यः। कलकाता: संस्कृत वुक डिपो, २०१६ (प्रथम-प्रकाशः)।

चरकः। *चरकसंहिता*। सम्पा. सतीशचन्द्र-शर्मा। कलकाता: वङ्गवासी-कार्यालयः, १३३० (वङ्गाव्दः)।

छान्दोग्योपनिषद्। सम्पा. दुर्गाचरणसांख्यवेदान्ततीर्थः। कलकाता: देव-साहित्य-कुटीर, १३६२(वङ्गाव्दः)।

दयानन्दसरस्वती। *यजुर्वेदभाष्यम्*। प्रथमाध्यायतो दशाध्यायपर्यन्तम्। प्रयागः वैदिकयन्त्रालयः, १९४९।

मार्कण्डेयपुराणम्। सम्पा. श्रीराम-शर्मा-आचार्यः। वरेली: संस्कृति-संस्थान, १९६७ (प्रथम-संस्करणम्)।

व्यासदेवः। *महाभारतम्*, उद्योगपर्व। सम्पा. अनिलचन्द्र-वसु नूपुर-घोषश्च। कलकाता: संस्कृत वुक डिपो, २०१५ (पुनर्मुद्रणम्, २००७ द्वितीय-प्रकाशः)।

व्यासदेवः। *श्रीमद्भगवद्गीता*। *गूढार्थदीपिका*व्याख्योपेता, भाग १। सम्पा. मदनमोहन-अग्रवालः। दिल्ली: चौखम्बा-संस्कृत-प्रतिष्ठानम्, २००५ (पुनर्मुद्रित-संस्करणम्)।

व्यासदेवः। *श्रीमद्भगवद्गीता*। *गूढार्थदीपिका*व्याख्योपेता, भाग १। सम्पा. वासुदेवानन्दः। कलकाता: उद्बोधन-कार्यालयः, २०१८ (पुनर्मुद्रणम्, १९६८ प्रथम-प्रकाशः)।

व्यासदेवः। *श्रीमद्भगवद्गीता*। *गूढार्थदीपिका*व्याख्योपेता, भाग १। सम्पा. जगदीश्वरानन्दः। कलकाता: उद्बोधन-कार्यालयः, २०१८ (पुनर्मुद्रणम्, १९६१ अष्टम-संस्करणम्)।

वृहदारण्यकोपनिषद्। सम्पा. झर्णा-भट्टाचार्यः। कलकाता: संस्कृत-पुस्तक-भाण्डार, १९९९ (द्वितीयप्रकाशः, १९७६ प्रथमप्रकाशः)।

श्रीश्रीचण्डी। सम्पा. जगदीश्वरानन्दः। कलकाता: उद्बोधन-कार्यालयः, १९८०।

स्वात्मारामयोगिन्द्रः। *हठयोगप्रदीपिका*। (*ज्योत्स्ना*टीका समेता)। सम्पा. श्रीकृष्णदासश्रेष्ठी। मुम्बाइ: श्रीवेङ्कटेश स्टीम् प्रेस, १९५२।

Jeans, James. *The Universe Around Us*. Cambridge: The University Press, 1930 (2nd ed., 1929 1st ed.).

अथर्ववेदीयराष्ट्रतत्त्वविवेचनम्

अचिन्त्य-कुमार-पालः

सारसंक्षेपः आधुनिकसमाजव्यवस्थायां तु राष्ट्रनिर्माणस्य तथा गणतन्त्रस्य प्रयोगो दृश्यते किल। प्लेटो, अरिस्टटल्, टलस्तय प्रभृतयः पाश्चात्याः मनीषिणः एव राजनैतिकशास्त्रस्य विश्लेषकाः प्रवर्तकाः इति तु प्रसिद्धिः। कौटिलीयार्थशास्त्रात् पूर्वं राजनीतिविषयकं किमपि विश्लेषणात्मकं पुस्तकं नैव स्वीक्रियते आधुनिकाः। प्राचीने काले तु एतादृशायाः सुव्यवस्थायाः प्रयोगो नासीदिति तु आधुनिकपाश्चात्याः आमनन्ति। यद्यपि प्राचीने काले ऋग्वैदिकाः तथा सुसंगठिताः नासीत्, परन्तु अथर्ववेदीयैः तु सुव्यवस्थितायाः राष्ट्रव्यवस्थायाः आधारशिला सुतरां स्थापिता इति विषयेऽस्मिन् नास्ति सन्देहलेशः। अथर्ववेदेऽस्मिन् आधुनिकस्य द्विकक्षविशिष्टप्रजातन्त्रस्यापि आभासः प्राप्यते। न केवलं राजनीतिविषयिणी मन्त्रणापि तु रणनीतिविषयकं आलोचनमपि प्राप्यते। करप्रदानस्य समानवण्टनं, राजनिर्वाचनं, सैनिकाद् आरभ्य पुरोहितानामपि कर्तव्यमपि सुसन्निबद्धं दृश्यते। राष्ट्रसंहतिः येन शाश्वती स्यात्, तदर्थं नागरिकैः तथा राज्ञैः ग्रहणीयं शपथवाक्यादिकमपि प्राप्यते। अथर्ववेदेऽस्मिन् प्राप्तायाः एतादृशराष्ट्रव्यवस्थायाः पुङ्खानुपुङ्खविवरणं सविश्लेषणं प्रस्तूयतेऽस्मिन् प्रबन्धे।

कुञ्चिकाशब्दः राजनिर्वाचनम्, दुन्दुभिः, पोरा, षडङ्गशासनम्, व्यूहनिर्माणम्, करप्रदानम्, राज्यनिर्माणम्।

उपोद्घात–

ऋग्वैदिककाले प्राचीनाः आर्यजनाः प्राधान्येन गोष्ठीबद्धाः पशुपालकाश्चासन्। परन्तु कालानुक्रमेण तेषां परिवर्तनं परिवर्धनञ्च जातम्। ऋग्वैदिकसंवादसूक्तेषु भरतवंशयीनामुल्लेखः प्राप्यते। दशराजयुद्धस्य अपि उल्लेखः प्राप्यते। तथा तदा वर्तमानानां केषाञ्चिज्जनपदानां तथा जनजातीनामपि उल्लेखः प्राप्यते। किञ्च, आभीरजातेः देवता पूषा अपि तत्र स्वकीयमाहात्म्येन वर्तमानः आसीत्।

राजनिर्वाचनम्–

ऋग्वैदिककाले येषां राजानामुल्लेखः प्राप्यते ते तु प्रायशः आनुवंशिकाः एव आसन्। दिवोदासप्रभृतयो राजानो यथा आनुवंशिकाः। किञ्च, प्रजातान्त्रिकराष्ट्रव्यवस्थायाः उल्लेखस्तथा चिन्तनं तत्कालीने समये नासीत्। परन्तु अथर्ववेदीयकाले तु तथा वंशपरम्पराक्रमेण राजानां चयनविधिः नैव आसीत्प्रचलिता तत्र तु केवलं निर्वाचनमाध्यमेनैव राजप्रतिष्ठापनविधिरासीत्। राज्ञो निर्वाचनं तु प्रजानामेवाधिकाररूपेणैवासीत् सुप्रतिष्ठितम्। अथर्ववेदीयकाले राज्ञां पञ्चप्रकाराः उल्लिखिताः ये तु पञ्चजातीनामेव प्रभुरूपेण सुप्रतिष्ठा आसन्। ते जातयः हि ब्राह्मणः क्षत्रियः वैश्यः शूद्रः तथा निषाद्। एतज्जातीयानां जनानामेवासीद्राज्याभिषेके अधिकारः न तु इतरजातीनाम्। तथाह्याम्नातं–

> त्वां विशो यथा वृणतां राज्याय त्वामिमाः प्रदिशः पञ्च देवीः।
> वर्ष्मन् राष्ट्रस्य ककुदि श्रयस्व ततो म उग्र वि भजा वसूनि।। इति।[१]

अन्यत्र केषुचित् स्थलेषु स्पष्टमेव उक्तं ‘*राजानो राजकृतः*’ इति, यस्यार्थः राजानः तथा राजनिर्वाचकाः। अत्र धीवानः रथकाराः लौहकाराः सूताः तथा ग्रामण्यः एते एव राजनिर्वाचकरूपेण गृहीताः। तथाह्याम्नातं–

> ये धीवानो रथकाराः कर्माराः ये मनीषिणः।
> उपस्तीन् पर्ण मह्यं त्वं सर्वान् कृण्वभितो जनान्।। इति।[२]

अपि च–

ये राजानो राजकृतः सूता ग्रामण्यश्च ये।
उपस्तीन् पर्ण मह्यं त्व सर्वान् कृण्वभितो जनान्।। इति।[३]

एतेन वयमेतदेव ज्ञातुं शक्यते यत् ऋग्वैदिककाले प्रचलिता शासनव्यवस्था तथा विकशिता नैवासीत्। श्रेष्ठवंशीयाः राजानः तत्र शासकरूपेण प्रतिष्ठिताः आसन् प्रजानां तत्र नासीत् निर्वाचनविषयकः कोऽपि अधिकारः। प्रायः दृश्यते यत् ते जनगोष्ठ्याः रक्षकरूपेण निर्वाचितः आसीत्। किञ्च, तदर्थं देवानाम् अनुग्रहः आवश्यकः न तु प्रजानाम् इति भाति। तथाहि आम्नातं-

कुविन्मा गोपं करसे जनस्य कुविद्राजानं मघवन्नृजीषिन्।
कुविन्म ऋषिं पपिवांसं सुतस्य कुविन्मे वस्वो अमृतस्य शिक्षाः।। इति।[४]

ऋग्वेदे च दशराज्ञः उल्लेखेन ज्ञायते यत् एते राजानः तत्तज्जातीनां गोष्ठीपतिरूपेण स्वीकृताः आसीत्। परन्तु अथर्ववेदीये समाजे तु प्रजानामधिकाराः प्रतिष्ठिताः आसन्तथा प्रजाशासितसमाजव्यवस्थायाः चिन्तनं तु नितरां प्रजासु विद्यमानमासीत्। एतेन एतदेव स्पष्टीभवति यदृग्वैदिकसमाजापेक्षया अथर्ववेदीयसामाजिका विकशितचिन्तनशीलाः आसन् तथा राष्ट्रचिन्तनविषयोऽपि तु सुप्रचलितः सुप्रतिष्ठितश्चासीत्। किञ्च, अथर्ववेदे यथा राजनिर्वाचनविषयमुक्तं तथैव कथं राजानां निर्वाचनं कर्तव्यं सा पद्धतिरपि कथिता। दुर्बलाः प्रजा ये आत्मरक्षणे असमर्थाः शत्रुतः तेषां रक्षार्थं कस्यापि तेजस्विनो बलवन्तस्य राजरूपेण निर्वाचनं आवश्यकम्। तथाह्याम्नातं –

शकधूमं नक्षत्राणि यद् राजानमकुर्वत।
भद्राहमस्य प्रायच्छन्निदं राष्ट्रमसादिति।। इति।[५]

The Vedas, ancient and foundational texts, serve as the cornerstone of Indian civilization and *Dharmaśāstra*, the vast legal and ethical code that has guided Indian society for millennia. These revered scriptures lie at the heart of Indian religion, offering a rich tapestry of hymns, rituals, philosophical inquiries, and cosmological narratives. The Vedic canon delves into diverse topics, encompassing both the non-cognitive aspects of the spiritual realm and the cognitive principles that govern human conduct. One key concept explored within the Vedas is sin. Here, sin is understood as an act of ignorance, committed either intentionally or unintentionally. Importantly, the Vedas not only acknowledge sin but also illuminate pathways to atonement, providing a framework for rectification and spiritual renewal. This emphasis on both sin and its corresponding atonement is a recurring theme found not only in the Vedas but also in the vast array of religious texts that have emerged throughout India's rich literary history. The concept of *Prāyaścitta* held immense importance in ancient India. It offered a path to redemption, even for those who had committed serious transgressions. The belief was that sincere penance, lasting for a specific duration, could absolve sins and lead to spiritual progress. Atonement wasn't just about external punishment; it aimed to cleanse the mind and restore inner peace. It provided an opportunity for even hardened criminals to seek purification andmove towards a better path. Scriptures emphasized that atonement was accessible to everyone, regardless of past actions. It was seen as a universal tool for achieving spiritual progress and inner peace.

Defination of *Prāyaścitta*

The concept of *Prāyaścitta*, widely used in both Vedic and secular literature, refers to expiation or atonement for sins. To understand its significance, we must delve into its meaning and historical usage. The word *Prāyaścitti* is a comparatively older word used earlier. "*Prāyasya Citti-Cittayo*"- The word *Prāyaścitta* is formed, as per this *Vārtika* and "*Pāraskara Prbhṛtīni ca saṃjñāyām*"(6/1/157)

- According to the *sūtra*, the word *Prāyaścitta* is proved to be accomplished.[1] According to some, it comes from "*Prāya*" (meaning penance) and "*Citta*" (meaning determination or resolve). This interpretation suggests the act of purifying the mind through penance to rectifysin. However, *Sāyaṇa*, a renowned commentator, offers a different perspective. He divides *Prāya* into *Pra* (meaning to explore) and *Ayaḥ* (meaning knowledge), suggesting that *Prāyaścitta* involves gaining knowledge to overcome sin.[2] *Harita*, another scholar, emphasizes the purifying aspect of *Prāyaścitta*. He views it as acts of penance that cleanse accumulated sins, similar to how dirt is removed by cleaning.[3] The concept of *Prāyaścitta* in ancient India offered a framework for atonement and spiritual renewal. Through various interpretations of its etymology and its emphasis on penance and self-purification, it provided a path for individuals to overcome their transgressions and achieve a state of moral and spiritual well-being.

Classification of Sins obtained in *Smṛti* texts

The *Manusmṛti* holds paramount importance within *Dharmaśāstra*, serving as the foundational text for ancient Indian social, cultural, and political norms. Encompassing human life from birth to death, it delves into various aspects, including routine activities like *sandhyā-upāsanā* and occasional rituals like *Sanskāra*. Failure to perform these duties or engaging in forbiddenconduct is considered sinful. Additionally, attachment to sensual pleasures can also lead to sin.

To combat these potential transgressions, whether committed knowingly or unknowingly, Manu prescribes atonement rules within the 11th chapter of the *Manusmṛti*. This chapter outlines seven categories of offenses (*pātaka*): *Mahā*, *Anu*, *Upa*, *Jātibhraṃśa*, *Saṅkarīkaraṇa*,*Apātrīkaraṇa*, and *Malāvahapātakā*.[4]

Parāśara, a renowned scholar of ancient law, authored the *Parāśarasmṛti* specifically for the Kali Yuga, as the text itself proclaims: "*Kalau Parāśarāḥ Smṛtayaḥ*" (The Smṛti of *Parāśara* is for the Kali Yuga). It addresses a variety of subjects, including sin and expiation. Unlike the*Manusmṛti*, the *Parāśarasmṛti* categorizes sins into two primary types: Major Sins and MinorSins. Here, sin is defined as any action that transgresses religious and moral law. The text offersa comprehensive list of such transgressions, including killing a Brahmin, stealing, adultery, lying, alcohol consumption, and meat consumption.[5]

Similar to the *Manusmṛti*, the *Parāśarasmṛti* prescribes a range of penances for different sins.The severity of the penance directly corresponds to the severity of the offense. Examples of penances mentioned in the text include fasting, almsgiving, pilgrimages, and leading a life ofausterity. Smṛti texts offer various expiation methods for different sins (*pātakas*), but specifics can vary. Commentators like *Manu* and *Parāśara* provide atonement rules, with some areas ofagreement and disagreement.

Some Common Atonements

Pāpa-nivedana: Confessing sins to priests or a sacred fire.

Paścattāpa: Deep remorse for wrongdoing and commitment to change.

Prāyaścitta: Purification rituals or acts, including:

Charity (*dāna*): Helping the under privileged.

Fasting (*upavāsa*): Abstaining from food and drink for set periods. (Examples: Pāda-kṛcchra,Ardha-kṛcchra, Ati-kṛcchra, Cāndrāyaṇa)

Pilgrimage (*tīrtha-yātra)*: Journeying to holy places for spiritual growth.

Penitence (*tapas*): Self-discipline practices like celibacy, truthfulness, and service.

Ceremonies (*yajña*): Specific rituals for atonement.

Mantra chanting (*japa/stotra*): Reciting sacred verses for purification.

Among the seven types of *pātaka* mentioned by Manu, the first one discusses the atonement of the *Mahāpātaka*. He means Brahmin killing, forbidden *surāpāna*, theft of Brahmin's gold, *Gurupatnīgamana* and association with this person afflicted with *Pātaka* will also be guilty of by *Mahāpātaka*.

> brahmahā dvādaśa samāḥ kuṭīṃ kṛtvā vane vaset/
> bhaikṣāśyātmaviśuddhyarthaṃ kṛtvā śavaśiro dhvajam//[6]

To purify himself, the slayer of a Brahmin must build a hut in the forest and live there for twelve years, subsisting on alms and using the skull of a dead man as his flag.

Atonement is required for the unintentional killing of a Brahmin by a *Kṣatriyas*: Murder, whether intentional or unintentional, regardless of the victim's caste, is considered a sin. Atonement is necessary only when a Brahmin is killed furthermore, if a Brahmin unintentionally kills a person of another caste, atonement is still required. If a Brahmin unintentionally kills a *Kṣatriya*, Manu provides guidance on the atonement process.

> akāmatas tu rājanyaṁ vinipātya dvijottamaḥ/
> vṛṣabhaika-sahasrā gā dadyāt sucarita-vrataḥ//[7]

The leading *Brāhmaṇa*, who unintentionally causes the death of a *Kṣatriya*, must conscientiously perform the prescribed expiatory penance and offer one bullock along with a thousand cows to a *Brāhmaṇa* upon completing it.

Manu described *Surāpana* as a kind of sin. Be it a Brahmin or *Kṣatriya* or *Vaiśya*. He stated that anyone who consume surā, whether willingly or unwillingly, must atone for their sin. Firstly, he described the atonement process for a Brahmin who consume *Surā* willfully or out of infatuation.

> surāṁ pītvā dvijo mohād agnivarṇāṁ surāṁ pibet/
> tayā sa kāye nirdagdhe mucyate kilbiṣāt tataḥ//[8]

The term '*Guru'* pertains to and Father. The term '*tantra'* signifies wife. *Manu* has deliberated on the expiation for the *Gurupatnīgamanarupa pātaka*. If a disciple had intercourse with an *patnī.* The initial method of expiation is described as follows:

> gurutalpy abhibhāṣyainaḥ tapte svapyād ayomaye/
> sūrmī jvalantīṁ svāśliṣyen mṛtyunā saḥ viśuddhyati//[9]

If a disciple had intercourse with an *patnī*, he would be punished by lying on a hot iron bed and embracing a burning iron idol until death. This would atone for his sins.

1. *Prāyaścittavidhi* in Ancient and Modern India

The need for atonement is immeasurable in today's social life. Social life has changed significantly from ancient times, and people commit more forbidden. Sins than ever before. *The Bhāratīya Nyāya Saṁhitā* (BNS), which was previously referred to as atonement in the *Smrtiśāstra*, is now used to punish these sins. In ancient times, people acknowledged their sins and made amends through repentance. Some people even chose to die voluntarily to atone for their sins. However, in today's complex and dynamic social life, people rarely confess their crimes or atone for them. According to the *Smrtiśästra*, if criminals are not forced to atone, society will descend into chaos. The Indian governance system has tried to curb crime and maintain peace and order by creating a system based on the Code of Criminal Procedure and *The Bhāratīya Nyāya Saṁhitā* (BNS). The atonement of that era is highly relevant to the current governance system, and the expiation rules have been amended in several sections and subsections of the Act.

1.1. Impact of *Prayaścitta* on Reformatory Homes

While the form of atonement may have evolved in modern times, its core principle remains unchanged, the act of making amends for wrongdoing. This concept finds a contemporary application in the concept of "reformatory homes," institutions designed to rehabilitate criminals.

These institutions, exemplified by the four facilities in West Bengal (Lalgola, Raiganj, Durgapur, and Medinipur), offer a range of programs aimed at fostering positive change in offenders. These programs typically include education, vocational training, counseling, and support groups.[10] Within the context of Reformatory Homes, atonement translates to aiding offenders incomprehending the harm they have caused and providing them with the tools to rectify it. These institutions play a crucial role by offering opportunities for criminals to learn from their mistakes and become productive members of society. By equipping them with the necessary skills and knowledge, Reformatory Homes pave the way for reintegration and atonement. By providing offenders with the skills and knowledge they need to succeed in society, 'Reformatory Homes' can help them to reintegrate into society and to make amends for the wrongs that they have done.[11]

1.2. Impact of *Prayaścitta* on *The Bhāratīya Nyāya Saṁhitā* (BNS)

The *Smṛtiśāstra* considered Brahmanicide a grave sin, but today all homicide is a crime. Ancient atonements varied by caste, while modern law treats killing equally.

> brahmahatyā surāpānaṃ steyaṃ gurvaṅganāgamaḥ/
> mahānti pātakāny āhuḥ saṃsargaś cāpi taiḥ saha//[12]

The Bharatiya Nyaya Sanhita (BNS) reflects this, with Sections 100-102 detailing homicide offenses. Culpable homicide (murder) carries the death penalty or life imprisonment (Sections 103- 104).[13]

Surāpāna (alcohol consumption) remains a social problem. While ancient atonements involved harsh measures, many Indian states today regulate or ban alcohol sales entirely to combat issues like drunk driving.[14] Stealing and adultery were punishable offenses in the *Smṛtiśāstra*.

> suvarṇasteyakṛd vipro rājānam abhigamya tu/
> svakarma khyāpayan brūyād ātmānaṃ bhavān anuśāstv iti//[15]

The BNS continues this tradition, with Section 303 outlining theft penalties[16]

Smṛtiśāstra texts classified associating with individuals deemed to have committed serious transgressions as a major offense (*Mahāpātaka*). This concept has a demonstrable parallel in contemporary legal systems, where criminal conspiracy is a recognized crime. *The Bharatiya Nyaya Sanhita* (BNS) 2024 exemplifies this continuity in Sections 61(1) and 61(2)[17] These sections establish the criminal liability of individuals who conspire to commit serious offenses or abet criminal activity.

The continued relevance of these ancient legal principles is evident in the foundation they provide for contemporary legislation. *The Bhāratīya Nyāya Saṁhitā* (BNS), *Bhāratīya Nāgarika Surakṣā Saṃhitā* (BNSS), and a wide range of central and state laws reflect the core principles enshrined in Smṛti texts.

Conclusion

Dharmaśāstra, meaning "the teaching of righteousness," serves as a reflection of contemporary society and a valuable resource for understanding religious practices. It goes beyond mere administration, advocating for *Dharma* as an independent science of paramount importance. This system emphasizes ethical and customary considerations in decision making, leaving the final verdict to judges, arbitrators or others. Initially, the Smṛti texts held less authority compared to the *Śruti* scriptures. However, in practical application, they became the primary source of legal guidance. While not all Smṛtis carry equal weight, many that are obscure and rarely referenced still exist. The complex language of the Vedas, the foundational texts of Hinduism, presented an obstacle for ordinary people. *Smṛtiśāstra* emerged as a bridge, conveying religious teachings in a clear, accessible manner after the Vedic era. Understanding the Vedas or verifying their interpretations necessitates studying the *Smṛtiśāstras*. Ancient India functioned under a monarchical system, with governance centered around the king. Modern India, a democratic republic, relies on a constitution as its guiding principle. Yet, human fallibility persists. Greed and attachment can lead people astray, causing them to commit sinful acts (*garhitkarma*) followed by regret.

The *Smṛtiśāstras* prescribed penances for atonement, with varying degrees of severity based on the offense. These concepts find parallels in other religions like Islam and

Christianity, where penance or divine judgment in the afterlife serve as methods for addressing sin. Both traditions identify specific grave sins, including pride and greed in Christianity and neglect of duty, murder, and theft in Islam. Maintaining social order requires a two-pronged approach: imposing punishment on criminals and encouraging repentance. Punishment aims to deter crime and encourage rehabilitation by raising awareness of wrongdoing. This in turn, discourages others from engaging in prohibited activities due to fear of consequences.The systems of atonement laid out by *Manu* and *Parāśara*, prominent figures in *Dharmaśāstra*, have been adopted and refined by later texts. Notably, these principles influenced the establishment of the Indian judiciary. The acceptance of evidence can vary among individuals. However, unbiased research offers a path towards new understandings. The *Īśopaniṣad*, a foundational Upanishadic text, emphasizes this notion in the eleventh *mantra*: "*avidyayā mṛtyuṃ tīrtvā'mṛtamaśnute*" (Overcoming death through knowledge). Indian philosophy encourages the pursuit of knowledge to overcome ignorance and achieve enlightenment. As such, the pursuit of enjoyment through righteous living has been a central ideal for Hindus throughout history. This value system has played a crucial role in the preservation of the *Smṛtiśāstra* texts. The respect and application of *Smṛtividyā* (knowledge of the Smṛti texts) holds the potential to reveal many unknown facets of ancient India to the contemporary world.

It is acknowledged that not all offenders are receptive to change. However, reformatory homes offer a valuable chance for rehabilitation. By fostering personal growth and equipping individuals with the tools for success, these institutions empower offenders to make amendsand become better people.

Notes & References

1. *Paninīyam*. P. 29.
2. Sāyaṇa, Sāmavidhānabrāhmaṇa (1/5/1)
3. *Prāyaścittaviveka*, page. 17. & *Prāyaścittatatvaṃ*, p. 467.
4. *Manusmṛti*, Chapter 11.
5. *Parāśarasmṛti*, Chapter 6-11.
6. *Manusmṛti*- 11.73.
7. *Ibid.* 11.128.
8. *Ibid.* 11.91.
9. *Ibid.* 11.104.
10. Anandabazar Patrika. https://www.anandabazar.com/west-bengal/west-bengal-gets-its-fourth-open-air-jail-1.673933
11. Legal service India. https://www.legalserviceindia.com/legal/article-10589-reformatory-homes-and-human-rights.html
12. *Manusmṛti* 11.55 and *Yājñavalkyasmṛti* 3.227.
13. BNS-2024, Chapter-VI, Bhāratīya Nyāya Saṁhitā (Handbook), Delhi Police Academy,

p-28-29.

14. *Yājñavalkyasmṛti* 3/253.

15. *Manusmṛti* 11.101.

16. BNS-2024, Chapter-XVII, *Bhāratīya Nyāya Saṁhitā (Handbook)*, Delhi Police Academy, p- 74.

17. BNS-2024, *Bhāratīya Nyāya Saṁhitā*, Delhi Police Academy,p- 19.

Select Bibliography

Bandyopadhyay, Ashok Kumar (Ed.). *Unavimśati Samhitā*. Comp. and Trans. Panchanan Tarkaratna. Kolkata: Sanskrit Pustak Bhandar. 1407 BY.

Bandyopadhyay, Dhirendranath. *Saṁskṛta Sāhityer Itihāsa*. Kolkata: West Bengal State Book Board. 2009 (2nd ed.).

Basu, Jogiraj. *Veder Paricaya*. Kolkata: Frama K.L.M. Pvt. Ltd. 2005. 1970 (1st ed.).

Basu, Sumita. *Dharma-Artha-Nitiśāstrasamīkṣā*: A Critical Survey of Dharmaśāstra and Nitišāstra. Kolkata. Sadesh. 2006.

Bhāratīya Nyāya Saṁhitā (Handbook). Delhi: Delhi Police Academy. 2024.

Kane, P.V. *History of Dharmaśāstra: Ancient and Mediaeval Religious and Civil Law*, Vol. I. Poona: Bhandarkar Oriental Research Institute. (Government Oriental Series, Class B, No. 6). 1930.

Kautiliya. *Kautiliyam Arthaśāstram*. (Ed.) Manabendu Bandyopadhyay. Kolkata: Sanskrit Pustak Bhandar. 2010.

Lahiri and Sastri. (Ed.) *Pāninīyam*. Kolkata: Arun Printers Work. 2016 (9th Ed.).

Lawman (Ed.). *Bāṅglāy Police Handbook*. Kolkata: Lawman Publishing House. 2023.

Manusaṃhitā. (Ed.) Manabendu Bandyopadhyay. Kolkata: Sanskrit Pustak Bhandar. 1416 BY (2nd ed.).

Manusaṃhitā. (Ed.) Suresh Chandra Bandyopadhyay. Ananda Publishers Pvt. Ltd. 1999.

Misra, Jayakrishna. *Dharmaśāstrasyetihāsaḥ: prathama bhāgaḥ*. Caukhambā Saṃskr̥ta Sīrīja Āphisa. 2014.

Olivelle, Patrick, (Ed.). *Dharmasūtras: The Law Codes of Āpastamba, Gautama, Baudhāyana, and Vasiṣtha.* Translated by Patrick Olivelle, Motilal Banarsidass Publishers. 2000.

Raghunandana. *Prayaścittatatvam*. (Ed.) Ashok Kumar Bandyopadhyay. Kolkata: Sadesh. 2017.

Yajñavalkya. *Yajñavalkyasamhitā: Vyavahar(a) Adhyay(a). A Book of Ancient Indian Law.* (Ed.) Sumita Basu. Kolkata: Sanskrit Pustak Bhandar. 1999.

Internet

www.archive.org

পুরাণসাহিত্যে ঈশ্বরের ধারণা ও গুরুত্ব বিশ্লেষণ

সুদেষ্ণা ঘোষ

সংক্ষিপ্তসার: পুরাণসাহিত্য ভারতীয় সংস্কৃতির মেরুদণ্ড। *বেদান্তশাস্ত্র* তথা *অদ্বৈত-বেদান্ত* শাস্ত্রের *স্মৃতিপ্রস্থান* পুরাণে এই বিষয়ে নানা তথ্যের উল্লেখ আছে। অষ্টাদশ মহাপুরাণের মধ্যে অন্যতম *অগ্নি-পুরাণ, ব্রহ্ম-পুরাণ, মার্কণ্ডেয়-পুরাণের দেবী-মাহাত্ম্য* প্রভৃতি মহাপুরাণে উপলব্ধ ঈশ্বরের ধারণা ও মোক্ষতত্ত্ব সম্পর্কে আলোচনাই এই গবেষণাপত্রটির প্রতিপাদ্য বিষয়। ব্যাবহারিক দৃষ্টিতে অর্থাৎ ব্রহ্মজ্ঞানোদয়ের পূর্ব পর্যন্ত, জগৎ সত্য। ব্যাবহারিক দৃষ্টিতে জগতকে যেরূপ সত্য বলে গ্রহণ করা হয়, সেইরূপ ব্রহ্মকেও জগৎ স্রষ্টারূপে পরিগণিত করা হয়, কারণ সৃষ্টি থাকলে তার স্রষ্টা থাকবেই। জগতের স্রষ্টা, পালক ও ধ্বংসকর্তারূপে পরিগণিত ব্রহ্মকে আচার্য শংকর ঈশ্বর নামে অভিহিত করেছেন। উপনিষদে ব্রহ্ম যেভাবে বর্ণিত হয়েছেন, একইভাবে পুরাণসমূহে ঈশ্বর অর্থাৎ দেব-দেবী স্তুত হয়েছেন।

সূচক শব্দ: মহাপুরাণ, ঈশ্বর ও মোক্ষের আভিধানিক অর্থ, *অদ্বৈতবেদান্তে* ব্রহ্ম, *অগ্নিপুরাণে* ঈশ্বরতত্ত্ব ও মোক্ষতত্ত্ব, *ব্রহ্মপুরাণে* ঈশ্বরতত্ত্ব ও মোক্ষতত্ত্ব, *মার্কণ্ডেয়পুরাণে দেবী-মাহাত্ম্য,* দেবী দুর্গা ও ব্রহ্মের সমন্বয় ইত্যাদি।

ভারতীয় সংস্কৃতির মূলাধার হল পুরাণ। ভারতবর্ষকে জানতে হলে এই শাস্ত্রকে অস্বীকার করার কোনও উপায় নেই। বহু প্রাচীনকাল থেকে এর সভ্যতা, কৃষ্টি, ধর্ম, কর্ম, ধ্যানধারণা, তন্ত্রমন্ত্র পৃথিবীর সর্বত্র স্বীকৃত। আধুনিক ভারতীয়সমাজও পুরাণের আধারের উপরেই নিজেকে নিয়ন্ত্রিত করতে পারে। এই পুরাণসাহিত্য ভারতীয় সংস্কৃতির মেরুদণ্ড। পাণিনি তাঁর *অষ্টাধ্যায়ী*তে প্রাচীনকালে যার অস্তিত্ব ছিল এই অর্থে পুরাণ অথবা পুরাতন শব্দের ব্যুৎপত্তি করেছেন – পুরাণপ্রোক্তেষু ব্রাহ্মণকল্পেষু (৪/৩/১০৫)। *অমরকোষ* অনুযায়ী পুরাণগুলি পঞ্চ লক্ষণ যুক্ত–

> সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ।
> বংশানুচরিতং চৈব পুরাণং পঞ্চলক্ষণম্।।

পুরাণসাহিত্য পাঠের দ্বারা জ্ঞানপিপাসু অনায়াসে জ্ঞান লাভ করতে সমর্থ হন। জ্ঞানপিপাসু ব্যক্তি পুরাণসমূহের আস্বাদে সিদ্ধকাম হন এবং কাম্যপদে উপনীত হয়ে অনন্ত শান্তি ও অসীম তৃপ্তি লাভ করেন। মুমুক্ষু ব্যক্তি পুরাণসমূহের থেকে ব্রহ্মজ্ঞান লাভ করে জীবন্মুক্ত হন; ধর্মপিপাসু এর উপদেশাবলী সাদরে গ্রহণ করে চরিতার্থতা লাভ করেন; সংসারীর নিকটেও পুরাণসমূহ সৎপরামর্শদাতা পরমবন্ধুর ন্যায় হিতকারী। আমাদের সকলের জীবন আরও সুন্দর করে কিভাবে গড়ে তোলা যায়, সেই সকল মার্গের নির্দেশ পুরাণসমূহ আমাদের দেয়। সংসারীর কামনা অনন্ত, ভোগেচ্ছা প্রবল; কিন্তু অসংযত ভোগ কখনই মানুষের মনে আত্যন্তিক তৃপ্তি দান করতে পারে না। পুরাণ মানুষের ভোগ-প্রবৃত্তিকে সংযত করে তার মনকে বিশুদ্ধ ও প্রবুদ্ধ করে তোলে। পুরাণ সর্বকালে সর্বশ্রেণীর পরম হিতকারী বন্ধু। পুরাণের মধ্যে প্রায় সকল জটিল তত্ত্বের সুমীমাংসা করা হয়েছে। *বেদান্তশাস্ত্র* তথা *অদ্বৈত-বেদান্ত* শাস্ত্রের *স্মৃতিপ্রস্থান* পুরাণে এই বিষয়ে নানা তথ্যের উল্লেখ আছে।

আমি আমার এই পত্রটিতে অষ্টাদশ মহাপুরাণের মধ্যে অন্যতম *অগ্নি-পুরাণ, ব্রহ্ম-পুরাণ, মার্কণ্ডেয়-পুরাণের দেবী-মাহাত্ম্য* প্রভৃতি মহাপুরাণে উপলব্ধ ঈশ্বরের ধারণা ও মোক্ষতত্ত্ব সম্পর্কে আলোচনা করতে চাই।

ঈশ্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে বরচ্ প্রত্যয় যুক্ত করে ঈশ্বর শব্দটি গঠিত হয়েছে। পাণিনির *অষ্টাধ্যায়ী*তে “স্থেশভাসপিসকসো বরচ্” (৩.২.১৭৫) এই সূত্রটি এখানে প্রযুক্ত হয়েছে। *The Practical Sanskrit-English Dictionary* – এই অভিধানে ঈশ্বর শব্দের অর্থ ‘powerful’, ‘able’, ‘capable of’। *বঙ্গীয় শব্দকোষ*–এই অভিধানে ঈশ্বর শব্দের অর্থ প্রসঙ্গে বলা হয়েছে, ঈশ্ ধাতুর উত্তর বরচ্ প্রত্যয় এবং অশ্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে বরট্ প্রত্যয় যুক্ত করে ঈশ্বর শব্দটি গঠিত হয়েছে। এছাড়াও এখানে ঈশ্বর শব্দটির অর্থ ব্যাখ্যা প্রসঙ্গে আরও বলা হয়েছে–

১. প্রভু, সমর্থ, স্বকার্যকারণক্ষম, নিয়ন্তা, নিয়ন্ত্রিতা।

২. ‘ভূতানামীশ্বরঃ’। (*গীতা* ৪.৬)

৩. ‘বিশুদ্ধসত্ত্বপ্রধান অজ্ঞানোপহিত চৈতন্য’। (*বেদান্তসার*)

৪. ‘ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি’। (*গীতা* ১৮.৬১)

৫. অবিদ্যা-কর্তৃক অসমন্ধ পুরুষবিশেষ। (*পাতঞ্জল দর্শন*)

৬. পরমেশ্বরঃ। ঈশ এবাহমতার্থং ন চ মামীশতে পরে। দদামি চ সদৈশ্বর্যমীশ্বরস্তেন কীর্ততে।। (তারানাথ তর্কবাচস্পতি সংকলিত *বাচস্পত্য অভিধান*)

মোক্ষ সম্পর্কে *The Practical Sanskrit-English Dictionary*-তে উল্লেখিত আছে, Liberation, release, escape, freedom, rescue, deliverance, final emancipation, deliverance of the soul from recurring births or transmigration, the last of the four ends of human existence.

তত্ত্ব সম্পর্কে *The Practical Sanskrit-English Dictionary*-তে উল্লেখিত আছে, true state or condition, fact, reality, ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি (*শ্রীমদ্ভগবদ্গীতা* ৯.২৪)। True or essential nature, the real nature of the human soul or the material world as being identical with the Supreme Spirit (self) pervading the universe etc.

আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক ভেদে দুঃখ তিন প্রকার। সকল প্রাণীগণ এই তিন প্রকারের দুঃখের মধ্যে প্রবিষ্ট হয়ে থাকে। কি উপায়ে ত্রিবিধ দুঃখ থেকে মুক্ত হয়ে পরমানন্দ অর্থাত্ মোক্ষ লাভ করা যায়, তার নির্দেশ বা উপদেশ একমাত্র বেদ থেকেই অবগত হওয়া সম্ভব। উপনিষদই বেদের অন্তিম বা সার ভাগ। এই অর্থে উপনিষদকে বেদান্ত বলা হয়। ভারতীয় দর্শন সম্প্রদায়ের ছয়টি আস্তিক দর্শনের মধ্যে *উত্তরমীমাংসা-দর্শন* বা *বেদান্ত-দর্শন* হল উপনিষদ্ভিত্তিক দর্শন। *বেদান্তসার* গ্রন্থে বলা হয়েছে–

> বেদান্তো নামোপনিষৎপ্রমাণং তদুপকারীণি শারীরকসূত্রাদীনি চ।

আমরা জানি, সকল দুঃখের মূলকারণই হল অজ্ঞান। দর্শন-শব্দ ব্যুৎপন্ন হয়েছে দৃশ্-ধাতুর উত্তর করণ বাচ্যে ল্যুট্ প্রত্যয় করে, যার অর্থ হলো তত্ত্বদর্শন। সুতরাং, দৃশ্ ধাতুর অর্থ প্রেক্ষণ–প্র + ঈক্ষণ অর্থাৎ প্রকৃষ্ট বা সূক্ষ্মভাবে দেখা। সুতরাং দেখা শব্দে জ্ঞানই বোঝায়। এই জ্ঞানই হলো তত্ত্বজ্ঞান। এই জ্ঞানের উপরে আর কিছু নেই। এই জ্ঞানের দ্বারা সকল জীবের দুঃখের আত্যন্তিক নিবৃত্তি হয়। ইহ-লৌকিক জগতে এই তত্ত্বজ্ঞানের দ্বারা নিত্য ও অনিত্যের বিবেক জ্ঞান হয়। এই বিবেক জ্ঞান কী করে হবে, তা সকল দর্শনে অর্থাৎ দর্শনশাস্ত্রে পৃথক পৃথক ভাবে বলা হয়েছে। এই তত্ত্বজ্ঞানের ফলে এক সময় জানা যায় সকল কিছুই অনিত্য। দুঃখ অনিত্য, সুখও অনিত্য। তত্ত্বজ্ঞানের একমাত্র লক্ষ্য বস্তুর স্বরূপ উপলব্দি এবং জগতের ত্রিবিধ দুঃখের আত্যন্তিক নিবৃত্তি।

শংকরাচার্যের মতে অদ্বৈতবাদেই সমস্ত উপনিষদের তাৎপর্য। ব্রহ্মবিদ্যা উপনিষদের প্রতিপাদ্য। ব্রহ্মই পরমার্থ সত্য, পরিদৃশ্যমান জগত্ স্বপ্ন দৃষ্ট পদার্থের ন্যায় মিথ্যা। জীবাত্মা ব্রহ্ম থেকে ভিন্ন নয়। প্রকৃতপক্ষে জীবাত্মাই ব্রহ্ম।

অদ্বৈতবেদান্তের স্মৃতিপ্রস্থান পুরাণেও উক্ত বক্তব্যের সমর্থনে বিভিন্ন তথ্য পাওয়া যায়। *মার্কণ্ডেয়-পুরাণের দেবীমাহাত্ম্য* গ্রন্থে প্রথম অধ্যায়ে বলা হয়েছে–

> সা বিদ্যা পরমা মুক্তের্হেতুভূতা সনাতনী।
> সংসারবন্ধ-হেতুশ্চ সৈব সর্বেশ্বরেশ্বরী।। (*দেবীমাহাত্ম্য*, ১.৫৭-৫৮)

শংকরাচার্য বলেছেন–

> শ্লোকার্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ।
> ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ।।

শংকরাচার্যের মতে ব্রহ্মই একমাত্র সত্য অথবা তত্ত্ব। উপনিষদে ব্রহ্মকে ‘একমেবাদ্বিতীয়ম্’ (*ছান্দোগ্যোপনিষদ্* ৬.২.১) বলে বর্ণনা করা হয়েছে। ব্রহ্ম নির্বিশেষ অর্থাৎ স্বজাতীয়, বিজাতীয় ও স্বগতভেদ রহিত। তিনি নির্গুণ অর্থাৎ বিশেষণ ও গুণ রহিত। ব্রহ্ম সচ্চিদানন্দ। *তৈত্তিরীয় উপনিষদে*

বলা হয়েছে–‘সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম’ (তৈ. উ. ২.১) জীব ও ব্রহ্ম এক ও অভিন্ন। এই ব্রহ্ম সৎ, চিৎ ও আনন্দ স্বরূপ।

অদ্বৈতবাদিগণ তিনস্তরে সত্তা স্বীকার করেছেন – পারমার্থিক সত্তা, ব্যাবহারিক সত্তা ও প্রাতিভাসিক সত্তা। এই মতবাদের নাম ‘সত্তা-ত্রৈবিধ্য-বাদ’। যা কখনো বাধিত হয় না অথবা অসত্যরূপে প্রতীত হয় না, তাই পারমার্থিক সত্তা–যথা ব্রহ্ম। যা ব্রহ্মজ্ঞানোদয়ের পূর্ব পর্যন্ত সত্যরূপে প্রতীত হয়। কিন্তু ব্রহ্মজ্ঞানোদয়ের সঙ্গে সঙ্গেই বাধিত হয়ে যায়, তা ব্যাবহারিক সত্তা–যথা জগৎ। যা কিছুক্ষণের জন্য প্রত্যক্ষ হয়, পরে সংসারাবস্থাতেই অপর ব্যাবহারিক প্রত্যক্ষ দ্বারা বাধিত হয়, তা প্রাতিভাসিক সত্তা। যথা–রজ্জু–সর্প।

ব্যাবহারিক দৃষ্টিতে অর্থাৎ ব্রহ্মজ্ঞানোদয়ের পূর্ব পর্যন্ত, জগৎ সত্য। ব্যাবহারিক দৃষ্টিতে জগতকে যেরূপ সত্য বলে গ্রহণ করা হয়, সেইরূপ ব্রহ্মকেও জগৎ স্রষ্টারূপে পরিগণিত করা হয়, কারণ সৃষ্টি থাকলে তার স্রষ্টা থাকবেই। জগতের স্রষ্টা, পালক ও ধ্বংসকর্তারূপে পরিগণিত ব্রহ্মকে আচার্য শংকর ঈশ্বর নামে অভিহিত করেছেন। উপনিষদে ব্রহ্ম যেভাবে বর্ণিত হয়েছেন, একইভাবে পুরাণসমূহে ঈশ্বর অর্থাৎ দেব-দেবী স্তুত হয়েছেন। *মার্কণ্ডেয়-পুরাণের দেবীমাহাত্ম্য* গ্রন্থে একাদশ অধ্যায়ে দেবীর স্তুতি করা হয়েছে–

> সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি।
> গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণি নমোঽস্তু তে।। (*দেবীমাহাত্ম্য* ১১.১১)

তৈত্তিরীয়-উপনিষদে বলা হয়েছে–

> যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যত্ প্রযন্ত্যভিসংবিশন্তি।। (তৈ. উ. ৩.১)
>
> আনন্দাদ্ হ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। আনন্দেন জাতানি জীবন্তি। আনন্দং প্রযন্ত্যভিসংবিশন্তি।। (তৈ. উ. ৩.৬)
>
> তদ্বিজিজ্ঞাসস্ব। তদ্ব্রহ্ম। (তৈ. উ. ৩.১)

ঈশ্বরের স্বরূপ নিরূপন *বেদান্তসার* গ্রন্থে বলা হয়েছে – ‘ইযং সমষ্টিঃ উৎকৃষ্ট-উপাধিতযা বিশুদ্ধসত্ত্বপ্রধানা। এতদুপহিতং চৈতন্যং সর্বজ্ঞত্ব-সর্বেশ্বরত্ব-সর্বনিযন্তৃত্বাদিগুণকম্ অব্যক্তম্ অন্তর্যামী জগৎকারণম্ ঈশ্বর ইতি।’ ব্যাবহারিক স্তরে ঈশ্বর জগত্ কর্তৃত্ব প্রভৃতি অনন্তগুণবিশিষ্ট। সেজন্য ঈশ্বরকে সগুণ ব্রহ্ম নামেও অভিহিত করা হয়। জীব ও জগতের স্রষ্টারূপে তিনি সবিশেষ, অর্থাৎ জীব ও জগৎ তাঁর স্বগতভেদ। তিনি জীব থেকে ভিন্ন জীবের উপাস্য দেবতা। কিন্তু পারমার্থিক দৃষ্টিতে ব্রহ্ম নির্গুণ, নির্বিশেষ, নিষ্ক্রিয় এবং সৃষ্ট জগতের ন্যায় স্রষ্টা ঈশ্বরও মিথ্যা মায়ামাত্র। জগৎ কর্তৃত্ব প্রভৃতি ব্রহ্মে ‘স্বরূপ-লক্ষণ’ নয়। ‘তটস্থ-লক্ষণ’ মাত্র। অর্থাৎ এই সকল গুণ ব্রহ্মের প্রকৃত স্বরূপ দ্যোতক নয়, ব্যাবহারিক দৃষ্টিভঙ্গিজাত মিথ্যা গুণ মাত্র। সত্, চিত্ ও আনন্দ-স্বরূপতই ব্রহ্মের ‘স্বরূপ-লক্ষণ’। আত্মা অর্থাৎ ব্রহ্ম *অদ্বৈতবেদান্তের* মতে নির্গুণ ও নির্বিশেষ তত্ত্ব। নির্বিশেষ ব্রহ্মের ঈশ্বর, জীব ও জগৎ প্রভৃতি অবিদ্যাকল্পিত এবং মিথ্যা।

অদ্বৈতবেদান্তের ন্যায় *সাংখ্যদর্শনেও* নির্গুণ আত্মবাদই বাস্তব তত্ত্ব বলে ব্যাখ্যাত হয়েছে। সাংখ্যসিদ্ধান্তে আত্মা সর্বজীবে এক ও অভিন্ন নয়, প্রতি জীবে তা বিভিন্ন; নির্গুণ, চৈতন্য স্বরূপ। চৈতন্য আত্মার ধর্ম বা গুণ নয়। সাংখ্যসূত্রে বলা হয়েছে–নির্গুণত্বান্ন চিদ্ধর্মা (সাংখ্যসূত্রে ১/১৪৬)। আলোচ্য *অদ্বৈতবেদান্তের* আত্মতত্ত্ব প্রভৃতি সিদ্ধান্তের বিরুদ্ধে রামানুজাচার্য, মধ্বাচার্য, নিম্বার্ক, বল্লভাচার্য প্রভৃতি বৈষ্ণব দার্শনিকগণ তীব্র বিক্ষোভ প্রদর্শন করেছেন।[1]

রামানুজাচার্যের মতে আত্মা অর্থাৎ বুদ্ধ্যাদিগুণশূন্য হতেই পারেন না। এইরূপ ঈশ্বরে কোনরূপ প্রমাণ নেই। সকল প্রকার প্রমাণই সগুণ, সবিশেষ বস্তুই উপপাদন করে। নির্গুণ নির্বিশেষ বস্তু কোনো প্রমাণেরই বিষয় হয় না। ফলে প্রমাণাভাবে নির্বিশেষ ব্রহ্ম সিদ্ধ হতে পারে না। আগম-নিগম-পুরাণ প্রভৃতিতে নির্গুণ ব্রহ্মের প্রতিপাদক যেসব উক্তি দেখতে পাওয়া যায়, তার অর্থ এই নয় যে, ব্রহ্ম সর্বপ্রকার গুণশূন্য। নির্গুণত্বের বোধক ঐ সকল বাক্যের তাৎপর্য এই যে, সর্বপ্রকার প্রাকৃত বা

হেয়গুণশূন্য। পরব্রহ্ম পুরুষোত্তম শ্রীকৃষ্ণ, যিনি অপরিমিত-অশেষ-কল্যাণগুণের নিলয়, তিনি নির্গুণ নন। রামানুজাচার্যের মতে ব্রহ্ম নির্গুণ ও সগুণ ভেদে দ্বিবিধ, এইরূপ কল্পনারও কোনো হেতু নেই। একই গুণময় পরব্রহ্ম দিব্য কল্যাণগুণযোগে সগুণ এবং প্রাকৃত হেয়গুণশূন্য বলে নির্গুণ। এইভাবেই আচার্য রামানুজ সগুণ ও নির্গুণ বাক্যের সামঞ্জস্য বিধান করেছেন।[2]

রামানুজাচার্য, মধ্বাচার্য প্রভৃতি বৈষ্ণব বেদান্তিগণের মতে অনন্তকল্যাণগুণময় পুরুষোত্তম শ্রীকৃষ্ণই পরব্রহ্ম। সেই পরব্রহ্মের স্বরূপই স্পষ্ট ভাষায় সূত্রে বিবৃত হয়েছে। সত্যং জ্ঞানমন্তং ব্রহ্ম (তৈ. উ. ২/১/১)। বিজ্ঞানমানন্দং ব্রহ্ম (বৃহদাঃ উ. ৩/৯/২৮)।[3]

ব্রহ্মতত্ত্ব বা আত্মতত্ত্ব সম্পর্কে রামানুজাচার্যের সিদ্ধান্ত নিম্বার্ক, বল্লভাচার্য, মধ্বাচার্য প্রভৃতি সকল বৈষ্ণব বেদান্ত সম্প্রদায়ই নিঃসংশয়ে গ্রহণ করেছেন। ব্রহ্মকে রামানুজ বিষ্ণু ও নিম্বার্ক কৃষ্ণ নামে অভিহিত করেছেন—এই মাত্র সাম্প্রদায়িক প্রভেদ। নিম্বার্কের মতে ব্রহ্ম সজাতীয় ও বিজাতীয় ভেদরহিত হলেও স্বগতভেদবান অর্থাৎ জীব জগৎ তাঁর স্বগতভেদ। মধ্বের মতে ব্রহ্মই একমাত্র স্বতন্ত্র সত্তা। বিষ্ণুই ব্রহ্ম। ব্রহ্ম নির্গুণ নন, সগুণ। তিনি অনন্তকল্যাণ গুণের আধার ও সর্বদোষশূন্য। ব্রহ্ম হলেন একমেবাদ্বিতীয়ম্। মধ্ব-মতে ব্রহ্ম নিষ্ক্রিয় নন, সক্রিয়। ব্রহ্ম জগতের নিমিত্ত কারণমাত্র, উপাদান কারণ নন। মধ্ব-মতে ব্রহ্মই বিশ্বচরাচরের একমাত্র শাসক। তিনি নিয়ন্তা। জীব, জগৎ তাঁর দ্বারাই নিয়ন্ত্রিত। জীবের জ্ঞানের কারণও তিনিই। জীবের কর্মানুসারে তিনি জীবকে জন্মজন্মান্তভাগী করে তার বন্ধের কারণ হন এবং পুনরায় জীবকে কৃপাপূর্বক মুক্তিপ্রদানও করেন।

মধ্বাচার্যের মতে জ্ঞান হল ব্রহ্ম ও জীবজগতের ভেদজ্ঞান। এছাড়া রামানুজ ও নিম্বার্কের মতের সঙ্গে মধ্বাচার্যের মতের অপর একটি প্রভেদ লক্ষ্য করা যায়। রামানুজ ও নিম্বার্কের মতে জীব স্বীয় প্রচেষ্টায় সাক্ষাৎ ব্রহ্মে আত্মসমর্পণ করে, সাক্ষাৎ ব্রহ্মকে দর্শন করে। কিন্তু মধ্বাচার্যের মতে, ব্রহ্মের সঙ্গে জীবের এরূপ সাক্ষাৎ সংস্পর্শ সম্ভবপর নয়।

বল্লভাচার্য তিনি তার শুদ্ধাদ্বৈতবাদে বলেছেন, ব্রহ্ম জ্ঞানমার্গীর নিকট ব্রহ্মরূপে অনুভূত হন, ভক্তের নিকট ভগবান-রূপে। জীব, জগৎ ব্রহ্মের ন্যায় সত্য হলেও ব্রহ্ম থেকে সম্পূর্ণ অভিন্ন। সেইজন্য ব্রহ্ম সবিশেষ নন, নির্বিশেষ, সজাতীয়, বিজাতীয় ও স্বগতভেদরহিত। বল্লভাচার্যের মতে ব্রহ্মের সঙ্গে সাযুজ্যই মুক্তি বা মোক্ষ। মোক্ষ অর্থে পরব্রহ্মে প্রবেশ। এর ফলে জীবাত্মার অস্তিত্বর বিলয় হয় না। পূর্ণানন্দ-স্বরূপ পুরুষোত্তমের মধ্যে প্রবেশের ফল হল আনন্দময়ত্ব প্রাপ্তি। ভক্তিই মোক্ষের প্রধান সাধন।

গৌড়ীয় বৈষ্ণব দর্শন সম্প্রদায়ের মতে—ব্রহ্ম থেকে বিশ্ব উদ্ভূত এবং ব্রহ্মেই বিশ্বলীন হয়। ব্রহ্ম জগতের অপাদান, করণ ও অধিকরণ কারক। ব্রহ্ম অর্থে স্বয়ং ভগবান। শ্রীকৃষ্ণই স্বয়ং ভগবান।[4]

উপনিষদ্ এবং বেদান্তদর্শনে ব্রহ্ম যেভাবে বর্ণিত হয়েছেন, একইভাবে পুরাণসমূহে ঈশ্বর অর্থাৎ দেব-দেবী স্তুত হয়েছেন।

অগ্নিপুরাণ

আঠারোটি মহাপুরাণের মধ্যে *অগ্নি-পুরাণ* অন্যতম। শ্লোক সংখ্যা প্রায় ১১৫০০। এটি একটি প্রাচীন পুরাণ। একে পৌরাণিক ও সাহিত্যবিদ্যার কোষ গ্রন্থ বলা হয়। ঋষি বশিষ্ঠের অনুরোধে অগ্নিদেব এই পুরাণ রচনা করেছিলেন। এই পুরাণে বিষ্ণুর বিভিন্ন অবতারের বর্ণনা, বংশানুচরিত, সৃষ্টিতত্ত্ব প্রভৃতির বর্ণনা আছে। এছাড়াও এই পুরাণে ছন্দ, অলংকার, ব্যাকরণ, স্মৃতিশাস্ত্র, আয়ুর্বেদ, রাজনীতি, ভূগোল ইত্যাদির বর্ণনা আছে। এটি বৈষ্ণব পুরাণ, তবে এতে তান্ত্রিক উপাসনা পদ্ধতি, লিঙ্গপূজা, দুর্গাপূজা ইত্যাদি শাক্ত ও শৈব বিষয়বস্তু রয়েছে।

অগ্নিপুরাণে ১.৫-৯ এবং ৩৪৮.১-২৮ অধ্যায়ে ব্রহ্ম বিষয়ে বর্ণনা করা আছে, এছাড়া পরাবিদ্যা সম্পর্কে ১.১৭-১৮ অধ্যায়ে বর্ণনা আছে। ব্রহ্মজ্ঞান ৩৭৭.১-৩৭৯.৩২ অধ্যায়ে বর্ণিত আছে। ৩৮১ অধ্যায়ে *ভগবদ্গীতার* মতবাদের সংক্ষিপ্তসার এবং ৩৮২ অধ্যায়ে যমগীতা রয়েছে। এই অধ্যায়েই আত্মজ্ঞান বর্ণিত হয়েছে এছাড়া ৫৯.১-৫৮ অধ্যায়ে জ্ঞানতত্ত্ব বিস্তৃতভাবে আলোচনা করা হয়েছে। ৭৪ অধ্যায়ে শিবের উপাসনা বর্ণিত হয়েছে। *অগ্নিপুরাণে* এছাড়াও যাবতীয় সমস্ত সাহিত্যবিদ্যার উপরেই আলোকপাত করা হয়েছে।

অগ্নিপুরাণে সমস্তবিদ্যাই প্রতিষ্ঠিত আছে–আগ্নেয় হি পুরাণেঽস্মিন্ সর্ববিদ্যাঃ প্রতিষ্ঠিতাঃ। *যোগদর্শন*, *অদ্বৈত-বেদান্ত*, *গীতা* প্রভৃতির আলোচনা পুরাণে লক্ষ্য করা যায়। *পাতঞ্জল-দর্শনে* পাই– যোগশ্চিত্ত-বৃত্তি-নিরোধঃ।

যোগী যখন ঈশ্বরলীন হয়ে যান তখন সর্ববিদ্যা তাঁর ভিতরে স্বয়ং উপস্থিত হয়। বেদাদিশাস্ত্র, ছন্দ, রসায়ন, কাব্য, শিল্পকলা, ভোগ্য সামগ্রী তখন যোগীর ইচ্ছাধীন হয়ে পড়ে। সবকিছুকে যোগী তৃণের মতো পরিত্যাগ করতে পারেন বলে ভগবান বিষ্ণু তাঁর উপরে একান্তভাবে প্রসন্ন হন। এইরূপ গুণযুক্ত যোগী শিষ্যের মধ্যে তাঁর দিব্যজ্ঞানের প্রকাশ ঘটাতে সক্ষম হন। এই অবস্থা মুক্তির আনন্দানুভবের স্বরূপ হলেও ব্রহ্মলীন অবস্থা নয়। যোগযুক্ত ব্যক্তি দেহত্যাগের পর ব্রহ্মলীন হয়ে মুক্ত হন। *অদ্বৈত-বেদান্তে*ও দুই প্রকার মুক্তির উপদেশ পাওয়া যায়। জীবন্মুক্তি ও বিদেহমুক্তি। যোগী ব্যক্তি জীবিত অবস্থায় থেকেও সংসারের মালিন্য থেকে মুক্ত থাকেন। একে বলে জীবন্মুক্তি। জীবন্মুক্ত ব্যক্তি দেহত্যাগের পর বিদেহমুক্তি পান। কেবল যোগদর্শনই নয়, *অদ্বৈত-বেদান্তে*র ব্রহ্ম সম্পর্কেও আলোচনা এই পুরাণের ৩৮০ অধ্যায়ে জড়ভরতের উপাখ্যান প্রসঙ্গে পরিলক্ষিত হয়। *ভাগবতে*র ৫ম স্কন্দেও এই উপাখ্যানটি পাওয়া যায়। অহং সত্ত্বার নিরূপণ প্রসঙ্গে শংকরাচার্য দেখিয়েছেন দেহ, ইন্দ্রিয়, বুদ্ধি প্রভৃতির কোনটাই আমি নয় 'শিবোঽহং''শিবোঽহং'। একই আকাশ যেমন নীল, পীতাদি ভেদে দৃষ্ট হয়; তেমনি অজ্ঞান উপহিত জীব বিষ্ণুকে পৃথক্ পৃথক্ বলে দর্শন করে। *অদ্বৈত-বেদান্তে*র মতানুসারে একমাত্র জ্ঞান লাভের জন্য সর্বদা ব্রহ্মকেই চিন্তা করতে হবে। ব্রহ্ম হলেন একমাত্র সত্।[5]

ব্রহ্মপুরাণ

পুরাণ তালিকায় *ব্রহ্মপুরাণে*র নাম সর্বাগ্রে বলা হয়েছে। এই কারণে অনেকে *ব্রহ্মপুরাণ*কে আদি পুরাণ বলে অভিহিত করতে চেয়েছেন। আমি আমার এই পত্রটিতে *ব্রহ্মপুরাণে*র বেদান্তদর্শন বিষয়ক বিভিন্ন তত্ত্বের উল্লেখ করতে চাই। পুরাণে আলোচিত বিভিন্ন কাহিনীর মাধ্যমে সেই তত্ত্ব ক্রমশ প্রকাশিত হবে। *বিষ্ণুপুরাণে* কথিত কৃষ্ণের বাল্যলীলার কাহিনীর সঙ্গে ব্রহ্মপুরাণোক্ত কৃষ্ণলীলার কাহিনীর সাম্য লক্ষ্য করা যায়। এই পুরাণের একটি বিশাল অংশ জুড়ে আছে গৌতমী মাহাত্ম্য।

*সাংখ্যদর্শনে*র মূল কথাগুলি *ব্রহ্মপুরাণে* পাওয়া যায়। এখানে কিন্তু কপিল *সাংখ্যদর্শনে*র বক্তা নন, বশিষ্ঠ হলেন তার বক্তা। তাছাড়া *সাংখ্যদর্শনে* চতুর্বিংশতি তত্ত্বের কথা বলা হয়েছে। সেখানে *ব্রহ্মপুরাণে* তত্ত্বের সংখ্যা ৩৫টি। *সাংখ্যদর্শন* নিরীশ্বরবাদী দর্শন। তাঁরা ঈশ্বরকে প্রমাণের অভাবের জন্য অসিদ্ধ বলে ব্যাখ্যা করেছেন। অথচ *ব্রহ্মপুরাণে* সাংখ্যের কথা প্রসঙ্গে জ্ঞান ও ভক্তিবাদের সমন্বয়ের প্রচেষ্টা লক্ষ্য করা যায়। এই পুরাণের শেষ অধ্যায়ে পুরাণ মাহাত্ম্যের কথা বলা হয়েছে।[6]

মার্কণ্ডেয়পুরাণ

মার্কণ্ডেয়পুরাণে বেদান্ত-বিষয়ক গ্রন্থাংশের নিম্নলিখিত সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল। *মার্কণ্ডেয়পুরাণে*র অন্তর্গত *দেবী-মাহাত্ম্য* একটি উল্লেখযোগ্য গ্রন্থ। দেবী দুর্গাই হলেন পরমসত্তা। *বেদান্ত* মতানুসারে পরমসত্তা (Supreme Being) ব্রহ্ম উভয় প্রকার 'নির্গুণ' অথবা যে-কোনও গুণগত বৈশিষ্ট্য ছাড়াই (without form and qualitative attributes) এবং 'সগুণ' অথবা গুণগত বৈশিষ্ট্য সহ (with form and qualitative attributes)। নির্গুণ হিসেবে তিনি এক এবং অদ্বিতীয়। তবে সগুণ সত্তা হিসেবে তিনি পুরুষ অথবা নারী হতে পারেন। *দেবী-মাহাত্ম্য* হল একটি শাক্ত গ্রন্থ।

এখানে ব্রহ্মের পরিবর্তে ইনি হলেন মহামায়া আদ্যা শক্তি, সকল সৃষ্টি, স্থিতি ও ধ্বংসের কারণ। যেমন *অদ্বৈত-বেদান্ত* ব্রহ্মকে জগতের অর্থাৎ স্থাবর জঙ্গমাত্মক প্রপঞ্চের সৃষ্টি (creation), স্থিতি (sustaining) এবং লয় (devolution)-এর কারণ হিসেবে ব্যাখ্যা করা হয়েছে।

দেবী-মাহাত্ম্য গ্রন্থে আদ্যা শক্তি প্রকৃতি তিনি অদ্বিতীয়া, এক, নিরপেক্ষ। তাঁকে বেদান্তের দৃষ্টিভঙ্গিতে বলা যায় নিরাকার ব্রহ্ম বা সচ্চিদানন্দ (Being-Consciousness-Bliss) স্বরূপ পরমসত্তা (Supreme Being)। ব্রহ্ম হলেন সর্বোচ্চ সত্তা (Highest Being), নির্গুণ। ঈশ্বর হলেন সমষ্টি অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্য। সমষ্টি অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্যই সর্বজ্ঞত্ব, সর্বেশ্বরত্ব, সর্বনিয়তৃত্ব প্রভৃতি গুণবিশিষ্ট অব্যক্ত, অন্তর্যামী, জগত্ কারণ 'ঈশ্বর' নামে অভিহিত হন। ঈশ্বরের স্বরূপ নিরূপন *বেদান্তসার* গ্রন্থে বলা হয়েছে–'ইযং সমষ্টিঃ উৎকৃষ্ট-উপাধিতযা বিশুদ্ধসত্বপ্রধানা। এতদুপহিতং চৈতন্যং

সর্বজ্ঞত্ব-সর্বেশ্বরত্ব-সর্বনিয়ন্তৃত্বাদিগুণকম্ অব্যক্তম্ অন্তর্যামী জগৎকারণম্ ঈশ্বর ইতি।' সমষ্টি অজ্ঞানের অবভাসক বলে ঈশ্বর হলেন সর্বজ্ঞ। তিনি কর্মানুস্বরূপ ফলদান করে সকল জীবকে শাসন করেন তাই 'ঈশ্বর'। *ব্রহ্মসূত্র* গ্রন্থের দ্বিতীয় সূত্রটি হল—জন্মাদ্যস্য যতঃ। এই সূত্রানুযায়ী অখিল ভুবনের উৎপত্তি, স্থিতি, বিনাশ যাঁর থেকে হয়ে থাকে, তিনি ব্রহ্ম। ব্রহ্মের তটস্থ লক্ষণ হল 'ঈশ্বরের জগত্ কারণত্ব' এবং ব্রহ্মের স্বরূপ লক্ষণ হল 'সচ্চিদানন্দ'। *তৈত্তিরীয় উপনিষদে* উক্ত হয়েছে—

> যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যত্ প্রয়ন্ত্যভিসংবিশন্তি।। (তৈ. উ. ৩.১)

সকাম উপাসক যিনি সাধনা করেন তিনি একটি নির্দিষ্ট আকাঙ্ক্ষা বা লক্ষ্য মনে রেখে যা চান তা অর্জন করেন। যখন একজন নিষ্কাম উপাসক অর্থাৎ কোনো ব্যক্তি কোনো প্রত্যাশা বা বাসনা ছাড়াই সাধনা করে, তখন সে মোক্ষ অর্জন করে। যেমন *মার্কণ্ডেয়-পুরাণে* বলা হয়েছে, দেবী ভগবতীর আরাধনা করে ঐশ্বর্যকামী রাজা সুরথ অখণ্ড সাম্রাজ্য লাভ করেছিলেন এবং বৈরাগ্যবান বণিক সমাধি সকল বন্ধন থেকে মুক্তি রূপ দুর্লভ জ্ঞানলাভের ফলে মোক্ষপ্রাপ্ত হয়েছিলেন।[7] এই বক্তব্য প্রমাণ করে যে এই পুরাণ জ্ঞানতত্ত্বের বিবরণ দেয় অর্থাৎ জ্ঞানই হল সংসার চক্রের বন্ধন থেকে মুক্তির মাধ্যম।

দেবী-মাহাত্ম্য গ্রন্থে প্রথম অধ্যায়ে বলা হয়েছে—

> সা বিদ্যা পরমা মুক্তের্হেতুভূতা সনাতনী।
> সংসারবন্ধহেতুশ্চ সৈব সর্বেশ্বরেশ্বরী।। (*দেবী-মাহাত্ম্য* ১.৫৭-৫৮)

অর্থাত্, তিনি (দেবী মহামায়া) এই সম্পূর্ণ চরাচর জগত্ সৃষ্টি করেন, আবার তিনিই প্রসন্না হলে মানুষকে মুক্তি লাভের জন্য বরদান করেন। তিনিই সংসার বন্ধন ও মোক্ষের কারণস্বরূপা পরাবিদ্যা ও সনাতনী (অন্তবিহীনা) দেবী তথা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাদি সকল ঈশ্বরের ঈশ্বরী।

বেদান্ত অনুসারে ব্রহ্মই বিশ্বপ্রপঞ্চের সৃষ্টির কারণ। *দেবী-মাহাত্ম্য* গ্রন্থের একাদশতম অধ্যায়টিতে জানা যায়—

> সর্বভূতা যদা দেবী ভুক্তিমুক্তিপ্রদায়িনী।
> ত্বং স্তুতা স্তুতয়ে কা বা ভবন্তু পরমোক্তয়ঃ।। (*দেবী-মাহাত্ম্য* ১১.৭)

মার্কণ্ডেয়-পুরাণের দেবীমাহাত্ম্য গ্রন্থে একাদশ অধ্যায়ে দেবীর স্তুতি করা হয়েছে—

> সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি।
> গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণি নমোঽস্তু তে।। (*দেবীমাহাত্ম্য* ১১.১১)

অর্থাৎ, আপনিই (দেবী মহামায়া) যখন সর্বস্বরূপা স্বর্গ ও মোক্ষ প্রদানকারিণী দেবী, তখন এই রূপেই আপনার (দেবীর) স্তুতি করা হয়েছে।

উপনিষদে ব্রহ্ম যেভাবে বর্ণিত হয়েছেন, একইভাবে *দেবী-মাহাত্ম্য* গ্রন্থে দেবীরও স্তুতি করা হয়েছে। *তৈত্তিরীয় উপনিষদে* বলা হয়েছে—

> যতো বা ইমানি ভূতানি জায়ন্তে। যেন জাতানি জীবন্তি। যত্ প্রয়ন্ত্যভিসংবিশন্তি।। (তৈ. উ. ৩.১)
>
> আনন্দাদ্ হ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। আনন্দেন জাতানি জীবন্তি। আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি।। (তৈ. উ. ৩.৬)
>
> তদ্বিজিজ্ঞাসস্ব। তদ্ব্রহ্ম। (তৈ. উ. ৩.১)

উপসংহার

পুরাণ সর্বকালে সর্বশ্রেণীর পরম হিতকারী বন্ধু। পুরাণের মধ্যে প্রায় সকল জটিল তত্ত্বের সুমীমাংসা করা হয়েছে। বেদান্তশাস্ত্র তথা *অদ্বৈত-বেদান্ত* শাস্ত্রের *স্মৃতিপ্রস্থান* পুরাণে ঈশ্বরের ধারণা ও মোক্ষতত্ত্ব সম্পর্কে নানা তথ্যের উল্লেখ আছে।

আমি আমার এই পত্রটিতে অষ্টাদশ মহাপুরাণের মধ্যে অন্যতম *অগ্নি-পুরাণ, ব্রহ্ম-পুরাণ, মার্কণ্ডেয়-পুরাণের দেবী-মাহাত্ম্য* প্রভৃতি মহাপুরাণে উপলব্ধ ঈশ্বরের ধারণা ও মোক্ষতত্ত্ব সম্পর্কে আলোচনা করতে সচেষ্ট হয়েছি। সমস্ত মার্গই আমাদের একটি লক্ষ্যস্থলে পৌঁছিয়ে দেয়। সকল ধর্ম এবং সকল সাধন প্রণালীই সেই চরম লক্ষ্যে আমাদের নিয়ে যেতে সাহায্য করে। চরম লক্ষ্যটি হল মোক্ষ বা মুক্তি। যা কিছু আমরা দেখি বা অনুভব করি, পরমাণু থেকে মনুষ্য, অচেতন প্রাণহীন জড়বস্তু থেকে জগতে বিদ্যমান সত্তা জীবাত্মা (self) পর্যন্ত সকলেই মুক্তির জন্য সর্বদা সচেষ্ট। অদ্বৈতবেদান্তী শংকরাচার্যের মতে মোক্ষ হল ব্রহ্মজ্ঞানী হয়ে ব্রহ্মেলীন হওয়া। আচার্য শংকর হলেন বিশুদ্ধ জ্ঞানমার্গী, অন্যান্য বেদান্তীগণ (প্রায় সকলেই বৈষ্ণব) হলেন ভক্তিমার্গী। ভক্তিমার্গ অবলম্বনকারীদের মতে মোক্ষ হল ব্রহ্মের সারূপ্য, সালোক্য, সাযুজ্য লাভ; অনেকটা ‘চিনি হওয়া ভাল নয়, মন চিনি খেতে ভালোবাসি’ এইরূপ। শংকরাচার্য জ্ঞান ও কর্মের বিস্তর পার্থক্য বিচার করে কেবল জ্ঞানকে মোক্ষের সাধন বলেছেন। অন্যান্য বেদান্তীগণ জ্ঞানকর্মসমুচ্চয়ের পথিক। আচার্য শংকরের মতে ব্রহ্ম নির্গুণ, নিষ্ক্রিয়। বৈষ্ণব বেদান্তীগণের মতে ব্রহ্ম অখিলকল্যাণগুণগণ, পুরুষোত্তম, নিকৃষ্টগুণলেশরহিত বাসুদেব, জগৎ এবং জীবের সঙ্গে যিনি লীলায় সম্পৃক্ত।

উল্লেখপঞ্জি

1. Ashutosh Bhattyacharya (ed.), *Vedāntadarśana-advaitavāda*, part 3, p. 91.
2. Ibid., pp. 93-94, (ন চ নির্গুণবাক্যবিরোধঃ; প্রাকৃত হেযগুণবিষয়ত্বাত্তেষাম্।– *শ্রীভাষ্য*, p. 124, নির্ণয়সাগর সং)।
3. Ibid., p. 106.
4. Rama Chowdhuri, *Vedāntadarśana*, pp. 20-40.
5. Udaychandra Bandyopadhyay (ed.), *Purāṇa*, pp. 163-166.
6. Ibid, p. 43.
7. *Śrī Śrī Caṇḍī* p. 3.

Select Bibliography

Agnipurāṇa. Ed. and Beng. trans. Pañcānana-tarkaratna. Calcutta (now Kolkata): Navabharat Publishers, 1389 BY.

Agnipurāṇa. Ed. with Hind exp. Shibaprasad-dvivedi. Delhi: Chaukhamba Sanskrit Pratisthan, 2004. (Brajajiban Prachyabharati Granthamala 106).

Apte, Vaman Shivram. Comp. and ed. *The Practical Sanskrit-English Dictionary*. Delhi/ Varanasi/ Patna: MLBD, 1975. (Rpt. of 4th rev. and enl. ed. 1956).

Bandyopadhyay, Haricharan (Comp. and ed.). *Baṅgīya Śabdakoṣa*. Vol. 2. Calcutta (now Kolkata): Sahitya Akademi, 2008. (7th rpt. of rev. rpt. of 2nd ed. 1978).

Bandyopadhyay, Udayachandra. Ed. *Purāṇa parikramā o prabandha*. Kolkata: Sanskrit Book Depot, 2018.

Banerji, S.C. *Studies in the Mahāpurāṇas*. Calcutta (now Kolkata): Punthi Pustak, 1991.

Basu, Ratna / Das, Karunasindhu. Ed. *Aspects of Manuscriptology*. Kolkata: The Asiatic Society, 2005.

Basu, Ratna. *Methodology and Sanskritic Researches*. Kolkata: School of Vedic Studies, Rabindra Bharati University, 2012. (Rev. 2nd ed., 1st ed. 1998). (School of Vedic Studies Pamphlet Series 4).

Bhattacharya, Ramshankar. *Subject Index to the Agnipurāṇa: With important proper names*, with an elaborate intro. Varanasi: Bharatiya Vidya Prakashan, 1963.

Bhattacharya, Ashutosh. *Vedāntadarśana-advaitavāda*. Part 3. *Vedānta-tattvasamīkṣā*. Calcutta (now Kolkata): Calcutta University Press, 1368 BY.

Biśvakoṣa. Comp. Nagendranath Basu. Vol. 11. Calcutta (now Kolkata): Biśvakoṣakārjālaya, 1307 BY.

Brahmapurāṇa. Ed. and Beng. Trans. Pañcānana-tarkaratna. Kolkata: Navabharat Publishers, 1409 BY.

Brahmapurāṇa. Ed. Ashok Chatterjee and trans. Annada Sankar Pahari. Calcutta (now Kolkata): 1359 BY. (Puran Sangraha 1).

Chakraborty, Nirod Baran. Comp. *A Dictionary of Advaita-Vedānta*. Kolkata: The Ramkrishna Mission Institute of Calcutta, 2016 (4th rpt. of 1st ed. 2003).

Chattopadhyay, Ashok. Ed. *Purāṇa paricaya*. Calcutta (now Kolkata): Modern Book Agency Private Limited, 1977.

Chowdhuri, Rama. *Vedāntadarśana*. Calcutta (now Kolkata): Visvabharati Granthalaya, 1356 BY. (2nd Ed.; 1st ed. 1351 BY).

Devī-māhātmya. Eng. trans. Jagadiswarananda. Madras (now Chennai): Sri Ramkrishna Math, 2015. (21st rpt. of 1st ed. 1953).

Devī-māhātmya. In Praise of the Goddess. Trans. and comm. Devadatta Kālī. Delhi: MLBD, 2010. (Rpt. of 1st ed. 2008).

Devīpurāṇa. Ed. and Beng. trans. Pañcānana-tarkaratna. Calcutta (now Kolkata): Navabharat Publishers, 1384 BY.

Durgāsaptaśatī. Ed. N.C. Panda and Eng. trans. F.E. Pargiter. Pts. 1 and 2. Delhi: Bharatiya Kala Prakashan, 2012.

Eight Upaniṣads. Vol. 1. (*Īśa*, *Kena*, *Kaṭha* and *Taittirīya*). Ed. and Eng. trans. Swami Gambhirananda. With comm. of Śaṃkarācārya. Calcutta (now Kolkata): Advaita Ashrama. 1957.

Eight Upaniṣads. Vol. 2. (*Aitareya*, *Muṇḍaka*, *Māṇḍūkya* and *Praśna*). Ed. and Eng. trans. Swami Gambhirananda. With comm. of Śaṃkarācārya. Calcutta (now Kolkata): Advaita Ashrama. 1957.

Manusaṃhitā. Ed. and Beng. trans. Manabendu Bandyopadhyay. Kolkata: Sanskrit Pustak Bhandar, 1419 BY (3rd ed.; 1st ed. 1410 BY).

Mākaṇḍeyapurāṇa. Ed. and Beng. trans. Pañcānana-tarkaratna. Calcutta (now Kolkata): Navabharat Publishers, 1390 BY.

Monier-williams, Monier. *A Sanskrit–English Dictionary*. Delhi: MLBD, 1963. (Rpt.; 1st ed. Oxford University Press, 1899).

Purāṇic Encyclopaedia. A Comprehensive Dictionary with Special Reference to the Epic and Purāṇic Literature. Comp. Vettam Mani. Delhi: Motilal Banarsidass, 1975.

Śabdakalpadruma. Comp. and ed. Radha Kanta Deva. *The Śabdakalpadruma*. Vols. 1, 2, 3, 4, 5. Delhi: Nag Publishers, 1988, 1988, 1987, 1987,1987. (Rpt.).

Śrīmadbhāgavata-mahāpurāṇa. Skanda 9-12. Gorakhpur. Gita Press, 2009(3rd rpt.).

Śrī Śrī Caṇḍī. Trans. Ramnarayandutta Shastri and Beng. trans. Durgaprasanna Bhattacharya. Gorakhpur: Gita Press, 2015. (17th rpt.).

তর্কসিদ্ধান্তসংক্ষেপ ও অন্যান্য কতিপয় দর্শনগ্রন্থানুসারে শরীরনিরূপণ

লিপি বর্মন

সংক্ষিপ্তসার: প্রমাণ, প্রমেয় প্রভৃতি ষোড়শ পদার্থের তত্ত্বজ্ঞান থেকে নিঃশ্রেয়সপ্রাপ্তি হয় – এই হল গৌতমীয় ন্যায়দর্শনের প্রথম সূত্রের অর্থ। তাই পদার্থসমূহের যথাযথ জ্ঞান আবশ্যক। দ্বিতীয় প্রমেয় পদার্থের মধ্যে সর্বপ্রাণিবর্গের অনুভবের বিষয় হল দুঃখ। সেই দুঃখের অভাব আমাদের সবার কাঙ্ক্ষিত। আর অভাবের জ্ঞান প্রতিযোগীর জ্ঞানের অধীন – এই নিয়ম অনুসারে যার অভাব আকাঙ্ক্ষিত তার জ্ঞান থাকা প্রয়োজন। তাই দুঃখ কী তা আমাদের জানা দরকার। *ন্যায়বার্ত্তিকে* দুঃখের প্রকার নিরূপণপূর্বক তার স্বরূপ নিরূপণ করতে গিয়ে বলা হয়েছে – *একবিংশতিপ্রভেদভিন্নং পুনর্দুঃখং - শরীরং, ষডিন্দ্রিয়াণি, ষড্বিষয়া, ষড়্-বুদ্ধযঃ, সুখং দুঃখঞ্চ ইতি*। এই একুশ প্রকার দুঃখের মধ্যে অন্যতম হল শরীর, যেহেতু এই শরীর আমাদের যেমন দুঃখের কারণ হয় সেরকমই দুঃখের নিবৃত্তি এই শরীরের মাধ্যমেই হয়ে থাকে। তাই শরীরবিষয়ক জ্ঞান উপাদেয় এবং আলোচ্য। এই প্রবন্ধে আমরা ন্যায়-বৈশেষিকদর্শন ও বিশিষ্টাদ্বৈতদর্শনের দৃষ্টিতে শরীর নিয়ে আলোচনা করব।

সূচক শব্দ: শরীর, ভোগায়তন, ইন্দ্রিয়াশ্রয়ত্ব, চেষ্টাশ্রয়ত্ব, পাঞ্চভৌতিক, শরীরভেদ, বৃক্ষশরীর।

সমগ্র প্রাণিবর্গ *সুখং মে ভূযাত্ দুঃখং মে মাভূত্* অর্থাৎ আমার সুখ থাক, দুঃখ দূরীভূত হোক – এই আশাতেই অনবরত ভ্রাম্যমাণ। এই ঈপ্সিত সুখ ও দুঃখের নিবৃত্তি আত্যন্তিক ও ঐকান্তিক হলে তা মোক্ষ নামে কথিত হয়। এই মোক্ষ চতুর্বিধ পুরুষার্থের মধ্যে চরম ও পরম। প্রথম পুরুষার্থটি হল ধর্ম। ধর্ম কথার বহুবিধ অর্থ থাকলেও সামান্যত যা ধারণ করে অর্থাৎ কর্তব্যকর্মকে বোঝানো হয়, যেহেতু শাস্ত্রে স্বস্বকর্তব্যরূপে নির্দিষ্ট কর্মের বা আচারের পালনের মাধ্যমে ঐহিক ও পারলৌকিক সর্ববিধ মর্যাদা রক্ষিত হয়। ধর্মই সর্ববিধ উন্নতির সোপান। তাই বৈশেষিকদর্শনে বলা হয়েছে – *যতোঽভ্যুদযনিঃশ্রেযসসিদ্ধিঃ স ধর্মঃ* [১]। আরও কথা, দ্বিতীয় ও তৃতীয় পুরুষার্থ যথাক্রমে অর্থ ও কাম বিশেষভাবে সাধারণ মনুষ্যবর্গের অধিক ঈপ্সিত হলেও তা ধর্মাশ্রিতরূপেই অর্জনীয় ও উপভোগ্য। যেহেতু ধর্মপথে অর্জিত অর্থই প্রকৃতপক্ষে ইচ্ছাপূরণপূর্বক প্রসন্নতার জনক। তাই সুখের জনক এই ধর্ম সর্বজনকর্তৃক আচরণীয়। আচরণীয় ধর্মে সহায়ক হয় শরীর। তাই কবি বলেছেন - *শরীরমাদ্যং খলু ধর্মসাধনম্* [২]। শরীর ছাড়া কোনো কিছু করা শরীরীর(অর্থাৎ যার শরীর আছে) পক্ষে অসম্ভব – এটি হল সর্বজনসম্মত অবিবাদিত সিদ্ধান্ত। তাই শরীরের গুরুত্ব অনস্বীকার্য।

ভারতীয় দর্শনে জীব, জগৎ প্রভৃতি বিষয়ের আলোচনা প্রসঙ্গক্রমে শরীরও চর্চিত হয়েছে। দার্শনিক মহলের সিদ্ধান্ত হল - *লক্ষণপ্রমাণাভ্যামেব হি বস্তুসিদ্ধিঃ* [৩]। অর্থাৎ লক্ষণ ও প্রমাণের দ্বারাই বস্তুর সিদ্ধি হয়। তাই শরীরের অসাধারণ ধর্মটি কী? - এই জিজ্ঞাসাটি এসেই পড়ে। *তর্কসিদ্ধান্তসংক্ষেপ* গ্রন্থে শরীরের লক্ষণপ্রসঙ্গে বলা হয়েছে – *ভোগাযতনত্বং শরীরত্বম্* [৪]। যেটি ভোগের আয়তন বা আশ্রয় তাই শরীর। ভোগ কথার অর্থ *স্বসমবেতসুখদুঃখান্যতরসাক্ষাৎকারঃ ভোগঃ* [৫] অর্থাৎ আত্মাতে সমবেত সুখ ও দুঃখের মধ্যে যে কোনোটির অনুভব হল ভোগ। আমাদের শরীরেই সুখ বা দুঃখের অনুভব হয়। শরীর না থাকলে এই সুখ বা দুঃখের অনুভবাত্মক জ্ঞান উৎপন্ন হয় না। এখন প্রশ্ন হয়, ন্যায়দর্শন মতে ঈশ্বরেরও শরীর[৬] আছে। তবে কি পরমাত্মারও সুখ বা দুঃখের অনুভব হয়? না, পরমাত্মা সুখদুঃখের অতীত। তাই ঈশ্বরের গুণ নিরূপণ করতে গিয়ে বলা হয়েছে -

> বাযোর্নবৈকাদশ তেজসো গুণা
> জলক্ষিতিপ্রাণভৃতাং চতুর্দশ।
> দিক্কালযোঃ পঞ্চ ষডেব চাম্বরে
> মহেশ্বরেঽষ্টৌ মনসস্তথৈব চ॥[৭]

সুখ-দুঃখের অনুভব ধর্ম-অধর্মরূপ অদৃষ্টের অধীন। ঈশ্বরের অদৃষ্ট না থাকায় তাঁর সুখদুঃখের সাক্ষাৎকাররূপ ভোগও হয় না। তাই পূর্বোক্ত লক্ষণটি পরমাত্মার শরীরকে ব্যাপ্ত না করায় অব্যাপ্তিদোষদুষ্ট। এই দোষ নিবৃত্তির জন্য বলা হয়েছে – *চেষ্টাশ্রযত্বং শরীরত্বম্* [৮] অর্থাৎ চেষ্টার আশ্রয় হল শরীর। চেষ্টা শব্দটি সামান্যভাবে ক্রিয়াকে বোঝালেও এখানে ক্রিয়াবিশেষকে বোঝায়। চেষ্টা কথার অর্থ হিতপ্রাপ্তি ও অহিতনিবৃত্তির জন্য যে ক্রিয়া[৯]। অন্যবিধ শরীরের মতোই ঈশ্বরের মধ্যে তাদৃশ চেষ্টা থাকায় ঈশ্বরীয় শরীরে লক্ষণসঙ্গতি হয়। এখানে মনে রাখতে হবে যে, স্বকীয় কোনো হিতপ্রাপ্তি বা

অহিতনিবৃত্তিরূপ প্রয়োজনসিদ্ধির জন্য ঈশ্বরের চেষ্টা না থাকলেও জীবের হিতপ্রাপ্তি প্রভৃতির জন্য ঈশ্বরের চেষ্টা বর্তমান থাকে। তাই মহর্ষি গৌতম সূত্র করেছেন – *চেষ্টেন্দ্রিযার্থাশ্রযঃ শরীরম্* [১০]। অর্থাৎ চেষ্টাশ্রয়ত্ব, ইন্দ্রিয়াশ্রয়ত্ব ও অর্থাশ্রয়ত্ব(অর্থাৎ সুখ-দুঃখরূপ অর্থদ্বয়ের মধ্যে যে কোনো একটির আশ্রয় হওয়া) – এই তিনটি হল শরীরের লক্ষণ। প্রশ্ন হয়, এই চেষ্টা শরীরের ন্যায় শরীরের অবয়বে অর্থাৎ হস্ত, পদ প্রভৃতিতেও আমরা দেখতে পাই। তাহলে তো হস্ত, পদ প্রভৃতিতে শরীরলক্ষণের অতিব্যাপ্তি ঘটে যাবে। এর সমাধানে আচার্য বিশ্বনাথ বলেছেন – *অন্ত্যাবযবিত্বে সতি চেষ্টাশ্রযত্বং শরীরত্বম্* [১১]। হস্ত, পদ প্রভৃতি অবয়ব চেষ্টাশ্রয় হলেও অন্ত্য অবয়বী নয়। তাই লক্ষণটি দোষমুক্ত। আচ্ছা, অন্ত্যাবয়বী ও চেষ্টার আশ্রয় যদি শরীর হয় তবে মৃত শরীরকে কেন আমরা শরীর বলে অভিহিত করি? মৃত শরীরে তো কোনো প্রকার হিতের প্রাপ্তি ও অহিতের নিবৃত্তির জন্য ক্রিয়ারূপ চেষ্টা থাকে না। এখানে বলতে হবে মৃত শরীরে শরীর শব্দের প্রয়োগ গৌণ। প্রকৃত পক্ষে মৃত শরীরটি শরীরই নয়। তা আসলে শব। আচ্ছা, শবদেহে শরীর শব্দের প্রয়োগ যথাযথ না হলেও অথবা পূর্বসংস্কার থেকে উৎপন্ন হলেও চেষ্টারহিত সুষুপ্তিকালীন শরীরে শরীর শব্দের প্রয়োগ যথাযথ হওয়ায় পূর্বোক্ত লক্ষণটি তাদৃশ শরীরে কীভাবে সঙ্গত হবে? এর উত্তরে শরীরের লক্ষণ করতে হবে – *চেষ্টাবদন্ত্যাবযবিবৃত্তিদ্রব্যত্বব্যাপ্যজাতিমত্ত্বং শরীরত্বম্* [১২]। অর্থাৎ চেষ্টাবিশিষ্ট অন্ত্যাবয়বী দ্রব্যে বর্তমান দ্রব্যত্বজাতির ব্যাপ্য পৃথিবীত্বজাতি সুষুপ্তিকালীন শরীরে থাকায় সুষুপ্তিকালীন শরীরের ব্যাখ্যা সঙ্গত হয়। কিন্তু, ঘট প্রভৃতিও তো এই লক্ষণাক্রান্ত হয়ে পড়ে, যেহেতু চেষ্টাবিশিষ্ট অন্ত্যাবয়বী দ্রব্যে বর্তমান দ্রব্যত্বজাতির ব্যাপ্য পৃথিবীত্বজাতির আশ্রয় হয় ঘট প্রভৃতি। তাই বলতে হবে – *অন্ত্যাবযবিমাত্রবৃত্তিচেষ্টাবদ্-বৃত্তিজাতিমত্ত্বং শরীরত্বম্* [১৩]। অর্থাৎ যে জাতি অন্ত্যাবয়বিতেই থাকে ও চেষ্টাবিশিষ্টেই থাকে তাই শরীর। এর ফলে পৃথিবীত্বজাতিকে অবলম্বন করে যে অসঙ্গতি দেখা গিয়েছিল তা বারিত হবে, যেহেতু পৃথিবীত্বজাতি অন্ত্যাবয়বীর মতো পার্থিব পরমাণু প্রভৃতি অবয়বেও থাকে। আর মনুষ্যাদি শরীরে অন্ত্যাবয়বিবৃত্তি ও চেষ্টাশ্রয়বৃত্তি জাতি থাকায় এবং ঘট প্রভৃতিতে তাদৃশ জাতি না থাকায় লক্ষণ সমন্বয় সম্ভব হয়। এইভাবে জাতিঘটিত লক্ষণের দ্বারা ন্যায়দার্শনিকগণ শঙ্কার সমাধান করেছেন।

ভগবান বিষ্ণুর একটি অবতার হল নৃসিংহাবতার। এই অবতারের শরীরের ঊর্ধ্বভাগ সিংহের মতো এবং নিম্নভাগ মনুষ্যাকৃতির - এইরূপ বর্ণনা পুরাণাদিতে রয়েছে। এখন প্রশ্ন হয়, এই শরীরে পূর্বোক্ত জাতিঘটিত লক্ষণটি কীভাবে সঙ্গত হবে? যেহেতু নৃসিংহশরীর একটি হওয়ায় নৃসিংহত্ব কোনো জাতি নয়। নরসিংহ হল দেবতা, তাই দেবত্বজাতিকে অবলম্বন করে পূর্বোক্তশরীরে লক্ষণের সঙ্গতি করতে হবে। কিন্তু এখানে দেবত্বকে জাতিরূপে স্বীকার করলে জলত্ব প্রভৃতি জাতির সঙ্গে সাঙ্কর্যদোষের আপত্তি হয়। এক্ষেত্রে, জাতিসাঙ্কর্যটিকে দোষরূপে গ্রহণ না করে বা জলীয়শরীর, তৈজসশরীর প্রভৃতিতে পৃথক পৃথক দেবত্বজাতি স্বীকার করে[১৪] অথবা প্রতিটি কল্পে নৃসিংহশরীর আলাদা আলাদা হওয়ায় নৃসিংহত্বকে জাতিরূপে গ্রহণ করে জাতিঘটিত শরীর লক্ষণটির নৃসিংহশরীরে ব্যাপ্তির মাধ্যমে সমাধান করতে হবে[১৫]।

ন্যায়সূত্রে প্রতিপাদিত চেষ্টাশ্রয়ত্ব, ইন্দ্রিয়াশ্রয়ত্ব ও অর্থাশ্রয়ত্ব - শরীরের এই তিনটি লক্ষণের দোষ বিশিষ্টাদ্বৈতদর্শনে প্রতিপাদিত হয়েছে। তাদের মতে যদি চেষ্টাশ্রয়ত্ব শব্দের অর্থ *অন্ত্যাবযবিত্বে সতি প্রযত্নবদীশ্বরসংযোগাসমবাযিকারণকক্রিযাশ্রযত্ব* করা হয় তাহলে ভূমি, পর্বত প্রভৃতিতে অতিব্যাপ্তি হয়ে যাবে, যেহেতু ভূমি, পর্বত প্রভৃতি অন্ত্যাবয়বী এবং প্রযত্নবিশিষ্ট ঈশ্বরের সংযোগরূপ অসমবায়িকারণ থেকে উৎপন্ন কম্পনের আশ্রয়। আবার *অন্ত্যাবযবিত্বে সতি প্রযত্নবজ্জীবসংযোগাসমবাযিকারণকক্রিযাশ্রযত্ব*-রূপেও শরীরকে বর্ণনা করা যাবে না, যেহেতু শরীররূপে অনভিপ্রেত প্রাণ প্রভৃতিতে শরীরলক্ষণটি অতিব্যাপ্ত হয়। কারণ প্রাণও অন্ত্যাবয়বী এবং প্রযত্নবিশিষ্ট জীবের সংযোগরূপ অসমবায়িকারণ থেকে উৎপন্ন উচ্ছ্বাস প্রভৃতি ক্রিয়ার আশ্রয় হয়। সেই দোষ বারণের জন্য *অন্ত্যাবযবিত্বে সতি বুদ্ধিপূর্বকপ্রযত্নবজ্জীবসংযোগাসমবাযিকারণকক্রিযাশ্রযত্ব*-রূপেও শরীরকে বর্ণনা করা যাবে না, যেহেতু নিঃশ্বাসাদি বুদ্ধিপূর্বক না হলেও আকুঞ্চন প্রসারণ প্রভৃতি বুদ্ধিপূর্বক হয়। তাই প্রাণেতে অতিব্যাপ্তি দোষ থেকেই যায়। আর প্রাণকে অন্ত্যাবয়বিরূপে উল্লেখ না করলে পটাদিকেও অন্ত্যাবয়বী বলা যাবে না। পট প্রভৃতিকে মধ্যাবয়বিরূপে উল্লেখ করলে কোনো

পদার্থকেই আর অন্ত্যাবয়বী বলা সম্ভব হবে না। তাই অন্ত্যাবয়বিত্বরূপ ধর্মকে অবলম্বন করে লক্ষণও অসম্ভবদোষে দুষ্ট হয়।

ইন্দ্রিয়াশ্রয়ত্বকেও শরীরের অসাধারণ ধর্ম বলা যায় না। ইন্দ্রিয়াশ্রয়ত্ব বলতে কোন সম্বন্ধে শরীর ইন্দ্রিয়ের আশ্রয় হয়? - তা বলতে হবে। সমবায়সম্বন্ধে ইন্দ্রিয়ের আশ্রয় বলা যায় না, যেহেতু ইন্দ্রিয়ের অবয়বগুলি সমবায়সম্বন্ধে ইন্দ্রিয়ের আশ্রয় হয়। সংযোগসম্বন্ধে ইন্দ্রিয়ের আশ্রয়ও বলা যাবে না, যেহেতু চাক্ষুষ প্রভৃতি প্রত্যক্ষের সময় চক্ষু প্রভৃতির সঙ্গে ঘটাদির সংযোগ হয়। তাই তাদৃশ সংযোগের আশ্রয় হওয়ায় ঘটাদিও ইন্দ্রিয়াশ্রয় হয়ে পড়বে, যা অনাকাঙ্ক্ষিত। আবার ইন্দ্রিয়সংযোগ বলতে যতক্ষণ দ্রব্যটি থাকে ততক্ষণ পর্যন্ত অবিচ্ছিন্ন সংযোগ - এটাও বলা যাবে না, যেহেতু ঘট প্রভৃতি চক্ষু প্রভৃতির সংযোগরহিত অবস্থায় থাকতে পারলেও অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকা অবস্থায় জলে উৎপন্ন ও অল্পক্ষণস্থায়ী বুদবুদগুলিও ইন্দ্রিয়াশ্রয় হয়ে পড়ে। আবার, মন নিত্য এবং আত্মা বিভু। বিভু আত্মার সহিত মনের সংযোগ থাকায় ইন্দ্রিয়ের আশ্রয় হয় আত্মা। তাই ইন্দ্রিয়াশ্রয়ত্বরূপ লক্ষণটি অলক্ষ্য আত্মাতে অতিব্যাপ্ত হয়ে যায়। আবার ইন্দ্রিয়াশ্রয়ত্বের সম্পূর্ণ প্রদেশে সংযোগরূপ অর্থ করলেও সমস্যার সমধান হবে না, যেহেতু বুদবুদের মতোই শরীরের অনেক প্রদেশেই ইন্দ্রিয়সংযোগ থাকে না। এইভাবে এই লক্ষণটিও দোষদুষ্ট হয়ে পড়ে। আর ভোগায়তনত্বরূপ লক্ষণটিও যথার্থ হয় না, যেহেতু ভোগায়তন হল ভোগের স্থান। ভোগের স্থান গৃহ প্রভৃতি হওয়ায় গৃহ প্রভৃতিতে শরীরের লক্ষণটি চলে যাবে। যাকে আশ্রয় করে আত্মার ভোগ হয় – ভোগায়তনের এরকম অর্থ করলেও সঙ্গত হয় না, যেহেতু শরীরবিহীন অবস্থায় মুক্ত পুরুষের ব্রহ্মানন্দানুভবরূপ ভোগ হয়। এইভাবে ন্যায়দর্শনে উক্ত লক্ষণগুলিতে দোষ প্রদর্শিত হয়েছে[১৬]। কিন্তু তা যথাযথ নয়, যেহেতু বিশিষ্টাদ্বৈতদর্শনে শরীররূপে লক্ষিত বস্তু এবং ন্যায়দর্শনে শরীররূপে বিবক্ষিত পদার্থের মধ্যে ভিন্নতা আছে। ন্যায়দর্শনে কাষ্ঠ, শিলা প্রভৃতিকে শরীররূপে স্বীকার করা হয় না, কিন্তু বিশিষ্টাদ্বৈতদর্শনে সেগুলিও শরীররূপে স্বীকৃত হয়েছে। বিশিষ্টাদ্বৈতিগণ ঈশ্বর ও তার জ্ঞানকে বাদ দিয়ে সমস্ত দ্রব্যকেই শরীররূপে উল্লেখ করেছেন - *ঈশ্বরস্তজ্জ্ঞানব্যতিরিক্তদ্রব্যমিতি বা তটস্থলক্ষণম্*[১৭]। রামানুজাচার্যের *মতে* শরীরের লক্ষণ হল – *যস্য চেতনস্য যদ্দ্রব্যং সর্বাত্মনা স্বার্থে নিযন্তুং ধারযিতুং চ শক্যং তচ্ছেষতৈকস্বরূপং চ তত্তস্য শরীরম্* [১৮]। অন্যত্রও বলা হয়েছে - *শরীরং নাম চেতনং প্রত্যাধেযত্বশেষত্বনিযমৈরপৃথক্-সিদ্ধো দ্রব্যবিশেষ ইত্যেকং লক্ষণম্। নিযমেন যদাধেযং, নিযমেন যদ্বিধেযং, নিযমেন যচ্ছেষং তদিতি লক্ষণত্রযং বা যোজ্যম্* [১৯]।

ন্যায়দর্শনসম্মত শরীর দুই প্রকার – যোনিজ ও অযোনিজ। শুক্র ও শোণিতের সংমিশ্রণে উৎপন্ন শরীরকে যোনিজ শরীর বলে। যোনিজ শরীর পুনরায় জরায়ুজ ও অণ্ডজ ভেদে দুই প্রকার। মনুষ্য, ব্যাঘ্র প্রভৃতি শরীর জরায়ুজ এবং পক্ষী, সর্প প্রভৃতি শরীর অণ্ডজ। অযোনিজ শরীর ত্রিবিধ – অদৃষ্টবিশেষ থেকে উৎপন্ন, স্বেদজ ও উদ্ভিজ্জ। অদৃষ্ট বলতে ধর্ম ও অধর্মকে বোঝায়। এই ধর্মের দ্বারা মনু প্রভৃতি শরীর এবং অধর্ম দ্বারা নারকীয় শরীর উৎপন্ন হয়। উকুন, কৃমি প্রভৃতি শরীর স্বেদজ। বৃক্ষ, গুল্ম প্রভৃতি শরীর হল উদ্ভিজ্জ[২০]। এখানে প্রশ্ন হয়, অন্যান্য শরীরে চেষ্টা দেখা গেলেও মৃত শরীরের ন্যায় উদ্ভিজ্জশরীরেও কোন চেষ্টা দেখা যায় না। তাহলে কীভাবে বৃক্ষ প্রভৃতি শরীর বলে গণ্য হবে? বলতে হবে, বৃক্ষশরীরেও চেষ্টা আছে। সেক্ষেত্রে প্রমাণ হল আগম। তাই বলা হয়েছে –

> তমসা বহুরূপেণ বেষ্টিতাঃ কর্মহেতুনা।
> অন্তঃসংজ্ঞা ভবন্ত্যেতে সুখদুঃখসমন্বিতাঃ॥[২১]

এছাড়া বৃক্ষের অবয়ববিশেষ ভগ্ন বা ক্ষত হলে সেখানে পুনরায় অবয়ববৃদ্ধি প্রভৃতির দর্শন হওয়ায় সেখানে প্রাণবায়ুর অস্তিত্ব প্রমাণিত হয়। আর এই প্রাণবায়ুর সম্বন্ধ শরীরের সঙ্গেই থাকে। তাই বৃক্ষাদি শরীরের প্রাণ আছে এবং চেষ্টাও থাকে তা প্রমাণিত হয়[২২]। যদিও বৃক্ষাদির চেষ্টা মনুষ্যাদির চেষ্টার মতো স্থূল নয়। পুরাণে উল্লিখিত বরুণলোকে স্থিত জলীয়শরীর, আদিত্যলোকে স্থিত তৈজসশরীর এবং বায়ুলোকে স্থিত বায়বীয়শরীর অদৃষ্টবিশেষ থেকে উৎপন্ন হয় এবং সেগুলি অযোনিজ হয়[২৩]।

এখন প্রশ্ন হয়, এই যে শরীর উৎপন্ন হয় তা কী পাঞ্চভৌতিক অর্থাৎ ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ – এই পঞ্চভূতই কী শরীরের প্রতি সম্মিলিতভাবে সমবায়িকারণ হয় অথবা পার্থিব প্রভৃতি শরীরের প্রতি যথাক্রমে পৃথিবী, জল ইত্যাদি পৃথক পৃথকভাবে সমবায়িকারণ হয়? বলা হচ্ছে, পার্থিব প্রভৃতি শরীরের প্রতি যথাক্রমে পৃথিবী প্রভৃতি পৃথক রূপেই সমবায়িকারণ হয়, অন্যথা পার্থিবশরীর

প্রভৃতির ব্যবহার অনুপপন্ন হয়। তাছাড়া সমস্ত ভূতপদার্থ মনুষ্যাদি শরীরের সমবায়িকারণ হলে সমবায়িকারণগতগুণ অবয়বিদ্রব্যে গুণ উৎপাদনে অক্ষম হবে। তাই শরীরের পাঞ্চভৌতিকত্ব প্রভৃতি নিরাকরণের কারণরূপে বলা হয়েছে – *‘গন্ধক্লেদপাকব্যূহাবকাশদানেভ্যঃ পাঞ্চভৌতিকম্’ যদি শরীরং ভবেত্ তদাঽপ্রত্যক্ষং ভবেত্, যথা প্রত্যক্ষাপ্রত্যক্ষাণাং বায়ুবনস্পতীনাং সংযোগোঽপ্রত্যক্ষস্তথা শরীরমপ্যপ্রত্যক্ষং স্যাত্... চাতুর্ভৌতিকোঽপ্যেবম্। নন্বস্তু ত্রৈভৌতিকং ত্রয়াণাং ভূতানাং প্রত্যক্ষত্বাদিতি চেন্ন, বিজাতীয়ারম্ভস্য প্রতিষেধাত্। একস্য গুণস্যাবয়বিনি গুণানারম্ভকত্বাত্। তদ্ যদি পৃথিবীজলাভ্যামারম্ভঃ স্যাত্ তদা তদারব্ধমগন্ধমরসঞ্চ স্যাত্। এবং পৃথিব্যনলাভ্যামগন্ধমরূপমরসঞ্চ স্যাত্। পৃথিব্যনিলাভ্যামগন্ধমরসমরূপমস্পর্শঞ্চ স্যাত্*[২৪]। এখন প্রশ্ন হয়, প্রতিটি শরীর একভৌতিক হলে কীরূপে আমাদের মনুষ্যাদি শরীরে জল, তেজ প্রভৃতির অনুভব হয় এবং সেই সেই দ্রব্যের কার্য স্বেদ, ক্লেদ, পাক প্রভৃতির উপলব্ধি হয়? এখানে বলতে হবে যে, মনুষ্যাদি শরীর পার্থিবই। কিন্তু পার্থিবশরীরের উৎপত্তিতে অন্যান্য ভূতসমূহের সংযোগ থেকেই যায়। তাই সেই সেই দ্রব্যের উপলব্ধি হয়। সেইগুলি মনুষ্য প্রভৃতি পার্থিবশরীরের নিমিত্তকারণ হয়। এই জন্যই মনুষ্যাদি শরীর পাঞ্চভৌতিকরূপে উল্লিখিত হয়। তাই বলা হয়েছে – *শরীরে পাঞ্চভৌতিকত্বব্যবহারো ন পঞ্চভূতোপাদানকত্বনিবন্ধনঃ, কিন্তু তজ্জন্যত্বনিবন্ধনঃ। তত্রাপ্যেকৈকস্যোপাদানত্বং, চতুর্ণাং নিমিত্তত্বমিতি বিবেকঃ*[২৫] ।কিন্তু বিশিষ্টাদ্বৈতদর্শনে শরীর পাঞ্চভৌতিকরূপেই ব্যাখ্যাত হয়েছে – *তদেতদ্ ব্রহ্মাণ্ডপ্রভৃতি স্তম্বপর্যন্তং সর্বমপি পঞ্চভূতাত্মকম্, পঞ্চীকরণাদিবচনাত্*[২৬]।

অবশেষে বলতে হবে বিভিন্ন দর্শনে বিভিন্ন দৃষ্টিভঙ্গিতে শরীরের লক্ষণ, তার ভেদ প্রভৃতি প্রদর্শিত হলেও শরীর আছে এবং তার গুরুত্ব অপরিসীম তা আপামর জনগণ স্বীকার করেন। আবার বিবিধ শরীরের মধ্যে উৎকৃষ্ট হল মানবশরীর, যেহেতু এই শরীরকে অবলম্বন করে জ্ঞান, ভক্তি প্রভৃতি যোগের মাধ্যমে ঈশ্বরলাভ সম্ভব হয়, যা অন্যবিধ শরীরের দ্বারা সম্ভব হয় না। তাই মনুষ্যজন্মের দুর্লভতা ব্যক্ত করতে গিয়ে ভগবৎপাদ শ্রীশঙ্করাচার্য বলেছেন –

> দুর্লভং ত্রয়মেবৈতদ্দেবানুগ্রহহেতুকম্।
> মনুষ্যত্বং মুমুক্ষুত্বং মহাপুরুষসংশ্রয়ঃ॥ [২৭]

উল্লেখপঞ্জি

১. *বৈশেষিকসূত্র,* ১-১-২।

২. *কুমারসম্ভব,* ৫/৩৩।

৩. *অর্থসংগ্রহকৌমুদী* টীকা, পৃষ্ঠাঙ্ক ১২।

৪. *তর্কসিদ্ধান্তসংক্ষেপ*।

৫. *সপ্তপদার্থী,* পৃষ্ঠাঙ্ক ৩৪৮।

৬. পরমাণ্বাদীনাং শরীরত্বপ্রসঙ্গঃ - *ন্যায়কুসুমাঞ্জলি,* পঞ্চম স্তবক, পৃষ্ঠাঙ্ক ৩৯০। (যদিও অনেক নৈয়ায়িকই ঈশ্বরের শরীর স্বীকার করেননি – ঈশ্বরস্য শরীরাদ্যভাবেন, *সপ্তপদার্থী মিতভাষিণী* টীকা, পৃষ্ঠাঙ্ক ৩৪৮)।

৭. *তর্কামৃত,* পৃষ্ঠাঙ্ক ৪।

৮. *ন্যায়সিদ্ধান্তমুক্তাবলী,* পৃষ্ঠাঙ্ক ২৭৫।

৯. ঈপ্সিতং জিহাসিতং বার্থমধিকৃত্য ঈপ্সাজিহাসাপ্রযুক্তস্য তদুপায়ানুষ্ঠানলক্ষণা সমীহা চেষ্টা, সা যত্র বর্ততে তচ্ছরীরম্ – ন্যায়ভাষ্য ১-১-১১।

১০. *ন্যায়সূত্র* ১-১-১১।

১১. *ন্যায়সিদ্ধান্তমুক্তাবলী,* পৃষ্ঠাঙ্ক ২৭৫।

১২. *তদেব*।

১৩. *তদেব*।

১৪. *দিনকরী টীকা,* পৃষ্ঠাঙ্ক ২৮১।

১৫. *ন্যায়সিদ্ধান্তমুক্তাবলী,* পৃষ্ঠাঙ্ক ২৭৫।

১৬. *ন্যায়সিদ্ধাঞ্জন,* জড়দ্রব্যপরিচ্ছেদ, পৃষ্ঠাঙ্ক ২০৭।

১৭. *যতীন্দ্রমতদীপিকা,* পৃষ্ঠাঙ্ক ৪৫।

১৮. *শ্রীভাষ্য,* পৃষ্ঠাঙ্ক ২২২।

১৯. *যতীন্দ্রমতদীপিকা,* পৃষ্ঠাঙ্ক ৪৪।

২০. *তর্কসিদ্ধান্তসংক্ষেপ*।

২১. *মনুসংহিতা,* ১/৪৯।

২২. *ন্যায়সিদ্ধান্তমুক্তাবলী,* পৃষ্ঠাঙ্ক ২৭৫।

২৩. *বৈশেষিকসূত্রোপস্কার,* পৃষ্ঠাঙ্ক ২৮৮।

২৪. *তদেব,* পৃষ্ঠাঙ্ক ২৮৫।

২৫. *দিনকরী,* পৃষ্ঠাঙ্ক ২৭৮।

২৬. *ন্যায়সিদ্ধাঞ্জন,* পৃষ্ঠাঙ্ক ১৮০।

২৭. *বিবেকচূড়ামণি, শ্লোক* - ৩।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

উদয়নাচার্য। *ন্যায়কুসুমাঞ্জলি*। অনু. শ্রীমোহন তর্কতীর্থ। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০1৫ (দ্বিতীয় মুদ্রণ) (১৯৯৫, প্রথম প্রকাশ)।

কালিদাস। *কুমারসম্ভব*। বাসুদেব শর্মা কর্তৃক সংশোধিত, মল্লিনাথ ও সীতারামকৃত সঞ্জীবিনী টীকা সহ। মুম্বাই: নির্ণয়সাগর প্রেস, ১৯৩৫।

গৌতম। *ন্যায়দর্শন* (ন্যায়ভাষ্য, বার্ত্তিক, তাৎপর্যটীকা ও বিশ্বনাথীয় বৃত্তি সহিত)। সম্পা. তারানাথ ন্যায়তর্কতীর্থ ও অমরেন্দ্রমোহন তর্কতীর্থ। দিল্লী: মুন্সীরাম মনোহরলাল পাবলিসার্স প্রাইভেট লিমিটেড, ১৯৮৫ (দ্বিতীয় সংস্করণ)।

জগদীশ তর্কালঙ্কার। *তর্কামৃত*। ব্যাখাকার আঞ্জনেয় শাস্ত্রী। তিরুপতি: পদ্মাবতী প্রকাশন, ১৯৯২ (প্রথম সংস্করণ)।

ঝালকিকার, ভীমাচার্য। *ন্যায়কোষ*। সম্পা. বাসুদেব শাস্ত্রী অভ্যঙ্কর। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০২১।

ব্যাসদেব। *বায়ুপুরাণ*। হিন্দী অনু. রামপ্রতাপ ত্রিপাঠী। প্রয়াগ: হিন্দী সাহিত্য সম্মেলন, ১৯৮৭।

বিশ্বনাথ ন্যায়পঞ্চানন। *ন্যায়সিদ্ধান্তমুক্তাবলী* (দিনকরী সহিত)। হিন্দী অনু. রাজারাম শুক্ল। শিমলা: ভারতীয় উচ্চ অধ্যয়ন সংস্থান, ২০1৫ (প্রথম সংস্করণ)।

বেদান্তদেশিক। *ন্যায়সিদ্ধাঞ্জন*। হিন্দী অনু. নীলমেঘাচার্য। বারাণসী: সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়, ১৯৬৬।

মনুসংহিতা। সম্পা. মানবেন্দু বন্দ্যোপাধ্যায়। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০1৬ (তৃতীয় সংস্করণ)।

রামানুজাচার্য। *শ্রীভাষ্য* (দ্বিতীয় খণ্ড)। সম্পা. উত্তমূর বীররাঘবাচার্য। চেন্নাই: শ্রী উত্তমূর বীররাঘবাচার্য সেন্টিনারি ট্রাস্ট, ২০০২ (তৃতীয় সংস্করণ) (১৯৬৭, প্রথম সংস্করণ)।

লৌগাক্ষিভাস্কর। *অর্থসংগ্রহ* (অর্থসংগ্রহকৌমুদী সহিত)। সম্পা. রঘুবীর ত্রিবেদী। কাশী: বিদ্যাবিলাস প্রেস, ১৯৭২ সংবৎ।

শঙ্করমিশ্র। *বৈশেষিকসূত্রোপস্কার*। সম্পা. নারায়ণ মিশ্র, হিন্দী অনু. ঢুণ্ডিরাজ শাস্ত্রী। বারাণসী: চৌখম্বা প্রকাশন, ২০১৯।

শঙ্করাচার্য। *বিবেকচূড়ামণি*। স্বামী মাধবানন্দকৃত ইংরেজী অনুবাদ সহিত। মায়াবতী: অদ্বৈত আশ্রম, ১৯২১।

শিবাদিত্য। *সপ্তপদার্থী*। সম্পা. তপনশঙ্কর ভট্টাচার্য। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১২।

শ্রীনিবাসদাস। *যতীন্দ্রমতদীপিকা* (প্রকাশব্যাখ্যা সহিত)। বাসুদেব শাস্ত্রী অভ্যঙ্কর দ্বারা সংশোধিত। পুণা: আনন্দাশ্রম মুদ্রণালয়, ১৯০৬।

বৈদিক সাহিত্যের আলোকে হবির্যজ্ঞ, পাকযজ্ঞ ও সোমযজ্ঞ: একটি সমীক্ষা

সমীর মণ্ডল

সংক্ষিপ্তসার: সায়ণাচার্যের ভাষায় ‘মন্ত্রব্রাহ্মণাত্মকশব্দরাশি বেদঃ’। বৈদিক সাহিত্যের ব্রাহ্মণ অংশের সিংহভাগ কর্মানুষ্ঠান বিষয়ে আলোকপাত করা হয়েছে। এই কর্মানুষ্ঠান বৈদিক সমাজের ধর্মীয় সংস্কৃতিকে চিহ্নিত করে। সেকালে মানুষ যাগযজ্ঞের ওপর এতটাই আস্থাশীল হয়েছিল যে কর্মানুষ্ঠান কখনও সমাজ থেকে গৃহে, গৃহ থেকে সমাজে ক্রমশ প্রসারলাভ করেছে। যার ফলস্বরুপ হবির্যজ্ঞ, পাকযজ্ঞ, সোমযজ্ঞের ন্যায় বিবিধ প্রস্থানের সূচনা হয়েছে। আলোচ্য সন্দর্ভে উক্ত প্রস্থান গুলির সংক্ষিপ্ত পরিচয়, প্রস্থানান্তর্গত বিবিধ যজ্ঞের সংক্ষিপ্ত ধারণা ও মাহাত্ম্য প্রতিপাদন করার চেষ্টা করা হল।

সূচক শব্দ: *হবির্যজ্ঞ, পাকযজ্ঞ, সোমযজ্ঞ, অগ্নিহোত্র, দর্শপূর্ণমাস, নিরূঢ়পশুবন্ধ, শৌতসূত্র, গৃহ্যসূত্র, ধর্মসূত্র*

কর্মানুষ্ঠান বৈদিক ধর্মের আধার। অগ্নিতে দেবতার উদ্দেশ্যে হব্যদ্রব্য আহুতি দেওয়ার নামই যজ্ঞ বা যাগ। প্রসঙ্গত, কাত্যায়ন শ্রৌতসূত্রে উদ্ধৃত হয়েছে- 'দ্রব্যং দেবতা ত্যাগঃ'।[১] যজ্ঞ এবং যাগ এই দুই শব্দের অর্থ প্রায় এক, তবে যজ্ঞ হচ্ছে ব্যপকতর একটি সাধারণ নাম এবং তুলনায় যাগ হচ্ছে এক বিশেষ নাম। দেবতার উদ্দেশ্যে দ্রব্য নিবেদন করা হয় এমন যে কোন কর্মই হচ্ছে যজ্ঞ, কিন্তু যাগ বলতে বোঝায় কোন বিশেষ অনুষ্ঠান। যেমন- ইষ্টিযাগ,পশুযাগ, সোমযাগ,অঙ্গযাগ,প্রধানযাগ ইত্যাদি। যজ্ঞ বিষয়ক বিস্তৃত আলোচনা ব্রাহ্মণ গ্রন্থগুলিতে বর্ণিত হয়েছে। এছাড়াও ছয় বেদাঙ্গের মধ্যে অন্যতম কল্পসূত্রগুলিতে কর্মানুষ্ঠানের বিশদ বিবরণ পরিলক্ষিত হয়। শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র, ধর্মসূত্র ও শুল্বসূত্র ভেদে কল্পসূত্র সংখ্যায় চারটি হলেও মূলত: দুইটিতে শ্রৌতসূত্রে ও গৃহ্যসূত্রে যজ্ঞের বিবরণ বিষয়ে আলোচনা রয়েছে। শ্রৌতসূত্রে সপ্ত হবির্যজ্ঞ, সপ্ত সোমযাগ এবং সত্র যাগের বর্ণনা পরিলক্ষিত হয়। আর গৃহ্যসূত্রে সপ্ত পাকযজ্ঞের, এবং বিভিন্ন সংস্কার প্রভৃতি গৃহ্যকর্মের বর্ণনা করা হয়েছে। এছাড়াও শুল্বসূত্রে নিয়মবিধি অর্থাৎ অগ্নিহোত্রশালা, শ্রৌতাগার, অগ্নিচিতি প্রভৃতি নির্মাণ প্রক্রিয়া আলোচিত হয়েছে। ত্রিবিধ সংস্থার অন্তর্ভুক্ত যজ্ঞ বা যাগগুলি নিম্নে উল্লেখ করা হল-

ক। সপ্ত হবির্যজ্ঞ সংস্থা হল - অগ্নিহোত্র, দর্শপূর্ণমাস, আগ্রয়ণ, চাতুর্মাস্য, নিরূঢ়পশুবন্ধ, সৌত্রামণী ও পিণ্ডপিতৃযজ্ঞ।

খ। সপ্ত পাকযজ্ঞ সংস্থা হল- ঔপাসন হোম, বৈশ্বদেব, পার্বণ, অষ্টকা, মাসিক শ্রাদ্ধ, শ্রবণা ও শূলগব।

গ। সপ্ত সোমযাগ সংস্থা হল- অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উকথ্য, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র ও আপ্তোর্যাম।

সাতটি সোমযাগ ছাড়াও শ্রৌতসূত্রে অহীন তথা সত্র যাগের বিবরণ পরিলক্ষিত হয়। যেগুলির মধ্যে সোম সংস্থার প্রয়োগ বারে বারে লক্ষ্য করা যায়। তবে আলোচ্য সংস্থা তিনটির অনুষ্ঠান কেবলমাত্র আহিতাগ্নি যজমান করতে পারবেন। ওই যজমানের বিবাহিত তথা জীবিত পত্নী থাকতে হবে। যেহেতু, অগ্ন্যাধানে কেবল সপত্নীক যজমানের অধিকার রয়েছে। অবিবাহিত কিংবা পত্নীর মৃত্যু ঘটেছে এমন ব্যক্তির অধিকার নেই।

স্মার্ত এবং শ্রৌত ভেদে অগ্নি পাঁচ প্রকার। যথা- আবসথ্যাগ্নি বা গৃহ্যাগ্নি এবং সভ্যাগ্নি হল স্মার্ত অগ্নি আর গার্হপত্যাগ্নি, আহবনীয়াগ্নি এবং দক্ষিণাগ্নি হল শ্রৌতাগ্নি। আলোচনার সুবিধার্থে উপরিউক্ত সংস্থা তিনটিকে পাকযজ্ঞ, হবির্যজ্ঞ এবং সোমযজ্ঞ ক্রমে বর্ণনা করা হল-

১.পাকযজ্ঞ

স্মার্তাগ্নিতে যে সমস্ত যজ্ঞগুলি সম্পন্ন করা হয় সেগুলিকে পাকযজ্ঞ বলে। এই পাকযজ্ঞ সাতপ্রকার সেগুলি নিম্নে আলোচনা করা হল-

১.১ ঔপাসন হোম

সায়ংকালে ও প্রাতঃকালে দই, চাউল প্রভৃতি দ্রব্যের দ্বারা হস্তসম্পাদ্য হোমকে ঔপাসন হোম বলা হয়। হব্যদ্রব্য বিষয়ে পারস্কর গৃহ্যসূত্রে বলা হয়েছে-'দঘ্না তণ্ডুলৈরক্ষতৈর্বা'।[২] এই হোমের সায়ংকালে প্রধান দেবতা অগ্নি এবং প্রজাপতি স্বিষ্টকৃৎ এর অঙ্গ দেবতা। আর প্রাতঃকালীন প্রধান দেবতা সূর্য এবং প্রজাপতি অঙ্গ দেবতা। এর আরম্ভ হয় সায়ংকালে আর শেষ হয় প্রাতঃকালীন অনুষ্ঠান দিয়েই।

সায়ংকাল থেকে প্রাতঃকাল পর্যন্ত কর্মকাণ্ডকে একই কর্ম বলে ধরা হয়। সেজন্য, সম্মিলিত দুইয়ের ফল একই। দুটির কোন পৃথক্ ফল হয় না। সুতরাং হোম দুটির দ্রব্য এবং কর্তা এক হওয়া আবশ্যক। সপত্নীক পুরুষ দ্বারা এই হোম আজীবন করে যেতে হয়।

১.২ বৈশ্বদেব

বৈশ্বদেব হল কর্মের নাম। এই কর্মের মাধ্যমে বিশ্ব অর্থাৎ সমস্ত দেবতার যজন করা হয়, সেই কারণেই এই কর্মকে বৈশ্বদেব বলা হয়। এর অপর নাম পঞ্চ মহাযজ্ঞ। শতপথ ব্রাহ্মণে পঞ্চ মহাযজ্ঞের উল্লেখ রয়েছে- দেবযজ্ঞ, ভুতযজ্ঞ, পিতৃযজ্ঞ, মনুষ্যযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ।[৩] এই পঞ্চ মহাযজ্ঞ গৃহস্থের নিত্য কর্ম। অন্যান্য শাখায় সায়ংকালে এবং প্রাতঃকালে এই কর্মানুষ্ঠানের বিধান থাকলেও মাধ্যন্দিন শাখায় প্রত্যহ প্রাতঃকালে কর্মের বিধান রয়েছে।

১.৩ পার্বণ

প্রত্যেক অমাবস্যায় অনুষ্ঠিত কর্মকে পার্বণ বলে। এটিও একটি নিত্য কর্ম। এই কর্মের মাধ্যমে পিতৃ ও মাতৃ উভয়পক্ষের গ্রহণ হয়ে থাকে। পিতৃপক্ষের দ্বারা পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, এবং প্রপিতামহীর পিণ্ডদান আর মাতৃপক্ষের দ্বারা মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ এবং মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহীর পিণ্ডদান হয়ে থাকে। পার্বণের অর্থ হল- 'পর্বণি ভবং পার্বণম্'। পর্ব শব্দের দ্বারা চতুর্দশী, অষ্টমী,অমাবস্যা এবং পূর্ণিমার গ্রহণ হয়ে থাকে।

১.৪ অষ্টকা

মার্গশীর্ষ পূর্ণিমার পর তিন অষ্টকের দ্বারা হেমন্ত এবং শিশিরের কৃষ্ণপক্ষীয় চার অষ্টমী তিথিতে অপুপ বা পিঠা, গোমাংস এবং শাকসবজি দ্বারা ইন্দ্র, বৈশ্বদেব, প্রজাপতি এবং পিতরৌ উদ্দেশ্যে অনুষ্ঠেয় শ্রাদ্ধ কর্মকে অষ্টকা বলা হয়। অষ্টকা প্রসঙ্গে পারস্কর গৃহ্যসূত্রে বলা হয়েছে-'ঊর্ধ্বমাগ্রহায়ণ্যাস্তিস্রোষ্টকাঃ'।[৪] আশ্বলায়ন গৃহ্যসূত্র মতে সাগ্নিক পুরুষের এই অষ্টকা নামক শ্রাদ্ধ কর্ম অবশ্যই করনীয় এরুপ বিধান থাকলেও কলিযুগে গোমাংস নিষিদ্ধ আছে। সেজন্য গোমাংস প্রতিনিধিভূত অন্য কোনো দ্রব্যের বিধান না থাকায় মাধ্যন্দিন শাখায় এই কর্মের লোপ ঘটেছে। অন্যান্য যে সমস্ত শাখাতে মাংসের বিধান নেই,সেখানে নিত্যকর্মরুপে এর অনুষ্ঠান হয়ে থাকে।

১.৫ মাসিক শ্রাদ্ধ

প্রতি মাসে যে অনুষ্ঠানটি করা হয় তা হল মাসি শ্রাদ্ধ। এ প্রসঙ্গে 'মাসি-মাসি বোহশোনম্' এইরূপ শতপথের শ্রুতি পাওয়া যায়। এটি মূলত একোদ্দিষ্ঠ শ্রাদ্ধ। একজন ব্যক্তিকে লক্ষ্য করে যে শ্রাদ্ধ করা হয় তাকে একোদিষ্ট বলে।

১.৬ শ্রবণা

শ্রাবণ শুক্ল পূর্ণিমা থেকে শুরু করে মার্গশীর্ষের পূর্ণিমা দিন পর্যন্ত প্রতি সন্ধ্যায় সাপেদের জন্য যে যজ্ঞ করা হয় তা হল শ্রাবণকর্ম বা শ্রবণা কর্ম। আলোচ্য বিষয়ে পরস্কর গৃহ্যসূত্রে বলা হয়েছে-'আথাতঃ শ্রবণাকর্ম'।[৫] এর অধীনে স্থলাপাক তৈরির পর অক্ষত শস্য পাক করে পুরোডাশ তৈরী করে প্রোক্ষন ইত্যাদি করতে হয়। এরপর 'অপশ্বেতপদজহি' প্রভৃতি মন্ত্রে দ্বারা ঘি আহুতি দেওয়া হয়। তারপর চরু বা পুরোডাশের চারটি আহুতি দেওয়ার বিধান রয়েছে। বিষ্ণু, শ্রবণা প্রভৃতিকে সমন্ত্রক আহুতি নিবেদনের পর 'ধানাবন্তম্' মন্ত্রের মাধ্যমে সাপেদের নিমিত্তে ঘি মিশ্রিত শস্য এবং সত্তুর আহুতি দেওয়ার নিয়ম রয়েছে।

১.৭ শূলগব

পাকযজ্ঞান্তর্গত একটি অন্যতম কর্মের নাম হল শূলগব। পারস্কর গৃহ্যসূত্রে 'অথ শূলগবঃ' এরুপে কর্মানুষ্ঠানের আরম্ভ করা হয়েছে। স্বর্গ, পশু, পুত্র, ধন, যশ এবং দীর্ঘায়ু লাভের লক্ষ্যে এই কর্মানুষ্ঠান করা হয়, এখানে ভগবান রুদ্রের উদ্দেশ্যে গোমাংসরুপ দ্রব্যের দ্বারা হবন করার কথা বলা হয়েছে।[৬] কলিকালে গোহত্যা নিষিদ্ধ হওয়ায় এই কর্মানুষ্ঠানের প্রচলন নেই। অন্যান্য শাখায়, যেমন অপস্তম্ব

গৃহ্যসূত্রে ‘ঈশানায় স্থালীপাকং শ্রপয়িত্বা’ অর্থাৎ গরুর পরিবর্তে স্থালিপাকের বিধান করে অনুষ্ঠানটি করা হয়।[৭]

২. হবির্যজ্ঞ

সাত প্রকার হবির্যজ্ঞের সংক্ষিপ্ত আলোচনা করা হল।

২.১ অগ্নিহোত্র

হোমযাগের প্রকৃতি হল অগ্নিহোত্র। অগ্নির তৃপ্তিকে উদ্দেশ্য করে শ্রৌতাগ্নিতে অগ্নিহোত্র যজ্ঞ সম্পন্ন করা হয়। শ্রৌতাধান করার পর এই যজ্ঞ অনুষ্ঠিত হয়। অগ্ন্যাধান কর্মের দ্বারা সপত্নীক যজমানের গৃহে শ্রৌত অগ্নি প্রতিষ্ঠিত করার পর প্রতিদিন সেই প্রজ্বলিত অগ্নিকুণ্ডে অগ্নিহোত্র সম্পাদন করা যজমানের কর্ত্তব্য। ‘অগ্নিহোত্রং জুহুযাত্ স্বর্গকামঃ’ - এই বিধিবাক্যকে আধার করে অগ্নিহোত্রের দ্বারা স্বর্গরূপ ইষ্টসাধন করার কথা বলা হয়েছে। এই যজ্ঞ এক বার শুরু করলে যাবজ্জীবন তা পালন করতে হয়। এটি নিত্যকর্মের অন্তর্গত। শতপথ ব্রাহ্মণে বলা হয়েছে যে অগ্নিহোত্র ‘জরামর্য’ সত্রযাগ,কারণ জরা বা মৃত্যু ব্যতীত এই যাগের নিত্যানুষ্ঠান থেকে যজমানের অব্যাহতি নেই।[৮] তবে এটি নিত্যকর্ম হলেও কিছু কিছু ক্ষেত্রে কাম্যকর্মরূপে এর অনুষ্ঠান বৈচিত্র্য লক্ষ্য করা যায়। যেমন- ‘পশুকামঃ স্বর্গকামো বা পয়সা জূহুয়াত্’। ‘ইন্দ্রিয়কামো দঘ্না’, ‘ওদনেন অন্নকামঃ’ ইত্যাদি ক্ষেত্রে অগ্নিহোত্র নিত্যকর্ম নয়,কাম্যকর্ম। আধান গ্রহণের প্রকার ত্রিবিধ, যথা- হোমপূর্বক, ইষ্টিপূর্বক, সোমপূর্বক। এই ক্রমানুসারে পরবর্তী প্রকারে পূর্ববর্তী আধানের সমস্ত নিয়ম অন্তর্ভুক্ত থাকবে। এই যজ্ঞ স্বয়ং যজমানের করা উচিত।

> সন্ধ্যাকর্মাবসানে তু স্বয়ং হোমং সমাচরেত্।
> স্বয়ং হোমে ফলং যৎস্যান্ন তদন্যেন জাযতে।।
>
> হোমে যৎফলমুদ্দিষ্টং জুহ্বতঃ স্বযমেব তু।
> হুযমানে তদন্যেন ফলমর্ধ প্রজায়তে।।[৯]

এই কর্ম সায়ংকালে এবং প্রাতঃকালে করা হয়। কাত্যায়ন স্মৃতিতে উদ্ধৃত হয়েছে- ‘সাযমাদিপ্রাতরন্তমেকং কর্ম প্রচক্ষতে’।[১০] এই যজ্ঞের প্রধান দ্রব্য গুলি হল দুগ্ধ, তেল, দই, সোমরস, পয়সা, অন্ন, ঘি, চাল, ফলমূল, জল ইত্যাদি। এই যজ্ঞের অগ্নি হল মূখ্য দেবতা। প্রথম আহুতি অগ্নির উদ্দেশ্যে ‘ভূর্ভুবঃ স্বঃ ওঁ অগ্নিজ্যোতিঃ জ্যোতিরগ্নিঃ স্বাহা’ এই মন্ত্রোচ্চারণ করে প্রদান করতে হয়। স্বিষ্টকৃত্ স্থানাপন্ন অঙ্গ দেবতা হলেন প্রজাপতি। সুতরাং দ্বিতীয় আহুতি প্রজাপতিকে ধ্যান করে উপাংশু অর্থাৎ নিঃশব্দে মন্ত্রোচ্চারণ করে প্রদান করতে হয়। সায়ংকালের এবং প্রাতঃকালের দ্রব্য একই। এই যজ্ঞের অনুষ্ঠানে দুটি পক্ষ আছে। প্রথম পক্ষে, সায়ংকালে সূর্যাস্তের পূর্বে এবং প্রাতঃকালে সূর্যোদয়ের পূর্বে হবন করার বিধান আছে। দ্বিতীয় পক্ষের সায়ংকালে সূর্যাস্তের পরে এবং প্রাতঃকালে সূর্যোদয়ের পরে হবন করতে হবে। এই দুই পক্ষের এখনো একটি পালন করা হয়ে থাকে।

২.২ দর্শপূর্ণমাস

সমস্ত ইষ্টিযাগের প্রকৃতি হল দর্শপূর্ণমাস যাগ।[১১] ‘দর্শ’ শব্দের অর্থ ‘অমাবস্যা’; ‘দর্শঃ সূর্যেন্দুসঙ্গমঃ’ অর্থাৎ যে তিথিতে সূর্য ও চন্দ্রের সঙ্গম হয় তাকে দর্শ বলা হয়, সেদিনকেই আমরা বলি অমাবস্যা। ‘পূর্ণমাস’ শব্দের অর্থ পূর্ণিমা। অমাবস্যা ও পূর্ণিমাতে এই যজ্ঞ করতে হয় বলে একে দর্শপূর্ণমাস বলে। এই যাগের প্রধান আহুতি দ্রব্য পুরোডাশ। পূর্ণিমাতে প্রথমে এই যাগের আরম্ভ করে পরের অমাবস্যাতে তার পুনরনুষ্ঠান করলে তবে এই দর্শপূর্ণমাসযাগ সম্পূর্ণ হয়।‘সর্বেভ্যো কামেভ্যো দর্শপূর্ণমাসৌ’ অর্থাৎ এই যজ্ঞের অনুষ্ঠান সকলের অভীষ্ট সিদ্ধির জন্য সম্পাদিত হয়।[১২] শ্রৌতাধানী যজমান দর্শ ও পূর্ণমাসের যথাক্রমে অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে নিত্যরূপে এই যাগানুষ্ঠান করে। অগ্ন্যাধানের পর এই যাগ পূর্ণিমা তিথি থেকে শুরু হয়। যজমান, যজমান পত্নী, ব্রহ্মা, হোতা, অধ্বর্যু, আগ্নিধ্র এই ৬ জনের দ্বারা এই যাগ সম্পন্ন হয়। পূর্ণিমায় তিনটি এবং অমাবস্যায় তিনটি এই প্রকার ছটি প্রধান যাগ করা হয়। পূর্ণমাসযাগে প্রথম আহুতি অগ্নির উদ্দেশ্যে অষ্টকপাল পুরোডাশ, এরপর বিষ্ণু,প্রজাপতি, অগ্নি ও সোম- এই চার দেবতার একজনকে ঘৃতাহুতির দ্বারা উপাংশুযাগ। তৃতীয় আহুতি অগ্নি ও সোমের উদ্দেশ্যে

একাদশ কপাল পুরোডাশ। দর্শযাগে প্রথম আহুতি পূর্ণমাসযাগের মতো। দ্বিতীয় ও তৃতীয় আহুতির দেবতা ইন্দ্র এবং হব্যদ্রব্য যথাক্রমে দধি ও দুগ্ধ। অন্নাহার্য এই যাগের দক্ষিণা।

এই দর্শপূর্ণমাস যাগ নিত্য ও কাম্য –উভয়বিধই হতে পারে। যাঁরা সারাজীবন ধরে প্রতি পূর্ণিমায় ও অমাবস্যায় এই যাগানুষ্ঠান করেন তাঁদের কাছে এই যাগ নিত্য। অনেকের মতে নিত্য হলেও ত্রিশবত্সর ধরে অবিচ্ছন্নভাবে এই যাগানুষ্ঠান করার পর পরিত্যাগ করা যায়। কিংবা বৃদ্ধাবস্থায় অপারগ হলে ত্যাগ করা যেতে পারে।[১৩] এপ্রসঙ্গে আপস্তম্ব শ্রৌতসূত্রে আম্নাত হয়েছে-'তাভ্যাং যাবজ্জীবং যজেত। ত্রিশতং বা বর্ষাণি। জীর্ণো বা বিরমেত্'।[১৪] আর কোনো কামনা নিয়ে যাঁরা এই যাগের আনুষ্ঠান করেন তাঁদের ক্ষেত্রে এই যাগ কাম্য। যেমন-' দর্শপূর্ণমাসাভ্যাং স্বর্গকামো যজেত' এরুপ বাক্যের দ্বারা এটি কাম্যযাগ তা বিহিত হয়ে যায়।

২.৩ আগ্রয়ণ

আগ্রয়ণ এটি একটি ইষ্টিযাগ এবং এর দ্বারা নবান্ন উৎসব সূচিত হয়। শরৎকালে ও বসন্তকালে এই যাগের অনুষ্ঠান হয় এবং পুরোডাশ ও চরুর আহুতি হয়। ইন্দ্রাগ্নির উদ্দেশ্যে পুরোডাশ ও দ্যাবাপৃথিবীর এবং বিশ্বদেবের উদ্দেশ্য পয়োতে চরুপাক করে তার আহুতি হয়। এই যাগ প্রসঙ্গে শতপথ ব্রাহ্মণে আম্নাত হয়েছে-'অনযোর্বা অযং দ্যাবাপৃথিব্যো রসোঽস্য রসস্য হুত্বা দেবেভ্যো ঽথেমমশ্নামেতি তস্মাদ্বা আগ্রযণেষট্যা যজতে'।[১৫] দক্ষিণা হিসাবে ভগ্ন রথকে সারিয়ে তা দান করা হয় এবং ক্ষৌমবস্ত্র, মধুপর্ক ইত্যাদিও দেওয়া হয়। এই ইষ্টিযাগকে শাস্ত্রে নিত্যা বলে অভিহিত করা হয়েছে। এই ইষ্টিযাগের পরেই আহিতাগ্নি নতুন অন্ন গ্রহণ করেন। অনাহিতাগ্নি ব্যক্তি ঔপাসন অগ্নিতে গৃহ্যসূত্রোক্ত বিধানে আগ্রয়ণেষ্ঠি করেন। ব্রীহির দ্বারা আগ্রয়ণের পর যতদিন না যবের দ্বারা আগ্রয়ণ যাগ করা হচ্ছে ততদিন সমস্ত যাগই ব্রীহির দ্বারা করতে হয়। আবার যবের দ্বারা আগ্রয়ণেষ্টির পর ব্রীহির দ্বারা আগ্রয়ণেষ্টির পূর্ব পর্যন্ত সমস্ত 'যাগ যবের দ্বারাই করতে হয়।

২.৪ চাতুর্মাস্য

চাতুর্মাস্য যাগকে গোপথ ব্রাহ্মণে সপ্ত হবির্যাগের অন্যতম বলা হয়েছে।[১৬] এই কর্ম চার মাস ধরে অনুষ্ঠিত হয় বলে একে চাতুর্মাস্য বলে। কাত্যায়ন শ্রৌতসূত্রে কর্কট ভাষ্যে বলা হয়েছে – 'চতুর্ষু মাসেষু ভবন্তি'।[১৭]এই কর্মে চারটি পর্ব আছে যথা- বৈশ্বদেব, বরুণপ্রঘাস, সাকমেধ ও শুনাসীরীয়। এর অন্তর্গত প্রথম পর্বের অনুষ্ঠান ফাল্গুন মাসের পূর্ণিমা তিথিতে করা উচিত- 'ফাল্গুন্যাং পৌর্ণমাস্যাং প্রয়োগশ্চাতুর্মাস্যানাম্। বৈশ্বনরীযপার্জন্যেষ্টিঃ পূর্বস্যাং পৌর্ণমাস্যাম্। পর্জন্যায যস্য ব্রতে। উত্তরস্যাং বৈশ্বদেবম্'।[১৮] অতঃপর, চার মাস অতিবাহিত হওয়ার পর আষাঢ়ের পূর্ণিমা তিথিতে দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়- 'আষাঢ্যাং বরুণপ্রঘাসাঃ'।[১৯] তারপর চার মাস অতিবাহিত হওয়ার পর, কার্তিক মাসের পূর্ণিমা তিথিতে তৃতীয় পর্ব অনুষ্ঠিত হয়-'কার্তিক্যাং সাকমেধাঃ'।[২০] অতঃপর চার মাস অতিবাহিত হওয়ার পরে, ফাল্গুন মাসের শুক্ল পক্ষের প্রতিপদে চতুর্থ পর্ব অনুষ্ঠান করা উচিত- 'সাকমেধৈরিষ্ট্বান্বক্ষং শুনাসীর্যম্। মাধ্যাং বা পৌর্ণমাস্যাম্'।[২১] এই পদ্ধতি বারবার পুনরাবৃত্তি করা উচিত। প্রতিটি পর্বের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ-

প্রথম পর্ব (বৈশ্বদেব)- এই প্রথম পর্বে, অগ্নি দেবতার অষ্ট কপাল পুরোডাশ, সোম দেবের চরু, সবিতার অষ্ট কপাল বা দ্বাদশ কপাল পুরোডাশ, সরস্বতীর চরু, পুষার জন্য আটার চরু, স্বতবদ্গুণবিশিষ্ট মরুতের সপ্তকপাল পুরোডাশ, বিশ্বদেবের জন্য পয়স্যা,দ্যাবাপৃথিবীর এককপাল পুরোডাশ, এই আটটি হবি। এই যাগগুলির প্রকৃতি দর্শপূর্ণমাস, তাই এদের আলাদা ধর্ম বলা হয় না। শুধুমাত্র প্রযাজ এবং অনুযাজের মধ্যে 'নবপ্রযাজম্ নবানুযাজম্' এই সূত্রে 'নবত্ব ত্রিণী সমিষ্টযজুংষি' এবং বাজি দেবতার যজ্ঞ বিশেষ। এই বৈশ্বদেব পর্বের ধর্ম অন্যান্য পর্বে অনুসরণ করা হয়। এর অধীনে, বিশ্বদেবের সাথে সম্পর্কিত আমিক্ষা যাগ রয়েছে, যা অন্যান্য আমিক্ষা যাগের প্রকৃতি। এতে ঋত্বিক্ দর্শপূর্ণমাস অনুযায়ী হয়।

দ্বিতীয় পর্ব (বরুণপ্রঘাস)- বৈশ্বদেব-এ উল্লিখিত সমস্ত হবির্দ্রব্যের মধ্যে প্রথম পাঁচটি হবির্দ্রব্য ছাড়াও আরও চারটি হবির্দ্রব্য রয়েছে- ইন্দ্রাগ্নিদেবত্য দ্বাদশকপাল পুরোডাশ, বরুণের জন্য আমিক্ষা, মরুতের জন্য অমিক্ষা, প্রজাপতির (ব্রহ্মার) জন্য এককপাল পুরোডাশ। এখানে দুটি বেদী থাকে – উত্তর ও

দক্ষিণ। ঋত্বিক্ বৈশ্বদেব পর্ব অনুসারে হয়। একজন প্রতিপ্রস্থাতা এই পর্বে উপস্থিত থাকেন। তিনি দক্ষিণ বেদীতে করা আচারগুলি সম্পাদন করেন। এই পর্বে ও সাকমেধ পর্বে উত্তরবেদী ও অগ্নিপ্রণয়ন বেশি হয়। একইভাবে করম্ভ পাত্র তৈরি ও সেগুলো দক্ষিণাগ্নিতে আহুতি দিতে হয় এই পর্বে। দম্পতি তীর্থস্থান করে। এই পর্বের দক্ষিণা হল ধেনু, অশ্ব, ছয় বা বারোটি গরু ইত্যাদি।

তৃতীয় পর্ব (সাকমেধ)- কার্তিক মাসের পূর্ণিমা তিথিতে এই পর্বের অনুষ্ঠান দুদিন ধরে হয়। প্রথমদিন প্রাতঃকালে অনীকবতী ইষ্টি থেকে আরম্ভ করে অগ্নি উদ্ধরণ পর্য্যন্ত সমস্ত কাজগুলি করা হয়। অগ্নি অনীকবান্ দেবতার উদ্দেশ্যে অষ্টকপাল পুরোডাশ দিয়ে প্রাতঃকালে যজ্ঞ হয়। এর দক্ষিণা অন্বাহার্য্য। মাধ্যাহ্নে হয় সান্তপনেষ্টি। এখানে সান্তপনা মরুৎগণ দেবতা এবং চরুদ্রব্যের দ্বারা হোম হয়। এক্ষেত্রেও অন্বাহার্য্য দক্ষিণা। সায়ংকালে হয় গৃহমেধীয়েষ্টি। এখানে গৃহমেধিনো মরুৎগণ দেবতা এবং দুধের দ্বারা প্রস্তুত চরু হল হোমের দ্রব্য। এখানে দক্ষিণারূপে বৃষভ দান করতে হয়। গৃহমেধীয়েষ্টির হবিঃশেষ যজমান ও ঋত্বিকেরা ভক্ষণ করতে পারেন। এইসব যজ্ঞের একটু বিশেষত্ব আছে কারণ প্রযাজ ও অনুযাজাদির অনুষ্ঠান এক্ষেত্রে হয় না। এই পর্বে সায়ংকালে ও প্রাতঃকালে দুধ বা লপসীর দ্বারা অগ্নিহোত্র হোম করতে হয়। পরের দিন প্রাতঃকালে অগ্নি উদ্ধরণাদির পর প্রথমে ইন্দ্রের উদ্দেশ্যে দধি হোম হয় এবং তারপর হয় ক্রীড়নীয়েষ্টি। এক্ষেত্রে সপ্তকপাল পুরোডাশের দ্বারা ক্রীড়িনো মরুৎগণের উদ্দেশ্যে হোম হয়। এক্ষেত্রে দক্ষিণা হল অন্বাহার্য্য। পরে হয় অদিতীষ্টি। চক্র দিয়ে অদিতি দেবতার উদ্দেশ্যে হোম হয় এবং দক্ষিণা রূপে অন্বাহার্য্য দেওয়া হয়। এরপরেই উত্তরবেদিতে মহাহবিঃসংজ্ঞকেষ্টির অনুষ্ঠান হয়। বৈশ্বদেব পর্বের মতই ৫টি সাধারণ আহুতি ছাড়াও এখানে কয়েকটি অধিক দেবতার উদ্দেশ্যে আহুতি দেওয়া হয়, যথা-ইন্দ্রাগ্নী দেবতার উদ্দেশ্যে দ্বাদশকপাল পুরোডাশ, মহেন্দ্র দেবতার উদ্দেশ্যে চরু, বিশ্বকর্মা দেবতার উদ্দেশ্যে এককপাল পুরোডাশ। এই যাগের দক্ষিণা হল ঋষভ। ঐদিন অপরাহ্নে পিতৃযজ্ঞ বা পিত্রেষ্টির অনুষ্ঠান হয়। দক্ষিণ দিকে যজমানের উচ্চতার সমান দৈর্ঘ্য প্রস্থে একটা বেদি প্রস্তুত করে দক্ষিণাগ্নি থেকে অগ্নি নিয়ে এসে ঐ বেদিতে স্থাপন করে সেইখানেই নিম্নলিখিত দেবতাদের উদ্দেশ্যে আহুতি দেওয়া হয়-পিতৃবৎ সোম বা সোমবৎ পিতৃগণের উদ্দেশ্যে ষট্কপাল পুরোডাশ, ধানা,মন্থ ইত্যাদি হব্যদ্রব্যের আহুতি হয়। শেষে হয় ত্র্যম্বকেষ্টি। রুদ্র দেবতার উদ্দেশ্যে ৪ টি এককপাল পুরোডাশ আহুতি হয়। অধ্বর্য্যু একাই ঋত্বিকের কাজ করেন এবং সমস্ত অনুষ্ঠানটি তূষ্ণীং ভাবে উত্তরমুখে অনুষ্ঠিত হয়। এই যজ্ঞের দক্ষিণা ঋষভ।

চতুর্থ পর্ব (শুনাসীরীয়)- এই পর্বে শুনাসীরীয়ের অনুষ্ঠান হয় পৌর্ণমাসী যাগের নিয়মে। বৈশ্বদেব পর্বের মতো এখানে সাধারণত ৫ জন দেবতার উদ্দেশ্যে তো আহুতি দেওয়া হয়। এছাড়াও শুনাসীরীয় অর্থাৎ বায়ু এবং আদিত্যের উদ্দেশ্যে দ্বাদশকপাল পুরোডাশ, বায়ু দেবতার উদ্দেশ্যে সদ্য দোহন করা দুধ, সূর্যের একপাল পুরোডাশ ইত্যাদি। শতপথ ব্রাহ্মণের মতে চাতুর্মাস্য যাগের সাকমেধ ও শুনাসীরীয়ের অনুষ্ঠান একই সঙ্গে হতে পারে। এই যজ্ঞের দক্ষিণা রূপে-হাল, দুটি শক্তিমান বলদ, সাদা ঘোড়া ইত্যাদি দিতে হয়। চাতুর্মাস্য যাগের দুটি পক্ষ আছে উৎসর্গপক্ষ এবং যাবজ্জীবপক্ষ। উৎসর্গপক্ষে একবার মাত্র চাতুর্মাস্য করে তারপর যজমান পশুযাগ, সোমযাগ ইত্যাদির অনুষ্ঠান করেন আর কখনো চাতুর্মাস্য করেন না। যাবজ্জীবপক্ষে একবার আরম্ভ করার পর যজমান যতদিন বেঁচে থাকেন ততদিনই প্রত্যেকটি পর্বে অনুষ্ঠান করে যান। চাতুর্মাস্য যাগ তিন প্রকার হতে পারে। যথা--ঐষ্টিক, পাশুক এবং সৌমিক। এর মধ্যে ঐষ্টিক চাতুর্মাস্যের কথাই আলোচনা করা হয়েছে। অনুষ্ঠান কালের দিক থেকে বিচার করলে তিন প্রকার চাতুর্মাস্যকেই আবার তিন ভাগে বিভক্ত করা যায়। যেমন-সংবৎসরিক, পঞ্চাহিক এবং ঐকাহিক।

২.৫ নিরূঢ়পশুবন্ধ

আহিতাগ্নি ত্রৈবর্ণিক নিরূঢ়পশুবন্ধের অধিকারী। এই যাগ বছরে একবার বর্ষা ঋতুতে করা যায়। এ প্রসঙ্গে কাত্যায়ন শ্রৌতসূত্রে বলা হয়েছে-'পশ্বিজ্যা সংবৎসরে সংবৎসরে প্রাবৃষি'। উত্তরায়ণ ও দক্ষিণায়নে দুবার করা যায় অথবা প্রত্যেক ঋতুতে একটি করে মোট ছয় বার করা যায়। ছাগপশুর দ্বারা যজ্ঞের আহুতি হয় বলেই এর নাম পশুযাগ। পশুর সমস্ত দেহকেই আহুতি দেওয়া হয় না, তার বপা, মেদ ইত্যাদি আহুতি দেওয়া হয়। ইন্দ্র, অগ্নি, সূর্য অথবা প্রজাপতি ইত্যাদি হলেন পশুযাগের দেবতা। কমপক্ষে ছয়জন পুরোহিতের প্রয়োজন হয়, তারা হলেন অধ্বর্যু, প্রতিপ্রস্থাতা,হোতা,

মৈত্রাবরুণ, অগ্নীধ্র এবং ব্রহ্মা। হোতা কেবল যাজ্যা মন্ত্র পাঠ করেন এবং অনুবাক্যা পাঠ করেন মৈত্রাবরুণ। এছাড়াও পৈষ মন্ত্রসমূহ মৈত্রাবরুণ পাঠ করে থাকেন। ইষ্টিযাগের থেকেও একটি স্বতন্ত্র বেদি নির্মাণ করতে হয়, যাকে পাশুকবেদি বলা হয়। যজ্ঞের পশুকে বাঁধার জন্য বেল, খাদির, রহিতক, পলাশ ইত্যাদি বৃক্ষের কাঠ দ্বারা যূপ নির্মাণ করে বেদির পূর্বদিকে পোতা হয়। এই যাগে এগারোটি প্রযাজ এবং এগারোটি অনুযাজের বিধান রয়েছে।এছাড়াও স্বিষ্টকৃৎ যাগ, পত্নীসংযাজ ইত্যাদির অনুষ্ঠান হয়ে থাকে। প্রথম দশটি প্রযাজযাগে আজ্যের দ্বারা আহুতি হয় এবং শেষেরটিতে পশুর বপার আহুতি হয়। তারপর এগারোটি অনুযাজে দধি মিশ্রিত আজ্যের আহুতি হয়। অধ্বর্যু এই যাগ করেন। ধেনু অথবা বর হল বৈকল্পিক দক্ষিণা।পশুযাগে ইড়াভক্ষণ সম্পর্কে বিভিন্ন মতবাদ আছে। একদলের মতে পশু যজমানের প্রতীক অতএব পশুমাংস ভক্ষণযোগ্য নয়। আবার ঐতরেয় ব্রাহ্মণ মতে তা ভক্ষণযোগ্য।[২২]

২.৬ সৌত্রামণী

'সুত্রাম্ণ ইযং সৌত্রামণী' এই ব্যুৎপত্তির নিরিখে ইন্দ্র দেবতার উদ্দেশ্যে সম্পাদ্যমান যাগকেই সৌত্রামণী বলে। এই যাগের প্রধান দেবতা ইন্দ্র। সেকারণে সৌত্রামণী যাগকেই ইন্দ্রযাগও বলা হয়ে থাকে। সৌত্রামণী নামক পশুযাগকে দুভাগে ভাগ করা যায় স্বতন্ত্র এবং অঙ্গীভূত। চয়নযাগের পর তদঙ্গীভূত সৌত্রমণী অনুষ্ঠিত হয়। তাছাড়া স্বতন্ত্র সৌত্রামণীও হতে পারে। স্বতন্ত্রসৌত্রামণীকে নিত্যা, কাম্যা ও নৈমিত্তিক এরূপ তিন ভাগে বিভক্ত করা হয়। স্বতন্ত্রসৌত্রামণী যাগে কেবল ব্রাহ্মণদেরই অধিকার আছে এবং অঙ্গ হিসাবে বিহিত সৌত্রামণীতে ক্ষত্রিয় বৈশ্যদেরও অধিকার আছে। এই যাগে অশ্বিদ্বয়ের উদ্দেশ্যে অজ, সরস্বতীর উদ্দেশ্যে মেষ এবং ইন্দ্রের উদ্দেশ্যে ঋষভ পশু দেওয়া হয়। শ্রৌতসূত্রাদিতে এই দেবতা বিষয়ে মতান্তরের উল্লেখও আছে! এখানে ঋত্বিক হন-অধ্বর্য্য, ব্রহ্মা, হোতা, আগ্নীত্, প্রতিপ্রস্থাতা ও মৈত্রাবরুণ। পশু ছাড়াও পুরোডাশের আহুতিও হয়। এই যজ্ঞে তিনটি পয়োগ্রহ এবং তিনটি সুরাগ্রহ গ্রহণ হয়। এই গ্রহের দেবতারা হলেন-অশ্বিদ্বয়, সরস্বতী ও ইন্দ্র সুত্রামা।

সৌত্রামণীযাগকে-কৌকিল এবং চরক দুভাগে বিভক্ত করা হয়। কৌকিল সৌত্রামণীর স্বতন্ত্ররূপে অনুষ্ঠান করা গেলেও, চরক সৌত্রামণী রাজসূয় যাগের অঙ্গ। অগ্নিচয়নের অঙ্গহিসাবেও চরকসৌত্রামণীর কথা পাওয়া যায়। কাত্যায়ন শ্রৌতসূত্রে কৌকিল সৌত্রামণীর বিবরণ আছে এবং সমৃদ্ধিকামী ব্রাহ্মণ বা রাজ্যভ্রষ্ট রাজাকে কিংবা পশুসম্পদে বঞ্চিত ব্যক্তিকে এই অনুষ্ঠান করতে বলা হয়েছে।[২৩] চার দিনের এই যজ্ঞানুষ্ঠানেই সুরা দেবার বিধান থাকলেও পরবর্তী কালে ব্রাহ্মণদের পক্ষে সুরাপান নিষিদ্ধ হওয়ায় সুরার পরিবর্তে দুধকে আহুতি দ্রব্য হিসাবে ব্যবহারের বিধান পাওয়া যায়। আপস্তম্ব শৌতসূত্রে এরূপ বিধান আছে। সুরা আহুতির জন্যই শতপথব্রাহ্মণে এই যজ্ঞকে আগে অসুরদের যজ্ঞ ছিল বলা হয়েছে।[২৪] এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে বাজপেয় যাগেও সুরাগ্রহ গ্রহণের কথা আছে।

২.৭ পিণ্ডপিতৃযজ্ঞ

মীমাংসকদের মতে পিণ্ডপিতৃযজ্ঞ একটি স্বতন্ত্র যাগ হলেও কাত্যায়ন শৌতসূত্রের মতে এটি দর্শযাগের অঙ্গ-‘অপরাহণে পিণ্ডপিতৃযশ্চন্দ্রাদ্রর্শনে মাবাস্যাযাম্।[২৫] ‘মাসি মাস্যেব পিতৃভ্যঃ’ শতপথ ব্রাহ্মণের উক্তিকে আধার করে অমাবস্যার দিনে এই কর্মানুষ্ঠান করা হয়।[২৬] এটি কৃত্য স্বতন্ত্র, কারণ জৈমিনীয় সূত্রে এর অনুষ্ঠানের সময় নির্ধারিত আছে-‘পিতৃযজ্ঞঃ স্বকালাত্বাদনঙগংস্যাত্’।[২৭] এই যাগে চরু বা চাল দক্ষিণাগ্নিতে পাক করার পর পিণ্ড করে পিতৃগণের উদ্দেশ্যে দক্ষিণাগ্নিতে আহুতি দিতে হয়। অগ্নিহোত্রীর কাছে এটি নিত্যকর্মানুষ্ঠান। যদি অগ্নিহোত্রীর পিতা জীবিত থাকেন তাহলে তাঁকে পিণ্ডযজ্ঞ করতে হয় না।

৩. সোমযজ্ঞ

সোমরসের আহুতি যে যজ্ঞে করা হয় তাকে সোমযাগ বলে। সকল বৈদিক কর্মানুষ্ঠানের মধ্যে সবথেকে জটিল এবং ব্যয়বহুল অনুষ্ঠান হল সোমযাগ। সোমযাগের বহু প্রকারবৈচিত্র্য আছে। তার মধ্যে অহীন এবং সত্র-এই দুইপ্রকার বিশেষভাবে উল্লেখ্য। সোমযাগের অনুষ্ঠান একদিনে হতে পারে, দু'দিনেও হতে পারে, তিনদিনে, চারদিনে বা বারদিনে, এমনকি এক বছর ধরেও হতে পারে। একদিনের যজ্ঞকে একাহ বলে আর দুই থেকে বারদিনে সম্পাদ্য সকল সোমযাগকে অহীন বলা হয়ে থাকে। বার থেকে

এক বৎসর বা ততোধিক সময় ধরে যজ্ঞ সম্পাদিত হলে তাকে বলা হত সত্র। একাহজাতীয় সকল সোমযাগের সাধারণ নাম ছিল জ্যোতিষ্টোম। জ্যোতিষ্টোমযাগের সাতটি সংস্থা অর্থাৎ জ্যোতিষ্টোমের অনুষ্ঠানপদ্ধতি সাতপ্রকারের, যথা-অগ্নিষ্টোম, উক্থ্য, ষোড়শী, অতিরাত্র, অত্যগ্নিষ্টোম, আপ্তোর্যাম এবং বাজপেয়। এদের মধ্যে অগ্নিষ্টোমই প্রকৃতি, অন্যগুলি তার বিকৃতিমাত্র।

সোমযাগের সপ্ত সংস্থা ব্যতীত অতিরিক্ত কিছু প্রকারবৈচিত্র্য আছে। যেমন- অগ্নিচয়ন যাগ, ক্রতু, সত্র, মেধ প্রভৃতি। এখানে সপ্ত সোমসংস্থা বর্ণনা করা হল।

৩.১ অগ্নিষ্টোম

একাহ সোমযাগের সাতটি সংস্থার মধ্যে প্রথম সংস্থাটি হল অগ্নিষ্টোম। ‘সর্বকামোঽগ্নিষ্টোমঃ’ অর্থাৎ সমস্ত কামানা সিদ্ধির জন্য এই অগ্নিষ্টোম যাগ করা হয়ে থাকে। জ্যোতিষ্টোম (ত্রিবিত্, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ এই চারটি হল স্তোম জ্যোতি, জ্যোতি যার স্তোম হয় সেটি জ্যোতিষ্টোম) চার প্রকার। সাত প্রকার সোম যাগের মধ্যে প্রথম হল অগ্নিষ্টোম। এই সোম যাগের প্রকারগুলির নামকরণ স্তোত্রের ওপর ভিত্তি করে হয়ে থাকে, শেষে যে স্তোত্র গাওয়া হয় তার ওপর ভিত্তি করে এই প্রকারের নামকরণ হয়। স্তোত্রের মাধ্যমে অগ্নি দেবতার স্তুতি করা হয়। এটাই সোম যজ্ঞের প্রকৃতি। অগ্নিষ্টোমে ‘যজ্ঞাযজ্ঞা বো অগ্নয়ে’ এই ঋচা গান করা হয়। এই অনুষ্ঠান বসন্ত ঋতুতে করা হয়। এই যাগে আগ্নিষ্টোম নামক স্তোত্র অর্থাৎ সামগানের দ্বারা অগ্নিদেবতার স্তুতি করার পর যজ্ঞ পরিসমাপ্ত হয় বলে সমগ্র অনুষ্ঠানটির নাম অগ্নিষ্টোম। সোমযাগ ছাড়া আর কোনো যাগে সামগান নেই। তাই সামগায়ী ঋত্বিকেরও প্রয়োজন হয় না। এই অগ্নিষ্টোমের অনুষ্ঠান প্রসঙ্গে কাত্যায়ন শ্রৌতসূত্রে বলা হয়েছে-‘বসন্তেঽগ্নিষ্টোম’ অর্থাৎ বসন্ত ঋতুতে অগ্নিষ্টোমের আনুষ্ঠান করার কথা বলা হয়েছে।[২৮] এখানে অগ্নিষ্টোমের দ্বারা সোমযাগকেই বোঝানো হয়েছে। আরম্ভের দিন, দীক্ষার দিন এবং সুত্যাদিন এইভাবে তিনটি দিনই যেন শুভ হয়। এই যাগ পাঁচ দিনে শেষ হয়। সাধারণত শুক্লপক্ষের একাদশী থেকে পূর্ণিমা পর্যন্ত এটি করা হয়। গণনানুসারে ১৬ জন ঋত্বিক থাকেন। অধ্বর্যুগণ- অধ্বর্যু, প্রতিপ্রস্থাতা, নেষ্টা, উন্নেতা। ব্রহ্মাগণ-ব্রহ্মা, ব্রাহ্মণাচ্ছংসি, আগ্নিধ্র, পোতা। হোতৃগণ- হোতা, মৈত্রাবরুণ, অচ্ছাবাক্, গ্রাবস্তুত্। উদ্গাতৃগণ- উদ্গাতা, প্রস্তোতা, প্রতিহর্তা, সুব্রহ্মণ্য। এছাড়াও ‘সদস্য’ নামক সপ্তদশ সংখ্যক ঋত্বিকের পরিচয়ও পাওয়া যায়।[২৯] উক্ত গণ অনুসারে দক্ষিণাও বাড়ে কমে।

৩.২ অত্যগ্নিষ্টোম

সোমযাগের দ্বিতীয় প্রকার যাগ হল অত্যগ্নিষ্টোম। এ প্রসঙ্গে কাত্যায়ন শৌতসূত্রে আম্নাত হয়েছে- ‘ষডুত্তরেঽত্যগ্নিষ্টোম উক্থ্যঃ, ষোড়শী, বাজপেযোঽতিরাত্রোপ্তোর্যামঃ’।[৩০] এই যাগ হল অগ্নিষ্টোম যাগের বিকৃতি ‘উক্থ্যষোডশ্যতিরাত্রাণামগ্নিষ্টোমবিকারত্বম্। অত্যগ্নিষ্টোমস্য চ’।[৩১] সপত্নিক যজমান এবং ১৬ জন ঋত্বিক যাগকার্য সম্পাদন করে। বিশেষ বিধি ব্যতীত সমস্ত বিধি অগ্নিষ্টোম যাগের অনুরূপ। যজমানের সঙ্কল্পের পর অধ্বর্যু যাগকার্য আরম্ভ করে। এই যাগে তেরোটি গ্রহপাত্র, তেরোটি শস্ত্র পাঠ করা হয় এবং তেরোটি স্তোত্র গাওয়া হয়। গ্রহপাত্রের আসাদনের সময় খাদির কাষ্ঠ দিয়ে তৈরি চতুর্মুখী, ষোড়শী সঙ্গক একটি গ্রহপাত্রকে আসাদিত করা হয়। একে আশ্বিন গ্রহপাত্র থেকে পশ্চিম দিকে রাখতে হবে। তিনটি সবনের মধ্যে যেকোনো একটি সবনে আগ্রয়ণগ্রহণ সমাপ্তির পর/পৃষ্ঠ্যোপাকরণের আগে এই পাত্রে সমন্ত্রক সোমরস গ্রহণ করা হয়। তৃণ স্পর্শ করলে স্তোত্রোপাকরণ ঘটে। শস্ত্র পাঠের সময় অধ্বর্যু ওথামো দৈব, মোদামো দৈব এবং সবশেষে প্রণবের প্রতিগ্রহ করা হয়। ষোডশী গ্রহপাত্র থেকে ইন্দ্রের জন্য যে যাগ করা হয় তা শুধুমাত্র ইন্দ্রের জন্যই ত্যাগ করতে হবে। অবশিষ্ট বিধি অগ্নিষ্টোমের ন্যায় করতে হয়। শেষে যাগের জন্য এক হাজার ব্রাহ্মণকে খাওয়াতে হবে।

৩.৩ উক্থ্য

সোমযাগের তৃতীয় প্রকার হল উক্থ্যসঙ্গক যাগ। এটিও সোমযাগের বিকৃতি ‘উক্থ্যষোডশ্যতিরাত্রাণামগ্নিষ্টোমবিকারত্বম্। অত্যগ্নিষ্টোমস্য চ’। ‘উক্থ্যেন পশুকামো যজেত’ অর্থাৎ পশু লাভের জন্য উক্থ্য যাগ করা হয়।[৩২] যজমানের সঙ্কল্প দ্বারা এই যাগ আরম্ভ হয়। এই যাগে অগ্নির জন্য একটি এবং ইন্দ্রের জন্য একটি এই প্রকার দুটি অজ পশু আবশ্যক। এই যাগে গ্রহ, স্তোত্র এবং শস্ত্রের সংখ্যা হল ১৫ টি। পুরোডাশের ক্রমানুসারে অগ্নির অষ্ট কপাল এবং ইন্দ্রাগ্নির বারো কপাল

রয়েছে। অঙ্গাবদানশ্রপণ এর উদ্দেশ্যে উভয় হৃদয়কে একই শূলে বেঁধে উত্তপ্ত করা হয়। শুধুমাত্র একটি উখা ব্যবহার করা হয়। পশুর অঙ্গ দানের সময় শরীরের একটি অঙ্গের সাথে অন্য অঙ্গের মিশ্রণ করা উচিত নয়। এই উদ্দেশ্যে, একটি পশুর শরীরের অঙ্গ একটি কাপড় দিয়ে বেঁধে বলি হিসাবে দেওয়া হয়। বাকি আচারগুলি অগ্নিষ্টোমের অনুরূপ করা হয়।

৩.৪ ষোড়শী

ষোডশী সোমযাগের চতুর্থ প্রকার। এটিও অগ্নিষ্টোম যাগের বিকৃতি। বিধান ব্যতীত সমস্ত বিধি অগ্নিষ্টোম যাগের অনুরূপ। 'ষোডষীনাং বীর্যকামঃ' অর্থাৎ এই যাগ বীর্য কামার্থে করা হয়।[৩৩] যজমানের সসংকল্প দ্বারা এই যাগ আরম্ভ হয় (চতুষ্টোমেন রথন্তরপৃষ্ঠেন হিরণ্যশতগবদক্ষিণেন বাসোঽশ্বদক্ষিণেন চ ষোডষীসংস্থেন জ্যোতিষ্টোমেনাহং যক্ষ্যে)। এখানে পীতমুখী এবং কৃষ্ণকর্ণযুক্ত গরু নিয়ে সোমক্রয়ণ করা হয়। এখানে গ্রহ, স্তোত্র এবং শস্ত্র ১৬ টি। গ্রহপাত্রগুলির মধ্যে ষোড়শী সঙ্গক একপাত্র খয়ের কাঠের তৈরি এবং চার মুখ রয়েছে। এই যজ্ঞে দুটি অজ এবং একটি মেষ প্রয়োজন। অগ্নির জন্য অজ, ইন্দ্রাগ্নির জন্য অজ এবং ইন্দ্রের জন্য মেষ রয়েছে। আগ্রয়ণ গ্রহের পর ষোড়শীগ্রহের নিয়ম আছে। স্তোত্র পাঠের সময় কালো ঘোড়াকে পশ্চিম দিকে মুখ করে দাঁড়াতে হবে। দর্ভ ও হিরণ্য দিয়ে স্তোত্র স্ত্রোত্রের উপাকরণ করা হয়। এই যাগে বিজাতীয় পশু থাকার কারণে অঙ্গদানাদি বিধানে একীকরণ হওয়া উচিত নয়। এই উদ্দেশ্যে উখা, বপাশ্রপণী প্রভৃতি যজ্ঞাযুধের জন্য পৃথক ব্যবস্থা প্রয়োজন। অগ্নি, ইন্দ্রাগ্নি এবং ইন্দ্র দেবতাদের জন্য যথাক্রমে সবনীয় যাগ করা হয়। যাগের শেষে এক হাজার ব্রাহ্মণকে খাওয়ানো হয়। যাগের পর সায়ংকালীন হবন দিয়ে শুরু হয় অগ্নিহোত্র হবন। দ্বিতীয় দিনের ভোর থেকে প্রতিদিন অগ্নিহোত্র হবন করা উচিৎ।

৩.৫ বাজপেয়

এটি সোমযাগের পঞ্চম প্রকার। এটি ষোডশীর বিকৃতি। শতপথ ব্রাহ্মণে আম্নাত হয়েছে- 'বাজপেযেনেষ্ট্বা সম্রাড় ভবতি' অর্থাৎ এটি সাম্রাজ্যের আকাঙ্ক্ষায় করা হয়।[৩৪] এর অনুষ্ঠানে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা আহিতাগ্নির অধিকারী। এই যাগ করলে সম্রাটের উপাধি প্রাপ্তি হয়। এটি শরৎ ঋতুতে অনুষ্ঠিত হয় 'শরদি বাজপেযঃ'।[৩৫] এর আগে এবং পরে বৃহস্পতিসব অনুষ্ঠান পালন করার বিধান আছে, যাকে পরিযজ্ঞ বলা হয়।

৩.৬ অতিরাত্র

এটি সোমের ষষ্ঠ প্রকার। এটির অগ্নিষ্টোমের প্রকৃতির ন্যায়। সত্যাষাঢ় শ্রৌতসূত্রে উল্লিখিত হয়েছে- 'অতিরাত্রেণ ব্রহ্মবর্চসকামঃ' অর্থাৎ ব্রহ্মবর্চসের কামনায় এই যাগ করা হয়।[৩৬] এতে গ্রহ, স্তোত্র ও শস্ত্রের সংখ্যা ৩৯টি। এই যাগে চারটি পশু প্রয়োজন। প্রথমটি অগ্নির জন্য অজ, দ্বিতীয়টি ইন্দ্রাগ্নির জন্য অজ, তৃতীয়টি ইন্দ্রার্থ মেষ এবং চতুর্থটি সরস্বতীর জন্য স্ত্রী মেষ। পশুদের যূপে নিযুক্ত করা হয়। সংজ্ঞপন ও প্রাণশোধনও করা হয়। যাগান্তে এক হাজার ব্রাহ্মণকে খাওয়ানো হয়।

৩.৭ অপ্তোর্যাম

সোমের শেষ এবং সপ্তম প্রকার হল অপ্তোর্যাম। এটি অতিরাত্রের বিকৃতি। বিশেষ বিধি ব্যতীত বাকি বিধিগুলি প্রকৃতিবৎ। 'অপ্তোর্যমেনপশুকামঃ' অর্থাৎ পশু প্রাপ্তির কামনা থাকলে আপ্তোর্যামযাগ করা হয়। এই যজ্ঞে তেত্রিশটি গ্রহ, স্তোত্র ও শস্ত্র রয়েছে। যজমান সংকল্পপূর্বক এই যাগ শুরু করেন। এই যাগে এক, তিন, বারো বা একাধিক দীক্ষা হয়। সবনীয় পশু হল অগ্নির অজ, ইন্দ্রাগ্নির অজ, ইন্দ্রের মেষ এবং সরস্বতীর স্ত্রী মেষ। অতিরাত্রযাগের মত পাশু সংক্রান্ত সকল আচার করা হয়। মহেন্দ্রস্তোত্রে রথযাত্রা, অরণি, দুন্দুভি ও দর্ভ শব্দের কথা রয়েছে। এই যাগে উদ্গাতার উরুতে অরণি স্থাপন করে অগ্নি মন্থন করা হয়। হোতার শস্ত্র আবৃত্তির সময় সূক্ষ্ম প্রতিক্রিয়া হয়। শেষ বিধি অতিরাত্র যাগের অনুরূপ সম্পন্ন হয়।

কর্মানুষ্ঠানের মাহাত্য

বৈদিক সাহিত্যে যজ্ঞ সমাজ কল্যান তথা মানব কল্যানের জন্য করা হতো তা উক্ত আলোচনার দ্বারা আমরা বুঝতে পারি। পাক যজ্ঞগুলির মধ্যদিয়ে যেমন ফুটে উঠেছে দেবতাদের প্রতি মানুষের শ্রদ্ধা,

ভালোবাসা। সেইসঙ্গে নিত্যজীবনযাপনে কর্মানুষ্ঠানের সাথে মানুষের আত্মিক সম্পর্ক। বৈশ্বদেব কর্মের মধ্যে মানব জীবনের নিত্য কর্মানুষ্ঠান পঞ্চ মহাযজ্ঞের কথা বলা হয়েছে দেবযজ্ঞ, ভুতযজ্ঞ, পিতৃযজ্ঞ, মনুষ্যযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ। এগুলি এক আদর্শগত মানব চরিত্র নির্মাণের দিশা নির্দেশ করে। এছাড়াও হবির্যজ্ঞ এবং সোমযাগের মধ্যদিয়ে যেমন ভিন্ন ভিন্ন কামনার বহিঃপ্রকাশ ঘটেছে এবং তা সাধনের উপায় বলা হয়েছে। যেমন-‘ অগ্নিহোত্রং জুহুয়াত্ স্বর্গকামঃ’ অর্থাৎ স্বর্গ পেতে চাইলে অগ্নিহোত্র যাগ সম্পাদন করতে হবে। সুতরাং বলা যায় বৈদিকযুগে জনজীবনে কর্মানুষ্ঠানের প্রভাব অনস্বীকার্য ছিল।

উপসংহার

উক্ত সন্দর্ভে বৈদিক সাহিত্যে প্রচলিত শৌত ও গৃহ্য কর্মানুষ্ঠানগুলিকে পাকযজ্ঞ, হবির্যজ্ঞ ও সোমযজ্ঞ ক্রমে বিভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগে সাতটি করে সংস্থার পরিচয় এবং সংস্থান্তর্গত প্রতিটি যাগের সংক্ষিপ্ত সমীক্ষাত্মক বর্ণনা দেওয়া হয়েছে। এই বর্ণনার মধ্যমে জানা যায় যে বৈদিক আর্যগণের কাছে যজ্ঞ ছিল শ্রেষ্ঠ কর্ম। এই কর্মের দ্বারা মানুষের সর্বাঙ্গীণ মঙ্গল প্রাপ্তি হত। বিশেষ কোনো কামনাপূরণের জন্য নির্দিষ্ট যজ্ঞ কর্মের বিধান ছিল তা বোঝা যাচ্ছে। নিজের হিতসাধন প্রত্যেকটি মানুষের কাম্য হলেও যাগানুষ্ঠান এত ব্যায়বহুল ছিল যে সব কর্মানুষ্ঠান সবার পক্ষে করা সম্ভব হতো না। বৈদিক সমাজে যাগযজ্ঞের উপর মানুষের গভীর বিশ্বাস থাকার করণে আলোচ্য কর্মানুষ্ঠানগুলি অধিক প্রচার ও প্রসার ঘটে ছিল তা বলা যায়।

উল্লেখপঞ্জি

১. *কাত্যায়ন শ্রৌতসূত্র,* ১/২/২।

২. *পারস্কর গৃহ্যসূত্র,* ১/৮/৩।

৩. *শতপথ ব্রাহ্মণ,* ১১/৫/৫/১।

৪. *পারস্কর গৃহ্যসূত্র,* ৩/৩/১।

৫. *তদেব,* ২/১৪/১।

৬. *তদেব,* ৩/৮।

৭. *অপস্তম্ব গৃহ্যসূত্র,* ৯/১৩।

৮. *শতপথ ব্রাহ্মণ,* ১২/৪/১/১।

৯. দেবযাজ্ঞিক পদ্ধতি, পৃষ্ঠা ১৩০।

১০. *কাত্যায়ন স্মৃতি,* ১৮/১।

১১. *আপস্তম্ব শ্রৌতসূত্র,* ২৪/৩/৩২।

১২. *বৈখানস শ্রৌতসূত্র,* ১৪/১।

১৩. *শতপথ ব্রাহ্মণ,* ১১/১/২/১৩।

১৪. আপস্তম্ব *শ্রৌতসূত্র,* ৩/১৪/১১-১৩।

১৫. *শতপথ ব্রাহ্মণ,* ২/৩/৫/১।

১৬. *গোপথ ব্রাহ্মণ,* ১/৬/৭।

১৭. *কাত্যায়ন শ্রৌতসূত্র,* ৫/১/১।

১৮. *শাঙ্খায়ন শ্রৌতসূত্র,* ৩/১৩/১-৫।

১৯. *তদেব,* ১/১৩/৮।

২০. *তদেব,* ৩/১৫/১।

২১. *তদেব,* ৩/১৮/১৭-১৮।

২২. *ঐতরেয় ব্রাহ্মণ,* ২/৬/৩।

২৩. *কাত্যায়ন শ্রৌতসূত্র,* ১৯/১/২-৪।

২৪. *শতপথব্রাহ্মণ,* ১২/৯/৩/৪।

২৫. *কাত্যায়ন শৌতসূত্র,* ৪/১/১।

২৬. *শতপথব্রাহ্মণ,* ২/৩/৪/৮।

২৭. *জৈমিনীয় সূত্র,* ৪/৪/১৯।

২৮. *কাত্যায়ন শ্রৌতসূত্র,* ৭/১/৫।

২৯. *মৈত্রায়ণী সংহিতা,* ৪/৮/৩।

৩০. *তদেব,* ১০/৯/২৭।

৩১. দেবযাজ্ঞিক পদ্ধতি, পৃষ্ঠা ৩৭৯।

৩২. *সত্যাষাঢ় শ্রৌতসূত্র,* ৯/৭।

৩৩. *তদেব*।

৩৪. *শতপথ ব্রাহ্মণ,* ৫/১/১/১৪।

৩৫. *শাঙ্খায়ন শ্রৌতসূত্র,* ১৫/১/১।

৩৬. *সত্যাষাঢ় শ্রৌতসূত্র,* ৯/৭।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

চট্টোপাধ্যায়, অমরকুমার (সম্পা)। *আশ্বলায়ন শ্রৌতসূত্র* কলকাতা: দি এশিয়াটিক সোসাইটি, ২০০২।

চট্টোপাধ্যায়, অমর কুমার। *বৈদিক যজ্ঞ* কলকাতা: সংস্কৃত পুতক ভাণ্ডার, ১৮১১ বঙ্গাব্দ।

ঝা, লক্ষ্মীশ্বর। *কাত্যায়ন-শৌতসূত্র*। নিউ দিল্লি: চৌখম্বা ওরিয়ন্টলিয়া, ২০১১।

ঝা, সুন্দর নারায়ণ। *শতপথ ব্রাহ্মণ*। নিউ দিল্লি: চৌখম্বা ওরিয়ন্টলিয়া, ২০২১।

ত্রিবেদী, মনোহরলাল। *কাত্যায়নযজ্ঞপদ্ধতিবিমর্শ*। নিউ দিল্লি: রাষ্টীয় সংস্কৃত সংস্থান, ১৯৮৮।

ত্রিবেদী, রামেন্দ্রসুন্দর। *যজ্ঞকথা* হাওড়া: প্রাচী পাবলিকেশনস, ২০১৭ (নব সংস্করণ)।

পাঠক, যমুনা। *পারস্কর গৃহ্যসূত্র*। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ২০১৭।

পাঠক, যমুনা। *আপস্তম্ব শ্রৌতসূত্র* বারাণসী: চৌখম্বা সংস্কৃত সিরিজ অফিস, ২০১৮।

পাণ্ডেয়, উমেশচন্দ্র। *আপস্তম্ব গৃহ্যসূত্র* বারাণসী: চৌখম্বা সংস্কৃত সংস্থান, ২০১৫।

পাণ্ডেয়, ওমপ্রকাশ। *পারস্কর গৃহ্যসূত্র* বারাণসী: চৌখম্বা অমরভারতী প্রকাশন, ১৯৮০।

বন্দ্যোপাধ্যায়, শান্তি। *বৈদিক যুগের যাগযজ্ঞ*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৯৫।

বন্দ্যোপাধ্যায়, শান্তি। *বৈদিক সহিত্যের রূপরেখা* কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০০।

মিশ্র, জগদীশ চন্দ্র। *পারস্কর গৃহ্যসূত্র* চৌখম্বা: সুর ভারতী প্রকাশন, ২০১৬।

মিশ্র, দেবেন্দ্রপ্রসাদ। *কাত্যায়ন-শৌতসূত্র*। বারাণসী: চৌখম্বা সুরভারতী প্রকাশন, ২০১৫।

শর্মা, বিদ্যাধর। *কাত্যায়ন-শৌতসূত্র*। কাশী: অচ্যুতগ্রন্থমালা-কার্যালয়, ১৯৮৭।

শর্মা, বিদ্যাধর। *শতপথ ব্রাহ্মণ*। কাশী: অচ্যুতগ্রন্থমালা-কার্যালয়, ১৯৯৫।

শাস্ত্রী, অ. চিন্নস্বামী। যজ্ঞতত্ত্বপ্রকাশ। মাদ্রাজ: মাদ্রাজ ল' জার্নল প্রেস, ১৯৫৩।

মীমাংসা-দর্শনে বিধি প্রসঙ্গ

মৌসুমী সাঁপুই

সংক্ষিপ্তসার: ভারতীয় দর্শনশাস্ত্র পারস্পরিক আলোচনার মাধ্যমে সমৃদ্ধ হয়ে উঠেছে। আস্তিক ও নাস্তিক ভেদে এই দর্শন দুই প্রকার। সাংখ্য, যোগ, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত এগুলি আস্তিক এবং চার্বাক, বৌদ্ধ ও জৈন দর্শন হল নাস্তিক। বেদের প্রাধান্য স্বীকার বা বেদকে প্রামাণিক শাস্ত্র হিসেবে মেনে নেওয়ার মতপার্থক্যই এই ভেদের কারন। এই ষড়্দর্শনের মধ্যে মীমাংসা ও বেদান্ত প্রত্যক্ষভাবে বেদের চিন্তাধারায় প্রতিষ্ঠিত। বেদে যাগযজ্ঞসংক্রান্ত ক্রিয়ানুষ্ঠানের যৌক্তিকতা প্রমাণ করে মীমাংসা দর্শন। বেদান্ত দর্শন ব্রহ্মজ্ঞানবিষয়ক দার্শনিক তত্ত্বগুলি আলোচনা করেছেন। সেজন্যে মীমাংসা দর্শনকে পূর্ব-মীমাংসা বা কর্ম-মীমাংসা বলা হয় এবং বেদান্ত দর্শনকে উত্তর-মীমাংসা বা জ্ঞান-মীমাংসা বলা হয়। মীমাংসা দর্শনের মূল গ্রন্থ *মীমাংসাসূত্রের* প্রণেতা হলেন মহর্ষি জৈমিনি। মীমাংসকদের মতে বৈদিক বিধি অনুযায়ী কর্ম পালন করাই ধর্ম। অজ্ঞাত বিষয়ের জ্ঞান হয় বিধিবাক্যের দ্বারা। বিধির বৈশিষ্ট্য হল, বিধি এমন কিছু কর্মের নির্দেশ দেয় যেগুলি আগে কোথাও বলা হয় নি, অথচ সেই কর্মের প্রয়োজন আছে। যেমন ‘অগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকামঃ’ এই বাক্যটিতে অগ্নিহোত্র হোম করার কথা বলা হয়েছে। স্বর্গলাভ হল এই হোমের প্রয়োজন। পূর্বে কোন গ্রন্থ থেকে বা প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণ থেকে এই হোমকর্ম তথা স্বর্গলাভরূপ ফলের কথা জানা যায় নি। সেজন্যে এই অজ্ঞাত এবং প্রয়োজনবৎ বাক্যটি যথার্থ বিধিবাক্য। উক্ত প্রবন্ধে মীমাংসা-দর্শনে উল্লিখিত বিধির বিভাগগুলির একটি সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে। এখানে গুণ বিধি, গুণবিশিষ্ট বিধি, উৎপত্তি বিধি, বিনিয়োগ বিধি, অধিকার বিধি, প্রয়োগ বিধি, নিয়ম বিধি, পরিসংখ্যা বিধি ও অপূর্ব বিধি সম্পর্কে আলোচনা করা হয়েছে।

সূচক শব্দ: কর্ম, বেদ, বিধি, মীমাংসা, যজ্ঞ, দর্শন।

ভূমিকা

শ্রুতি মানুষকে বেদবিহিত কর্ম করে শতবর্ষ বাঁচার পথ প্রদর্শন করে। বেদবিহিত কর্মে রত থাকলেই যথার্থ ধর্মপালন করা হবে, যেহেতু বেদ ধর্মকেই প্রতিষ্ঠা করে। এই ধর্ম বিধি, মন্ত্র, নামধেয়, নিষেধ ও অর্থবাদরূপে সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদে নিহিত। ধর্ম সম্পর্কে জিজ্ঞাসামূলক সূত্রের অবতারণা করেই মহর্ষি জৈমিনি পূর্বমীমাংসা রচনা করেন। এই দর্শন মানুষকে তাঁর মনুষ্যত্বের সাথে পরিচিতি ঘটিয়ে দেয়।

মীমাংসা দর্শনের দুটি ভাগ-পূর্ব ও উত্তর। পূর্বমীমাংসা বেদকে অপৌরুষেয় বলে প্রমাণ করে। জৈমিনি পূর্ববর্তী কয়েকজন পূর্বমীমাংসক হলেন- আত্রেয়, আশ্মরথ্য, আশ্বলায়ন, কামুচায়ন, বাদরায়ণ, বাদরি প্রমুখ। মহর্ষি জৈমিনি রচিত মীমাংসাসূত্র গ্রন্থটি দ্বাদশ অধ্যায়ে বিভক্ত, সেজন্যে এটি *দ্বাদশাধ্যায়ী* নামে পরিচিত। মীমাংসা-দর্শনে ১২টি অধ্যায় ৬০টি পাদ ও ২৬৪৪ বা ২৭৫২টি সূত্রসংখ্যা আছে। শ্রীরামানুজাচার্য্যের মতে মীমাংসা দর্শন ১৬টি অধ্যায়ে সম্বলিত। পরন্তু দ্বাদশলক্ষণী মীমাংসাই সর্বাধিক প্রচলিত। খ্রী. পূর্ব চতুর্থ শতাব্দী জৈমিনির সময়সীমা বলে মনে করেন ড. সর্বপল্লী রাধাকৃষ্ণণ। মহর্ষি জৈমিনি শূণ্যবাদের উল্লেখ করায় পাশ্চাত্য পণ্ডিত জ্যাকবি তাঁকে নাগার্জুনের পরবর্তী (১৫০-২৫০ খ্রী.) বলে মনে করেন।

সূত্র, অধিকরণ ও প্রকরণ – এই তিন ধরনের গ্রন্থ মীমাংসা দর্শনে উপলব্ধ। সূত্ররচনার পরে ব্যাখ্যাপ্রধান ভাষ্যগুলি রচিত হয়েছিল, যেমন- শবরস্বামীর শাবরভাষ্য, কুমারিল ভট্টের রচিত বার্ত্তিক, প্রভাকর মিশ্রের বৃহতী, পার্থসারথি মিশ্রের শ্লোকবার্ত্তিকের ব্যাখ্যারূপ ন্যায়রত্নাকর, সোমেশ্বর ভট্টের তন্ত্রবার্ত্তিকের ব্যাখ্যা রাণকাপরাখ্যা ন্যায়সুধা। কয়েকটি অধিকরণ গ্রন্থ হল- পার্থসারথি মিশ্রের রচিত শাস্ত্রদীপিকা, মাধবাচার্যের জৈমিনীয় ন্যায়মালাবিস্তর। কয়েকটি প্রকরণ গ্রন্থ হল- অপ্পয় দীক্ষিতের বিধিরসায়ন, আপদেবের আপোদেবী বা মীমাংসান্যায়প্রকাশ, লৌগাক্ষি ভাস্করের অর্থসংগ্রহ প্রভৃতি।

মীমাংসার তিনটি বিশিষ্ট মত আছে, সেগুলি হল- ভাট্টমত, গুরুমত যেটি প্রাভাকর মত নামেও খ্যাত এবং মুরারি মত। ভাট্টমতের প্রবর্তক কুমারিল ভট্ট, গুরুমতের প্রবর্তক প্রভাকর মিশ্র এবং মুরারি মতের প্রবর্তক মুরারি মিশ্র। কুমারিল ভট্টের শিষ্য ছিলেন প্রভাকর মিশ্র। অসাধারণ মেধা ও

যোগ্যতাবশত প্রভাকর মিশ্র গুরু উপাধি লাভ করেন। প্রভাকর মিশ্রের জীবনকাল ৬১০-৬৯০ খ্রীস্টাব্দ। তিনি শাবরভাষ্যের ওপর বৃহতী টীকা রচনা করেন। এই টীকা নিবন্ধন নামেও পরিচিত।

প্রবন্ধটিতে যে বিধি বিষয়টি আলোচিত হয়েছে তা লৌগাক্ষি ভাস্করের *অর্থসংগ্রহ* নামক মীমাংসাদর্শনের প্রকরণ গ্রন্থ, আপদেবের *মীমাংসা-ন্যায়-প্রকাশ* এবং অপ্পয়দীক্ষিতের *বিধিরসায়ণ* গ্রন্থকে আশ্রয় করে। শালিবাহন শকরাজের শাসনকালে সপ্তদশ শতক লৌগাক্ষি ভাস্করের আনুমানিক সময়। লৌগাক্ষি হল তাঁর পারিবারিক নাম এবং ভাস্কর হল তাঁর নিজস্ব নাম। *অর্থসংগ্রহ* ছাড়াও তিনি বৈশেষিক দর্শনের ওপর '*তর্ককৌমুদী*' নামক গ্রন্থের রচনা করেন। ভারতীয় দার্শনিক আপদেবের জীবনকাল ছিল সতেরশ শতক। তাঁর পিতার নাম ছিল অনন্ত-দেব। পূর্ব-মীমাংসাকে প্রাধান্য দিয়ে তিনি মীমাংসা-ন্যায়-প্রকাশ রচনা করেন। এই গ্রন্থটি আপদেবী নামেও পরিচিত। আপদেব মূলত ভট্টসম্প্রদায়কে অনুসরণ করেছিলেন। অপর একজন বিখ্যাত প্রকরণ গ্রন্থকার হলেন অপ্পয় দীক্ষিত। মীমাংসা দর্শনের ভাট্টমত পদ্যবদ্ধ করে একটি গ্রন্থে তিনি স্বয়ং ব্যাখ্যা করেছেন, গ্রন্থটি *বিধিরসায়ণ* নামে পরিচিত। তাঁর জীবনকাল ১৮২০-১৮৯৩ খ্রী.। এছাড়াও বিভিন্ন শাস্ত্রে তিনি প্রায় শতাধিক গ্রন্থ রচনা করেন। যেমন- *উপক্রম পরাক্রম, বাদনক্ষত্রমালা, ময়ূখাবলী* (এটি শাস্ত্রদীপিকার ব্যাখ্যা), *চিত্রপট, ধর্মমীমাংসাপরিভাষা।*

মূলপাঠ

১.০ বিধি পরিচয়- মীমাংসা-দর্শনকে ভিত্তি করে বেদের পাঁচটি ভাগ করা হয়েছে। মূলত পাঁচ ধরনের ক্রিয়াকলাপকের ওপর নির্ভর করেই এই ভাগগুলি করা হয়েছে। এই পাঁচটি ভাগ হল- বিধিভাগ, মন্ত্রভাগ, নামধেয়ভাগ, নিষেধভাগ ও অর্থবাদভাগ। পূর্বাচার্য আপস্তম্ব ও সায়ণাচার্য বেদের দুটি ভাগ উল্লেখ করেছেন- মন্ত্র ও ব্রাহ্মণ, তাহলে অর্থসংগ্রকার লৌগাক্ষি ভাস্করের এই পাঁচপ্রকার ভাগ কতটা যথাযথ সে বিষয়ে প্রশ্ন ওঠে। সমাধানে বলা হয়েছে মন্ত্র ব্যতীত বিধি, নামধেয়, নিষেধ ও অর্থবাদ – এই চারটি ভাগ ব্রাহ্মণের অন্তর্ভুক্ত। ব্রাহ্মণের সমগ্র বিষয়টিকে সহজবোধ্য করে তুলতে এই প্রয়াসমাত্র। *মীমাংসা-ন্যায়-প্রকাশেও* বেদের বিভাগ প্রসঙ্গে আপদেব বলেন-'স চ বেদো বিধিমন্ত্রনামধেয়নিষেধার্থবাদাত্মকঃ'[১]। বি-পূর্বক ধারণ ও পোষণ অর্থে ডুধাঞ্ ধাতুর উত্তর 'কি' প্রত্যয় যোগে বিধি শব্দ নিষ্পন্ন। কর্তব্যরূপে বিধানের মাধ্যমে যার জ্ঞান হয় তা হল বিধি। বিধিবাক্য চেনার জন্যে শবর ভাষ্যে একটি শ্লোক আছে,- 'কুর্যাৎ ক্রিয়েত কর্তব্যং, ভবেৎ স্যাদিতি পঞ্চমম্, এতৎ স্যাৎ সর্ববেদেসু নিয়তং বিধিলক্ষণম্'। বিধি বিধান দেয় অর্থাৎ জানায়, কি জানায়? যে বিষয় বা অংশ জানা নেই, পূর্বে কোথাও বলা হয় নি, সেই অজ্ঞাত বিষয়কে বিধান করে বিধি। তাহলে যে বিষয়টি জানা নেই বা জানা যায় নি তা জানার কি প্রয়োজন আছে? এর উত্তর পেতে গেলে টীকাকার রামেশ্বর শিবযোগীর বিধি লক্ষণটি দেখতে হবে। তিনি বিধি লক্ষণ করেছেন-'অজ্ঞাতস্য প্রয়োজনবতোঽর্থস্য যাগাদি নামকস্য জ্ঞাপকত্বং বিধিত্বম্'[২] অর্থাৎ আগে জানা যায় নি অথচ যার প্রয়োজন আছে, এমন যাগাদি বিষয়ের জ্ঞাপক হল বিধি। প্রত্যক্ষ প্রভৃতি জ্ঞানের দ্বারা বিধিবিষয়কে জানা যায় না। প্রত্যক্ষাদি লৌকিক প্রমাণ দিয়ে অলৌকিক উপায় জানা সম্ভবও নয়। এই সম্ভবনা সিদ্ধি লাভ করে বেদ প্রতিপাদ্য বিধির দ্বারা। সেজন্যে আচার্য লৌগাক্ষি ভাস্কর বিধির লক্ষণ করেছেন-'অজ্ঞাতার্থজ্ঞাপকো বেদভাগো বিধি'। উদাহরণ –'অগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকামঃ' অর্থাৎ অগ্নিহোত্র হোম সম্পাদনে স্বর্গপ্রাপ্তি হয়। স্বর্গপ্রাপ্তি হল এই হোমের প্রয়োজন- এই কথাটি পূর্বে কোথাও বলা হয় নি। বিধিবাক্যটির ভাবনাত্মক অর্থ হচ্ছে-' অগ্নিহোত্রহোমেন স্বর্গং ভাবয়েৎ'। ভাবনার সাধ্য অংশ প্রথম বিধিবাক্যের 'অগ্নিহোত্রং' দ্বিতীয়া বিভক্তিযুক্ত পদটি সাধ্যকে বোঝায় এবং 'অগ্নিহোত্রহোমেন' এই তৃতীয়া বিভক্তিযুক্ত পদটি সাধনকে বোঝায়। স্বর্গফল হল সাধ্য এবং হোমকর্ম হল তার সাধন। আলোকটীকায় বিধির স্বরূপ প্রসঙ্গে স্পষ্টভাবে বলা হয়েছে- 'প্রমাণান্ত্রেণাপ্রাপ্তং প্রয়োজনবন্তশ্চার্থ বিদধানো বিধিঃ স্বয়ং প্রয়োজনবান্ ভবতীতি'।[৩]

১.১ গুণবিধির লক্ষণ- 'যত্র কর্ম মানান্তরেণ প্রাপ্তং তত্র তদুদ্দেশেন গুণমাত্রং বিধত্তে'।

১.২ গুণবিধির উদাহরণ- 'দধ্না জুহোতি'।

১.৩ গুণবিধির ব্যাখ্যা- গুণবিধিকে সাক্ষাৎভাবে বিধির আয়ত্তে না এনে বিধিগত দ্রব্য প্রমাণের মাধ্যমে এর আলোচনা করা হয়েছে। বিধি চার প্রকার- উৎপত্তি বিধি, বিনিয়োগ বিধি, অধিকার বিধি ও প্রয়োগবিধি।[৪] বিধিবাক্য অনেক প্রকারের হতে পারে, বিধিবাক্যের স্বরূপ আলোচনা প্রসঙ্গে তিন ধরণের

বিধিবাক্য লক্ষ্য করা যায়। যেমন- কর্মের স্বরূপবোধক বাক্য, গুণবিধায়ক বাক্য ও গুণবিশিষ্ট কর্মের বিধায়ক বাক্য। কর্মের স্বরূপবোধক বাক্যের উদাহরণ হল ' অগ্নিহোত্রং জুহুয়াৎ' অর্থাৎ অগ্নিহোত্র হোম করবে। এই বাক্যে অগ্নিহোত্র হোম কর্তব্যকর্মরূপে প্রয়োগ হয়েছে তাই এটি কর্মের স্বরূপবোধক বাক্য বা কর্মোৎপত্তি বাক্য। গুণবিধায়ক বাক্যের উদাহরণ হল-'দধ্না জুহোতি'। প্রধান কর্মের অঙ্গরূপে যেটি বিহিত হয় তাকে গুণ বলা হয়। হোমরূপ কর্ম হল প্রধান কর্ম। উদাহরণে বলা হয়েছে 'দধির দ্বারা হোম করবে', এখানে দধি দ্রব্য হল হোমের সাধন। দধি এই গুণের সম্বন্ধিরূপে হোম প্রধান কর্ম। তাই 'দধ্না জুহোতি' বাক্যটি গুণবাক্য বা গুণবিধায়ক বাক্য। এটিকে গুণবিধিও বলা হয়। যাগাদি ক্রিয়ার অঙ্গ অনুষ্ঠানরূপে দ্রব্য বা দেবতার বিধান যে বিধিতে দেওয়া থাকে সেটি হল গুণবিধি। এই বিধির স্বরূপ বিষয়ে মীমাংসক লৌগাক্ষি ভাস্কর বলেছেন-'যত্র কর্ম মানান্তরেণ প্রাপ্তং তত্র তদুদ্দেশেন গুণমাত্রং বিধত্তে'[৫]। অর্থাৎ যেখানে যাগাদি কর্ম অন্য কর্ম প্রমাণের দ্বারা প্রাপ্ত সেখানে সেই কর্মের উদ্দেশ্যে গুণমাত্র বিধির বিধান করা হয়। যেখানে 'অগ্নিহোত্রং জুহুয়াৎ' এই বিধিবাক্যের দ্বারা মূল হোমের প্রাপ্তি ঘটে সেখানে 'দধ্না জুহোতি' বাক্যের দ্বারা সেই হোমের উদ্দেশ্যে দধিমাত্রের বিধান করা হয়েছে।

২.১ গুণবিশিষ্ট বিধির লক্ষণ- 'যত্র তূভয়মপ্রাপ্তং তত্র বিশিষ্টং বিধত্তে'।

২.২ গুণবিশিষ্ট বিধির উদাহরণ- 'সোমেন যজেত'।

২.৩ গুণবিশিষ্ট বিধির ব্যাখ্যা- গুণবিশিষ্ট কর্মের জ্ঞাপক বাক্য হল 'সোমেন যজেত'। এখানে দুটি অর্থ জন্মায় এক 'সোমবিশিষ্ট যাগের দ্বারা ইষ্ট ভাবনা করবে' দুই 'সোমলতাবিশিষ্ট যাগের বিধান'। গুণ ও কর্ম দুটোকেই এই বিধিবাক্য বিধান করে। এই বিধি প্রসঙ্গে আপদেব বলেছেন- 'যত্র তূভয়মপ্রাপ্তং তত্র বিশিষ্টং বিধত্তে'[৬] অর্থাৎ যেখানে উভয়ের প্রাপ্তি থাকে সেটি গুণবিশিষ্ট বিধি। একই বাক্যকে দ্রব্য ও ক্রিয়া অর্থে দুটি বাক্যে প্রয়োগ যথাযথ নয়। ফলে মূল বিধি বাক্যে 'বাক্য ভেদ' দোষ এসে যায়। তার সমাধানে বলেছেন- 'ন চ উভয়ে বিধানে বাক্যভেদঃ, প্রত্যেকমুভয়স্যাবিধানাৎ, কিন্তু বিশিষ্টস্যৈকস্যৈব বিধানাৎ'[৭] অর্থাৎ গুণ ও ক্রিয়া এই উভয়ের প্রত্যেকটিকে আলাদাভাবে বিধান করা হয় নি, একটি ক্রিয়াকে বিশিষ্ট করে তবেই বিধান করা হয়েছে। মুখ্য ক্রিয়া বিধানের অভাব হেতু গুণের বিধান কর্মকে লক্ষ্য করে করা হয়েছে। তাই এখানে অঙ্গবিশিষ্ট অঙ্গী করা হয়েছে যার অর্থ সোমরসবিশিষ্ট সোম নামক যাগ। তাই এটিকে গুণবিশিষ্ট বিধি বলা হয়। 'সোমেন যজেত' এই বাক্যের অর্থ হয় 'সোমবতা যাগেন ইষ্টং ভাবয়েৎ'। "সোমবতা> সোমবিশিষ্ট> সোমরস বিশিষ্ট, সোম নামক যাগ" এইরূপ অর্থ বুঝতে হবে। এখানে সোমবতা পদটি বিশেষণ ও যাগেন পদটি বিশেষ্য। 'সোমেন যজেত' অর্থাৎ সোমের দ্বারা যাগ করবে, এখানে সোম ও যাগ দুটোরই অপ্রাপ্তি থাকায় সোম বিশিষ্ট যাগের বিধান করা হয়েছে। সোমপদে মতুপ প্রত্যয় করে সোম বিশিষ্ট যাগের দ্বারা আকাঙ্খিত ভাবনা করতে হবে। এখন চার প্রকার বিধিভাগের উল্লেখ করা হচ্ছে- উৎপত্তি, বিনিয়োগ, অধিকার ও প্রয়োগ।

৩.১ উৎপত্তি বিধির লক্ষণ- -'তত্র কর্মস্বরূপমাত্রবোধকো বিধিঃ উৎপত্তিবিধিঃ'।

৩.২ উৎপত্তি বিধির উদাহরণ- 'অগ্নিহোত্রং জুহোতি'।

৩.৩ উৎপত্তি বিধির ব্যাখ্যা- মীমাংসক লৌগাক্ষি ভাস্কর উৎপত্তি বিধির লক্ষণ করেছেন-'তত্র কর্মস্বরূপমাত্রবোধকো বিধিঃ উৎপত্তিবিধিঃ'[৮] অর্থাৎ যে বিধি কর্মের স্বরূপ মাত্র বোধ করায় সেটি উৎপত্তি বিধি। মীমাংসা-ন্যায়-প্রকাশেও মীমাংসক আপদেব উৎপত্তি বিধির একই লক্ষণ করেছেন। তাঁর মতে- 'কর্মস্বরূপমাত্র বোধক বিধিরুৎপত্তি বিধিঃ'। উৎপত্তি শব্দের অর্থ হল সাধন। সাধনের বোধক বিধি হল উৎপত্তি বিধি। উদাহরণ প্রসঙ্গে বলা হয়েছে- 'অগ্নিহোত্রং জুহোতি'। এককথায় অগ্নিহোত্র পদ দ্বারা যাগ বিধানে উদাহরণটিতে যাগের স্বরূপ বোধিত হচ্ছে।

এই উদাহরণে অগ্নিহোত্র হোম হল সাধন। ভাবনার আকাঙ্খা হলে বাক্য হয় -'অগ্নিহোত্রহোমেন ইষ্টং ভাবয়েৎ' অর্থাৎ অগ্নিহোত্র হোমের দ্বারা ইষ্ট (ফল) ভাবনা করবে। স্বর্গ হল ইষ্ট। তৃতীয় বিভক্তিযুক্তপদ 'অগ্নিহোত্রহোমেন' পদটি সাধনের দ্যোতক। ইষ্ট স্বর্গ হল সাধ্য। মূল বিধিবাক্য হল 'অগ্নিহোত্রং জুহোতি'। এখানে দ্বিতীয়া বিভক্তিযুক্ত 'অগ্নিহোত্র' পদটি প্রধান কর্মের বোধক। এই বিধিবাক্যের হেতুরূপ আকাঙ্খা প্রশমনের জন্যে 'অগ্নিহোত্রহোমেন ইষ্টং ভাবয়েৎ' এইরূপ বাক্যার্থ বোধ হয়।

উৎপত্তি বিধি কেবলমাত্র কর্মের স্বরূপকেই বোঝায় কর্মজনিত যে ফল তা বোঝায় না। সেজন্যে দুটি লক্ষণেই 'মাত্র' পদটির উল্লেখ আছে।

দেবতার উদ্দেশ্যে দ্রব্যত্যাগ রূপ কর্ম হল যাগ। এই প্রসঙ্গ টেনে পূর্বপক্ষ উল্লিখিত উদাহরণটিকে যথার্থ বলে মানতে রাজি নয়, কারন এখানে দ্রব্য ও দেবতা কোনটিরই উল্লেখ নেই। অগ্নিহোত্র শব্দটি একটি ক্রিয়াবিশেষ মাত্র। সেজন্যে অগ্নিহোত্র পদটি 'তৎপ্রখ্য' ন্যায় অনুসারে উৎপত্তি বিধি না হয়ে নামধেয় হবে। এ বিষয়ে সিদ্ধান্তপক্ষ যাগের দ্রব্য ও দেবতা এই দুটি রূপ স্বীকার করে বলেন- যদিও রূপ বিনা উৎপত্তি বিধি সম্ভব নয় তাই অর্থাপত্তি প্রমাণের দ্বারা 'অগ্নিহোত্রং জুহোতি' বাক্যে দ্রব্য ও দেবতার উপস্থিতি মেনে নেওয়া হয়।

৪.১ বিনিয়োগ বিধির লক্ষণ- 'অঙ্গ-প্রধান সম্বন্ধবোধকো বিধির্বিনিয়োগবিধিঃ'।

৪.২ বিনিয়োগ বিধির উদাহরণ- 'দধ্না জুহোতিঃ'।

৪.৩ বিনিয়োগ বিধির ব্যাখ্যা- মীমাংসক লৌগাক্ষি ভাস্কর বিনিয়োগ বিধির লক্ষণ ও উদাহরণ প্রসঙ্গে বলেছেন- 'অঙ্গ-প্রধান সম্বন্ধবোধকো বিধির্বিনিয়োগবিধিঃ, যথা দধ্না জুহোতিঃ ইতি'[৯]। মীমাংসক আপদেবও বিনিয়োগ বিধির লক্ষণ নিরূপণে অর্থসংগ্রকারের সাথে সহমত। অঙ্গ ও প্রধানের সম্বন্ধ-বোধক বিধি হল বিনিয়োগ বিধি। যজ্ঞীয় পরিভাষায় অঙ্গকে শেষ এবং অঙ্গী বা প্রধানকে শেষী বলা হয়। এই শেষ ও শেষীর সম্বন্ধজ্ঞানের বোধ হয় বিনিয়োগ বিধিবাক্যের দ্বারা। তাই বিনিয়োগ বিধিকে অঙ্গাঙ্গী সম্বন্ধবোধক বিধিও বলা হয়। উৎপত্তি বিধির দ্বারা প্রধান ক্রিয়া হোমাদির জ্ঞান হয়। এই প্রধান ক্রিয়ার সাধনভূত অঙ্গের জ্ঞান দেয় বিনিয়োগ বিধি। অগ্নিহোত্র সাধ্য বা অঙ্গী। এই সাধ্যের বা অঙ্গীর সাধন বা অঙ্গ হল 'দধ্না জুহোতি' যেটা এই বিনিয়োগ বাক্যের দ্বারা পাওয়া যায়। অঙ্গী-অঙ্গের সম্বন্ধ বোধক হল উপকার্য্য ও উপকারক। পূর্বে গুণবিধি আলোচনা প্রসঙ্গে 'দধ্না জুহোতি' বিধিবাক্যের উল্লেখ করা হয়েছে। সেই প্রসঙ্গে বলা যায় বিনিয়োগ বিধিই গুণবিধি। হোমরূপ সাধ্যের সাধক হল দধি। অগ্নিহোত্র প্রধান ক্রিয়ার অঙ্গ দধিতে অঙ্গাঙ্গিভাব সম্বন্ধ বোধ হয় তাই 'দধ্না জুহোতি' হল বিনিয়োগ বিধি বাক্য। এটি অগ্নিহোত্র যাগের অঙ্গযাগ। বিনিয়োগ বিধির অঙ্গত্বের জ্ঞান ছয়টি প্রমাণের সাহায্যে হয়। সেগুলি হল- শ্রুতি, লিঙ্গ, বাক্য, প্রকরণ, স্থান ও সামাখ্যা। গ্রন্থাকারের ভাষায়- 'এতস্য বিধেঃ সহকারিভূতানি ষট্ প্রমাণানি শ্রুতিলিঙ্গবাক্যপ্রকরণস্থানসমাখ্যারূপাণি'[১০]।

৫.১ প্রয়োগ বিধির লক্ষণ- 'অঙ্গানাং ক্রমবোধ বিধিঃ প্রয়োগবিধিঃ'।

৫.২ প্রয়োগ বিধির উদাহরণ- 'বেদং কৃত্বা বেদিং করোতি'।

৫.৩ প্রয়োগ বিধির ব্যাখ্যা- যজ্ঞানুষ্ঠান এক বৃহৎ ক্রিয়া কলাপ। প্রধান ক্রিয়া ও বিবিধ সহকারী অঙ্গ ক্রিয়ার সমাবেশে অনুষ্ঠান পূর্ণতা পায়। প্রধান ক্রিয়ানুষ্ঠান চলাকালীন বিবিধ অঙ্গের কর্ম করা হয়। এই সমস্ত ক্রিয়াগুলি কোনটির অব্যবহিত পরে কোনটি অনুষ্ঠিত হবে তার নির্দেশ দেয় যে বিধি সেটি হল প্রয়োগ বিধি। সেজন্য মীমাংসক লৌগাক্ষি ভাস্কর প্রয়োগ বিধির লক্ষণ করেছেন- 'প্রয়োগপ্রাশুভাববোধকো বিধিঃ প্রয়োগবিধিঃ'।[১১] প্রাশুভাব বলতে অবিলম্বভাবকে বোঝায়। অঙ্গ ক্রিয়াগুলি নির্দিষ্টক্রমে অনুষ্ঠিত হলে অনুষ্ঠানটি শীঘ্রতা লাভ করে। মাঝে বিছিন্নতা সৃষ্টি হলে বা ক্রমহানি দোষ ঘটলে অনুষ্ঠানটি ধীর গতিপ্রবণ হয়ে পড়ে। এই ক্রমহানি দোষ নিবারণ তখনই সম্ভব যখন কোন অনুষ্ঠানের পর কোন অনুষ্ঠান শুরু হবে তা সঠিকভাবে জানা থাকে। অঙ্গগুলির ক্রমবোধ করিয়ে অনুষ্ঠানকে বিলম্ব হওয়া থেকে যে বিধি রক্ষা করে সেই বিধি হল প্রয়োগ বিধি। তাই গ্রন্থকার ভাস্কর পুনরায় এই বিধির লক্ষণ করেছেন- 'অঙ্গানাং ক্রমবোধ বিধিঃ প্রয়োগবিধিঃ'। মীমাংসা-ন্যায়-প্রকাশে আচার্য আপদেব মুখ্যক্রমের পরিভাষা করেছেন- 'প্রধানক্রমেণ যোঽঙ্গানাং ক্রমঃ আশ্রীয়তে স মুখ্যক্রমঃ'।[১২] অর্থাৎ প্রধান ক্রিয়ার ক্রম অনুযায়ী যখন অঙ্গক্রিয়াগুলির ক্রম আশ্রয় করে থাকে তাকে মুখ্যক্রম বলা হয়। মুখ্যক্রম অনুযায়ী অঙ্গক্রিয়াগুলি হলে, মুখ্যক্রিয়া ও অঙ্গক্রিয়াগুলির অনুষ্ঠান অবান্তর ব্যবধানে না হয়ে সমান ব্যবধানে হবে। উদাহরণ প্রসঙ্গে বলা হয়েছে- 'বেদং কৃত্বা বেদিং করোতি' অর্থাৎ বেদ তৈরীর পর বেদি তৈরী করতে হবে। এক গুচ্ছ কুশকে একত্রে বেদ বলা হয়। ক্রম অনুসারে বেদ তৈরীর পরেই বেদি নির্মাণের নির্দেশ করা হয়েছে। এখানে ক্রম ও প্রাশুভাব দুটোই লক্ষ্য করা যায়।

পৌর্বাপর্য্যরূপ নামক ক্রমের ছয়টি প্রমাণ- শ্রুতি, অর্থ, পাঠ, স্থান, মুখ্য ও প্রবৃত্তি। এগুলো পরের থেকে পূর্বেরটি বলবান। সবচেয়ে বলবতী হল শ্রুতি। ক্রমের লক্ষণ প্রসঙ্গে অর্থসংগ্রহকার বলেন-‘তত্র ক্রমো নাম বিততি বিশেষঃ, পৌর্বাপর্য্যরূপো বা’। বি-পূর্বক বিস্তারার্থক তনুধাতুর ক্তিন্ প্রত্যয় যোগে বিততি পদ নিষ্পন্ন, যার অর্থ হল অনুষ্ঠানের প্রচুরতায় আনুষ্ঠানিক কর্মের বিস্তার। কর্মের এই বিস্তার ঘটে পৌর্বাপৌর্যরূপে। অর্থাৎ পূর্বাপর ভাব বজায় রেখে, নির্দিষ্ট ভাবে বিস্তারে ব্যবধান না রেখে ক্রিয়মান কর্মগুলির ধারাবাহিকতা করে অনুষ্ঠান সম্পন্ন করা।

৬.১ অধিকার বিধির লক্ষণ- ‘কর্মজন্যফলস্বাম্যবোধকোবিধিরধিকারবিধিঃ’।

৬.২ অধিকার বিধির উদাহরণ- ‘জ্যোতিষ্টোমেন স্বর্গকামো যজেত’।

৬.৩ অধিকার বিধির ব্যাখ্যা- এই বিধিতে মূলত ফলের চর্চা করা হয়েছে। কর্মের সঙ্গে ফলের অবিচ্ছিন্ন সম্বন্ধ। এই ফল ভোগের জন্যে ব্যক্তির কর্ত্তৃত্ব হল অধিকার। ফল যিনি ভোগ করেন তিনি অধিকারী। বিধি বাক্যে পুরূষ বিশেষকে বিশেষণ করে অধিকারী নির্বাচন করা হয়। যেমন- ক্ষত্রিয় রাজা রাজ্যবিস্তারের জন্যে রাজসূয় যজ্ঞ করতে পারেন। এখানে ক্ষত্রিয়ত্ব রাজার বিশেষণ, এই বিশেষণের আক্ষেপে রাজাকে ক্ষত্রিয়বান্ পুরুষরূপে বিশিষ্ট করা হয়েছে। তাই রাজসূয় যজ্ঞের অধিকারী হলেন একমাত্র ক্ষত্রিয় জাতিবিশিষ্ট রাজা। আচার্য লৌগাক্ষি ভাস্কর এই বিধির লক্ষণ প্রসঙ্গে বলেছেন- ‘কর্মজন্যফলস্বাম্যবোধকোবিধিরধিকারবিধিঃ’[১৩] অর্থাৎ যাগাদি কর্মজনিত স্বর্গাদি যে ফল সেই ফলের স্বামিত্বের জ্ঞান যে বিধি থেকে লাভ করা যায় সেই বিধিকে অধিকার বিধি বলা হয়। এখানে কর্ম বলতে যাগাদি ভিন্ন সন্ধ্যা বন্দনাদিকেও বোঝানো হয়েছে। কর্মজন্য ফলের ভোক্তৃত্ব বা স্বামিত্ব হল ফলস্বাম্যবোধকত্ব। কর্ম বিভিন্ন প্রকারের হয়, সেজন্যে বিভিন্ন প্রকারের কামনা জড়িত ফলের ভোক্তারূপ ভোগকর্তার বোধ করায় অধিকার বিধি। যেমন- ‘জ্যোতিষ্টোমেন স্বর্গকামো যজেত’ এই উদাহরণটি থেকে স্পষ্ট হয় যে- জ্যোতিষ্টোম যাগ সম্পন্ন করেছে এমন পুরুষের স্বর্গলাভের ফল উপভোগ করার যোগ্যতা আছে। মীমাংসক আপদেব এই বিধির লক্ষণ প্রসঙ্গে বলেছেন- ‘ফলসাম্যবোধকো বিধিরধিকারবিধিঃ’।[১৪] ফলের স্বামিত্ব বা ভোক্তৃত্ব অধিকারবিশিষ্ট পুরুষে থাকে। অধিকার সর্বদা বিধিবাক্যে বিশেষণ রূপে থাকে, যেমন নিত্যকর্মে পবিত্র ও শাস্ত্রানুমোদিত সময় যাপন, নৈমিত্তিক কর্মে নিমিত্তের নিশ্চয়, এবং কাম্যকর্মে ফলকামনা হল অধিকার। সেজন্যে ‘রাজ্য কামনা করেন এমন রাজা রাজসূয় যাগ করবেন’ এই বিধিবাক্যে শুধুমাত্র স্বরাজ্য ইচ্ছুক ব্যক্তির ফলের ভোক্তৃত্ব প্রতিপ্রাদিত হয় নি, রাজা হয়ে স্বরাজ্য কামনাকারীর জন্যেও প্রতিপ্রাদিত হয়েছে। যেহেতু রাজা হওয়া অধিকারীর বিশেষণরূপে প্রয়োগ হয়েছে। তবে সমস্ত ক্ষেত্রে পুরুষের বিশেষণরূপে অভিধান না হলেও অধিকারীর বিশেষণ হয়, যেমন-‘স্বাধ্যায়োঽধ্যেতব্যঃ’ বিধিবাক্যের অধ্যয়ন দ্বারা সিদ্ধ বিদ্যা।

৭.১ নিয়ম বিধির লক্ষণ- ‘পক্ষেঽপ্রাপ্তস্য প্রাপকোবিধির্নিয়মবিধিঃ’।

৭.২ নিয়ম বিধির উদাহরণ- ‘ব্রীহীনবহন্তি’।

৭.৩ নিয়ম বিধির ব্যাখ্যা- বিধির এই চার ভাগ ব্যাতীত মীমাংসায় নিয়ম, পরিসংখ্যা ও অপূর্ব বিধি নামক কয়েকটি বিধি লক্ষ্য করা যায়। মীমাংসকদের মতে নিয়ম শব্দের অর্থ হল ‘অপ্রাপ্ত অংশের পূরণ’। নিয়ম বিধিতে যে বিধায়কত্ব তা হল অপ্রাপ্ত অংশের পূরকত্ব। পরস্পর নিরপেক্ষ অনেক সাধনের মধ্যে যখন সাধ্য ক্রিয়াতে যে কোন একটি সাধন প্রাপ্ত হয়, তখন অপ্রাপ্ত সাধকের যে প্রাপক বিধি সেটি নিয়ম বিধি নামে পরিচিত।

যজ্ঞে ব্যবহৃত এক প্রকার বিশেষ আহুতি দ্রব্য হল পুরোডাশ। এটি চাল দিয়ে তৈরী করতে হয়। সেজন্যে ব্রীহি বা ধান আনতে হয়, এই ধান থেকে চাল বের করে পুরোডাশ তৈরী করা হয়। ধান থেকে তূষ আলাদা করে চাল বের করার এই পদ্ধতি কর্তা নানাভাবেই করতে পারেন। অল্প আঘাতের অনেক সাধন মাধ্যম আছে। যেমন- পাথর দিয়ে আঘাত করে বা ছুরি দিয়ে বা নখ দিয়ে তূষ আলাদা করা যেতে পারে। কিন্তু এই উপায়গুলির দ্বারা অপূর্ব সৃষ্টি হবে না ফলে যজমানের স্বর্গলাভে বাধা সৃষ্টি হবে। কর্তাকে নিজের ইচ্ছায় লাগাম দিয়ে বেদবিহিত বিধান ‘উদূখল মুষলের আঘাতে ধান থেকে তূষকে আলাদা করতে হবে। তারপর সেই চাল দিয়ে পুরোডাশ তৈরি করে আহুতি দিলে তবেই অপূর্ব উৎপন্ন হবে। অর্থসংগ্রহ-গ্রন্থকার নিয়মবিধির লক্ষণ ও উদাহরণ প্রসঙ্গে বলেছেন- ‘পক্ষেঽপ্রাপ্তস্য

প্রাপকোবিধির্নিয়মবিধিঃ। যথা ব্রীহীনবহন্তি ইত্যাদি'।[১৫] অর্থাৎ যে বিষয়ে বিবিধ উপায়ের প্রাপ্তি থাকে সেখানে কার্য সমাধানের জন্যে বিকল্পে অপ্রাপ্ত উপায়ের প্রাপ্তি হয় নিয়মবিধির মাধ্যমে। মীমাংসা-ন্যায়-প্রকাশে এই বিধির লক্ষণ করা হয়েছে- 'পক্ষেঽপ্রাপ্তস্য তু যো বিধিঃ স নিয়মবিধিঃ'।[১৬]

৮.১ পরিসংখ্যা বিধির লক্ষণ- 'উভয়োশ্চ যুগপৎ প্রাপ্তৌ ইতরব্যাবৃত্তিপরো বিধিঃ পরিসংখ্যা বিধিঃ'।

৮.২ পরিসংখ্যা বিধির উদাহরণ- - 'পঞ্চপঞ্চনখা ভক্ষ্যাঃ'।

৮.৩ পরিসংখ্যা বিধির ব্যাখ্যা- নিয়ম বিধিতে বিধান করা থাকে কিন্তু পরিসংখ্যা বিধিতে একের নিষেধ করে অন্যের স্বীকার করে। পরিসংখ্যা বিধি স্বতন্ত্রভাবে নিজস্ব সত্ত্বায় প্রতিষ্ঠিত। নিয়ম ও নিষেধ এই দুটির সন্নিধানে পরিসংখ্যা বিধি তৈরী। প্রসঙ্গত মীমাংসক লৌগাক্ষি ভাস্কর বলেছেন- 'উভয়োশ্চ যুগপৎ প্রাপ্তৌ ইতরব্যাবৃত্তিপরো বিধিঃ পরিসংখ্যা বিধিঃ'[১৭]। উদাহরণ যথা- 'পঞ্চপঞ্চনখা ভক্ষ্যাঃ'। অর্থাৎ দুটো বিষয়ের যুগপৎ প্রাপ্তি হলে দুটোর মধ্যে একটির নিবৃত্তিপরক বিধি হল পরিসংখ্যা বিধি। 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ' এই বাক্যে পাঁচটি পাঁচ নখবিশিষ্ট পশু ভক্ষণের বিধান আছে। মাংস ভক্ষণে রুচিশীল ব্যাক্তির কথাই এখানে বলা হয়েছে, যাঁরা মাংস ভক্ষণ করেন না তাঁদের কথা এখানে বলা হয় নি। উদাহরনের সম্পূর্ণ বাক্যটি হল- 'পঞ্চপঞ্চনখা ভক্ষ্যা ব্রহ্মক্ষত্রেণরাঘব। শাল্যকঃ শ্ববিধো গোধা শশঃ কূর্মশ্চ পঞ্চমঃ'[১৮]। মানুষ একসময়ে মাংস ভক্ষণে ভীষণভাবে উৎসুক হয়ে পড়ে। কোনপ্রকার বিধি না মেনে মাংসের জন্যে সমস্ত ধরনের পশু হত্যা করতে থাকে। এই লাগামছাড়া হত্যাকাণ্ডে বেদ বিধি অন্তরায় হল। এখানে বলা হল পাঁচটি পাঁচনখবিশিষ্ট প্রাণীর মাংস মানুষরা খেতে পারে অন্য প্রাণীর মাংস খাবে না। যুগপৎ প্রাপ্তিকে যে বিধি বিধান করল বা যেটি বাধক হল তা হল পরিসংখ্যাবিধি। পরিসংখ্যা বিধি দুই ধরনের **১.** শ্রৌতী ২. লাক্ষণিকী। শব্দ শ্রবনের পরেই তৎক্ষণাৎ যে অর্থের জ্ঞান হয় সেটি হল শ্রৌতী এবং লক্ষণা দ্বারা যে জ্ঞান হয় সেটি হল লাক্ষণিকী। 'পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যাঃ' এই বাক্যে লাক্ষণিকী পরিসংখ্যা বিহিত হয়েছে। 'অত্র হ্যেবাবপন্তি' এই বাক্যটিতে শ্রৌতী পরিসংখ্যা বিধি বিহিত হয়েছে। লাক্ষণিকী পরিসংখ্যা তিনটি দোষদুষ্ট, যথা-শ্রুতহানি, অশ্রুতকল্পনা এবং প্রাপ্তবাধ। শ্রুতহানি হল শ্রুত অর্থের পরিত্যাগ করা, অশ্রুত অর্থের কল্পনা করাই হল অশ্রুতকল্পনা এবং রাগ বা প্রমাণান্তের দ্বারা প্রাপ্ত অর্থের বাধন করাই হল প্রাপ্তবাধ।

৯.১ অপূর্ব বিধির লক্ষণ- প্রমাণান্তরেণাপ্রাপ্তস্য প্রাপকো বিধিরপূর্ববিধিঃ।

৯.২ অপূর্ব বিধির উদাহরণ- 'যজেত স্বর্গকামঃ'।

৯.৩ অপূর্ব বিধির ব্যাখ্যা- পক্ষে অপ্রাপ্তের প্রাপককে নিয়ম বিধি বলে, আবার অন্যের ব্যাবৃত্তি হেতু একাধিক প্রাপ্তি হলে পরিসংখ্যা বিধি। অত্যন্ত অপ্রাপ্তের বিধায়ক বাক্য হল অপূর্ব বিধি। অত্যন্ত অপ্রাপ্ত হল অন্য প্রমাণ দ্বারা যে বিষয়টি জানা যায় না। অপূর্ব বিধির লক্ষণ প্রসঙ্গে অর্থসংগ্রহকার বলেন-' প্রমাণান্তরেণাপ্রাপ্তস্য প্রাপকো বিধিরপূর্ববিধিঃ'[১৯]। বিধায়ক বাক্য ব্যাতীত অন্য বাক্যের প্রাপ্তি না হলে সেটা প্রমাণান্তরের দ্বারা অপ্রাপ্তি। তার দ্বারা বিধিবাক্যের যে অপ্রাপ্তি তা হল অপূর্বতা। উদাহরণ প্রসঙ্গে বলা যায়- 'যজেত স্বর্গকামঃ'। এই বিধি বাক্য দ্বারা স্বর্গরূপ প্রয়োজন সিদ্ধকারী যে যাগের উল্লেখ এটি অন্য প্রমাণ দ্বারা অপ্রাপ্ত। তাই এটি অপূর্ব বিধি। অপূর্ব বিধি যে কর্মের বিধান দেয় তদ্ভিন্ন অন্য উপায় সেই কর্মের বিধান দেয় না। সেজন্যে নিয়ম বিধি দ্বারা যে অপ্রাপ্ত বিষয়ের জ্ঞান হয় তা অবশ্যই অপূর্ব বিধি থেকে আলাদা।

উপসংহার

চতুষ্টয় পুরুষার্থের অন্তিম পুরুষার্থ হল মোক্ষ বা মুক্তি। এই মোক্ষ বা মুক্তিই হল মীমাংসা দর্শনের ভিত্তি। প্রাচীন মীমাংসক সম্প্রদায় মনে করেন- স্বর্গলাভ হল চরম পুরুষার্থ, তার সাধন হল যাগ ও যাগাদি কর্ম। বেদ হল যাগাদিমূলক, যেহেতু 'যাগাদিরেব ধর্মঃ' সেহেতু বেদই ধর্ম প্রতিপাদন করছে। এককথায় বেদের বিধানই ধর্ম। ধর্ম আচরণ হেতু বেদ জানা প্রয়োজন। পাঁচপ্রকার বিভেদ বিশিষ্ট বেদের বিধি ভাগ না জানা বিষয় গুলোকে জানিয়ে দেয়। অর্থসংগ্রহ-গ্রন্থকার প্রথমে বিধির তিনটি ভাগ করেছেন। প্রধান বিধি, গুণবিধি ও গুণবিশিষ্ট বিধি। এরপর তিনি 'বিধিশ্চতুর্বিধঃ' বলে চারপ্রকার ভাগ করেন। যথা- উৎপত্তি বিধি, বিনিয়োগ বিধি, প্রয়োগ বিধি ও অধিকার বিধি। পুণরায় মন্ত্র প্রকরণে বিধির তিনটি প্রকার দেখিয়েছেন। যথা- নিয়ম বিধি, পরিসংখ্যা বিধি ও অপূর্ব বিধি। বিধি বাক্যগুলি

অবশ্যই যথাযথ অর্থপূর্ণ হবে। প্রসঙ্গত শবরস্বামী বলেন ‘অপ্রাপ্তে শাস্ত্রম্ অর্থবৎ’। এই বাক্যগুলি সঠিকভাবে চেনার জন্যে শবরস্বামীর একটি শ্লোক উল্লিখিত-‘কুর্যাৎ ক্রিয়েত কর্ত্যবং, ভবেৎ স্যাদিতি পঞ্চমম্। এতৎ স্যাৎ সর্ববেদেসু নিয়তং বিধিলক্ষণম্’। কোথাও একটি বিধি বাক্যে দুটি বিধি প্রাপ্তির আশঙ্কা তৈরি হয়। যেমন- জ্যোতিষ্টোমেন বাক্যে উৎপত্তি ও অধিকার এই দুটি বিধি প্রাপ্তির আশঙ্কা হয়। এখানে সিদ্ধান্তীর মত হল জ্যোতিষ্টোম এই বাক্য-বিন্যাসে একই শব্দগত অর্থগত বাক্যার্থ ভেদ উপস্থিত হওয়ায় বাক্যদোষ দৃঢ় হয়। সেজন্যে লক্ষণা স্বীকারে পদদোষ লাঘব করা হয়েছে। অন্যদিকে কখনও একটি বিধি বাক্যে দুটি বিধির প্রাপ্তিও স্বীকার করা হয়। যেমন- ‘উদ্ভিদা যজেত পশুকামঃ’ এই বাক্যে উদ্ভিদ্ পদটি উদ্ভিদ্ নামক যাগের বোধ করায়। সুতরাং যাগ বিধায়ক এই বাক্যটি উৎপত্তি বিধি বাক্য। আবার পশুকাম শব্দটি ফলের সঙ্গে সম্বন্ধ থাকায়, ফলের ভোক্তারূপে অধিকারীর বোধ করায়। সুতরাং বাক্যটিকে অধিকার বিধিবাক্যও বলা চলে।

উল্লেখপঞ্জি

১. *আপদেবের মীমাংসা-ন্যায়-প্রকাশ,* বাসুদেব শাস্ত্রী অভ্যাঙ্কর সম্পাদিত, পৃষ্ঠা নং-১৬।

২. *অর্থসংগ্রহ,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-১৯।

৩. *তদেব,* বাচস্পতি উপাধ্যায় সম্পাদিত, পৃষ্ঠা নং-৪৫।

৪. *তদেব,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-২৭।

৫. *তদেব,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-২১।

৬. *আপদেবের মীমাংসা-ন্যায়-প্রকাশ,* বাসুদেব শাস্ত্রী অভ্যাঙ্কর সম্পাদিত, পৃষ্ঠা নং- ১৭।

৭. *অর্থসংগ্রহ,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-২৩।

৮. *তদেব,* পৃষ্ঠা নং-২৮।

৯. *তদেব,* পৃষ্ঠা নং-৩১।

১০. *তদেব,* বিশ্বরূপ সাহা সম্পাদিত, পৃষ্ঠা নং-৩৭, তৃতীয় প্রকাশ।

১১. *তদেব,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-৮১, প্রথম প্রকাশ।

১২. *আপদেবের মীমাংসা-ন্যায়-প্রকাশ,* বাসুদেব শাস্ত্রী অভ্যাঙ্কর সম্পাদিত, পৃষ্ঠা নং-১৮৪।

১৩. *অর্থসংগ্রহ,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং- -১০৪, প্রথম প্রকাশ।

১৪. *আপদেবের মীমাংসা-ন্যায়-প্রকাশ,* বাসুদেব শাস্ত্রী অভ্যাঙ্কর সম্পাদিত, পৃষ্ঠা নং-১৯৩।

১৫. *অর্থসংগ্রহ,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং-১১৪, প্রথম প্রকাশ।

১৬. *আপদেবের মীমাংসা-ন্যায়-প্রকাশ,* বাসুদেব শাস্ত্রী অভ্যাঙ্কর সম্পাদিত, পৃষ্ঠা নং-২০২।

১৭. *অর্থসংগ্রহ,* স্বামী ভর্গানন্দ সম্পাদিত, পৃষ্ঠা নং- ১১৬, প্রথম প্রকাশ।

১৮. *তদেব,* পৃষ্ঠা নং-১১৭।

১৯. *তদেব,* বিশ্বরূপ সাহা সম্পাদিত, পৃষ্ঠা নং-৭২, তৃতীয় প্রকাশ।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

গঙ্গোপাধ্যায়, হেমন্ত। *বৈদিক ধর্ম ও মীমাংসা দর্শন*। কলকাতা: অবভাস, ২০১৭ (প্রথম প্রকাশ, ২০০৮)।

লৌগাক্ষি ভাস্কর। *অর্থসংগ্রহ*। সম্পা. স্বামী ভর্গানন্দ। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১১।

লৌগাক্ষি ভাস্কর। সম্পা. বিশ্বরূপ সাহা। কলকাতা: সদেশ, ২০১৬ (প্রথম প্রকাশ, ২০০৭)।

লৌগাক্ষি ভাস্কর। সম্পা. গুরুশঙ্কর মুখোপাধ্যায়। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ২০১৬ (প্রথম প্রকাশ, ২০০৫)।

মাধবাচার্য। জৈমিনীয়-ন্যায়মালাবিস্তরঃ। অনু. সুখময় ভট্টাচার্য। কলকাতা: বিশ্বভারতী গ্রন্থালয়, ১৩৫৮ বঙ্গাব্দ।

মীমাংসা দর্শন (প্রথম খণ্ড)। সম্পা. ভূতনাথ সপ্ততীর্থ। কলকাতা: সংস্কৃত বুক ডিপো, ১৪১৩ বঙ্গাব্দ (প্রথম প্রকাশ, ১৩৫২ বঙ্গাব্দ)।

Āpadeva. *Mīmāṁsā-Nyāya-Prakāṡa*. Ed. Vasudev Shastri Abhyankar. Poona: Bhandarkar Oriental Research Institute; 1937.

Laugākṡi Bhāskara. *Artha-Saṃgraha*. Ed.Vāchaspati Upādhyāya. Delhi: Chaukhambha Orientalia;1977.

The Pūrva Mīmāṃsa Sūtras of Jaimini (Chapters I-III). Trans. by Ganganath Jha.Allahabad: The Panini Office; 1916.

अप्पयदीक्षितः। विधिरसायनम्। सम्पा. सुब्रह्मण्य शास्त्री। वाराणसीः काशी हिन्दु विश्वविद्यालय प्रेस, १९६७।

माधवाचार्यः। *जैमिनीय-न्यायमालाविस्तरः*। सम्पा. रोहिणीकान्त भट्टाचार्य्यः। कलिकाताः संस्कृतपुस्तकभाडार,१६२५।

मीमांसापरिभाषा। अनु. ब्रह्मचारी मेधाचैतन्यः। कलिकाताः संस्कृत साहित्यपरिषत्, १६६८।

ব্রহ্মপুরাণে প্রতিপাদিত চতুরাশ্রম ব্যবস্থা - একটি সমীক্ষা

হাবল রুইদাস

সংক্ষিপ্তসার: ভারতীয় সাহিত্যের মূলাধার হল 'পুরাণ'। ভারতীয় সাহিত্যে বেদের পর যে শাস্ত্র প্রাচীনত্বের দাবি রাখে সেটি পুরাণসাহিত্য। ভারতবর্ষকে জানতে গেলে এই শাস্ত্রকে না জেনে উপায় নেই। আধুনিক ভারতীয় সমাজও পুরাণের আধারের উপরেই নিজেকে নিয়ন্ত্রিত করতে পারে, তাই বলা যায় পুরাণ ভারতীয় সংস্কৃতির প্রাণস্বরূপ। বিষয়বস্তুর বিবেচনায় পুরাণকে ঠিক সুবিন্যস্ত ও সুসংবদ্ধ রচনা বলা চলে না, কারণ নানা ধরণের বিষয়বস্তু আলোচনায় পুরাণ সাহিত্য সমৃদ্ধ হয়েছে। প্রাচীন ভারতীয় ধর্ম, দর্শন, দেবতাবাদ, প্রাচীন ইতিহাস, ভৌগোলিক পরিচয়, চতুর্বর্ণ ও চতুরাশ্রমের ইতিকর্তব্যতা এবং পারলৌকিক কর্ম ও তাঁর ফল সার্বিকভাবে বর্ণিত হয়েছে। পুরাণসাহিত্যে চর্চিত নানান বিষয়ের মধ্যে আশ্রমব্যবস্থা অন্যতম। "আশ্রাম্যন্তি স্বং স্বং তপশ্চরন্তি ইতি আশ্রমঃ"। আশ্রম হল মানব জীবনব্যবস্থার চারটি পর্যায়। *ব্রহ্মপুরাণেও* এই আশ্রমচতুষ্টয় আলোচিত হয়েছে। অতএব *ব্রহ্মপুরাণে* প্রতিপাদিত আশ্রমব্যবস্থার সমীক্ষাত্মক দৃষ্টিতে আলোচনা করা হবে, এতদ্ব্যতীত আধুনিক জীবনে এই আশ্রমব্যবস্থার প্রাসঙ্গিকতাও নিরূপণ করা হবে প্রস্তুত গবেষণা সন্দর্ভে।

সূচক শব্দ: *ব্রহ্মপুরাণ,* আশ্রমব্যবস্থা, ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, সন্ন্যাস

'আ' উপসর্গ পূর্বক 'শ্রম্' ধাতুর উত্তর 'ঘঞ্' প্রত্যয় যোগে আশ্রম শব্দটি নিষ্পন্ন হয়েছে। 'আশ্রাম্যন্তি স্বং স্বং তপশ্চরন্তি ইতি আশ্রমঃ। আশ্রয়তে যস্মিন্নিতি আশ্রমঃ বা'। নিজ নিজ কর্তব্যরূপ তপশ্চর্যা আশ্রয় নেওয়া বা অবলম্বন করা হয় বলে এর নাম 'আশ্রম'। এখানে শ্রমের তাৎপর্য এই যে, নিত্য, নৈমিত্তিক, প্রায়শ্চিত্ত, উপাসনাদি কর্মের দ্বারা শাস্ত্রোক্ত নিয়ম-কানুন মেনে চলা, অর্থাৎ নিষিদ্ধ কর্মাদি পরিত্যাগ পূর্বক জীবন পরিচালনা করা। 'আ' উপসর্গটি এখানে সম্যক্ অর্থে ব্যবহৃত হয়েছে। অতএব আশ্রম শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ হল জীবনের প্রতিটি স্তরে শাস্ত্রোক্ত বিধি-বিধান মেনে জীবন অতিবাহিত করা। এই আশ্রম ধর্মের দ্বারা কোন ব্যক্তির সামগ্রিক জীবনের কর্তব্যাকর্তব্য নির্ধারিত হত। দ্বিজাতিকে এই আশ্রমব্যবস্থার মধ্য দিয়েই জীবন অতিবাহিত করতে হয়। সুদূর প্রাচীনকাল থেকে চলে আসা এই আশ্রম ব্যবস্থার মূল উদ্দেশ্যই হল মানুষকে সুখী ও সুস্বাস্থ্যকর জীবনযাপনে সহয়তা করা। আবার মানুষের আশা-আকাঙ্ক্ষার যেহেতু কোনো সীমাবদ্ধতা নেই। তারা সর্বদা লোভ-লালসার স্বীকার। সেহেতু জীবনের এই সমস্ত নেতিবাচক দিকগুলি কাটিয়ে উঠার জন্য আশ্রমব্যবস্থার খুব প্রয়োজন। এই আশ্রমব্যবস্থার মাধ্যমেই একজন ব্যক্তি আধ্যাত্মিক বোঝাপড়া, শিক্ষা ও জীবননীতি অর্জন করতে পারবেন। তাই সমাজের কাছে যাতে আশ্রম সম্বন্ধে একটা স্পষ্ট ধারণা থাকে সেই পরিপ্রেক্ষিতেই প্রস্তুত গবেষণা সন্দর্ভটি।

সুশৃঙ্খলভাবে সমাজব্যবস্থা পরিচালনার জন্যই প্রাচীন ঋষিগণ আশ্রমব্যবস্থার পরিকল্পনা করেছিলেন। এই আশ্রমব্যবস্থার ধারণা সুদূর বৈদিক যুগে হলেও আজও তথা বর্তমান সময়েও তার প্রাসঙ্গিকতা অস্বীকার করা যায় না। যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে হয়তো অনেক ধর্মীয় আচার, অনুষ্ঠান, রীতি-নীতি, বিধি-বিধান প্রভৃতির পরিবর্তন ঘটতে পারে কিন্তু ধর্মের পরিবর্তন ঘটে না। তাই এই আশ্রমব্যবস্থার শ্রেষ্ঠত্ব প্রমাণ করতে গিয়ে মহাকবি কালিদাস তাঁর '*রঘুবংশ* নামক মহাকাব্যে বলেছেন-

> শৈশবেঽভ্যস্তবিদ্যানাং যৌবনে বিষয়ৈষিণাম্।
> বার্দ্ধক্যে মুনিবৃত্তীনাং যোগেনান্তে তনুত্যজাম্।।[১]

অর্থাৎ যাঁরা শৈশবে বিদ্যাভাস, যৌবনে বিষয়াভিলাষ এবং বার্ধক্যে মুনিবৃত্তি অবলম্বন করে অন্তিমকালে যোগবলে দেহত্যাগ করতেন, আমি সেই রঘু রাজগণের চরিত্র বর্ণনা করবো। *মহাভারতে* মহর্ষি বেদব্যাসও স্পষ্ট উল্লেখ করেছেন-

> ব্রহ্মচারী গৃহস্থশ্চ বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ।
> যথোক্তচারিণঃ সর্বে গচ্ছন্তি পরমাং গতিম্।।[২]

মনুসংহিতাতেও বলা হয়েছে- এই চারটি আশ্রম ক্রমানুসারে যথাশাস্ত্র নিবেষিত হলে যথোক্তানুষ্ঠানকারী দ্বিজ মোক্ষলক্ষণ পরম গতি লাভ করতে পারেন।[৩] প্রাচীন আর্যদের জীবন ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস- এই চতুরাশ্রমে বিভক্ত ছিল।[৪] অত্যন্ত প্রাচীন ধর্মসূত্রগুলিতেও এই চার প্রকার আশ্রমের কথাই

বলা হয়েছে। তবে নাম ও ক্রমানুযায়ী তাদের সামান্য পরিবর্তন লক্ষ্য করা যায়। যেমন *আপস্তম্বধর্মসূত্রে*[৫] গার্হস্থ্য, গুরুগৃহ, মুনিগৃহ ও বানপ্রস্থ। *গৌতমধর্মসূত্রে*[৬] ব্রহ্মচারী, গৃহস্থ, ভিক্ষু এবং বৈখানস। *বশিষ্ঠধর্মসূত্রে*[৭] ব্রহ্মচারী, গৃহস্থ, বানপ্রস্থ এবং পরিব্রাজক এরূপ নামান্তর দেখা গেছে।

ব্রহ্মপুরাণের **সংক্ষিপ্ত বিবরণ**

অষ্টাদশ পুরাণের মধ্যে *ব্রহ্মপুরাণ* অন্যতম। এ প্রসঙ্গে *বিষ্ণুপুরাণে* বলা হয়েছে- 'আদ্যং সর্বপুরাণানাং পুরাণং ব্রাহ্মমুচ্যতে'।[৮] এটি 'আদিব্রহ্ম' পুরাণ নামেও পরিচিত। এখানে ২৪৫ টি অধ্যায় এবং প্রায় ১৪০০০ শ্লোক রয়েছে। প্রথম কয়েকটি অধ্যায়ে সৃষ্টিপ্রক্রিয়া, দেবতা ও অসুরগণের জন্ম বিষয়ে আলোচনার পর চন্দ্র ও সূর্য বংশের বিবরণ আছে। প্রায় দশটি অধ্যায়ে পার্বতী উপাখ্যানটি বর্ণিত হয়েছে। গঙ্গা, চক্র, পুত্র, যমাদি বহু তীর্থের মাহাত্ম্য বর্ণিত হয়েছে। উত্তরাখণ্ডে ওড্র দেশের অর্থাৎ উড়িষ্যা ও তার তীর্থস্থানের মাহাত্ম্য বর্ণিত হয়েছে। সেখানেই পুরীর জগন্নাথ মন্দির ও সূর্যমন্দিরের (কোণার্ক) উল্লেখ আছে। এই পুরাণের ৭০ থেকে ১৭৫ তম অধ্যায় পর্যন্ত গৌতমীমাহাত্ম্য বিবৃত হয়েছে। ভগবান কৃষ্ণের চরিত্রটিও প্রায় ৩৫ টি (১৮০-২১২) অধ্যায়ে বিশদভাবে বর্ণিত হয়েছে। এই পুরাণের শেষভাগে যোগশাস্ত্রের ব্যাখ্যান আছে। এছাড়াও ধর্মশাস্ত্রের বিবিধ তত্ত্ব এখানে বর্ণিত হয়েছে। যেমন- শ্রাদ্ধের বিধান, অশৌচবিচার, জাতিসংকর, বর্ণাশ্রমধর্ম, আশ্রমধর্ম ইত্যাদি প্রভূত বিষয় এখানে আলোচিত হয়েছে।

ব্রহ্মপুরাণানুসারে আশ্রমব্যবস্থা

ভারতীয় সমাজে আশ্রমব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ স্থান রয়েছে। জীবনের অর্থের অধিকারকে স্বীকৃতি দেওয়ার পরই মনীষীরা এই আশ্রমব্যবস্থা গড়ে তুলেছিলেন। প্রাচীনকালে ভারতীয়দের চারটি আশ্রমেই প্রবেশ করতে হত। বর্ণব্যবস্থার মত এই আশ্রমব্যবস্থাও একজন মানুষকে প্রকৃত অর্থে মানুষ বানিয়ে, পুরুষার্থ চতুষ্টয়ের উপলব্ধি সাধন করে তার লক্ষ্যে পৌঁছাতে সক্ষম ছিল। প্রতিটি আশ্রমেই শ্রমের গুরুত্ব স্পষ্ট ছিল। আসলে 'আশ্রম' শব্দটি শ্রমশব্দের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, তাই প্রতিটি আশ্রমেই একজন ব্যক্তিকে পরিশ্রমরত ও পরিশ্রমযুক্ত জীবননির্বাহ করতে দেখা যায়। *ব্রহ্মপুরাণে* মুনিগণ চতুর্বর্ণ ও আশ্রমচতুষ্টয়ের ধর্মবিধি শুনতে ইচ্ছে প্রকাশ করলে মহর্ষি ব্যাস তাঁদের নিকট আশ্রমধর্ম বর্ণনা করেন। তিনি একে একে ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ এবং সন্ন্যাস- এই আশ্রমচতুষ্টয়ের বর্ণনা করেছেন।

ব্রহ্মচর্য আশ্রম

চারটি আশ্রমের মধ্যে প্রথম হল ব্রহ্মচর্য। ব্রহ্মচর্য শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হল- 'উপস্থসংযম'। 'ব্রহ্ম' হল বেদ আর 'চর্য' মানে আচার। অর্থাৎ বেদের অধ্যয়ন ও তদনুসারি যাগযজ্ঞাদি আচার-অনুষ্ঠান পালনের নাম হল ব্রহ্মচর্য। জন্ম থেকে ২৫ বছর বয়স পর্যন্ত একজন দ্বিজ ব্রহ্মচর্য আশ্রম পালন করেন। এই ব্রহ্মচর্য আশ্রমে থাকাকালীন দ্বিজের উপনয়ন, বেদারম্ভ এবং সমাবর্তন- এই তিনটি গুরুত্বপূর্ণ সংস্কার সম্পাদিত হয়। *ব্রহ্মবৈবর্তপুরাণা*নুসারে দ্বিজ ব্রহ্মচর্য আশ্রমে গুরুর কাছ থেকে বেদ অধ্যয়ন করবেন এবং বিদ্যা পরিসমাপ্তির পর গুরুকে দক্ষিণা দেবেন।[৯] *মনুসংহিতাতে*ও বলা হয়েছে ব্রহ্মচারী ছত্রিশ বছর, আঠারো বছর বা নয় বছর পর্যন্ত গুরুর কাছে গিয়ে বেদ গ্রহণকাল পর্যন্ত অধ্যয়নরূপ ব্রত পালন করবেন।[১০] *ব্রহ্মপুরাণা*নুসারে উপনয়নান্তে বালক বেদ অধ্যায়নের জন্য গুরুর নিকটে যেতেন।[১১] সেখানে ব্রহ্মচারী হয়ে সমাহিতচিত্তে গুরুর আদেশ ও অনুশাসন মেনে সেবা করতেন এবং বিবিধ ব্রতাচরণপূর্বক বেদাধ্যয়ন করতেন-

> গুরোর্গেহে বসন্ বিপ্রা ব্রহ্মচারী সমাহিতঃ।
> ব্রতানি চরতা গ্রাহ্যো বেদশ্চ কৃতবুদ্ধিনা।।[১২]

ব্রহ্মচারীর দৈনন্দিন জীবন ছিল অত্যন্ত কঠিন, তাঁকে প্রত্যহ সন্ধ্যাকালে সূর্য ও অগ্নিদেবতার স্তুতি করতে হত এবং গুরুকে অভিবাদন করতে হত। শুধু তাই নয় গুরু দাঁড়ালে দাঁড়াতে হত, হাঁটলে হাঁটতে হত, উপবিষ্ট হলে অপেক্ষাকৃত নিম্নস্থানে উপবেশন করতে হত। পরে গুরুর আজ্ঞানুসারে ভিক্ষা হিসাবে প্রাপ্ত অন্ন ভোজন করতে হত। গুরু জলে অবগাহন করার পর তাঁর অবগাহনের নির্দেশ ছিল। অতএব কোন পরিস্থিতিতেই গুরুর প্রতিকূলাচরণ করা চলতো না। বলা যায় গুরুকে ভগবান মনে করে পূজা করতে হত।[১৩] শুধু তাই নয় ব্রহ্মচর্য আশ্রমে মধু, মাংসের সুগন্ধযুক্ত পদার্থ, ফুলের মালা,

রস, নারী, জীব-হিংসা, চোখে অঞ্জন, মাথা থেকে পা পর্যন্ত তেল লাগানো, আর ক্রোধ, লোভ, নৃত্য, গীত, বাদ্য ইত্যাদি ত্যাগ করা অত্যাবশক ছিল।

গার্হস্থ্য আশ্রম

ব্রহ্মচর্য আশ্রমের পরেই আসে গার্হস্থ্য। গার্হস্থ্য আশ্রমকে সমস্ত আশ্রমের প্রধান এবং পুণ্যবান বলা হয়। কারণ একজন গৃহস্থই বাকি তিন আশ্রমের ধারক ও বাহক। দ্বিজ ব্রহ্মচর্য আশ্রম পালন করে একজন সুলক্ষণা কন্যাকে বিবাহ করে গৃহস্থাশ্রমে প্রবেশ করবেন। *ব্রহ্মবৈবর্তপুরাণে* গার্হস্থ্য আশ্রম সম্পর্কে বলা হয়েছে যে, এই আশ্রমে প্রবেশ করার সময় একজন ব্যক্তিকে অত্যন্ত বিনয়ী, মহীয়সী, সাধ্বী, মহত্ এবং স্বামীর সেবায় নিয়োজিত এমন স্ত্রী'কে গ্রহণ করতে হবে।[১৪]

ব্রহ্মপুরাণে বলা হয়েছে দ্বিজ বেদাধ্যায়ন শেষ করে গুরুর আদেশ গ্রহণ করে দক্ষিণা-দানাদি নিয়ে গৃহস্থাশ্রম অবলম্বন করবেন। বিবাহের যে সব নিয়ম আছে সেগুলি মেনে বিবাহ সম্পন্ন করবেন এবং নিজকর্ম দ্বারা ধন উপার্জন করে গৃহস্থের কর্তব্য পালন করবেন।[১৫] স্মৃতিশাস্ত্রগুলিতে নিষ্ঠাবান গৃহস্থদের জন্য পঞ্চমহাযজ্ঞের উপদেশ দেওয়া হয়েছে। এই মহাযজ্ঞে ঋষি, পিতৃপুরুষ, দেবতা, জীব ও মনুষ্যদের সেবা করার কথা উল্লিখিত হয়েছে। *ব্রহ্মপুরাণেও* এই পঞ্চমহাযজ্ঞের উল্লেখ আছে। সেখানে বলা হয়েছে, গৃহস্থ অবলম্বনকারী পিণ্ডদান দ্বারা পিতৃগণের, যজ্ঞদ্বারা দেবগণের, অন্নদ্বারা অতিথিগণের, স্বাধ্যায় দ্বারা মুনিগণের, পুত্রোৎপাদন দ্বারা প্রজাপতির, বলি প্রদান দ্বারা ভূতগণের এবং সত্য ও প্রিয় বাক্যের দ্বারা সমগ্র জগতের তৃপ্তি বিধান করবেন।[১৬] অবজ্ঞা, অহংকার, দম্ভ, পরিবাদ, প্রহার ও পারুষ্য- এ সকল গৃহস্থের নিষিদ্ধ ছিল-

> অবজ্ঞানমহঙ্কারো দম্ভশ্চাপি গৃহে সতঃ।
> পরিবাদোপঘাতৌ চ পারুষ্যঞ্চ ন শক্যতে।।[১৭]

সুতরাং যে দ্বিজ গৃহস্থের সকল বিধান সম্যক্ভাবে প্রতিপালন করবেন তিনি সমস্ত বন্ধন থেকে মুক্ত হয়ে উত্তমলোকসমূহে গমন করতে সক্ষম হবেন।[১৮]

ভারতীয় সমাজভাবনায় গার্হস্থ্যাশ্রমকে শ্রেষ্ঠ মর্যাদা দেওয়া হয়েছে। *ব্রহ্মপুরাণে* বলা হয়েছে-ব্রহ্মচর্য, বানপ্রস্থ ও সন্ন্যাসজীবী সকলেই গৃহস্থাশ্রম অবলম্বনে জীবিত থাকে, অতএব বাকি আশ্রমগুলি থেকে গৃহস্থাশ্রম শ্রেষ্ঠ।[১৯] *মনুসংহিতাতেও* বলা হয়েছে প্রাণবায়ুর আশ্রয়ে যাবতীয় জীব যেমন জীবিত থাকে, সেই রকম গৃহস্থ আশ্রম অবলম্বন করে ব্রহ্মচারী প্রভৃতি সকল আশ্রমবাসীগণও জীবিকা নির্বাহ করেন। ব্রহ্মচারী, বানপ্রস্থ ও সন্ন্যাসীগণ এই তিন আশ্রমবাসীরাই যেহেতু প্রতিদিন গৃহস্থেরই বেদজ্ঞান ও অন্নদ্বারা প্রতিপালিত হন, সেই কারণে অন্যান্য আশ্রমের তুলনায় গার্হস্থ্য আশ্রমকে শ্রেষ্ঠ বলা হয়েছে-

> যথা বায়ুং সমাশ্রিত্য বর্তন্তে সর্বজন্তবঃ।
> তথা গৃহস্থমাশ্রিত্য বর্তন্তে সর্ব আশ্রমাঃ।।
>
> যস্মাত্ ত্রয়োঽপ্যাশ্রমিণো জ্ঞানেনান্নেন চান্বহম্।
> গৃহস্থৈরেব ধার্যন্তে তস্মাজ্জ্যেষ্ঠাশ্রমো গৃহী।।[২০]

বানপ্রস্থ আশ্রম

জীবনের তৃতীয় আশ্রম হল বানপ্রস্থ। নিয়মপূর্বক বনে বাস করাকেই বানপ্রস্থ বলা হয়। অতএব গৃহস্থের নিজের শরীরের চামড়া শিথিল হলে এবং চুলে পাক ধরলে এবং প্র-পিতামহ হয়ে গেলে তিনি সংসারের সমস্ত মায়া ত্যাগ করে বনবাসে যাবেন। এভাবে গৃহত্যাগ করে বনবাসে প্রস্থান করার প্রক্রিয়াকে বলা হয় বানপ্রস্থ। ব্রহ্মচর্য এবং গার্হস্থ্য আশ্রমের মহত্ত্ব প্রতিপাদন করার পর *ব্রহ্মপুরাণে* বানপ্রস্থ আশ্রমের মহত্ত্ব প্রতিপাদিত হয়েছে। সেখানে বানপ্রস্থ আশ্রম সম্পর্কে বলা হয়েছে যে, দ্বিজ গৃহস্থ আশ্রমের সমস্ত ধর্মীয় ও লৌকিক আচার অনুষ্ঠান সম্পন্ন করে পরিণত বয়সে নিজ স্ত্রীকে পুত্র-সন্তানদের হাতে নিমজ্জিত করে বানপ্রস্থ আশ্রমে প্রবেশ করবেন। সেখানে তিনি ভার্যাকে পরিত্যাগ করেও যেতে পারেন অথবা পত্নীকে সঙ্গে নিয়েও যেতে পারেন -

> বয়ঃ পরিণতৌ বিপ্রাঃ কৃতকৃত্যো গৃহাশ্রমী।
> পুত্রেষু ভার্য্যাং নিক্ষিপ্য বনং গচ্ছেত্ সহৈব বা।।[২১]

গৃহস্থের যে শৌচ নিয়ম তা বানপ্রস্থের ক্ষেত্রে তিনগুণ হবে, বানপ্রস্থ অবলম্বনকারী দ্বিজ সর্বদা বনের মধ্যেই শয়ন করবেন, তিনি ফল, মূল, পত্র প্রভৃতি খেয়ে জীবনধারণ করবেন, সর্বদা জটা ধারণ করবেন। তিনি সকলের আতিথেয়তা গ্রহণ করবেন এবং সর্বদা মুনিবৃত্তি অবলম্বন করবেন। চর্ম অথবা কুশ দ্বারা বস্ত্র ও উত্তরীয় পরিধান করবেন, দিনে তিনবার স্নান করবেন, সকল দেবতাদের উদ্দেশ্যে পুজার্চনা, হোম করা থেকে শুরু করে আগত সকল অতিথিদের স্বাগত জানানো, ভিক্ষা গ্রহণ করা ও বলিপ্রদান করা ছিল বানপ্রস্থ অবলম্বনকারী দ্বিজের বিশেষ কর্তব্য।[২২] যদিও *ব্রহ্মপুরাণে* বানপ্রস্থাবলম্বনকারীকে প্রসাধনী দ্রব্য-সামগ্রী ভোগ করা থেকে বিরত থাকার কথা বলেছেন তবুও বন্য বিবিধ তৈলৌষধী দ্বারা শরীর মালিশ করার অনুমতিও দিয়েছেন। বলা হয়েছে প্রচণ্ড শীত ও তাপ সহ্য করাই বনবাসীর পরম তপস্যা।[২৩] এই বানপ্রস্থ আশ্রমের মহত্ত্ব প্রসঙ্গে বলা হয়েছে- যে দ্বিজ বানপ্রস্থ আশ্রমে বসবাস করে মুনিবৃত্তি অবলম্বনপূর্বক নিয়তচিত্তে এই সকল আচার-অনুষ্ঠান নিষ্ঠার সাথে পালন করবেন। তিনি অগ্নিবৎ দোষ সকল দগ্ধ করে শাশ্বত লোকপ্রাপ্ত হবেন –

> যস্ত্বেতা নিয়তশ্চর্য্যা বানপ্রস্থশ্চরেন্মুনিঃ।
> স দহত্যগ্নিরদ্দোষান্জয়েল্লোকাংশ্চ শাশ্বতান্।।[২৪]

আবার *বৃহদারণ্যকোপনিষদে* বলা হয়েছে- মধু, মাংস না খেয়ে দারৈষণা, বিত্তৈষণা, লোকৈষণাদি'কে ত্যাগ করে গৃহস্থ আশ্রম থেকে বানপ্রস্থ আশ্রমে প্রবেশ করার নির্দেশ পাওয়া যায়। এই আশ্রমে প্রবেশ করার পর ব্যক্তিকে তপস্যার দ্বারা সংযম প্রাপ্ত করতে হয়। গৃহস্থ আশ্রমের ভুলত্রুটিগুলি দূর করতে এই বানপ্রস্থ আশ্রমটিকে উপযুক্ত স্থল হিসাবে মনে করা হয়।[২৫]

সন্ন্যাস আশ্রম

বানপ্রস্থ আশ্রমের পরে আসে সন্ন্যাস আশ্রমের ক্রম। সন্ন্যাস শব্দের অর্থ হল 'সমন্তাদ্ ন্যাস:' অথবা সম্যক্ প্রকারেণ ন্যাস:। এই আশ্রমে একজন ব্যক্তি সকল বন্ধন থেকে মুক্ত হয়ে স্বাধীনভাবে জীবন-যাপন করেন অর্থাৎ তিনি সমস্তকিছু ত্যাগ করে নিঃস্ব হয়ে সন্ন্যাসী হন। তিনি প্রব্রজ্যা গ্রহণ করে গ্রামে গ্রামে ভিক্ষার জন্য যাবেন কিন্তু কোন ব্যক্তির গৃহে আশ্রয় গ্রহণ করবেন না। *ব্রহ্মপুরাণে* বলা হয়েছে যে, দ্বিজকে স্ত্রী, পুত্র, সম্পত্তি প্রভৃতি স্নেহাদি ভোগ্য বস্তু বর্জনপূর্বক মাৎসর্য্যহীন হয়ে চতুর্থাশ্রম অর্থাৎ সন্ন্যাস আশ্রমে প্রবেশ করতে হবে।[২৬] দ্বিজাতিকে একরাত গ্রামে ও পাঁচরাত শহরে থাকার নির্দেশ রয়েছে। তিনি যাতে কাউকে ভালবাসতে বা ঘৃণা করতে না পারেন সেজন্য একজায়গায় অবিরাম বসবাস করার নির্দেশ ছিল না।[২৭] জনগণের ভোজনাদি শেষ হলে তারপর তিনি জীবিকা নির্বাহার্থ প্রশস্তি গৃহে ভিক্ষা করবেন। ভিক্ষা পেলে আনন্দ আর না পেলে দুঃখ করা চলবে না। অতি সমাদর সহকারে কেউ ভিক্ষা প্রদান করলে তা নিন্দিত বলে বর্জন করতে হবে। কেননা অত্যধিক সম্মান ও ভালোবাসায় তিনি আসক্তিতে আবদ্ধ হয়ে পড়তে পারেন।[২৮] তিনি কাম, ক্রোধ, লোভ, দর্প, মোহ-প্রভৃতি যে দোষ আছে তা ত্যাগপূর্বক সমস্ত জীবকে রক্ষা করে সে নিজেও নির্ভয়ে সমগ্র পৃথিবী ভ্রমণ করবেন। যে পরিব্রাজক এভাবে আচরণ করেন তাঁর শরীর মুক্ত হয়ে যায়-

> কামঃ ক্রোধস্তথা দর্পো লোভমোহাদয়শ্চ যে।
> তাংস্তে দোষান পরিত্যজ্য পরিব্রাণ্নির্ম্মমো ভবেত্।।[২৯]

ব্রহ্মপুরাণে পরিব্রাজককে সকল প্রকার কর্ম থেকে বিরত থাকতে বললেও কিন্তু অগ্নিহোত্র পালনে অনুমতি দেন। এখানে বলা হয়েছে- যে সন্ন্যাসী চিতাগ্নিতে শয়ন করে নিজদেহে অগ্নিহোত্র স্থাপনপূর্বক শারীরস্থ অগ্নিকে ভিক্ষালব্ধ ঘৃত দিয়ে হোম করেন, তিনি দিব্যলোকে গমন করতে সক্ষম হন।[৩০] *ব্রহ্মবৈবর্তপুরাণেও* দুর্বাসা ঋষি এবং মহেন্দ্রের কথোপকথনে একজন সন্ন্যাসীর কর্তব্য যথাযথভাবে প্রদর্শিত হয়েছে। সেখানে একজন সন্ন্যাসীকে নিরন্তর প্রবাসী হওয়া উচিত বলেছেন। তাঁকে এক জায়গায় থাকা উচিত নয়, তাঁকে সত্, অসত্, লোষ্ট এবং কাঞ্চনকে সমান মনে করা উচিত। তাঁর সম্বুদ্ধি দণ্ড এবং কমণ্ডলু বস্ত্র পরিধান করা উচিত এবং নারায়ণপরক নীরব হয়ে ব্রহ্মচারী হওয়া উচিত। সকলকে ব্রহ্মময় হিসাবে দেখা উচিত। তাকে হিংসা, মোহ, ক্রোধ এবং অহংকারাদি থেকে মুক্ত থাকতে হবে। অনাকাঙ্ক্ষিত ভাবে যা পাবেন তাই খাবেন, খাবারের জন্য কখনও ভিক্ষা করবেন না। মহিলাদের কাছে থাকবেন না এবং তাদের মুখের দিকেও তাকাবেন না। কমলোদ্ভব ব্রহ্মার দ্বারা সন্ন্যাসীদের জন্য এই ধর্ম প্রচারিত হয়েছে।[৩১]

অতএব বলা যায় প্রকৃত সন্ন্যাসী তিনিই যিনি কর্ম করবার সময় কোন প্রকার কামনা করেন না, বরং করণীয় প্রক্রিয়া বিশেষের অনুষ্ঠান করেন তিনিই সন্ন্যাসী বা যোগী। আর যিনি অগ্নিত্যাগী অর্থাৎ অগ্নি স্পর্শ করেন না, কর্মত্যাগী অর্থাৎ কর্ম স্পর্শ করেন না, করণীয় ক্রিয়া-বিশেষের আচরণ করেন না বলে দাবি করেন তিনি সন্ন্যাসী নন।[৩২]

উপসংহার

মানব জীবনকে সুন্দরভাবে ব্যবস্থাপনা করার জন্য মানুষের জীবনকালকে ব্রহ্মচর্য, গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাস এই চারটি আশ্রমে ভাগ করা হয়েছে। ব্রহ্মচর্য হচ্ছে বিদ্যা অভ্যাসের কাল। যতদিন পর্যন্ত বিদ্যা অধ্যয়ন সম্পূর্ণ না হয় ততদিন পর্যন্ত সকল ভোগ থেকে দূরে থেকে বিদ্যা অধ্যয়ন করা উচিত। তারপর বিবাহের মাধ্যমে গৃহস্থ আশ্রমে প্রবেশ করা উচিত। গৃহস্থ আশ্রমে শাস্ত্রোক্ত শ্রীলক্ষণযুক্ত কন্যার সঙ্গে বিবাহ করা উচিত। গৃহস্থ আশ্রমে থেকে ধর্ম অনুসারে আচরণ করা কর্তব্য। তারপর উপযুক্ত পুত্রের হাতে সংসারের দায়িত্ব প্রদান করে বানপ্রস্থ আশ্রম গ্রহণ করতে হয়। বানপ্রস্থ আশ্রমে ধর্মের প্রচার এবং শাস্ত্রজ্ঞান লাভের জন্য শাস্ত্র অধ্যয়নের প্রতি মনোনিবেশ করা হয়। আধুনিক যুগেও এই চতুরাশ্রম ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। গুরুগৃহে বা আশ্রমে থাকাকালীন একজন ব্যক্তি গুরুর সান্নিধ্যে থেকে গুরুর উন্নত চিন্তাধারায় নিজেকে সমৃদ্ধ করতে পারেন। সেখানে তিনি যেহেতু গোপালন থেকে শুরু করে ভিক্ষা সংগ্রহ বিবিধ কাজকর্মে নিজেকে নিমজ্জিত করেন সেহেতু এই কর্মের মাধ্যমেই তাঁর মধ্যে স্বাবলম্বন, কর্মক্ষমতা, শ্রমের মর্যাদা, মনুষত্ববোধ, আত্মত্যাগ, সেবামূলক মনোভাব ইত্যাদি গুণাবলী বিকশিত হয়। সেকালে গুরুশিষ্যের সম্পর্ক ছিল পিতা-পুত্রের ন্যায়, তাই বর্তমান শিক্ষাক্ষেত্রে গুরুশিষ্যের এই সম্পর্ক সমানভাবেই প্রাসঙ্গিক। তৎকালীন সময়ে শিক্ষাব্যবস্থা ছিল অবৈতনিক, আধুনিকযুগেও বহু শিক্ষা প্রতিষ্ঠান আছে যেখানে একটি নির্দিষ্ট স্তর পর্যন্ত অবৈতনিকভাবে পাঠদান করানো হয়। গার্হস্থ্য জীবন পালনের মাধ্যমে একজন ব্যক্তি তাঁর পরিবারের সমস্ত ভার একা কাধে বহন করতে শেখেন, ধীরে ধীরে তিনি দায়িত্ববান হয়ে উঠেন ফলতঃ ভবিষ্যতে যে কোনো প্রতিকূলতার সম্মুখীন হতেও পিছপা হন না। বানপ্রস্থ পর্যায়ে ব্যক্তি বিবিধ জ্ঞানের অধিকারী হন। তিনি তাঁর জ্ঞান ও দক্ষতার মাধ্যমে সমগ্র বিশ্বকে প্রভাবিত করতে পারেন। বিশেষত তরুণ প্রজন্মকে। সন্ন্যাসী পর্যায়ে তিনি ঈশ্বরের উদ্দেশ্যে নিজ জীবন পরিত্যাগ ও ঈশ্বরের প্রতি নিজেকে নিমজ্জিত করতে শেখেন। এছাড়াও সাংসারিক ও মহাজাগতিক বন্ধন থেকেও নিজেকে মুক্ত করতে শেখেন। কিন্তু বর্তমান যুগে যথার্থভাবে সন্ন্যাস আশ্রম পালন করা সম্ভব নয়। সুতরাং বলা যেতে পারে এই আশ্রম ব্যবস্থাই ভারতীয় ইতিহাস ও সংস্কৃতির মূল ভিত্তি। একজন ব্যক্তির মানসিক ও শারীরিক উন্নতি ঘটে এই আশ্রম ব্যবস্থার মাধ্যমেই। তবে বলা বাহুল্য যে, আশ্রমের যা উদ্দেশ্য তা বর্তমান যুব সমাজের জীবনযাত্রার তুলনায় সম্পূর্ণ বিপরীত। ফলতঃ তাঁরা ভুলতে বসেছে তাঁদের দায়িত্ব, সমাজের প্রতি, মনুষ্যের প্রতি তাদের কর্তব্য। তাই বর্তমান প্রজন্মের কাছে আশ্রম সম্পর্কে একটা সুস্পষ্ট ধারণা থাকা প্রয়োজন। পরিশেষে বলতে পারি, আশ্রম ব্যবস্থা সমাজকে পারস্পরিক সহযোগিতার চেতনা শেখায় এবং মানুষকে আদর্শভাবে জীবনযাপন করতে অনুপ্রাণিত করে।

উল্লেখপঞ্জি

১. *রঘুবংশম্*, ১/৮

২. *মভাভারত*, শান্তি পর্ব, ২৪/২/১৯

৩. *মনুসংহিতা*, ৬/৮৮

৪. তদেব, ৬/৮৭

৫. *আপস্তম্বধর্মসূত্র*, ২/৯/২১/১

৬. *গৌতমধর্মসূত্র*, ৩/২

৭. *বশিষ্ঠধর্মসূত্র*, ৭/১-২

৮. *বিষ্ণুপুরাণ*, ৩/৬/২০

৯. *ব্রহ্মবৈবর্তপুরাণ,* ব্রহ্মখণ্ড, ২৪/৯

১০. *মনুসংহিতা,* ৩/৩

১১. *ব্রহ্মপুরাণ,* ২২২/২২

১২. *তদেব,* ২২২/২৩

১৩. *তদেব,* ২২২/২৪-২৭

১৪. *ব্রহ্মবৈবর্তপুরাণ*

১৫. *ব্রহ্মপুরাণ,* ২২২/২৮-২৯

১৬. *তদেব,* ২২২/৩০-৩১

১৭. *তদেব,* ২২২/৩৭

১৮. *তদেব,* ২২২/৩৮

১৯. *তদেব,* ২২২/৩২

২০. *মনুসংহিতা,* ৩/৭৭

২১. *ব্রহ্মপুরাণ,* ২২২/৩৯

২২. *তদেব,* ২২২/৪০-৪২

২৩. *তদেব,* ২২২/৪৩

২৪. *তদেব,* ২২২/৪৪

২৫. *বৃহদারণ্যকোপনিষদ্* ৪/৪/২২

২৬. *ব্রহ্মপুরাণ,* ২২২/৪৬

২৭. *তদেব,* ২২২/৪৯

২৮. *তদেব,* ২২২/৫০-৫২

২৯. *তদেব,* ২২২/৫৩

৩০. *তদেব,* ২২২/৫৫

৩১. *ব্রহ্মবৈবর্তপুরাণ, প্রকৃতিখণ্ড,* ৩৬/১২০-১২৭

৩২. *শ্রীমদ্ভাগবৎগীতা,* ৬/১

নির্বাচিত গ্রন্থপঞ্জি

উপাধ্যায়, বলদেব। *পুরাণ-বিমর্শ*। বারাণসী: চৌখম্বা বিদ্যাভবন, ১৬৭৮।

ব্রহ্মপুরাণ। সম্পা. পঞ্চানন তর্করত্ন। *ব্রহ্মপুরাণম্*। কলকাতা: নবভারত পাবলিশার্স, ১৪০৯ বঙ্গাব্দ।

ব্রহ্মপুরাণ। সম্পা. হরি নারায়ণ আপটে। *ব্রহ্মপুরাণম্*। পুণে: আনন্দাশ্রমমুদ্রালয়, ১৮৯৫।

ব্রহ্মবৈবর্তপুরাণ। সম্পা. শ্রীরাম শর্মা। বরেলী: সংস্কৃতি সংস্থান, ১৯৭০ (প্রথম সংস্করণ)।

ব্রহ্মবৈবর্তপুরাণ। সম্পা. পঞ্চানন তর্কারত্ন। কলকাতা: নবভারতী পাবলিশার্স।

মণ্ডল, দেবদাস। *ভারতীয় সামাজিক প্রতিষ্ঠান ও রাজনীতি*। কলকাতাঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০২৩ (দ্বিতীয় সংস্করণ)।

বন্দ্যোপাধ্যায়, মানবেন্দু। *মনুসংহিতা*। কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৪১৯ বঙ্গাব্দ (তৃতীয় সংস্করণ, ১৪১০ প্রথম সংস্করণ)।

ব্যাসদেব। *বৈয়াসিক-মহাভারত*। সম্পা. ও অনু. হরিদাস সিদ্ধান্ত বাগীশ, *ভারতকৌমুদী* ও নীলকণ্ঠের *ভারতভাবদীপ* টীকা সহ। কলকাতা: বিশ্ববাণী প্রকাশনী, ১৪০০ বঙ্গাব্দ (দ্বিতীয় সংস্করণ)।

শ্রীমদ্ভগবদ্‌গীতা। সম্পা. অশোক কৌশিক। নিউ দিল্লীঃ স্টার পাবলিকেশন প্রা. লি., ১৯৯৪।

Kane, P.V. History of Dharmaśāstra (Vol.III). Poona: Bhandarkar Oriental Research Institute, 1993 (3rd edition).

নাগার্জুনের দৃষ্টিতে প্রমাণের অস্তিত্বে অনবস্থা দোষ: *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থের আলোকে

দেবেশ সরকার

সংক্ষিপ্তসার: জ্ঞানতাত্ত্বিক পরম্পরা সমৃদ্ধ ভারতীয় দর্শনের অন্যতম গুরুত্বপূর্ণ আলোচিত বিষয় হল প্রমাণ। প্রায় সকল দর্শন সম্প্রদায় সুনিশ্চিত জ্ঞান লাভ করার উপায় স্বরূপ প্রমাণ পদ্ধতি অবলম্বন করেন। তবে প্রমাণের অস্তিত্ব বিষয়ে কয়েকজন দার্শনিক সংশয় প্রকাশ করেছেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য একজন হলেন মাধ্যমিকাচার্য নাগার্জুন। শুধু প্রমাণ নয়, তিনি দেখিয়েছেন যে সমস্ত ভাবপদার্থ তার উৎপত্তির জন্য হেতু ও প্রত্যয়ের উপর নির্ভরশীল, তাই সকল ভাবপদার্থকেই 'শূন্য' বলে অভিহিত করতে হয়। আচার্য নাগার্জুন প্রমাণ বিষয়ে নানান আপত্তি উত্থাপিত করেছেন মূলত *বৈদল্যপ্রকরণ* ও *বিগ্রহব্যাবর্তনী* নামক গ্রন্থ দুটিতে। প্রমাণের অস্তিত্ব বিষয়ে যে আপত্তিগুলির কথা তিনি বলেছেন সেগুলির মধ্যে উল্লেখযোগ্য অনবস্থানামক দোষ। এই নিবন্ধে যে বিষয়গুলির উপর আলোকপাত করা হবে সেগুলি হল, অনবস্থা দোষ কি ও তার প্রেক্ষাপট, এই দোষ নিবারণে পূর্বপক্ষিদের যুক্তি ও নাগার্জুনের দ্বারা খণ্ডন। সাথে নাগার্জুন পূর্বপক্ষিরূপে কোন দর্শন সম্প্রদায়কে বুঝিয়েছেন সেই বিষয়ের দিকেও নজর দেওয়া হবে। এই আলোচনাগুলি প্রসারিত হবে মূলত *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থ এবং এই গ্রন্থের বৃত্তি পর্যালোচনার মাধ্যমে।

সূচক শব্দ: প্রমাণ, অনবস্থা, শূন্যতা, মাধ্যমিক, নাগার্জুন, ন্যায়দর্শন।

যুক্তিতর্কের মাধ্যমে কোনো বিষয়ে সুনিশ্চিত জ্ঞান লাভ করাই হল দর্শনের তথা ভারতীয় দর্শনের মূল লক্ষ্য। এই সুনিশ্চিত জ্ঞান লাভের লক্ষ্যে উপনীত হওয়ার জন্য ভারতীয় দর্শনে যে পদ্ধতি অবলম্বন করা হয়, তা হল প্রমাণ পদ্ধতি। প্রমাণ শব্দটি প্র-পূর্বক মা-ধাতুর উত্তর করণ বাচ্য ল্যুট্ প্রত্যয় সিদ্ধ। প্র-পূর্বক মা-ধাতুর অর্থ প্রকৃষ্ট জ্ঞান। ভারতীয় দার্শনিকগণ মনে করেন প্রমাণই হল একমাত্র উপায়, যার মাধ্যমে আমরা যথার্থ জ্ঞান লাভ করতে পারি। ন্যায়ভাষ্যকার বাৎস্যায়ন তাঁর ভাষ্যে বলেছেন- 'স যেনার্থং প্রমিণোতি, তৎ প্রমাণম্'[1] অর্থাৎ প্রমাতা যার দ্বারা পদার্থকে যথার্থরূপে জানতে পারে, তাই হল প্রমাণ। তবে প্রমাণের সাংখ্যা বিষয়ে এই দর্শন সম্প্রদায়গুলির মধ্যে নানান মতপার্থ্যক্য লক্ষ্য করা যায়। চার্বাক দর্শনে প্রত্যক্ষকেই একটিমাত্র প্রমাণরূপে স্বীকার করা হয়। কিছু বৌদ্ধ দার্শনিক ও বৈশেষিকগণ প্রত্যক্ষ ও অনুমান এই দুটি প্রমাণকে স্বীকার করেন। সাংখ্য ও জৈন দর্শনে প্রত্যক্ষ ও অনুমানের পাশাপাশি আগম বা শব্দকেও প্রমাণরূপে স্বীকার করা হয়। নৈয়ায়িকগণ প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ এই চতুর্বিধ প্রমাণ স্বীকার করেন। মীমাংসার দুই প্রসিদ্ধ সম্প্রদায়ের অন্যতম প্রভাকর মিশ্র কর্তৃক প্রবর্তিত প্রাভাকর-প্রস্থানে ন্যায়সম্মত চারটি প্রমাণের সাথে অর্থাপত্তি নামে পঞ্চম একটি প্রমাণকে স্বীকার করা হয়েছে। অদ্বৈত বেদান্ত দর্শনেও এই পঞ্চবিধ প্রমাণ স্বীকৃত- প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ বা আগম এবং অর্থাপত্তি। তবে এই পঞ্চবিধ প্রমাণের সাথে অন্য মীমাংসক কুমারিলভট্ট বা ভাট্ট-মীমাংসকেরা ষষ্ঠ প্রমাণ হিসেবে জুড়ে দিয়েছেন অনুপলব্ধি বা অভাবপ্রমাণকে। অর্থাৎ ভাট্টমীমাংসক মতে প্রমাণ ছয় প্রকার- প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি এবং অনুপলব্ধি। কিন্তু কিছু কিছু ভারতীয় চিন্তাবিদ রয়েছেন যারা প্রমাণের অস্বিত্ব স্বীকার করেন না। এই প্রমাণ-বিরুদ্ধবাদী দার্শনিকদের মধ্যে উল্লেখযোগ্য হলেন, বৈতণ্ডিক জয়রাশিভিট্ট, অদ্বৈত বৈদান্তিক শ্রীহর্ষ এবং বৌদ্ধ-দার্শনিক নাগার্জুন প্রমুখ।

ভগবান গৌতমবুদ্ধের পরিনির্বাণের পরবর্তী সময়ে যে সমস্ত বৌদ্ধ দার্শনিক বুদ্ধোপদিষ্ট দার্শনিক ভাবনাকে ব্যাখ্যা করেছেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন মাধ্যমিকাচার্য নাগার্জুন। তিনি ছিলেন মহাযান বৌদ্ধসম্প্রদায়ের অন্যতম দার্শনিক। উইন্টার্নিজের মতে তিনি গৌতমী পুত্র যজ্ঞশ্রীর (আনুমানিক ১৬৬-১৯৬ খৃঃ) সমসাময়িক ছিলেন[2]। নাগার্জুনের পাণ্ডিত্য এবং যুক্তি এতই সমৃদ্ধ ছিল যে অনেকেই তাকে 'দ্বিতীয় বুদ্ধ' বলে উল্লেখ করেছেন।

সকল ভারতীয় সম্প্রদায়ের মতো তিনিও প্রমাণ পদার্থের আলোচনায় ব্রতী হয়েছেন। কিন্তু অন্যান্য দার্শনিকরা যেখানে প্রমাণের গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন সেখানে নাগার্জুন সম্পূর্ন ভিন্ন পথে গিয়ে প্রমাণের অস্তিত্ব বিষয়েই আপত্তি উত্থাপন করেছেন। শুধু প্রমাণ নয়, প্রমাণের পাশাপাশি জাগতিক সকল পদার্থের অস্তিত্বকেই অস্বীকার করেন। তিনি তাঁর *বিগ্রহব্যাবর্তনী* ও *বৈদল্যপ্রকরণ* গ্রন্থে প্রমাণপদার্থের অস্তিত্ব বিষয়ে নানান আপত্তি উত্থাপন করে দেখিয়েছেন, কোনো যুক্তি দিয়েই

প্রমাণের অস্তিত্ব স্বীকার করা যায় না। গ্রন্থ দুটিতে নাগার্জুন প্রমাণের অস্তিত্বে আপত্তি প্রদর্শন করতে গিয়ে পূর্বপক্ষী কল্পনা করে তাঁদের নানান যুক্তি উল্লেখ করেছেন। যদিও তিনি সরাসরি পূর্বপক্ষিদের নাম উল্লেখ করেননি তবুও যুক্তির প্রসঙ্গ দেখলে অনুমান করা যায়, নাগার্জুনের পূর্বপক্ষী ছিলেন প্রমাণবাদী নৈয়ায়িক সম্প্রদায়। কারণ, তিনি *বৈদল্যপ্রকরণ* গ্রন্থে প্রমাণ সহ নৈয়ায়িকদের স্বীকৃত ষোড়শ প্রকার পদার্থের অস্তিত্বকেই অস্বীকার করেছেন এবং *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থে প্রমাণ খণ্ডনে নৈয়ায়িক স্বীকৃত চার প্রকার প্রমাণের উল্লেখ করেছেন[৩]। এমনকি কিছু গবেষণায় দেখা গেছে মাধ্যমিকাচার্য নাগার্জুন এবং নৈয়ায়িক শিরোমণি গৌতম একই শতাব্দীতে বর্তমান ছিলেন। তাই ধারণা করা অসঙ্গত হবে না যে প্রমাণের অস্তিত্ব খণ্ডনে নাগার্জুনের পূর্বপক্ষী আসলে নৈয়ায়িক সম্প্রদায়। নাগার্জুন তাঁর দর্শনভাবনায় জাগতিক সমস্ত ভাবপদার্থকেই ‘শূন্য’ বলে উল্লেখ করেছেন। তাই তাঁকে ‘শূন্যবাদী’ দার্শনিক বলা হয়। এই শূন্যতা আবার বিশেষ অর্থের দ্যোতক- যার অর্থ হল নিঃস্বভাব বা স্বভাবশূন্য হওয়া। এই নিঃস্বভাব বা স্বভাবশূন্যতা বলতে বুঝিয়েছেন কারণ ও শর্তের উপর নির্ভর করে বস্তুর উৎপন্ন হওয়া। কোনো বস্তু যদি কোনো কারণ বা শর্তের ফলে উৎপন্ন হয়, তাহলে তার নিজস্ব স্বভাব আছে বলা যায় না। আর স্বভাব হল কোন বস্তুর নিজ সত্তা বা সারধর্ম। নাগার্জুন এই প্রসঙ্গে তাঁর *মূলমধ্যমককারিকা* গ্রন্থের স্বভাব-পরীক্ষা অধ্যায়ে বলেছেন-

> ন সংভবঃ স্বভাবস্য যুক্তঃ প্রত্যয়-হেতুভিঃ।
> হেতু-প্রত্যয়-সংভূতঃ স্বভাবঃ কৃতকো ভবেত্।।[৪]

আর এই নিঃস্বভাব অর্থেই সমস্ত বস্তুকে ‘শূন্য’ বলে অভিহিত করা হয়। নাগার্জুন জগতের সমস্ত পদার্থের শূন্যতা প্রতিষ্ঠা করেছেন। এই শূন্যবাদ অনুসারে জগতের কোনো কিছু সৎ নয়, অসৎও নয়, সদসৎ নয়, আবার সদসৎ ভিন্নও নয়। কার্য-কারণ বিষয়ে চারটি সাম্ভাব্যমত বিশ্লেষণ করতে গিয়ে তিনি বলেছেন, কোথাও এবং কখনই ভাব (নিত্য বস্তু বা ধর্ম) কারণরূপে নিজ হতে অথবা অন্য হতে অথবা উভয় হতে কিংবা অকারণবশতঃ উৎপন্ন হতে পারে না।

> ন স্বতো নাপি পরতো ন দ্বাভ্যাং নাপ্যহেতুতঃ।
> উৎপন্না জাতু বিদ্যন্তে ভাবাঃ ক্বচন কেচন।।[৫]

এই চারটি বিকল্পের কোনটি গ্রহণযোগ্য নয় বলে তিনি মনে করেন। কারণ প্রত্যেকটি মতের ফলশ্রুতি অনুসারে আমরা এমন একটি সিদ্ধান্তে উপনীত হই যা মিথ্যা বা অবান্তর। তবে নাগার্জুন তাঁর দর্শনে জগতের সবকিছুই ‘শূন্য’ বলতে স্বভাবশূন্যতাকে নির্দেশ করেছেন, ‘শূন্য’ মানে ‘ফাঁকা’ বা ‘আকাশকুসুম’ নয়। এইরকমভাবে ‘চতুষ্কোটি’ পদ্ধতির দ্বারা নিষেধ করে ও ‘প্রসঙ্গ’[৬] নামক দ্বান্দ্বিক পদ্ধতির প্রয়োগের মাধ্যমে জগতের সমস্তকিছুকে স্বভাবশূন্য প্রমাণ করেন। নাগার্জুন সমস্ত ভাবপদার্থের নিবৃত্তি ঘটান অর্থাৎ সমস্ত ভাবপদার্থকে ‘শূন্য’ রূপে প্রতিপাদন করতে চান। তাই তাঁর দৃষ্টিতে প্রত্যক্ষাদি কোনো প্রমাণের অস্তিত্ব নেই। যেহেতু প্রত্যক্ষ প্রমাণের দ্বারা ভাবপদার্থের উপলব্ধি হয় আর প্রত্যক্ষ প্রমাণ নিজেও ভাবপদার্থের অন্তর্গত, তাই তাকেও ‘শূন্য’ বলতে হয়। নাগার্জুনের মতে প্রমাণের দ্বারা কোনো কিছু উপলব্ধি করা যায় না। তিনি প্রমাণের অস্তিত্ব বিষয়ে আপত্তি করতে গিয়ে *বৈদল্যপ্রকরণ* ও *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থে নানান দোষের কথা উল্লেখ করেছেন যেমন, প্রমাণের স্বপ্রকাশত্বের আপত্তি, প্রমাণের অনবস্থা দোষ প্রসঙ্গ, চক্রক দোষ প্রসঙ্গ, ত্রৈকাল্যাসিদ্ধিবিষয়ক আপত্তি। এই গবেষণাপত্রটিতে শুধুমাত্র প্রমাণ স্বীকারে অনবস্থানামক দোষ বিষয়ে নাগার্জুন তাঁর *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থে যে আপত্তিগুলি উত্থাপন করে পূর্বপক্ষিদের যুক্তিগুলিকে সমালোচনা করেছেন, সেই বিষয়েই পর্যালোচনা করা হয়েছে।

নাগার্জুন যে সমস্ত গ্রন্থ রচনা করেছেন সেগুলির মধ্যে উল্লেখযোগ্য হল *বিগ্রহব্যাবর্তনী*। এই গ্রন্থের বৃত্তি তিনি নিজেই রচনা করেছেন। গ্রন্থের শুরুতেই নাগার্জুন পূর্বপক্ষী কল্পনা করেছেন এবং প্রথম কুড়িটি কারিকাতে নয়টি বিভিন্ন আপত্তি উত্থাপন করেছেন। এই আপত্তিগুলির মধ্যে অন্যতম হল শূন্যতা বিষয়ক আপত্তি, প্রমাণের ও প্রমেয়ের অস্তিত্ব স্থাপনের যুক্তি, কুশলত্ব বিষয়ক আপত্তি। পরবর্তী কারিকাগুলিতে তাঁর দর্শনের মূল সোপান শূন্যবাদের তত্ত্বটিকে প্রয়োগের মাধ্যমে এইসব আপত্তির উত্তর প্রদান করেছেন। নাগার্জুন এই গ্রন্থে প্রমাণের অনবস্থা দোষ প্রসঙ্গে কি কি যুক্তি দেখিয়েছেন সেই দিকে আলোকপাত করা যাক।

পূর্বপক্ষী তথা নৈয়ায়িকগণ বলেন প্রমাণের দ্বারা কোনো বিষয়ের উপলব্ধি হলে তবেই সেই বিষয়ের স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার বা অস্বীকার করা যায়, যেহেতু প্রমাণ সফল প্রবৃত্তির জনক। প্রমাণের দ্বারা যে পদার্থকে যেরূপে ও যেপ্রকারে প্রতিপন্ন করা হয়, সেই পদার্থ সেইরূপ এবং সেই প্রকারই হয়। এই প্রসঙ্গে বাৎস্যায়ন তাঁর ন্যায়সূত্রভাষ্যে বলেছেন- 'প্রমাণতোঽর্থ-প্রতিপত্তৌ প্রবৃত্তিসামর্থ্যাদর্থবৎ প্রমাণম্'[৭]। কিন্তু নাগার্জুন পূর্বপক্ষীর এইরূপ সিদ্ধান্তকে স্বীকার করেন না। তাই কোনো বস্তুর স্বীকার বা অস্বীকারের প্রশ্নই আসে না। বরং তিনি পূর্বপক্ষীকে প্রশ্ন করে বলেন, যদি মনে করা হয় যাবতীয় প্রমেয় পদার্থ প্রমাণসিদ্ধ, তবে প্রমাণগুলি আবার কিসের দ্বারা সিদ্ধ?

> যদি চ প্রমাণতস্তে তেষাং তেষাং প্রসিদ্ধিরর্থানাম্।
> তেষাং পুনঃ প্রসিদ্ধিং ব্রূহি কথং তে প্রমাণানাম্।।[৮]

আর এই প্রশ্নের প্রেক্ষিতে যদি তাঁরা বলেন প্রমাণের প্রামাণ্য প্রতিষ্ঠা করার জন্য অন্য কোনো প্রমাণের প্রয়োজন পরেনা, তাহলে পূর্বপক্ষীর বচন, 'সকল পদার্থই প্রমাণের দ্বারা সিদ্ধ', এই যুক্তি পরিত্যক্ত হয়ে যায়[৯]। কারণ, প্রমাণ নিজেও একপ্রকার পদার্থ। আবার যদি বলা হয় প্রমেয়গুলি প্রমাণসিদ্ধ এবং সেই প্রমাণগুলি আবার অন্য প্রমাণের দ্বারা সিদ্ধ, তাহলে অনবস্থানামক[১০] দোষের আশঙ্কা হয়[১১]। যদি প্রমাণের দ্বারাই প্রত্যক্ষাদি প্রমাণের উপলব্ধি হয়, তাহলে আবার অন্য প্রমাণ স্বীকার করতে হয়। সেই অন্য প্রমাণকে প্রতিষ্ঠা করতে আবার নতুন কোনো প্রমাণ স্বীকার করতে হবে। এইভাবে একটি প্রমাণ স্বীকারে অন্য প্রমাণ স্বীকার করতে করতে অনবস্থা দেখা দেবে। আর অনবস্থা দোষ দেখা দিলে আরও একটি দোষ দেখা যাবে বলে নাগার্জুন আশঙ্কা করেছেন। সেটি হল, যদি একটি প্রমাণকে প্রতিষ্ঠা করতে ভিন্ন ভিন্ন প্রমাণকে স্বীকার করতে হয়, তাহলে আদি প্রমাণ বলে কোন কিছুই থাকে না। আর আদি প্রমাণকে সিদ্ধ করা না গেলে মধ্য বা অন্ত প্রমাণও সিদ্ধ হবে না[১২]। সুতরাং, একটি প্রমাণকে অন্য প্রমাণের দ্বারা প্রতিষ্ঠা করা সম্ভব, এই বিকল্পটি অনবস্থা দোষের প্রতিপাদক হওয়ায় একে গ্রহণ করা সম্ভব নয়। তাই পূর্বপক্ষীয় 'প্রমাণসমুহ অন্য প্রমাণের দ্বারা সিদ্ধ' বচনটি বৈধ নয়।

আপত্তিগুলির উত্তরে পূর্বপক্ষীরা যদি বলেন প্রমাণগুলি অন্য কোনো প্রমাণ ছাড়াই সিদ্ধ, তাহলে তাঁদের প্রমাণবিষয়ক সকল মত প্রশ্নচিহ্নের মুখে পরবে। কারণ, প্রমাণ ছাড়া বা বিনা প্রমাণেই প্রমাণের সিদ্ধি হলে প্রমাণের প্রামাণ্যবিষয়ে আপত্তি দেখা দেবে। কোনো কোনো বিষয় প্রমাণের দ্বারা সিদ্ধ হয় আর কোনো কোনো বিষয় প্রমাণ ছাড়াই সিদ্ধ হয় এই বৈষম্যের কারণ কি তা স্পষ্ট বোঝা যাচ্ছে না।

> তেষামথ প্রমাণৈর্বিনা প্রসিদ্ধির্বিহীয়তে বাদঃ।
> বৈষমিকত্বং তস্মিন্ বিশেষহেতুশ্চ বক্তব্যঃ।।[১৩]

পূর্বপক্ষীরা প্রমাণের অস্তিত্ব বিষয়ে বিভিন্ন কথা বললেও দেখা যাচ্ছে, প্রমাণের সিদ্ধি যেমন অন্য প্রমাণের দ্বারাও সম্ভব নয় আবার প্রমাণ ছাড়াও সম্ভব নয়।

কিন্তু পূর্বপক্ষী সেই মুহূর্তে অন্য একটি যুক্তি প্রদান করতে পারেন বলে নাগার্জুন সম্ভাবনা করেছেন। যুক্তিটি হল, 'অত্রাহ। প্রমাণান্যেব স্বাত্মানং পরাত্মানঞ্চ প্রসাধয়ন্তি। যথোক্তং

> দ্যোতয়তি স্বাত্মানং যথা হুতাশস্তথা পরাত্মানম্।
> স্বপরাত্মানাবেবং প্রসাধয়ন্তি প্রমাণানি।। ইতি'[১৪]

অগ্নি যেমন নিজেকে প্রকাশ করে, তেমনি তার আলোকের দ্বারা আশেপাশের অন্যান্য পদার্থসমূহকেও প্রকাশ করে। সেইরূপ প্রমাণসমূহও নিজেদের এবং প্রমেয় পদার্থসমূহকে সিদ্ধ করে।

সমযুক্তি দেখা যায় মহর্ষি গৌতমের *ন্যায়সূত্র* ও বাৎস্যায়নের ন্যায়সূত্রভাষ্যে। মহর্ষি গৌতম প্রমাণ বিষয়ে পূর্বপক্ষিকৃত অনবস্থা দোষের আশঙ্কা করেছেন এবং দুটি সূত্রের মাধ্যমে সেই দোষের কথা তুলে ধরেছেন। প্রথমটি হল,

> প্রমাণতঃ সিদ্ধেঃ প্রমাণানাং প্রমাণান্তরসিদ্ধিপ্রসঙ্গঃ।[১৫]

যদি বলা হয় প্রমাণগুলির উপলব্ধি প্রমাণের দ্বারাই সিদ্ধ হয়, তাহলে প্রমাণান্তরের প্রসঙ্গ হয়, অর্থাৎ প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ প্রমাণগুলির উপলব্ধি সাধনের জন্য অন্য কোনো প্রমাণকে স্বীকারের প্রয়োজনীয়তা চলে আসে। বিষয়টির ব্যাখ্যা করতে গিয়ে ভাষ্যকার বলেছেন, ন্যায়স্বীকৃত প্রত্যক্ষাদি প্রমাণচতুষ্টয় যদি প্রমাণের দ্বারাই উপলব্ধ হয়, তাহলে এই প্রত্যক্ষাদি প্রমাণচতুষ্টয়কে উপলব্ধি করার জন্য অতিরিক্ত কোনো প্রমাণ স্বীকার করতে হবে। আর যদি অতিরিক্ত প্রমাণ স্বীকার করতে হয় তাহলে সেই প্রমাণকে স্বীকার করার জন্য আবার একটি অন্য প্রমাণ স্বীকার করতে হবে। এই ভাবে পূর্বের প্রমাণটি স্বীকারের জন্য পরে আবার প্রমাণ স্বীকার করতে করতে ভিন্ন ভিন্ন অসংখ্য প্রমাণ স্বীকারের ফলে অনবস্থা নামক দোষ হয়ে যায়। তাই ভাষ্যকারও মহর্ষির সূচিত উক্ত সূত্রের পূর্বপক্ষের ব্যাখায় অনবস্থা দোষের আশঙ্কা করেছেন। প্রত্যক্ষাদি প্রমাণ-চতুষ্টয়বিষয়ক যে উপলব্ধি হয়, তা অন্য কোনো প্রমাণের দ্বারাই হয়, এই পক্ষটি বলা অনুচিত, কারণ এই পক্ষ অবলম্বন করলে অনবস্থানামক দোষ চলে আসে[১৬]।

যদি বলা হয়, পূর্বপক্ষী যে প্রমাণান্তরের আপত্তির কথা বলেছেন তা সঠিক নয়, তখন পূর্বপক্ষী দ্বিতীয় যে প্রশ্ন উত্থাপন করতে পারেন, সেটি হল-

> তদ্বিনিবৃত্তের্ব্বা প্রমাণসিদ্ধিবৎ প্রমেয়সিদ্ধিঃ।[১৭]

যদি প্রত্যক্ষাদি প্রমাণবিষয়ক উপলব্ধিতে প্রমাণান্তরের নিবৃত্তি বা অভাব স্বীকার করা হয়, তাহলে প্রমাণ সিদ্ধির মতোই প্রমেয়েরও উপলব্ধি বিনা প্রমাণেই হতে পারে। অর্থাৎ, যদি প্রত্যক্ষাদি প্রমাণের উপলব্ধি বিনা প্রমাণেই হয়ে যায়, তা হলে প্রমেয় পদার্থের উপলব্ধিও প্রমাণ ছাড়াই হয়ে যায়। সেক্ষেত্রে এটা বলাই যায়, আত্মা প্রভৃতি দ্বাদশ প্রকার প্রমেয়ের উপলব্ধির জন্য কোনো প্রমাণের প্রয়োজন হয় না। তাহলে 'প্রমাণের দ্বারা প্রমেয়সিদ্ধি' রূপ বচনটিও মিথ্যা প্রতিপন্ন হয়ে যায়। সাথে সাথে প্রমাণের আবশ্যিকতা নিয়েও বড় প্রশ্নচিহ্ন দেখা দেয়।

পূর্বপক্ষীর এইরূপ নানান আপত্তির প্রত্যুত্তরে মহর্ষি গৌতম বলেছেন-

> ন প্রদীপপ্রকাশসিদ্ধিবৎ তৎসিদ্ধেঃ।[১৮]

না, পূর্বপক্ষী যে আপত্তির কথা বলছেন তা যুক্তিসঙ্গত নয়। কারণ হিসেবে মহর্ষি প্রদীপ-আলোকের উদাহরণ দিয়ে বলেছেন, যেরূপ প্রদীপালোক প্রত্যক্ষ প্রমাণ হলেও চক্ষুসন্নিকর্ষরূপ প্রত্যক্ষপ্রমাণের দ্বারাই তার সিদ্ধি হয়, সেইরূপ স্বজাতীয় প্রমাণের দ্বারাই স্বজাতীয় প্রমাণান্তরের উপলব্ধি হয়ে থাকে। প্রমাণের উপলব্ধির জন্য অন্য কোনো অতিরিক্ত প্রমাণকে স্বীকার করার কোনো প্রয়োজনীয়তা নেই এবং পূর্বপক্ষীরা যে অনবস্থা দোষের উত্থাপন করেছেন সেটিও সঠিক নয়। প্রসঙ্গক্রমে ন্যায়মত আলোচনা করা হলেও নাগার্জুনের পূর্বপক্ষী ব্যাখ্যার সাথে ন্যায়ভাষ্যের কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। যেহেতু এই প্রসঙ্গ এই গবেষণাপত্রের মূল বিষয় নয়, তাই এই আলোচনা আর দীর্ঘায়িত করা হল না।

নাগার্জুন পূর্বপক্ষীর অগ্নির স্বপ্রকাশত্বের যুক্তির সঙ্গে কোনোভাবেই সহমত পোষণ করেননি। তিনি মনে করেন অগ্নির দৃষ্টান্তটি আসলে 'বিষমোপন্যাস'এর দৃষ্টান্ত। অগ্নি নিজেকে প্রকাশ করে এবং সঙ্গে সঙ্গে অপর বস্তুগুলিকে প্রকাশিত করে বলে পূর্বপক্ষী যে দৃষ্টান্তটি দিয়েছেন সেটি গ্রহণযোগ্য নয়। কেননা, অগ্নি কখনোই নিজেকে প্রকাশ করতে পারেনা। অগ্নির অনুপলব্ধি অন্ধকারে ঘটানুপলব্ধির সঙ্গে তুল্য নয়। এই প্রসঙ্গে নাগার্জুনের উক্তি-

> বিষমোপন্যাসোঽয়ং ন হ্যাত্মানং প্রকাশয়ত্যগ্নিঃ।
> ন হি তস্যানুপলব্ধির্দৃষ্টা তমসীব কুম্ভস্য।।[১৯]

একটি ঘট অগ্নির দ্বারা প্রকাশিত হবার আগে অন্ধকারে অপ্রকাশিত অবস্থায় থাকে। পরক্ষণে যখন অগ্নি প্রজ্বলিত করা হয় তখন তার আলোকে ঘট প্রকাশিত হয়। ঠিক একইরকমভাবে বলা চলে নিজের আলোকের দ্বারা প্রকাশিত হবার আগে অগ্নি অন্ধকারে অপ্রকাশিত অবস্থায় ছিল এবং তখন অগ্নি প্রকাশিত হয়নি। পরবর্তী সময়ে অগ্নির দ্বারা আগের অগ্নি প্রকাশিত হয়েছে। কিন্তু এই কথা তো মেনে নেওয়া সম্ভব নয়। কারণ, আলোক অন্ধকারে অপ্রকাশিত অবস্থায় ছিল একথা মেনে নেওয়া যায় না। তাই পূর্বপক্ষী অগ্নির স্ব-প্রকাশের যে যুক্তি দিয়েছেন সেই দাবী স্বীকার্য নয়[২০]।

তারপরেও যদি পূর্বপক্ষীর এই যুক্তিকে মেনে নেওয়া হয়, তাহলে এটাও তাঁদের স্বীকার করা উচিত যে, অগ্নি যেমনভাবে অন্যবস্তুকে প্রকাশ করার সাথে সাথে নিজেকেও প্রকাশ করে তেমনি অন্যবস্তুকে দগ্ধ করে বলে নিজেকেও দগ্ধ করে।

যদি চ স্বাত্মানময়ং ত্বদ্ববচনেন প্রকাশয়ত্যগ্নিঃ।
পরমিব নন্বাত্মানং পরিধক্ষ্যত্যপি হুতাশঃ।।[২১]

কিন্তু দেখা যায় বাস্তবে তা ঘটে না। অগ্নি কখনো নিজেকে দগ্ধ করতে পারে না। তাহলে পূর্বপক্ষীর অগ্নির দৃষ্টান্তটি অযৌক্তিক হবার সঙ্গে সঙ্গে এটাও বলতে হয়, অগ্নির মতো প্রমাণও প্রমেয়কে সিদ্ধ করে এবং নিজেকে প্রকাশ করে এই দাবীটিও গ্রহণযোগ্য নয়।

এই আলোচনার পরেও যদি পূর্বপক্ষী তাঁদের অগ্নির অন্যবস্তুপ্রকাশক শক্তির সঙ্গে সঙ্গে প্রমাণের স্বপ্রকাশকত্বের দাবীতে অটল থাকেন তাহলে, আবার নাগার্জুন তাদের যুক্তির বিরুদ্ধে প্রশ্ন উত্থাপন করবেন। প্রশ্নটি এইরূপ, আলোক ও অন্ধকার পরস্পর বিপরীত স্বভাবের, তাই স্বীকার করা হয় যে অগ্নি অপর বস্তুকে প্রকাশ করে এবং সঙ্গে সঙ্গে নিজেকেও প্রকাশ করে, ঠিক এইভাবেই এই যুক্তিও মেনে নিতে হবে যে, অন্ধকার অন্যবস্তুকে আবৃত করার পাশাপাশি নিজেকেও আবৃত করে রাখে। কিন্তু এমন দৃষ্টান্ত দেওয়া সম্ভব নয়[২২]। এই অবস্থায় পূর্বপক্ষীর যুক্তি, 'অগ্নি অন্য বস্তুসমূহের প্রকাশক ও স্বপ্রকাশক' সিদ্ধ হয় না।

আবার নাগার্জুন অন্য একটি যুক্তি দিয়ে বলেছেন, অগ্নির প্রকাশমাত্রই অন্ধকারের বিনাশ। কোনো কিছু প্রকাশ করার অর্থ অন্ধকারকে বিনাশপূর্বক তাকে আলোকিত করে তোলা। আলোকের উপস্থিতিতে অন্ধকার থাকে না। আলোকের মধ্যে যেমন কোনো অন্ধকার নিহিত থাকে না, তেমনি যেখানে আলোক থাকে সেখানে অন্ধকারও থাকে না। তাই অগ্নি সকল বস্তুকে প্রকাশ করে এই দাবীটি কোনভাবেই সিদ্ধ নয়[২৩]।

এখানে পূর্বপক্ষী যদি বলেন, যেখানে অগ্নি থাকে সেখানে অন্ধকার থাকে না এবং অগ্নিতে অন্ধকার নেই, তাহলে তো বলাই যায় অগ্নি নিজেকে ও অপরকে প্রকাশ করে[২৪]। উৎপদ্যমান অগ্নি অর্থাৎ যে অগ্নি উৎপন্ন হচ্ছে, তার দ্বারাই তো অন্ধকার দূর হয়। অগ্নি যে অন্ধকারে থাকে না কিংবা অগ্নির উপস্থিতিতে কোথাও অন্ধকার থাকে না, তার কারণ হল, উৎপদ্যমান অগ্নি অপরাপর বস্তুকে এবং নিজেকে প্রকাশ করতে সক্ষম।

নাগার্জুন এই যুক্তি মানতে নারাজ। তিনি বলেন পূর্বপক্ষীর এহেন যুক্তি সঠিক নয়। কারণ, উৎপদ্যমান অগ্নি অন্ধকারের সঙ্গে সম্বন্ধযুক্ত নয়। অগ্নি ও অন্ধকারের ভেতর সম্বন্ধের (সংযোগ) অভাব থাকার জন্য অগ্নি অন্ধকারের নাশ করে একথা বলা যায় না। অগ্নি যেহেতু অন্ধকারকে নাশ করতে পারে না তাই অগ্নি প্রকাশক একথাও বলা যায় না।

উৎপদ্যমান এব প্রকাশয়ত্যগ্নিরিত্যসদ্বাদঃ।
উৎপদ্যমান এব প্রাপ্নোতি তমো ন হি হুতাশঃ।।[২৫]

তিনি আরও বলেছেন, যদি অন্ধকার অগ্নির সঙ্গে সংযুক্ত বা সম্বন্ধযুক্ত না হয়েও অগ্নির দ্বারা ধ্বংসপ্রাপ্ত হয়, তাহলে এটাও মেনে নিতে হবে কোনো এক মুহূর্তে এক জায়গায় অবস্থিত অগ্নি পৃথিবীর অন্য সকল স্থানের অন্ধকারকে দূর করার ক্ষমতা রাখে। যেহেতু পূর্বপক্ষী মনে করেন অন্ধকার দূরীভূত করার জন্য অন্ধকারের সঙ্গে অগ্নির কোনো সম্বন্ধ নেই, তাই 'অন্ধকারের সঙ্গে অসংযুক্ত অবস্থায় অগ্নি অন্ধকার ধ্বংস করতে পারে' এইরূপ যুক্তি অসিদ্ধ[২৬]। যেহেতু অগ্নির স্বপ্রকাশত্ব প্রতিষ্ঠা করা সম্ভব নয়, তাই অগ্নির স্বপ্রকাশত্বের সঙ্গে প্রমাণও স্বপ্রকাশক বলা সঠিক নয়।

প্রমাণের অনবস্থা দোষ পরিহারের জন্য পূর্বপক্ষীরা যে অগ্নির উদাহরণ দিয়েছেন তা মহর্ষি নাগার্জুন তাঁর *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থে বিভিন্ন যুক্তি সহযোগে পরিহার করেছেন। প্রমাণের স্বপ্রকাশত্বসিদ্ধির জন্য অগ্নির সাথে তুলনা করে অনবস্থা দোষ পরিহারের যে চেষ্টা করা হয়েছে, সেই তুলনা যথাযথ নয়, কারণ অগ্নির স্বপ্রকাশত্ব প্রতিষ্ঠা সম্ভব নয়। এই গ্রন্থের পাশাপাশি নাগার্জুন তাঁর অন্যান গ্রন্থ যেমন, *বৈদল্যপ্রকরণ, মূলমধ্যমককারিকাতে*ও অগ্নির স্বপ্রকাশত্বের দাবী খণ্ডন করেছেন। আসলে নাগার্জুনের

সমস্ত ভাবনা লুকিয়ে আছে তাঁর শূন্যতার ধারণার মধ্যে। যেহেতু জগতের সমস্তপদার্থ হেতুপ্রত্যয়জাত তাই তাদের নিজস্ব কোনো স্বভাব নেই। জগতের সকল বস্তুই প্রতীত্যসমুৎপন্ন, আপেক্ষিক সত্তাসম্পন্ন তাই নিঃস্বভাব। সেইহেতু প্রমাণাদির জ্ঞান নিঃস্বভাব হওয়ায় শূন্য। পূর্বপক্ষীরা প্রমাণ প্রতিষ্ঠায় যেসকল যুক্তি প্রদর্শন করে থাকেন সেগুলিও নিঃস্বভাব হওয়ায় শূন্যরূপে প্রতিপাদিত হয়। কোনো যুক্তিই প্রমাণের অস্তিত্ব প্রতিষ্ঠায় যথেষ্ঠ নয়। নাগার্জুন তাঁর *বিগ্রহব্যাবর্তনী* গ্রন্থে প্রমাণের প্রতিষ্ঠায় পূর্বপক্ষিকৃত যুক্তিতে যে অনবস্থাদোষ দেখিয়েছেন এবং প্রমাণের অস্তিত্ব বিষয়ে প্রশ্ন উত্থাপন করেছেন তা যথেষ্ট তাৎপর্যপূর্ণ এবং ভারতীয় দর্শনের জ্ঞানতাত্ত্বিক আলোচনায় নাগার্জুনের যুক্তিগুলি বলিষ্ঠ বলেই মনে হয়।

উল্লেখপঞ্জি

১. ফণিভূষণ তর্কবাগীশ (সম্পা.), *ন্যায়দর্শন ও বাৎস্যায়ন ভাষ্য*, ১ম খণ্ড, পৃ. ১১।

২. Maurice Winternitz, *History of Indian Literature*, vol, ii. P. 346-48.

৩. অনুমানং প্রত্যুক্তং প্রত্যক্ষেণাগমোপমানে চ'- *বিগ্রহব্যাবর্তনী*, ৬।

৪. *মূলমধ্যমিককারিকা*, ১৫/১।

৫. *তদেব*, ১/১।

৬. বিভিন্ন দার্শনিক মতের খণ্ডন করাই এই পদ্ধতির লক্ষ্য। কোনো নতুন প্রতিজ্ঞা প্রতিষ্ঠা না করে শুধুমাত্র অন্য দার্শনিক মতের অবান্তরতা এবং স্ববিরোধ দেখানোর দার্শনিক পদ্ধতি 'প্রসঙ্গ' নামে পরিচিত। এই প্রসঙ্গে বিগ্রহব্যাবর্তনী গ্রন্থের ২৯ নং কারিকায় নাগার্জুন বলেছেন, 'নাস্তি চ মম প্রতিজ্ঞা'।

৭. ফণীভূষণ তর্কবাগীশ (সম্পা.), *ন্যায়দর্শন ও বাৎস্যায়ন ভাষ্য*, ১ম খণ্ড, পৃ. ১।

৮. *বিগ্রহব্যাবর্তনী*, ১১।

৯. 'যদি তাবন্নিষ্প্রমাণানাং প্রমাণানাং স্যাৎ প্রসিদ্ধিঃ, প্রমাণতোঽর্থানাং প্রসিদ্ধিরিতি হীয়তে প্রতিজ্ঞা' *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 15.

১০. যেরূপ আপত্তি-প্রবাহের অন্ত নেই অর্থাৎ তুল্য যুক্তিতে যেরূপ আপত্তি ধারাবাহিকভাবে চলবে, কোনদিন তার নিবৃত্তি হবে না, সেইরকম আপত্তিকে অনবস্থা বলা হয়। 'সমাপ্তিহীন ধারা। অপ্রামাণিক অনবস্থা একটি দোষ। যথা, (ন্যায় মতে) অবয়বীর অবয়বধারা অনন্ত বা অশেষ হইলে অনবস্থা দোষ হয়, এইহেতু পরমাণুতে অবয়বধারার বিশ্রাম স্বীকার করা হয়েছে।'- শ্রী শ্রীমোহন ভট্টাচার্য, শ্রীদীনেশ চন্দ্র ভট্টাচার্য, *ভারতীয় দর্শন কোষ* (প্রথম খণ্ড), পৃ. ৯।

১১. 'যদি পুনর্মন্যসে প্রমাণৈঃ প্রমেয়াণাং প্রসিদ্ধিস্তেষাং প্রমাণানামন্যৈঃ প্রমাণৈঃ প্রসিদ্ধিরেবমনবস্থাপ্রসংগঃ' *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 15.

১২. কুতো'অনবস্থাপ্রসঙ্গ আদেঃ সিদ্ধির্নাস্তি। কিং কারণম্। তেষামপি হি প্রমাণানামন্যৈঃ প্রমাণৈঃ সিদ্ধিস্তেষামন্যৈরিতি নাস্ত্যাদিঃ। আদেরসদ্ভাবাত্ মধ্যং কুতোঽন্তঃ। তস্মাত্তেষাং প্রমাণানামন্যৈঃ প্রমাণৈঃ প্রসিদ্ধিরিতি যদুক্তং তন্নোপপদ্যত ইতি'- তদেব, পৃ. ১৬।

১৩. *বিগ্রহব্যাবর্তনী*, ১৩।

১৪. *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 16.

১৫. *ন্যায়সূত্র*, ২/১/১৭।

১৬. '...তৎ প্রমাণান্তরমস্তীতি প্রমাণান্তরসদ্ভাবঃ প্রসজ্যতে ইতি অনবস্থামাহ তস্যাপ্যন্যেন তস্যাপ্যন্যেনেতি'- ফণীভূষণ তর্কবাগীশ (সম্পা.), *ন্যায়দর্শন ও বাৎস্যায়ন ভাষ্য*, ২য় খণ্ড, পৃ. ৮৭।

১৭. *ন্যায়সূত্র*, ২/১/১৮।

১৮. *ন্যায়সূত্র*, ২/১/১৯।

১৯. *বিগ্রহব্যাবর্তনী*, ৩৪।

২০. ‘যথা প্রাগেবাগ্নিনাঽপ্রকাশিতস্তমসি কুম্ভো নোপলভ্যতেঽথোত্তরকালমুপলভ্যতেঽগ্নিনা প্রকাশিতঃ সন্, এবমেব যদ্যপ্রকাশিতঃ প্রাগগ্নিস্তমসি স্যাদুত্তরকালমগ্নেঃ প্রকাশনং স্যাত্, অতঃ স্বাত্মানং প্রকাশয়ত্। ন চৈতদেবম্। তস্যাদিয়মপি কল্পনা নোপপদ্যত ইতি’ *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 16-17.

২১. *বিগ্রহব্যাবর্তনী*, ৩৫।

২২. ‘যদি চ ভবতো মতেন স্বপরাত্মনৌ প্রকাশয়ত্যগ্নিঃ, নন্বিদানীং তৎপ্রতিপক্ষভূতং তমোঽপি স্বপরাত্মানৌ ছাদয়েত্। ন চৈতদ্ দৃষ্টম্। তত্র যদুক্তং স্বপরাত্মনৌ প্রকাশয়ত্যগ্নিরিতি তন্ন’ *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 17.

২৩. ‘নাস্তি তমশ্চ জ্বলনে যত্র চ তিষ্ঠতি পরাত্মনি জ্বলনঃ। কুরুতে কথং প্রকাশং স হি প্রকাশোঽন্ধকারবধঃ’- *বিগ্রহব্যাবর্তনী*, ৩৭।

২৪. ‘অত্রাহ। ননু যস্মাদেবং নাগ্নৌ তমোঽস্তি নাপি যত্রাগ্নিস্তত্র তমোঽস্তি, তস্মাদেব স্বপরাত্মনৌ ন প্রকাশয়ত্যগ্নিঃ,...’ *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 17.

২৫. *বিগ্রহব্যাবর্তনী*, ৩৮।

২৬. ‘অথাপি মন্যসেঽপ্রাপ্তোপ্যগ্নিরন্ধকারমুপহন্তীতি নন্বিদানীমিহ সংস্থিতোঽগ্নিঃ সর্বলোকধাতুস্থমুপহনিষ্যতি তমস্তুল্যায়ামপ্রাপ্তৌ। ন চৈতদেবং দৃষ্টম্। তস্মাদপ্রাপ্যৈবাগ্নিরন্ধকারমুপহন্তীতি যদিষ্টং তন্ন’ *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna*, P. 18.

নির্বাচিত গ্রন্থপঞ্জি

চট্টোপাধ্যায়, মধুমিতা। *নাগার্জুনের দর্শন পরিক্রমা।* কলকাতা: যাদবপুর বিশ্ববিদ্যালয় সহযোগে মহাবোধি বুক এজেন্সি, ২০১৫ (প্রথম প্রকাশ)।

চৌধুরী, সুকোমল। *গৌতম বুদ্ধের ধর্ম ও দর্শন*। কলিকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০২১ (চতুর্থ মুদ্রণ)

নাগার্জুন। *মূলমধ্যমককারিকা*। দেবব্রত দাস (অনু.), কলকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০২২ (প্রথম প্রকাশ)।

নাগার্জুন। *মূলমধ্যমকশাস্ত্রম্*। পি. এল. বৈদ্য (সম্পা.)। দারভাঙ্গা: মিথিলা বিদ্যাপীঠ, ১৯৬০ (প্রথম সংস্করণ)।

ফণিভূষণ, তর্কবাগীশ (সম্পা.)। *ন্যায়দর্শন ও বাৎস্যায়নভাষ্য* (প্রথম খণ্ড)। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৪ (পঞ্চম প্রকাশ)।

ফণিভূষণ, তর্কবাগীশ (সম্পা.)। *ন্যায়দর্শন ও বাৎস্যায়নভাষ্য* (দ্বিতীয় খণ্ড)। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৫ (তৃতীয় মুদ্রণ)।

ভট্টাচার্য, শ্রী শ্রীমোহন ও শ্রীদীনেশ চন্দ্র ভট্টাচার্য। *ভারতীয় দর্শন কোষ* (প্রথম খণ্ড)। কলকাতা: সংস্কৃত কলেজ, ১৯৫৮।

মোহান্ত, দিলীপকুমার। *মাধ্যমিক দর্শনের রূপরেখা ও নাগার্জুনকৃত সবৃত্তি বিগ্রহব্যাবর্ত্তনী।* কলিকাতা: মহাবোধি বুক এজেন্সি, ২০০৬ (প্রথম প্রকাশ)।

Bhattacharya, Kamaleswar (Trans.), E.H Johnston and Arnold Kunst (ed.). *Vigrahavyāvartanī: The Dialectic method of Nāgārjuna.* Nāgārjuna. Delhi: Motilal Banarsidass Publishers Private Limited, 2004 (Reprint).

Motilāl, B.K. *Perception.* Oxford: Clarendon Press, 1986.

Winternitz, Maurice. *The History of Indian Literature* (Vol- II). kolkata: University of Calcutta, 1933.

বৈশেষিক দর্শনাবলম্বনে স্বপ্ননিরূপণ

মিঠুন মণ্ডল

সারসংক্ষেপ: ভারতীয় ষড়্‌বিধ আস্তিক দর্শনের মধ্যে অন্যতম বৈশেষিক দর্শন। মহর্ষি কণাদ প্রণীত বৈশেষিকসূত্র হল এই দর্শনের আকরগ্রন্থ। পরবর্তীকালে এই সূত্রগ্রন্থকে আশ্রয় করে বিবিধ ভাষ্য, টীকাদি গ্রন্থ রচিত হয়েছিল। যেগুলির মধ্যে অন্যতম এবং বর্তমানে সর্বাপেক্ষা প্রাচীনতম ভাষ্যগ্রন্থ হল প্রশস্তপাদাচার্য বিরচিত *প্রশস্তপাদভাষ্য* বা *পদার্থধর্মসংগ্রহ*। এই ভাষ্যের প্রারম্ভে গ্রন্থকার প্রশস্তপাদাচার্য দ্রব্যাদি ষড়্‌বিধ ভাবপদার্থের সাধর্ম্য ও বৈধর্ম্যজনিত তত্ত্বজ্ঞানকে নিঃশ্রেয়সের কারণরূপে অভিহিত করেছেন। যদিও তাঁর পূর্বে বৈশেষিকসূত্রকার মহর্ষি কণাদও ধর্মবিশেষ থেকে প্রাদুর্ভূত ষড়্‌বিধ ভাবপদার্থের তত্ত্বজ্ঞানকে নিঃশ্রেয়সের একমাত্র হেতু বলেছেন। এই ষড়্‌বিধ ভাবপদার্থের মধ্যে দ্বিতীয় হল 'গুণ'। বৈশেষিকশাস্ত্রে যে চব্বিশ প্রকার গুণের উল্লেখ পাওয়া যায়, তার মধ্যে 'বুদ্ধি' হল অন্যতম। বুদ্ধি আবার 'জ্ঞান' পদবাচ্য। কেবল জ্ঞান নয়, বুদ্ধি, জ্ঞান, উপলব্ধি, প্রত্যয় শব্দসমূহ হল পর্যায়বাচক শব্দ। প্রশস্তপাদাচার্য তাঁর গ্রন্থে বুদ্ধির লক্ষণ নিরূপণার্থে উক্ত পর্যায়বাচক শব্দসমূহের উল্লেখ করেছেন। ন্যায়সূত্রকার মহর্ষি গৌতমও বুদ্ধি, জ্ঞান, উপলব্ধি শব্দগুলিকে সমার্থক বলে অভিহিত করেছেন। বৈশেষিকমতে, বুদ্ধি বা জ্ঞান বিদ্যা ও অবিদ্যা ভেদে দ্বিবিধ। বিদ্যা হল যথার্থজ্ঞান। অপরদিকে অযথার্থজ্ঞান হল মিথ্যাজ্ঞান, যা অপ্রমা বা অবিদ্যা নামে অভিহিত। জগতে উপলব্ধ সকল জ্ঞানই বিদ্যা অথবা অবিদ্যার অন্তর্গত। এমন কোন জ্ঞান নেই, যা বিদ্যা নয় আবার অবিদ্যাও নয়। কোন বস্তুবিষয়ক সম্যক্‌জ্ঞান বা যথার্থজ্ঞানই হল তত্ত্ব, যা নিঃশ্রেয়স প্রাপ্তির একমাত্র উপায়। *ন্যায়ভাষ্য*ানুসারে, সৎবস্তুর সৎরূপ এবং অসৎবস্তুর অসৎরূপ জ্ঞানই তত্ত্ব। আবার *ন্যায়কন্দলী* টীকানুযায়ী, যে বস্তুর যা স্বরূপ বা ভাব, তা সেই বস্তু বিষয়ক তত্ত্ব। এই তত্ত্বের উপলব্ধি সম্ভব একমাত্র মিথ্যাজ্ঞানের নিবৃত্তির দ্বারা। আর অবিদ্যা বা মিথ্যাজ্ঞান হল কোন বস্তুবিষয়ক দুষ্টজ্ঞান। প্রশস্তপাদাচার্যের মতে, অযথার্থজ্ঞান তথা অবিদ্যা সংশয়, বিপর্যয়, অনধ্যবসায় এবং স্বপ্নজ্ঞান ভেদে চতুর্বিধ (যদিও অবিদ্যার সংখ্যা স্বীকার বিষয়ে বৈশেষিকগণের মধ্যে মতানৈক্য বিদ্যমান)। এই চতুর্বিধ অবিদ্যার মধ্যে অন্যতম হল 'স্বপ্ন'। কোন কোন বৈশেষিকাচার্য আবার স্বপ্নজ্ঞানকে পৃথক্ অবিদ্যারূপে স্বীকার না করে, বিপর্যয়ের অন্তর্গত করেছেন। পরন্তু লক্ষ্য করলে দেখা যায়, বৈশেষিকসূত্রকার কণাদ মুনি, ভাষ্যকার প্রশস্তপাদ, টীকাকার শ্রীধরভট্ট ও ব্যোমশিব প্রমুখ বৈশেষিকাচার্য স্বপ্নকে পৃথক্ অবিদ্যারূপে স্বীকার করেছেন। বৈশেষিকশাস্ত্রে বহুল চর্চিত এই স্বপ্ন-বিষয়ক পর্যালোচনা হল আলোচ্য নিবন্ধের প্রধান প্রতিপাদ্য বিষয়।

সূচক শব্দ: স্বপ্ন, অবিদ্যা, বৈশেষিক, *প্রশস্তপাদভাষ্য,* জ্ঞান।

প্রাচীন ভারতীয় যেসকল তত্ত্বসাধন-শাস্ত্রসমূহের উল্লেখ পাওয়া যায়, তার মধ্যে অন্যতম হল ভারতীয় দর্শনশাস্ত্র। 'দর্শন' শব্দটির সাধারণ অর্থ 'দেখা' হলেও জ্ঞানার্থক দৃশ্ ধাতুর উত্তর করণবাচ্যে ল্যুট্ প্রত্যয় যোগে 'দৃশ্যতে জ্ঞায়তে তত্ত্বমনেন ইতি দর্শনম্'— অর্থে প্রযুক্ত হলে, যার দ্বারা যথার্থজ্ঞান বা তত্ত্বজ্ঞান প্রাপ্তি হয়, দর্শন শব্দের দ্বারা তাকেই বোঝায়। বেদপ্রামাণ্যকে ভিত্তি করে ভারতীয় দর্শনশাস্ত্র নাস্তিক ও আস্তিক ভেদে দ্বিবিধ। চার্বাকাদি (চার্বাক, বৌদ্ধ এবং জৈন) যেসকল দর্শনসম্প্রদায় বেদপ্রামাণ্যকে স্বীকার করেন না, তাঁরা হলেন নাস্তিক সম্প্রদায়। অপরদিকে সাংখ্যাদি (সাংখ্য, যোগ, ন্যায়, বৈশেষিক, মীমাংসা এবং বেদান্ত) যেসকল দর্শনসম্প্রদায় বেদকে প্রমাণরূপে স্বীকার করেন, তাঁরা হলেন আস্তিক সম্প্রদায়। এই আস্তিক দর্শন সম্প্রদায় হল ষড়্‌বিধ। যার মধ্যে অন্যতম হল মহর্ষি কণাদ প্রণীত বৈশেষিক দর্শন।

জ্ঞানার্জনের চাহিদা মানুষের চিরকাল। *গীতা*-তে আম্নাত হয়েছে— 'ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।'[১] অর্থাৎ জ্ঞানের ন্যায় পবিত্র ইহজগতে অন্যকিছু উপলব্ধ নেই। কিন্তু কেবলমাত্র জ্ঞানার্জন করলে তো হবে না, সেই জ্ঞানের যথার্থতা থাকাও আবশ্যক। কেননা, মিথ্যাজ্ঞান তো কখনও নিঃশ্রেয়সের কারণ হতে পারে না। এই মিথ্যাজ্ঞানের নিবৃত্তির দ্বারাই তত্ত্বের উপলব্ধি সম্ভব। ভারতীয় দার্শনিকগণের মতে, জগৎ দুঃখময়, আর জগতে বিদ্যমান সমস্ত দুঃখের মূলে এক এবং অদ্বিতীয় কারণ হল মিথ্যাজ্ঞান। এই দুঃখের আত্যন্তিক নিবৃত্তির একমাত্র উপায় হল পদার্থের তত্ত্বজ্ঞান। অর্থাৎ দার্শনিকগণের মতে, পদার্থের তত্ত্বোপলব্ধির দ্বারা মিথ্যাজ্ঞানের নাশ হলে তা আত্যন্তিক দুঃখ নিবৃত্তির একমাত্র কারণ হয়। তাই ভারতীয় প্রায় সকল দর্শন সম্প্রদায় তাঁদের নিজস্ব দৃষ্টিভঙ্গিতে পদার্থের তত্ত্বানুসন্ধানের দ্বারা মুক্তির উপায় অনুসন্ধানে প্রবৃত্ত হয়েছেন। বৈশেষিক দর্শনও তার ব্যতিক্রম নয়।

ধর্মাদি চতুর্বিধ পুরুষার্থের মধ্যে মোক্ষ বা নিঃশ্রেয়সই মানব জীবনের একমাত্র পরমপুরুষার্থ। বৈশেষিক শিরোমণি মহর্ষি কণাদ দ্রব্যাদি ষড়্‌বিধ ভাবপদার্থের সাধর্ম্য ও বৈধর্ম্যরূপ তত্ত্বজ্ঞানকে নিঃশ্রেয়স বা মুক্তির একমাত্র উপায় হিসাবে অভিহিত করেছেন। বৈশেষিক দর্শনের উদ্দেশ প্রকরণে তথা প্রথম অধ্যায়ের প্রথম আহ্নিকের চতুর্থ সূত্রে (বৈ. সূ.- ১.১.৪) এপ্রসঙ্গে ব্যাখ্যাত হয়েছে- ‘ধর্ম্মবিশেষপ্রসূতাদ্ দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়ানাং পদার্থানাং সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাভ্যাং তত্ত্বজ্ঞানান্নিঃশ্রেয়সম্।’ অর্থাৎ ধর্মবিশেষ থেকে প্রাদুর্ভূত দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ ও সমবায় পদার্থের সাধর্ম্য ও বৈধর্ম্যরূপ তত্ত্বজ্ঞানের দ্বারা নিঃশ্রেয়স প্রাপ্তি সম্ভব। কিন্তু প্রশ্ন হল, তত্ত্ব কী? *ন্যায়ভাষ্য*কার বাৎস্যায়ন এপ্রসঙ্গে বলেছেন- ‘সতশ্চ সদ্ভাবোঽসতশ্চাসদ্‌ভাবঃ তত্ত্বম্।’[২] অর্থাৎ সৎপদার্থের সদ্রূপ এবং অসৎপদার্থের অসদ্রূপ জ্ঞানই হল তত্ত্ব। আবার আচার্য শ্রীধরভট্ট প্রণীত *ন্যায়কন্দলী* টীকায় এবিষয়ে ব্যাখ্যাত হয়েছে- ‘যস্য বস্তুনো যো ভাবো যত্‌স্বরূপস্তত্তস্য তত্ত্বম্।’[৩] অর্থাৎ যে বস্তুর যা ভাব বা স্বভাব, তা হল সেই বস্তুবিষয়ক তত্ত্ব। বৈশেষিকমতে, দ্রব্যাদি ষট্‌পদার্থের সম্যক্ বা যথার্থজ্ঞানই নিঃশ্রেয়স প্রাপ্তির একমাত্র হেতু। আর এই তত্ত্বজ্ঞানের বিপরীত হল মিথ্যাজ্ঞান। বৈশেষিকশাস্ত্রে যা অবিদ্যা বা অপ্রমা নামে অভিহিত। যখন কোন দোষবশত দ্রব্যাদি কোন বস্তুসম্বন্ধী সম্যক্‌জ্ঞান উৎপন্ন হয় না, তখন তা হয় মিথ্যাজ্ঞান। অর্থাৎ কোন বস্তুবিষয়ক অযথার্থজ্ঞানই হল মিথ্যাজ্ঞান। পদার্থের তত্ত্বোপলব্ধির দ্বারা মিথ্যাজ্ঞানের নিবৃত্তি না হলে, জীব কখনই নিঃশ্রেয়সে প্রবৃত্ত হতে পারে না। সুতরাং বলা যায়, এই অবিদ্যাই হল মানব জীবনের বন্ধনের একমাত্র হেতু।

বৈশেষিকমতে, এই মিথ্যাজ্ঞান বা অবিদ্যা পদার্থের অন্তর্গত। যদিও শাস্ত্রকারগণ সাক্ষাৎভাবে তা পদার্থের অন্তর্গত করেননি। বৈশেষিকশাস্ত্রে রূপাদি ভেদে চতুর্বিংশতিবিধ গুণের উল্লেখ পাওয়া যায়। তার মধ্যে অন্যতম হল ‘বুদ্ধি’ (যদিও মহর্ষি কণাদ বৈশেষিকসূত্রে সাক্ষাৎভাবে চব্বিশ প্রকার গুণের উল্লেখ করেননি। তিনি সাক্ষাৎভাবে সপ্তদশ গুণের উল্লেখ করে সূত্রস্থিত ‘চ’ শব্দের দ্বারা অপর সাতপ্রকার গুণের কথা বলেছেন। এবিষয়ে *প্রশস্তপাদভাষ্যে* যথাযথ মতের উল্লেখ পাওয়া যায়।)। বৈশেষিক দর্শনে বুদ্ধি আবার ‘জ্ঞান’ নামে অভিহিত। এই জ্ঞানই হল আত্মা নামক দ্রব্যের বিশেষগুণ বা অসাধারণ ধর্ম। অর্থাৎ জ্ঞানই হল আত্মার অনুমাপক। জ্ঞানাবলম্বন ব্যতীত কখনই আত্মার অস্তিত্ব সিদ্ধি হয় না। বৈশেষিক দর্শনের তৃতীয় অধ্যায়ের প্রথম আহ্নিকের অষ্টাদশ নং সূত্রে (বৈ. সূ.- ৩.১.১৮) এবিষয়ে ব্যাখ্যাত হয়েছে- ‘আত্মেন্দ্রিয়ার্থ-সন্নিকর্ষাদ্যন্নিষ্পদ্যতে তদন্যত্।’ অর্থাৎ আত্মার সাথে ইন্দ্রিয়ার্থের সন্নিকর্ষের ফলে যে জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা হল আত্মার অস্তিত্বসাধক সদ্ধেতু। কিন্তু কেবলমাত্র জ্ঞানই যে আত্মার অনুমাপক বা লিঙ্গ, তা নয়। জ্ঞান ব্যতীত প্রাণাপান বায়ুর ক্রিয়া, চক্ষুর উন্মেষ-নিমেষ, জীবন, ইন্দ্রিয়বিকার, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ এবং প্রযত্নও আত্মার অনুমাপক লিঙ্গ। বৈশেষিক দর্শনের তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকের চতুর্থ সূত্রে (বৈ. সূ.- ৩.২.৪) এবিষয়ে উদ্ধৃত হয়েছে- ‘প্রাণাপাননিমেষোন্মেষজীবনমনোগতীন্দ্রিয়ান্তরবিকারাঃ সুখদুঃখেচ্ছাদ্বেষপ্রযত্নাশ্চাত্মনো লিঙ্গানি।’ অর্থাৎ সুখাদি প্রযত্নের আশ্রয় যা, তাই আত্মা। আবার মহর্ষি গৌতমও ন্যায়দর্শনের প্রথম অধ্যায়ের প্রথম আহ্নিকের দশম সূত্রে (ন্যা. সূ.- ১.১.১০) এপ্রসঙ্গে বলেছেন- ‘ইচ্ছা-দ্বেষ-প্রযত্ন-সুখ-দুঃখ-জ্ঞানান্যাত্মনো লিঙ্গম্।’ অর্থাৎ ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, সুখ, দুঃখ এবং জ্ঞান হল দেহাদিভিন্ন জীবাত্মার অনুমাপক।

বুদ্ধি: পূর্বেই উল্লিখিত হয়েছে যে, বৈশেষিকস্বীকৃত চব্বিশপ্রকার গুণের মধ্যে বুদ্ধি অন্যতম। কিন্তু এক্ষেত্রে প্রশ্ন হল জ্ঞান বা বুদ্ধি কী? *পদার্থধর্মসংগ্রহ* গ্রন্থে আচার্য প্রশস্তপাদ জ্ঞান তথা বুদ্ধির লক্ষণ নিরূপণার্থে বলেছেন- ‘বুদ্ধিরুপলব্ধির্জ্ঞানং প্রত্যয় ইতি পর্যায়াঃ।’[৪] অর্থাৎ বুদ্ধি, উপলব্ধি, জ্ঞান এবং প্রত্যয় হল পর্যায়বাচক শব্দ। এখানে ‘বুদ্ধি’ শব্দের দ্বারা লক্ষ্য এবং ‘বুদ্ধিরুপলব্ধির্জ্ঞানং প্রত্যয়’ শব্দের দ্বারা মূলত লক্ষণ নির্দেশিত হয়েছে। শক্তির দ্বারা যে শব্দসমূহ কোন বস্তু বিষয়ক সম অর্থের বোধক হয়, সেই শব্দসমূহকে বলা হয় পরস্পর পর্যায়বাচক শব্দ। সেহেতু বুদ্ধি, জ্ঞান, উপলব্ধি, প্রত্যয় শব্দসমূহের দ্বারা একই অর্থের তথা সম অর্থের বোধক হওয়ায় জ্ঞানাদি উক্ত শব্দসমূহ হল পর্যায়বাচক শব্দ। একইভাবে ন্যায়দর্শনের প্রথম অধ্যায়ের প্রথম আহ্নিকের পঞ্চদশ সূত্রে (ন্যা. সূ.- ১.১.১৫) বুদ্ধি বিষয়ে ব্যাখ্যাত হয়েছে- ‘বুদ্ধিরুপলব্ধির্জ্ঞানমিত্যনর্থান্তরম্।’ অর্থাৎ মহর্ষি গৌতমের মতে, বুদ্ধি, উপলব্ধি, জ্ঞান অর্থান্তর নয়, এগুলি একই পদার্থ। কিন্তু এক্ষেত্রে প্রশ্ন হল, বুদ্ধির লক্ষণ নিরূপণার্থে গ্রন্থকারগণ বুদ্ধির অসাধারণ ধর্মের উল্লেখ না করে কেন কেবলমাত্র বুদ্ধির পর্যায়বাচক শব্দসমূহের উল্লেখ

করলেন? এরূপ প্রশ্নের উত্তরে বৈশেষিকাচার্য ব্যোমশিব বলেন, লক্ষ্য এবং লক্ষণের মধ্যে সর্বদা আধার-আধেয় সম্বন্ধ থাকতে হবে এমন কোন নিয়ম নেই। তাদের মধ্যে বাচ্য-বাচ্যক[৫] সম্বন্ধও বিদ্যমান থাকতে পারে। আর এক্ষেত্রে অর্থাৎ বুদ্ধির লক্ষণে বাচ্য-বাচক সম্বন্ধই বিদ্যমান। সেহেতু লক্ষণ লক্ষ্যাশ্রিত না হলেও স্ববাচ্যতা সম্বন্ধে বুদ্ধি, জ্ঞান, উপলব্ধি ও প্রত্যয়াদি পর্যায়বাচক শব্দসমূহ বুদ্ধিতে বিদ্যমান, ফলে তা বুদ্ধির লক্ষণরূপেই গণ্য। সুতরাং বলা যায়, বুদ্ধি শব্দের দ্বারা যেমন জ্ঞানকে বোঝায়, তেমনই তা উপলব্ধি, প্রত্যয় প্রভৃতি অর্থেরও বোধক হয়। প্রকৃতপক্ষে সাংখ্যমত খণ্ডনের নিমিত্ত ন্যায়-বৈশেষিক দার্শনিকগণ বুদ্ধির এরূপ লক্ষণের অবতারণ করেছেন। কেননা, সাংখ্যাচার্যগণের মতে বুদ্ধি, জ্ঞান, উপলব্ধি, প্রত্যয় অভিন্ন নয়। কিন্তু ন্যায়-বৈশেষিকগণ এই মত মানেন না৷ যাইহোক, বুদ্ধির বিষয় অনন্ত এবং ভিন্ন ভিন্ন হওয়ার নিমিত্ত বৈশেষিকগণ বুদ্ধিকে অনন্ত বললেও সংক্ষেপে বিদ্যা ও অবিদ্যা ভেদে দ্বিবিধ বুদ্ধির কথা বলেছেন। *পদার্থধর্মসংগ্রহ* গ্রন্থে এবিষয়ে উদ্ধৃত হয়েছে- ‘সা চানেকপ্রকারাঽর্থানন্ত্যাত্ প্রত্যর্থনিয়তত্বাচ্চ৷ তস্যাঃ সত্যপ্যনেকবিধত্বে সমাসতো দ্বে বিধে— বিদ্যা চাবিদ্যাচেতি।’[৬] এই দ্বিবিধ জ্ঞানের মধ্যে বিদ্যা হল যথার্থজ্ঞান বা প্রমা এবং অবিদ্যা হল অযথার্থজ্ঞান বা অপ্রমা। অবিদ্যার লক্ষণ বিষয়ে বৈশেষিক দর্শনের নবম অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকের একাদশ নং সূত্রে (বৈ. সূ.- ৯.২.১১) ব্যাখ্যাত হয়েছে- ‘তদ্দুষ্টজ্ঞানম্।’ অর্থাৎ দোষযুক্ত বা দুষ্টজ্ঞানই অবিদ্যা। আবার *সপ্তপদার্থী* গ্রন্থকার শিবাদিত্য মিশ্র অবিদ্যার লক্ষণ নিরূপণার্থে বলেছেন- ‘অতত্ত্বজ্ঞানমপ্রমা।’[৭] যা তত্ত্ব নয়, তাই হল অতত্ত্ব। আর এই অতত্ত্বের জ্ঞানই হল অপ্রমা বা মিথ্যাজ্ঞান। বৈশেষিকমতে, অবিদ্যা আবার সংশয়, বিপর্যয়, অনধ্যবসায় ও স্বপ্ন ভেদে চতুর্বিধ।[৮]

স্বপ্নজ্ঞান: বৈশেষিকসম্মত চতুর্বিধ অবিদ্যার মধ্যে অন্যতম হল স্বপ্নজ্ঞান৷ কিন্তু স্বপ্ন কী? বৈশেষিক দর্শনের নবম অধ্যায়ের দ্বিতীয় আহিকের সপ্তম সূত্রে (বৈ. সূ.- ৯.২.৭) স্বপ্নের লক্ষণ প্রসঙ্গে ব্যাখ্যাত হয়েছে- ‘তথা স্বপ্নঃ।’ অর্থাৎ স্বপ্নও তেমনই। সূত্রস্থিত ‘তথা’ শব্দের দ্বারা সূত্রকার কণাদ মুনি মূলত অব্যবহৃত ‘পূর্বোক্ত সূত্রের ন্যায়’— এরূপ অর্থকে অভিব্যক্ত করেছেন৷ যেহেতু সূত্রকার অব্যবহৃত পূর্বসূত্রে (বৈ. সূ.- ৯.২.৬) স্মৃতির লক্ষণ নিরূপণার্থে বলেছেন- ‘আত্মমনসোঃ সংযোগবিশেষাত্ সংস্কারাচ্চ স্মৃতিঃ।’ অর্থাৎ আত্মার সহিত মনের সংযোগবিশেষ এবং সংস্কারবশত স্মৃতির উৎপত্তি হয়। ‘তথা’ বা তেমনই অর্থাৎ স্মৃতির ন্যায় স্বপ্নজ্ঞানেরও প্রাদুর্ভাব হয়। অতএব ‘তথা’ শব্দের দ্বারা সূত্রকার যে ‘পূর্বোক্ত সূত্রের ন্যায়’- এরূপ অর্থকে বুঝিয়েছেন, এবিষয়ে কোন সন্দেহ নেই৷ আচার্য শঙ্করমিশ্র প্রণীত *উপস্কার* টীকায় এপ্রসঙ্গে ব্যাখ্যাত হয়েছে- ‘যথাত্মমনসোঃ সংযোগবিশেষাত্সংস্কারাচ্চ স্মৃতিস্তথা স্বপ্নজ্ঞানমপীত্যর্থঃ।’[৯] অর্থাৎ যেমন আত্মমনসংযোগবিশেষ এবং সংস্কারজন্য স্মৃতিজ্ঞানের উৎপত্তি হয়, তেমনই স্বপ্নজ্ঞানেরও প্রাদুর্ভাব হয়৷ আবার *সুগমাবৃত্তি*কার তিরুমলতাতাচার্য সূত্রস্থিত ‘তথা’ শব্দের অর্থ নিরূপণার্থে বলেছেন- ‘অয়মপি তথা আত্মমনসোঃ সংযোগবিশেষাত্ সংস্কারাচ্চ জায়তে। অত এব স্বপ্নঃ স্মৃতিরেব।’[১০] অর্থাৎ স্মৃতির ন্যায় স্বপ্নও আত্মমনঃসংযোগ ও সংস্কারজন্য উৎপত্তি হয়। কিন্তু এক্ষেত্রে প্রশ্ন হল, তাহলে স্মৃতি ও স্বপ্নজ্ঞানের মধ্যে পার্থক্য কী? এরূপ সংশয় নিরাকরণে বৈশেষিকগণ বলেন, আত্মমনঃসংযোগ ও সংস্কারবশত জাগ্রতব্যক্তির যখন কোন জ্ঞানের উৎপত্তি হয়, তখন তা স্মৃতি। কিন্তু নিদ্রিত কোন ব্যক্তির আত্মমনঃসংযোগ ও সংস্কারবশত যে জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা স্বপ্ন। আবার স্মৃতিজ্ঞান বিদ্যা বা যথার্থজ্ঞান, পরন্তু স্বপ্নজ্ঞান প্রমা নয়, তা অবিদ্যার বিষয়। নিদ্রার দোষ হল স্বপ্নের প্রধান কারণ। আচার্য চন্দ্রকান্ত ভট্টাচার্য্য প্রণীত *বৈশেষিকভাষ্যে* এবিষয়ে ব্যাখ্যাত হয়েছে- ‘তথৈবাত্মমনসোঃ সংযোগবিশেষাত্সংস্কারাচ্চ স্বপ্নো নাম বিজ্ঞানমুত্পদ্যতে। কঃ পুনরত্র বিশেষঃ? আগন্তুকনিদ্রাদোষ ইত্যাহ।’[১১] সুতরাং বলা যায়, নিদ্রিত কোন ব্যক্তির আত্মার সহিত মনের সংযোগ ও সংস্কারের ফলে যে জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা স্বপ্ন। আর তার দ্বারা স্বপ্নজ্ঞানের বৈধর্ম্য বা ভিন্নত্ব নিরূপিত হয়৷ যদিও *পদার্থধর্মসংগ্রহ*কার প্রশস্তপাদাচার্য স্বপ্নের নির্দিষ্ট কোন লক্ষণের অবতারণা করেননি। পরন্তু স্বপ্নজ্ঞানের হেতু উল্লেখপূর্বক স্বপ্নবিষয়ক আলোচনাবসরে তিনি বলেছেন- ‘উপরতেন্দ্রিয়গ্রামস্য প্রলীনমনস্কস্যেন্দ্রিয়দ্বারেণৈব যদনুভবনং মানসং তত্স্বপ্নজ্ঞানম্।’[১২] লক্ষণস্থিত ‘উপরতেন্দ্রিয়গ্রাম’ শব্দের অর্থ ব্যাখ্যানে *ন্যায়কন্দলী* টীকাকার আচার্য শ্রীধরভট্ট বলেছেন- ‘উপরতঃ স্ববিষয়গ্রহণাদ্বিরত ইন্দ্রিয়গ্রামো যস্য অসাবুপরতেন্দ্রিয়গ্রামঃ।’[১৩] অর্থাৎ যে ব্যক্তি বা আগন্তুকের চক্ষুরাদি ইন্দ্রিয়সমূহ নিজ নিজ বিষয় গ্রহণ থেকে উপরত তথা নিবৃত্ত হয়ে যায়, সেই ব্যক্তিই হল উপরেতিন্দ্রিয়গ্রাম ব্যক্তি। আবার ‘প্রকর্ষেণ সর্বাত্মনা লীনং মনো যস্যাসৌ প্রলীনমনস্ক’— এরূপ

ব্যুৎপত্ত্যানুসারে প্রকর্ষ বা পূর্ণরূপে যে ব্যক্তির মন লীন হয়ে যায়, সেই ব্যক্তিই হল প্রলীনমনস্ক। সুতরাং স্বপ্ন প্রসঙ্গে বলা যায়, চক্ষুরাদি সকল বহিরিন্দ্রিয়সমূহের সাথে মনের সংযোগ বিচ্ছিন্ন হলে এবং মন বিশেষভাবে প্রলীন হলে চক্ষুরাদি ইন্দ্রিয়সমূহ বিষয়গ্রহণে বিমুখ হয়ে যায়, তখন কেবলমাত্র আত্মা ও মনের সংযোগবশত কোন পদার্থকে 'চক্ষুর দ্বারা দর্শন করছি', 'ত্বকের দ্বারা স্পর্শ করছি'— এরূপ নানাবিধ ইন্দ্রিয়প্রত্যক্ষরূপ জ্ঞানের ন্যায় যে জ্ঞানের প্রতীতি হয়, তা হল স্বপ্ন। *উপস্কার* টীকাকার শঙ্করমিশ্রও তাঁর গ্রন্থে স্বপ্নের লক্ষণ নিরূপণার্থে প্রশস্তপাদাচার্যের ন্যায় অনুরূপ মতের[১৪] অবতরণ করেছেন। ভাষ্যকার প্রশস্তপাদাচার্যের মতে, এই স্বপ্নজ্ঞান অবিদ্যার অন্তর্গত।

আবার বৈশেষিকাচার্য শিবাদিত্য মিশ্র প্রণীত *সপ্তপদার্থী* গ্রন্থে স্বপ্নজ্ঞানের লক্ষণ বিষয়ে ব্যাখ্যাত হয়েছে- 'নিদ্রাদুষ্টান্তঃকরণজং জ্ঞানং স্বপ্নঃ।'[১৫] অর্থাৎ নিদ্রিতাবস্থায় মনের বিচলিত হওয়ার ফলে যে মিথ্যাজ্ঞানের প্রাদুর্ভাব হয়, তাকে বলা হয় স্বপ্ন। যদিও তিনি (*সপ্তপদার্থী*কার) স্বপ্নজ্ঞানকে পৃথক্ অবিদ্যারূপে স্বীকার না করে, তা বিপর্যয়ের অন্তর্গত করে বলেছেন- 'তর্কস্বপ্নৌ সংশয়বিপর্যয়াবেব।'[১৬] অর্থাৎ তর্ক ও স্বপ্ন যথাক্রমে সংশয় এবং বিপর্যয়ের অন্তর্গত। কিন্তু কেন তিনি স্বপ্নকে পৃথক অবিদ্যারূপে উল্লেখ না করে বিপর্যয়ের অন্তর্গত করেছেন? এপ্রসঙ্গে ব্যাখ্যাকালে *মিতভাষিণী* টীকাকার মাধবাচার্য বলেন, যেহেতু বিপর্যয়াত্মক জ্ঞানের ন্যায় স্বপ্নেও অবিদ্যমানবস্তু বিদ্যমানরূপে এবং অসন্নিহিত গজাদি বস্তু সন্নিহিতরূপে প্রতীয়মান হয়, তাই স্বপ্নজ্ঞান বিপর্যয়ের অন্তর্গত।[১৭] অর্থাৎ বলা যায়, যেহেতু ভ্রমজ্ঞানকে বিপর্যয় বলা হয়, আর স্বপ্ন নিদ্রাদোষজনিত একপ্রকার মানসপ্রত্যক্ষরূপ মানসবিপর্যয়, তাই তা বিপর্যয়ের অন্তর্গত। পরন্তু বৈশেষিকসূত্রকার কণাদ মুনি, ভাষ্যকার প্রশস্তপাদাচার্য, টীকাকার শ্রীধরভট্ট, ব্যোমশিবাচার্য্য প্রমুখ প্রাচীন বৈশেষিকাচার্য স্বপ্নকে বিপর্যয়ের অন্তর্গত না করে পৃথক অবিদ্যারূপে স্বীকার করেছেন। আচার্য শ্রীধরভট্ট স্বপ্নজ্ঞানকে বিপর্যয়াদি অবিদ্যা থেকে ভিন্ন বলে স্বীকারপূর্বক বলেছেন- 'যদ্যপি সংস্কারপাটবাদ্ধাতুদোষাদদৃষ্টাদ্বা সমারোপিতবাহ্যস্বরূপঃ স্বপ্নপ্রত্যয়ো ভবন্নতস্মিংস্তদিতি ভাবাদ্বিপর্যয়ঃ, তথাপ্যবস্থাবিশেষভাবিত্বাত্ পৃথগুক্তঃ।'[১৮] অর্থাৎ সংস্কারের পাটব বা পটুতা, ধাতুদোষ এবং অদৃষ্ট থেকে প্রাদুর্ভূত স্বপ্নজ্ঞানস্থলে বাহ্যবিষয়ের সমারোপ হয়, বাহ্যস্বরূপের অভাবযুক্ত আশ্রয় বাহ্যস্বরূপবিশিষ্টরূপে জ্ঞাত হওয়ায় বিপর্যয়াত্মকজ্ঞান বলে মনে হলেও নিদ্রারূপ বিশেষ অবস্থায় স্বপ্নজ্ঞানের উৎপত্তির কারণে তা বিপর্যয় থেকে ভিন্ন পদবাচ্য।

কিন্তু অবিদ্যা কেন? এক্ষেত্রে বৈশেষিকগণ বলেন, চক্ষুরাদি ইন্দ্রিয়সমূহের সাথে মনের সংযোগ বিচ্ছিন্ন হওয়া সত্ত্বে ইন্দ্রিয়প্রত্যক্ষের ন্যায় সেই জ্ঞানের প্রতীতি হয় বলে, তা অযথার্থ জ্ঞান। কেননা, স্বপ্ন ভঙ্গের অনন্তর উক্ত জ্ঞান যে মিথ্যা বা অযথার্থ ছিল, তা অবগত হয়ে যায়। কিন্তু এখানে মনে রাখতে হবে যে, স্বপ্নকালে চক্ষুরাদি ইন্দ্রিয়ের সাথে মনের সংযোগ বিনষ্ট হলেও আত্মার সাথে মনের সংযোগ কিন্তু বিদ্যমান থাকে। কেননা, বৈশেষিকমতে যেহেতু আত্মা এবং মনের সংযোগ জ্ঞানোৎপত্তির বা জ্ঞানসামান্যের কারণ, তাই আত্মার সহিত মনের সংযোগ যদি না থাকে, তাহলে কোন প্রকার জ্ঞানের প্রাদুর্ভাব হয় না। কিন্তু স্বপ্ন যেহেতু একপ্রকার জ্ঞান, সেহেতু স্বপ্নকালেও আত্মা এবং মনের সংযোগ বিদ্যমান থাকে, একথা স্বীকার্য। কিন্তু এই স্বপ্নের উৎপত্তি হয় কখন? এরূপ প্রশ্নের উত্তরে বৈশেষিকগণ বলেন, কোন ব্যক্তির জাগ্রত অবস্থায় আত্মার সাথে মনের এবং মনের সাথে চক্ষুরাদি বহিরিন্দ্রির সংযোগ থাকে, ফলে ওই ব্যক্তি প্রবৃত্তি অনুযায়ী নিজ কর্মে ব্যস্ত থাকে। পরন্তু শারীরিক পরিশ্রমের কারণে কিংবা বিভিন্ন খাদ্য গ্রহণের ফলে সেই খাদ্যের পরিপাকের হেতু ও রসরক্তাদিরূপে পরিণামের জন্য রাত্রিকালে যখন মন অবসরাচ্ছন্ন ও ক্লান্ত হয়, তখন তার বিশ্রামের প্রয়োজন হয়। ফলে নিদ্রাকালে অদৃষ্ট ও ধর্মাধর্মের ফলে আত্মাতে একপ্রকার প্রযত্নের প্রাদুর্ভাব হয়। আর তার দ্বারাই মনের সাথে চক্ষুরাদি বহিরিন্দ্রিয়সমূহের সংযোগ বিনষ্ট হয় ঠিকই পরন্তু আত্মার সাথে মনের সংযোগ স্থাপিত হয়। এই অবস্থায় চক্ষুরাদি বহিরিন্দ্রিয়সমূহ বিষয়গ্রহণে অসমর্থ হলেও আত্মা ও মনের সংযোগবশত প্রত্যক্ষসদৃশ বা প্রত্যক্ষের ন্যায় একপ্রকার জ্ঞানের উৎপত্তি হয়। কিন্তু সেইক্ষণে উৎপন্ন জ্ঞানের বিষয় সম্মুখে বিদ্যমান না থাকার হেতুবশত তাকে প্রত্যক্ষজ্ঞানের বিষয় বলা যায় না। তেমনই আবার তাকে পূর্বসংস্কারবশত স্মৃতিজ্ঞানের বিষয়ও বলা যায় না। সুতরাং এরূপ জ্ঞান হল স্বপ্নজ্ঞান। *ব্রহ্মমুনিভাষ্য*কার আবার এপ্রসঙ্গে ব্যাখ্যাকালে স্বপ্নজ্ঞানকে কাল্পনিকজ্ঞান নামে অভিহিতপূর্বক বলেছেন- 'বাহ্যভোগাভাবে মনসঃ খল্বাত্মনি স্থিতত্বাত্ তথা ভোগসংস্কারবশাচ্ছয়নকালে বাসনাপ্রভবং কাল্পনিকং জ্ঞানং স্বপ্ন উচ্যতে।'[১৯] অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়ের ব্যবচ্ছেদের কারণে বাহ্যবিষয়ের ভোগের অভাবহেতু এবং আত্মার

সহিত মনের সংযোগবশত তথা ভোগসংস্কারের কারণে নিদ্রাকালে বাসনার প্রভাবে কাল্পনিক যে জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা হল স্বপ্ন। আর যেহেতু এই জ্ঞান অভ্রান্ত নয়, তাই তা অযথার্থজ্ঞান।

স্বপ্নজ্ঞানের কারণ: কিন্তু প্রশ্ন হল, স্বপ্নের উৎপত্তির কারণ কী? এক্ষেত্রে প্রশস্তপাদাচার্য সংস্কারের পটুত্ব, ধাতুদোষ এবং ধর্মাধর্মরূপ অদৃষ্ট ভেদে স্বপ্নজ্ঞানের ত্রিবিধ কারণের কথা বলেছেন। প্রকারান্তরে তিনি এখানে স্বপ্নের প্রকারভেদের কথা বলেছেন। পরন্তু এখানে মনে রাখতে হবে যে, তিনি স্বপ্নজ্ঞানের ত্রিবিধ কারণের কথা উল্লেখ করলেও ত্রিবিধ কারণই কিন্তু একে অপরের পরিপূরক। অর্থাৎ কোন একটি স্বপ্নজ্ঞানের প্রাদুর্ভাবের ক্ষেত্রে এই ত্রিবিধ কারণ একত্রে বিদ্যমান থাকে। একটিমাত্র কারণের প্রভাবে স্বপ্নজ্ঞানের উৎপত্তি অসম্ভব। তবে স্বপ্নজ্ঞানের উৎপত্তির ক্ষেত্রে কারণ ত্রয়ের প্রাধান্যের তারতম্য থাকে। অর্থাৎ কোন একটি স্বপ্নজ্ঞানের উৎপত্তির ক্ষেত্রে ত্রিবিধ কারণ বিদ্যমান থাকলেও যেকোন একটি কারণের প্রাধান্য থাকে। আর যে কারণের প্রাধান্য থাকে, সেই প্রকার স্বপ্নজ্ঞানের প্রাদুর্ভাব হয়। অর্থাৎ বলা যায়, কারণের প্রাধান্যানুযায়ী স্বপ্নজ্ঞানের নামকরণ নির্ধারণ করা হয়। *কিরণাবলী* টীকায় আচার্য উদয়ন এপ্রসঙ্গে বলেছেন- 'যদ্যপি সর্বত্র সর্বেষাং কারণত্বমস্তি তথাপ্যতিশয়মাশ্রিত্য ত্রৈবিধ্যম্।'[২০] অর্থাৎ সর্বত্র সকল কারণ বিদ্যমান থাকলেও কারণের প্রাধান্যানুযায়ী স্বপ্নজ্ঞান ত্রিবিধ।

স্বপ্নজ্ঞানের প্রকারভেদ: *পদার্থধর্মসংগ্রহ* গ্রন্থে স্বপ্নজ্ঞানের প্রকারভেদ বিষয়ে ব্যাখ্যাত হয়েছে- 'তত্তু ত্রিবিধম্। সংস্কারপাটবাদ্ধাতুদোষাদদৃষ্টাচ্চ।'[২১] অর্থাৎ স্বপ্ন তিন প্রকার। যথা- সংস্কার পাটব বা সংস্কারের পটুত্বহেতু স্বপ্নজ্ঞান, ধাতুদোষ বা ধাতুর বৈকল্যজনিত স্বপ্নজ্ঞান এবং ধর্মাধর্মরূপ অদৃষ্টজন্য স্বপ্নজ্ঞান। নিম্নে ত্রিবিধ স্বপ্ন বিষয়ে সংক্ষেপে পর্যালোচিত হল—

I. সংস্কার পাটবজন্য বা পটুত্ববশত স্বপ্নজ্ঞান: পটুর ভাব = পাটব। পাটব শব্দের অর্থ হল প্রাবল্য বা দৃঢ়তা। অর্থাৎ যে স্বপ্নজ্ঞানে পূর্বসংস্কারের পটুত্ব বা প্রাধান্য থাকে, তা হল সংস্কারপাটব স্বপ্ন। উদাহরণস্বরূপ বলা যায়, ক্রোধী বা কামুক ব্যক্তি যখন কোন বিষয়ের প্রতি আকৃষ্ট হয়ে নিদ্রিত হন, তখন ওই ব্যক্তি উক্ত বিষয়সমূহকে যদি স্বপ্নে প্রত্যক্ষাকারে দর্শন করে, তখন তা হয় সংস্কারপাটব স্বপ্নজ্ঞান। *পদার্থধর্মসংগ্রহ* গ্রন্থে এবিষয়ে ব্যাখ্যাত হয়েছে- 'কামী ক্রুদ্ধো বা যদা যমর্থমাদৃতশ্চিন্তয়ন্ স্বপিতি তদা সৈব চিন্তাসন্ততিঃ প্রত্যক্ষাকারা সঞ্জায়তে।'[২২] অর্থাৎ এককথায় বলা যায়, জাগ্রত অবস্থার কোন ব্যক্তি যে বিষয়ে চিন্তিত থাকে, নিদ্রিতাবস্থায় যদি সেই একই বিষয়ে স্বপ্ন দেখে, তাহলে এই স্বপ্নকে বলা হয় সংস্কারপাটব স্বপ্নজ্ঞান। সংস্কারপাটব স্বপ্নে কিন্তু স্বপ্নের ত্রিবিধ (সংস্কারপাটব, ধাতুদোষ, অদৃষ্ট) কারণই বিদ্যমান থাকে। পরন্তু ত্রিবিধ কারণের মধ্যে এখানে শুধুমাত্র 'সংস্কার পাটব' কারণের আধিক্য থাকার কারণে আলোচ্য স্বপ্নের নাম 'সংস্কারপাটব স্বপ্নজ্ঞান'। স্বপ্নের অপর দ্বিবিধ প্রকারভেদের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। অর্থাৎ 'ধাতুদোষ' নামক কারণের প্রাধান্য থাকলে স্বপ্নের নাম হবে 'ধাতুদোষবশত স্বপ্নজ্ঞান' এবং 'অদৃষ্ট' নামক কারণের আধিক্য থাকলে স্বপ্নের নাম হবে 'অদৃষ্টবশত স্বপ্নজ্ঞান'।

II. ধাতুদোষবশত স্বপ্নজ্ঞান: আমাদের শরীরকে যা ধারণ করে, তাকে বলা হয় ধাতু। যেমন, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা, শুক্রাদি হল ধাতু। এই ধাতুদোষের প্রাধান্যের কারণে যে স্বপ্নজ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা হল ধাতুদোষবশতঃ স্বপ্নজ্ঞান। *ন্যায়কন্দলী* টীকায় এবিষয়ে উদ্ধৃত হয়েছে- 'শরীরধারণাদ্ধাতবো বসাসৃঙ্মাংসমেদোমজ্জাস্থিশুক্রাত্মনঃ, তেষাং দোষাদ্ বাতাদিদূষিতত্বাদ্বিপর্যয়ো ভবতীত্যাহ।'[২৩] অর্থাৎ শরীরধারণরূপ বসা, মাংস, শোণিত, মেদ, মজ্জা, অস্থি ও শুক্রাদি ধাতু দূষিত হওয়ার কারণে যে স্বপ্নজ্ঞান হয়, তা হল ধাতুদোষবশত স্বপ্ন। আবার বাত, পিত্ত বা শ্লেষ্মাদির দ্বারা যেহেতু রস, রক্ত প্রভৃতি পরিণামপ্রাপ্ত হয়ে শরীরকে ধারণ করে, তাই তাদেরকেও ধাতু বলা হয়। আর এই বাত প্রভৃতি দূষিতধাতুর ব্যক্তি স্বপ্নাবস্থায় আকাশগমনাদি বিষয়ের প্রত্যক্ষের ন্যায় স্বপ্ন দেখে। *প্রশস্তপাদভাষ্য*কার এপ্রসঙ্গে বলেছেন- 'ধাতুদোষাদ্ বাতপ্রকৃতিস্তদ্দূষিতো বা আকাশগমনাদীন্ পশ্যতি।'[২৪] আচার্য শ্রীধরভট্ট এই 'আকাশগমনাদি' শব্দের দ্বারা মূলত আকাশের নানা প্রান্তে ধাবনরূপ কার্যকে বুঝিয়েছেন।[২৫] আবার *উপস্কার* টীকাকার শঙ্করমিশ্র এই বাতাদি বায়ুদোষের দ্বারা আকাশগমন, পৃথিবী ভ্রমণ, ব্যাঘ্র প্রভৃতি হিংস জন্তু থেকে ভয়বশত পলায়নরূপ স্বপ্নকে উল্লেখপূর্বক বলেছেন- 'বাতদোষাদাকাশগমন-বসুন্ধরাপর্যটন-ব্যাঘ্রাদিভয়পলায়নাদীনি পশ্যতি।'[২৬]

অনুরূপভাবে, পিত্তধাতুর আধিক্যহেতু দৃষ্ট স্বপ্নের উদাহরণ প্রসঙ্গে আচার্য প্রশস্তপাদ বলেন- ‘পিত্তপ্রকৃতিঃ পিত্তদূষিতো বা অগ্নিপ্রবেশকনকপর্বতাদীন্ পশ্যতি।’[২৭] অর্থাৎ পিত্তপ্রকৃতি বা পিত্তদূষিত ব্যক্তি স্বপ্নে আগুনে প্রবেশ, স্বর্ণপর্বত ইত্যাদি প্রত্যক্ষ করে। আবার *উপস্কার* টীকাকার শঙ্করমিশ্র ও *বৈশেষিকভাষ্য*কার চন্দ্রকান্ত ভট্টাচার্য্য এবিষয়ক আলোচনা প্রসঙ্গে উক্ত দৃষ্টান্তসমূহের সহিত বিদ্যুৎচমককেও পিত্তদূষিত স্বপ্নজ্ঞানের অন্তর্গত করেছেন।[২৮]

আবার শ্লেষ্মাপ্রধান ব্যক্তির দ্বারা দৃষ্ট স্বপ্নের উদাহরণ প্রসঙ্গে আচার্য প্রশস্তপাদ বলেন- ‘শ্লেষ্মপ্রকৃতিঃ শ্লেষ্মদূষিতো বা সরিত্সমুদ্রপ্রতরণহিমপর্বতাদীন্ পশ্যতি।’[২৯] অর্থাৎ শ্লেষ্মপ্রকৃতি বা শ্লেষ্মদূষিত ব্যক্তির নদী, সমুদ্র অতিক্রম করে যাচ্ছে, হিমপর্বত দেখছে ইত্যাদি জ্ঞানের প্রত্যয় হয়। আচার্য শঙ্করমিশ্র আবার এবিষয়ে আলোচনাবসরে বলেছেন- ‘শ্লেষ্মদোষপ্রাবল্যাত্তু সমুদ্রসন্তরণনদীমজ্জন-ধারাসারবর্ষণ-রজতপর্বতাদি পশ্যতি।’[৩০] অর্থাৎ শ্লেষ্মাদোষপ্রাধান্য ব্যক্তি নদী বা সমুদ্রে সন্তরণ, মুষলধারে বৃষ্টি, রজতনির্মিত পর্বত ইত্যাদির স্বপ্ন দেখে।

III. **অদৃষ্টবশত স্বপ্নজ্ঞান:** যে স্বপ্নের বিষয় পূর্বে কখনও অনুভূত হয়নি, সেই স্বপ্নকে বলে অদৃষ্টবশত স্বপ্ন। এপ্রসঙ্গে *পদার্থধর্মসংগ্রহ*কার বলেছেন- ‘যত্ স্বয়মনুভূতেষ্বননুভূতেষূ বা প্রসিদ্ধার্থেষ্বপ্রসিদ্ধার্থেষু বা যচ্ছুভাবেদকং গজারোহণচ্ছত্রলাভাদি, তত্সর্বং সংস্কারধর্মাভ্যাং ভবতি। বিপরীতং চ তৈলাভ্যঞ্জনখরোষ্ট্রারোহণাদি তত্ সর্বমধর্মসংস্কারাভ্যাং ভবতি। অন্যন্তাপ্রসিদ্ধার্থেষ্বদৃষ্টাদেবেতি।’[৩১] অর্থাৎ যে বিষয় স্বপ্নদৃষ্ট ব্যক্তির জ্ঞাত কিন্তু অন্যের নিকট অজ্ঞাত অথবা স্বপ্নদৃষ্ট ব্যক্তির নিকট অজ্ঞাত কিন্তু অপরের নিকট জ্ঞাত, সেই বিষয়ের যে স্বপ্নজ্ঞান শুভসূচকের জ্ঞাপক (যেমন, হস্তী আরোহণ, ছত্রলাভ প্রভৃতি) তা সবই সংস্কার ও ধর্মরূপ অদৃষ্টের দ্বারা প্রাদুর্ভূত হয়। আবার এই শুভস্বপ্নের বিরুদ্ধ যেসকল স্বপ্ন (যেমন, তৈল লেপন, গাধা বা উঠের পিঠে আরোহণ ইত্যাদি) অশুভ অর্থের জ্ঞাপক হয়, তা অধর্মরূপ অদৃষ্ট ও সংস্কার দ্বারা উৎপন্ন হয়। পরন্তু ‘অত্যন্ত অপ্রসিদ্ধ’ অর্থাৎ যে বিষয় নিজের কাছে অজ্ঞাত আবার অন্যের কাছেও অজ্ঞাত (যেমন, সূর্যচন্দ্রাদি ভোজনক্রিয়া প্রভৃতি), এমন বিষয়ের দর্শনরূপ স্বপ্নজ্ঞান কেবলমাত্র অদৃষ্টের দ্বারাই প্রাদুর্ভূত হয়। আবার *উপস্কার* টীকাকারের মতে, অদৃষ্টবশত স্বপ্নজ্ঞান কেবল বর্তমান জন্মের অনুভূত বিষয়ে না হয়ে জন্মান্তরীয় বিষয়েও হতে পারে।[৩২]

স্বপ্নান্তিকজ্ঞান: উপর্যুক্ত ত্রিবিধ স্বপ্ন বিষয়ক আলোচনার অনন্তর প্রশস্তপাদাচার্য স্বপ্নান্তিক জ্ঞান নামক অতিরিক্ত এক জ্ঞানের উল্লেখ করেছেন। বৈশেষিকসূত্রকার কণাদ মুনিও ‘স্বপ্নান্তিকম্’[৩৩] নামক স্বপ্নাতিরিক্ত একটি সূত্রের অবতারণা করেছেন। অব্যবহৃত পূর্বোক্ত (বৈ. সূ.- ৯.২.৭) ‘তথা স্বপ্নঃ’ সূত্র থেকে আলোচ্য সূত্রে ‘তথা’ পদটি অনুবৃত্তি হয়েছে। অর্থাৎ স্বপ্নের ন্যায় স্বপ্নান্তিকজ্ঞান। স্বপ্ন যেমন আত্মার সহিত মনের সংযোগ ও সংস্কারের দ্বারা হয়ে থাকে, তেমনই স্বপ্নান্তিক।[৩৪] কিন্তু এই স্বপ্নান্তিক জ্ঞান কী? বৃত্তিকার চন্দ্রানন্দাচার্য এপ্রসঙ্গে বলেছেন- ‘স্বপ্নেঽপি স্বপ্নজ্ঞানং স্বপ্নান্তিকম্।’[৩৫] অর্থাৎ স্বপ্নের মধ্যে স্বপ্নজ্ঞান হল স্বপ্নান্তিক। ব্যোমশিবাচার্য প্রণীত *ব্যোমবতী* টীকায় আবার এবিষয়ে ব্যাখ্যাত হয়েছে- ‘স্বপ্নান্তে স্বপ্নাবসানে ভবং স্বপ্নান্তিকম্।’[৩৬] অর্থাৎ স্বপ্নের অন্তে স্বপ্নকে বিষয় করে যে জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তা হল স্বপ্নান্তিকজ্ঞান। অনুরূপভাবে *ন্যায়কন্দলী* টীকায় এপ্রসঙ্গে উদ্ধৃত হয়েছে- ‘কদাচিত্ স্বপ্নদৃষ্টস্যার্থস্য স্বপ্নাবস্থায়ামেব প্রতিসন্ধানং ভবতি- ‘অয়ং ময়া দৃষ্ট ইতি, তচ্চ পূর্বানুভূতস্য স্বপ্নস্যান্তেঽবসানে ভবতীতি স্বপ্নান্তিকমুচ্যতে।’[৩৭] অর্থাৎ কখনও কখনও স্বপ্নে দৃষ্ট হওয়া কোন বস্তু বা বিষয় সম্বন্ধে স্বপ্নেই ‘আমি ইহা দেখেছি’ এরূপ জ্ঞান বা অনুসন্ধান হয়, আর এরূপ অনুসন্ধান বা অনুব্যবসায়াত্মক জ্ঞান স্বপ্নের অন্তে বা শেষে হওয়ায় কারণে একে স্বপ্নান্তিক বলা হয়। বৈশেষিকমতে, স্বপ্নান্তিক জ্ঞানের ক্ষেত্রেও বহিরিন্দ্রিয়সমূহ বিষয় গ্রহণে বিমুখ থাকে, মন বিশেষভাবে প্রলীন থাকে, পরন্তু আত্মার সহিত মনের সংযোগ বিদ্যমান থাকে। আর যেহেতু স্বপ্নজ্ঞানের অনন্তর স্বপ্নজ্ঞানকেই আশ্রয় করে এই জ্ঞান উৎপন্ন হয়, তাই বলা হয় স্বপ্নান্তিক জ্ঞান স্বপ্ন থেকে ভিন্ন এক বিশেষ প্রকারের জ্ঞান। আবার স্বপ্নান্তিক জ্ঞানের বিষয় যেহেতু পূর্বানুভূত স্বপ্নজ্ঞান অর্থাৎ পূর্বানুভূত তথা অতীত স্বপ্নজ্ঞানকে অনুসন্ধান বা পর্যবেক্ষণের দ্বারা যেহেতু স্বপ্নান্তিক জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তাই এই জ্ঞানকে মিথ্যাজ্ঞানও বলা যায় না। তাই বৈশেষিকগণ স্বপ্নান্তিক জ্ঞানকে অবিদ্যারূপে স্বীকার না করে বিদ্যার অন্তর্গত করেছেন। চতুর্বিধ বিদ্যার মধ্যে স্বপ্নান্তিক হল স্মৃতির অন্তর্গত। ভাষ্যকার প্রশস্তপাদাচার্য এপ্রসঙ্গে বলেছেন- ‘অতীতস্য জ্ঞানপ্রবন্ধস্য প্রত্যবেক্ষণাত্ স্মৃতিরেবেতি ভবতি।’[৩৮] অর্থাৎ অতীত স্বপ্নজ্ঞানের বিষয় পর্যবেক্ষণবশত যেহেতু স্বপ্নান্তিক জ্ঞানের প্রাদুর্ভাব হয়, তাই তা স্মৃতি নামক বিদ্যার

অন্তর্গত। *কিরণাবলী, ব্যোমবতী, বৈশেষিকভাষ্য, ন্যায়কন্দলী* গ্রন্থেও এবিষয়ে যথাযথ মতের উল্লেখ পাওয়া যায়।[৩৯]

যাইহোক পরিশেষে বলা যায়, ভারতীয় দার্শনিকগণের মধ্যে নানাবিধ বিষয়ে মতানৈক্য পরিলক্ষিত হলেও কিছু কিছু বিষয়ে মতৈক্যও বিদ্যমান। তার মধ্যে অন্যতম হল নিঃশ্রেয়স। লক্ষ্য করলে দেখা যায়, ভারতীয় প্রায় সকল দর্শন সম্প্রদায় নিঃশ্রেয়সের উপায় অনুসন্ধানে প্রবৃত্ত হয়েছে। আর এই নিঃশ্রেয়সের জন্য আবশ্যক পদার্থের তত্ত্বজ্ঞান। কেননা, জগতের সকল দুঃখের মূলে এক এবং অদ্বিতীয় কারণ হল মিথ্যাজ্ঞান। মিথ্যাজ্ঞানের নিবৃত্তির দ্বারাই দুঃখের আত্যন্তিক নিবৃত্তি সম্ভব। আর এই মিথ্যাজ্ঞানের নিবৃত্তি সম্ভব পদার্থের তত্ত্বজ্ঞান বা সম্যক্‌জ্ঞানের দ্বারাই৷ বৈশেষিকমতে, দ্রব্যাদি ষট্‌পদার্থের সম্যক্‌জ্ঞানের দ্বারাই মিথ্যাজ্ঞানের নিবৃত্তি সম্ভব (যদিও বৈশেষিকসূত্রকার কণাদ মুনি, ভাষ্যকার প্রশস্তপাদাচার্য ষড়্‌বিধ ভাব পদার্থের তত্ত্বজ্ঞানকে মুক্তির উপায়রূপে উল্লেখ করলেও পরবর্তীকালীন অনেক টীকাকারগণের মতে, কণাদ মুনি ও প্রশস্তপাদাচার্য অভাব নামক অতিরিক্ত একটি পদার্থের অস্তিত্ব স্বীকার করেছেন। কেননা, কণাদসূত্রের নবম অধ্যায়ে অভাব নামক অতিরিক্ত একটি পদার্থের উল্লেখ পাওয়া যায়। কিন্তু যেহেতু অভাবপদার্থ সর্বদা ভাবপদার্থের জ্ঞানের অধীন, তাই তাঁরা পৃথক্‌ভাবে অভাব পদার্থকে তত্ত্বজ্ঞানের উপায়রূপে উল্লেখ করেননি। পরন্তু এবিষয়ে মতানৈক্য বিদ্যমান।)। অর্থাৎ বৈশেষিকমতে, দ্রব্যাদি ষড়্‌বিধ ভাবপদার্থের সম্যক্‌জ্ঞানই মুক্তির একমাত্র কারণ। এই ষড়্‌পদার্থের অন্তর্গত চতুর্বিংশতিবিধ গুণের মধ্যে অন্যতম হল বুদ্ধি বা জ্ঞান। জ্ঞান বিদ্যা ও অবিদ্যা ভেদে দ্বিবিধ। অবিদ্যা হল অযথার্থজ্ঞান। আর এই অযথার্থজ্ঞানের অন্তর্গত হল স্বপ্ন। বৈশেষিকমতে, নিঃশ্রেয়স প্রাপ্তির নিমিত্ত এই স্বপ্নবিষয়ক যথার্থজ্ঞানও আবশ্যক। যদিও স্বপ্ন নিজেই অবিদ্যার অন্তর্গত, তথাপি স্বপ্নবিষয়ক সম্যক্‌জ্ঞান আবশ্যক। কেননা, স্বপ্ন যেহেতু বৈশেষিকস্বীকৃত ষট্‌পদার্থের মধ্যে গুণপদার্থের অন্তর্গত। আর পদার্থের তত্ত্বজ্ঞানই যেহেতু নিঃশ্রেয়সের একমাত্র উপায়। তাই স্বপ্ন কী? স্বপ্নজ্ঞানের উৎস কী? কেন স্বপ্ন মিথ্যাজ্ঞান?— ইত্যাদি নানাবিধ বিষয়ে সম্যক্ জ্ঞানার্জন আবশ্যক। যদি স্বপ্নবিষয়ক তত্ত্বজ্ঞানের দ্বারা স্বপ্ন নামক অবিদ্যাসম্বন্ধী মিথ্যাজ্ঞানের নিবৃত্তি না হয়, তাহলে দুঃখের আত্যন্তিক নিবৃত্তি অসম্ভব। আর দুঃখের আত্যন্তিক নিবৃত্তি না হলে জীবের নিঃশ্রেয়স প্রাপ্তিও ঘটবে না, অর্থাৎ জীব বন্ধনে আবদ্ধ থাকবে। তাই নিঃশ্রেয়স প্রাপ্তির নিমিত্ত স্বপ্নবিষয়ক সম্যক্‌জ্ঞান বা যথার্থজ্ঞানার্জন আবশ্যক।

সন্দর্ভটি রচনার নিমিত্ত বাংলা, সংস্কৃত, ইংরাজি এবং হিন্দি ভাষায় রচিত পুস্তক অনুসন্ধানের কারণে সন্দর্ভটিতে গ্রন্থপঞ্জি তৈরির ক্ষেত্রে অভিন্নতা রক্ষার্থে Diacritic Form এবং Roman Script-এর ব্যবহার করা হয়েছে৷

সংকেতসূচি

উপ. — *উপস্কার*
কা. সূ. বৃ. — *কাণাদসূত্রবিবৃত্তি*
কিরণা. — *কিরণাবলী*
চন্দ্রা. বৃ. — *চন্দ্রানন্দবৃত্তি*
ন্যা. ক. — *ন্যায়কন্দলী*
ন্যা. দ. — *ন্যায়দর্শন*
ন্যা. সূ. — ন্যায়সূত্র
প্রশস্ত. — *প্রশস্তপাদভাষ্য*
পৃ. — পৃষ্ঠাসংখ্যা
ব্র. মু. ভা. — *ব্রহ্মমুনিভাষ্য*
বাৎ. ভা. — *বাৎস্যায়নভাষ্য*
ব্যোম. — *ব্যোমবতী*

বৈ. ভা. — *বৈশেষিকভাষ্য*

বৈ. সূ. — *বৈশেষিকসূত্র*

মি. ভা. — *মিতভাষিণী*

শ্রীমদ্ — *শ্রীমদ্ভগবদ্গীতা*

সপ্ত. — *সপ্তপদার্থী*

সম্পা. — সম্পাদক

সু. বৈ. সূ. — *সুগমাবৈশেষিকসূত্রবৃত্তি*

উল্লেখপঞ্জি

১. শ্রীমদ্.- ৪.৩৮

২. বাৎ. ভা., ন্যা. দ., ১ম খণ্ড, পৃ. ১৪

৩. ন্যা. ক., প্রশস্ত., সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ১৬

৪. *তদেব,* ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৭

৫. 'বাচ্যবাচকভাবেন তদ্ধর্মত্বাত্।' ব্যোম., ২য় খণ্ড, পৃ. ১০২

৬. প্রশস্ত., সম্পা. নারায়ণ মিশ্র, পৃ. ১৩৭

৭. সপ্ত., পৃ. ৩৮১

৮. 'তত্রাবিদ্যা চতুর্বিধা সংশয়বিপর্যয়ানধ্যবসায়স্বপ্নলক্ষণা।' প্রশস্ত., ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৭

৯. উপ.- ৯.২.৭

১০. সু. বৈ. সূ.- ৯.২.৭

১১. বৈ. ভা.- ৯.২.৭

১২. প্রশস্ত., ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৮

১৩. ন্যা. ক., *তদেব,* সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪৩৭

১৪. উপ.- ৯.২.৭

১৫. সপ্ত., পৃ. ৪৪১

১৬. *তদেব,* পৃ. ১৫৮

১৭. 'স্বপ্নস্তু গগনলক্ষণাদ্যবিদ্যমানং বিদ্যমানত্বেন অসন্নিহিতং গজাদি সন্নিহিতত্বেন দর্শয়ন্ বিপর্যয় এব তল্লক্ষণাক্রান্তত্বাত্।' মি. ভা., সপ্ত., পৃ. ১৫৮

১৮. ন্যা. ক., প্রশস্ত., সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪৪১

১৯. ব্র. মু. ভা.- ৯.২.৭

২০. কিরণা., প্রশস্ত, Ed. Jitendra S. Jetly, পৃ. ১৮১

২১. *তদেব,* ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৮

২২. তত্রৈব

২৩. ন্যা. ক., প্রশস্ত., সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪৩৯

২৪. *তদেব,* ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৯

২৫. 'আকাশগমনমিতস্ততো ধাবনমিত্যাদিকং পশ্যতি।' ন্যা. ক., *তদেব,* সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪৩৯

২৬. উপ.- ৯.২.৭

২৭. প্রশস্ত., ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৯

২৮. বৈ. ভা.- ৯.২.৭

উপ.- ৯.২.৭

২৯. প্রশস্ত., ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৯

৩০. উপ.- ৯.২.৭

৩১. প্রশস্ত., ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৯

৩২. 'অদৃষ্টবশাদপি তজ্জন্মানুভূতেষু জন্মান্তরানুভূতে বা সিদ্ধোপপ্লুতান্তঃকরণস্য যজ্জ্ঞানমুত্পদ্যতে।' উপ.- ৯.২.৭

৩৩. বৈ. সূ.- ৯.২.৮

৩৪. 'তথেতি পূর্বসূত্রাদনুবর্ততে তেনাত্মমনসোঃ সংযোগবিশেষাত্সংস্কারাচ্চ যথা স্বপ্নস্তথা স্বপ্নান্তিকমপীত্যর্থঃ।' উপ.- ৯.২.৮

'তথেত্যস্য পূর্বসূত্রস্থস্যাত্রানুষঙ্গো বোধ্যঃ। তথাচ স্বপ্নজ্ঞানং যথাত্মমনঃসংযোগবিশেষসংস্কারোভয়জন্য তথা স্বপ্নান্তিকাখ্যং জ্ঞানমপীত্যর্থঃ।' কা. সূ. বি.- ৯.২.৮

৩৫. চন্দ্রা. বৃ.- ৯.২৩

৩৬. ব্যোম., ২য় খণ্ড, পৃ. ১৩৬

৩৭. ন্যা. ক., প্রশস্ত., সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪৪১-৪৪২

৩৮. *তদেব*, ২য় খণ্ড, সম্পা. ব্রহ্মচারী মেধাচৈতন্য, পৃ. ২৯৯

৩৯. কিরণা., *তদেব*, Ed. Jitendra S. Jetly, পৃ. ১৮৩
ব্যোম., ২য় খণ্ড, পৃ. ১৩৭
বৈ. ভা.- ৯.২.৮
ন্যা. ক., প্রশস্ত., সম্পা. দুর্গাধরঝা শর্মা, পৃ. ৪১২

Select Bibliography

Annaṁbhaṭṭa. *Tarkasaṁgrahaḥ*. Ed. Narayanchandra Goswami. Kolkata: Sanskrit Pustak Bhandar, 1423 B.S. (Re-ed., 1410 3rd Demagnified ed.).

Gautam(a). *Nyāyadrśana.* (With *Vātsyāyanabhāṣyam*). Vol- I. Ed. Fanibhushan Tarkabagish. Kolkata: West Bengal State Book Board, 2018 (6th Pub., 1981 1st Pub.).

Kaṇād(a). *Vaiśeṣikadarśanam.* (With *Upaskāraḥ*, *Kāṇādasūtravivṛtiḥ* & *Vaiśeṣikabhāṣyaṁ*). Ed. K. T. Pandurangi. Bengaluru: Vidyadhisha Samskrita Shodha Kendra, 2011.

Ibid. (With *Candrānandavṛtti*). Ed. Sri Jambuvijaya. Baroda: Oriental Institute, 1982.

Ibid. (With *Sugamāvaiśeṣikasūtravṛtti* of Deśikatirumalatātācārya). Ed. Ranganathacarya. *Sugamā Vaiśeṣikasūtravṛtti.* Prayag: Ganganatha jha Central Sanskrit University, 1979.

Ibid. (With *Brahmamunibhāṣyam* of Brahmamuni Parivrājaka). *Vaiśeṣikadarśanaṁ Brahmamunibhāṣyopetam.* Baroda: Aryakumar Mahasabha, 1962.

Praśastapādācārya. *Praśastapādabhāṣyam.* Vol- II. Ed. Brahmachari Medhachaitanya. Kolkata: Sanskrit Book Depot, 2017 (2nd Rpt., 2000 1st Pub.).

Ibid. (With *Prakāśikā* Hindi Commentary of Dhunḍirāja Śastrī). Ed. Narayan Misra. *Vaiśeṣikadarśana with Praśastapādabhāṣya.* Varanasi: Chaukhambha Sanskrit Sansthan, 2021.

Ibid. (With *Nyāyakandalī* Commentary of Śrīdharabhaṭṭa). Ed. Durgadhar-jha Sharma. Varanasi: Ganganatha-jha-granthamala, 1963.

Ibid. (With *Kiraṇāvalī* Commentary of Udayaṇācārya). Ed. Jitendra S. Jetly. *Kiraṇāvalī*. Vadodara: Oriental Institute, 1991.

Śivāditya Miśra. *Saptapadārthī.* (With *Mitabhāṣiṇī, Padārthacandrikā, Jinavarddhanī* Commentaries). Ed. Tapan Sankar Bhattacharyya. Kolkata: Sanskrit Book Depot, 2012 (1st Pub.).

Śrīmadbhagavadgītā. Ed. Jagadish Chandra Ghosh. Kolkata: Presidency Library, 2013 (29th ed.).

Viśvanātha Nyāyapañcānan(a). *Bhāṣāparicchedaḥ* (With *Nyāyasiddhānta-muktāvalī* Commentarey). Ed. Panchanan Bhattacharyya. Kolkata: Mahabodhi Book Agency, 2016 (Rpt., 1970 1st Pub.).

Vyomaśivācārya. *Vyomavatī.* Vol. II. Ed. Gaurinath Sastri. Varanasi: Sampurnanand Sanskrit University, 1984.

মন নিয়ে আলোচনা : বৈদিক এবং সমসাময়িক প্রেক্ষাপট

সুখেন ঘোষ

সংক্ষিপ্তসার: গবেষণাপত্রটির অনুসন্ধানীয় বিষয় হল বৈদিক জ্ঞান পরম্পরায় মানবমন বা মনস্তত্ত্বের মূলভূত অবধারণা এবং সমসাময়িক মনোবিজ্ঞানের একটি সংক্ষিপ্ত রূপরেখা উপস্থাপন। একাদশ ইন্দ্রিয়সমূহের মধ্যে মন হল সর্বশক্তিমান। মনের গতি অসীম ও অনন্ত। আন্তরিকজগতের আলোকস্বরূপ মনের সঙ্কল্প, বিকল্প, স্বধা, বিচিকিৎসা, ধৃতি, ইচ্ছা, চেষ্টা ইত্যাদি শক্তি দ্বারা সমস্ত প্রাণিজগৎ বৌদ্ধিক এবং কায়িক কার্যসমূহ সম্পন্ন করে থাকে। এমনকি নামরূপরহিত অবস্থা থেকে জগতের সৃষ্টি মনের কামনা শক্তির দ্বারাই সম্ভব হয়। সাক্ষাৎকৃতধর্ম ঋষিগণ বৈদিকবাঙ্ময়ে মনের এই অপরিমিত শক্তিসমূহের বিশদ আলোচনা প্রস্তুত করেছেন। *নাসদীয়, শিবসঙ্কল্প, কাম* ইত্যাদি সূক্ত তার প্রকৃষ্ট উদাহরণ। প্রাচীনকাল থেকে চলমান মন নিয়ে আলোচনার এই সুদীর্ঘ পরম্পরা আজ বহুমুখী দৃষ্টিকোণে আরও সুসমন্বিত ও সুব্যবস্থিত। কিন্তু বর্তমানে প্রাচ্য অথবা পাশ্চাত্ত্য সর্বত্রই মন নিয়ে যে আলোচনা দৃষ্টিগোচর হয় তা মূলতঃ পাশ্চাত্ত্য মনোবিজ্ঞানেরই মূলরূপ। কেবল ভারতীয় দর্শনশাস্ত্রের আংশিক ক্ষেত্র হিসাবে ভারতীয় মনস্তাত্ত্বিক বিবেচনা কিঞ্চিন্মাত্র দৃষ্ট হয়। পরন্তু ভারতীয় জ্ঞান পরম্পরায় মন নিয়ে আলোচনার ধারা যে অতিপ্রাচীন হওয়ার সাথে বিজ্ঞানসম্মতও তার অবধারণা সংহিতা, ব্রাহ্মণ, উপনিষদ্ তথা দর্শনশাস্ত্রে পাওয়া যায়। পাশ্চাত্ত্য বিদ্বানরা যেখানে দর্শনকে কেবল মস্তিষ্কের ব্যায়ামমাত্র মনে করতেন সেখানে ভারতীয় মনীষীগণ দর্শন শাস্ত্রেরই অভিন্ন অঙ্গ রূপে মন নিয়ে বিশদ আলোচনা সুদীর্ঘ বৈদিককাল থেকেই করে এসেছেন। এই আলোচনা কেবল তথ্যগত বা শাস্ত্রীয় ঘেরাটোপের মধ্যে আবদ্ধ নয় তা বৈজ্ঞানিক হওয়ার সাথে ব্যবহারিকও।

সূচক শব্দ: *বেদ,* বৈদিকবাঙ্ময়, মন, মনস্তত্ত্ব, মনোবিজ্ঞান, মনঃসমীক্ষণ, মনোবিশ্লেষণ।

১. মনস্তাত্ত্বিক অধ্যয়নের পৃষ্ঠভূমি

মানবজীবনের মহত্ত্বপূর্ণ এই মনস্তত্ত্ব যে শাস্ত্রে আলোচিত হয় তা ‘মনোবিজ্ঞান’ নামে অভিহিত। মনকে অধিকার করে যে বিজ্ঞান প্রবর্তিত হয় তাই হল মনোবিজ্ঞান। বর্তমানে প্রচলিত এই মনোবিজ্ঞান শব্দটি মূলতঃ পাশ্চাত্ত্য বিদ্বানদের প্রতিপাদিত মনস্তাত্ত্বিক সিদ্ধান্তের সঙ্কলন মাত্র। কিন্তু প্রশ্ন হল যে, মন নিয়ে আলোচনার প্রাথমিক স্বরূপ কীদৃশ ছিল? বলা যেতে পারে প্রাচীনকালে প্রাচ্যে ও প্রতীচ্যে উভয়ত্র মনস্তাত্ত্বিক আলোচনা অধ্যাত্মদর্শনেরই অঙ্গভূত ছিল যা পরবর্তী সময়ে স্বতন্ত্রশাখারূপে বিকাশলাভ করে। *বৃহদারণ্যকোপনিষদে* মৈত্রেয়ীর প্রতি যাজ্ঞবল্কের উক্তি ‘আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যঃ মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ। মৈত্রেয্যাত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্বং বিদিতং’[১] ইতি বাক্যে অধ্যাত্মবিদ্যার অমোঘ উপদেশ পরিলক্ষিত হয়। *শ্রীমদ্ভগবদ্গীতায়* যোগেশ্বর শ্রীকৃষ্ণের ‘অধ্যাত্মবিদ্যা বিদ্যানাম্’[২] এই বাক্যের দ্বারা অধ্যাত্মবিদ্যাকে সমস্ত বিদ্যার পরাকাষ্ঠা রূপে উপস্থাপন, *যম-নচিকেতা সংবাদ* অথবা *উমাহৈমবতী উপাখ্যান* সর্বত্রই অধ্যাত্মদর্শনের বিস্তৃত বিবেচনায় পূর্ণ। এই অধ্যাত্মচিন্তনের বিস্তার পরবর্তী সময়ে পাশ্চাত্ত্যেও দেখা যায়। পাশ্চাত্ত্যদেশের অপলো মন্দিরের মুখ্যদ্বারে সঙ্কলিত ‘Know thyself’ সূক্তি যার ঔপনিষদিক অর্থ হল ‘আত্মানং বিদ্ধি’ বা নিজেকে জানা। পাশ্চাত্ত্যদার্শনিক সক্রেটিস (Socrates) স্বীয় শিষ্যগণকে এই আত্মবিদ্যা জিজ্ঞাসার জন্য প্রেরণ করেছিলেন। সেই শিষ্যগণের মধ্যে বিশ্ববিশ্রুত অধ্যাত্মবাদী দার্শনিকপ্রবর প্লেটো (Plato) ছিলেন অন্যতম। গুরুশিষ্যপরম্পরার এই ক্রমে বিশ্বপ্রসিদ্ধ দার্শনিক অ্যারিস্টটল-এর (Aristotle) আবির্ভাব। তিনিই Psychology শব্দটি প্রথম প্রয়োগ করেন। অতঃ পাশ্চাত্ত্য মনোবিজ্ঞানের জনকরূপে তাঁরই নাম সুপ্রসিদ্ধ। Psyche শব্দের অর্থ আত্মা এবং Logos শব্দটির অর্থ হল বিবেচনা। উপর্যুক্ত শব্দদ্বয়ের সংযোগে নিষ্পন্ন Psychology শব্দটির অর্থ হয় আত্মার অধ্যয়ন বা আত্মাসম্বন্ধীয় বিবেচনা। অ্যারিস্টটল Psychology অর্থে অধ্যাত্মবিদ্যাকেই গ্রহণ করেছেন। সপ্তদশ শতাব্দীর পূর্ব পর্যন্ত আলোচ্য শব্দটির প্রয়োগ এই অর্থেই হয়ে এসেছে, কিন্তু সপ্তদশ শতাব্দীতে লাইবনিজ (Leibniz), জন লক (John Locke) প্রভৃতি দার্শনিকগণ Psyche শব্দটিকে মন অর্থে প্রয়োগ করেন। অতঃ এই সকল দার্শনিকদের মতে Psychology শব্দের অর্থ হল মন নিয়ে অধ্যয়ন বা আলোচনা।

সপ্তদশ শতাব্দীর দার্শনিক দেকার্ত (Descartes) জড়ভূতপদার্থ ব্যতিরিক্ত মনের চেতনত্বের প্রতিপাদন করেন। দেকার্ত, লাইবনিজ, স্পিনোজা (Spinoza) প্রভৃতি দার্শনিকগণ মন ও শরীরের পারস্পরিক

ক্রিয়া-প্রতিক্রিয়ার অন্তর্সম্বন্ধের সিদ্ধান্ত প্রদান করেন। এই ক্রমে ১৮৭৯ খ্রীষ্টাব্দে প্রাধ্যাপক উইলহেম উইন্ডট (Wilhelm Wundt) লিপজিগবিশ্ববিদ্যালয়ে (Leipzig University) সর্বপ্রথম মনোবৈজ্ঞানিক প্রয়োগশালার স্থাপনা করেন। এরপর থেকেই অর্বাচীন মনোবিজ্ঞান দর্শনকক্ষ ছেড়ে স্বতন্ত্রবিষয়রূপে প্রতিষ্ঠা লাভ করে। তাই আধুনিক মনোবিজ্ঞানের জনক হিসাবে অধ্যাপক উইন্ডট-এর নাম সুপ্রসিদ্ধ। উইন্ডট, টিচেনার (Titchener) প্রভৃতি মনোবিদ আত্মা তথা মনের অপ্রেক্ষণীয়ত্বের (বাহ্য ইন্দ্রিয়সমূহের অগোচর) কারণে উভয়কেই মনোবিজ্ঞানের প্রতিপাদ্যরূপে গ্রহণ করেননি। উইন্ডটের মতে মনোবিজ্ঞানের প্রতিপাদ্য হল চেতনতার সঙ্কল্প, সংবেদনা, কল্পনা প্রভৃতি মানসপ্রত্যক্ষের অধ্যয়ন, যেটি সংরচনাবাদ, চৈতন্যনির্মিতিবাদ অথবা অন্তর্নিরীক্ষণবাদ (Structuralism) নামে পরিচিত। টিচেনার এর মতে চেতনতার তিনটি তত্ত্ব রয়েছে, যথা সংবেদনা (Sensation), ভাব বা অনুরাগ (Felling or Affection) এবং প্রতিবিম্ব (Image)। মনোবিজ্ঞানের এই বিকাশক্রমে ১৮৯০ খ্রী. উইলিয়াম জেমস (William James) তাঁর *Principle of Psychology* গ্রন্থে প্রকার্যবাদের (Functionalism) অবধারণা প্রদান করেন। যেখানে চেতনতার সাথে মানসিকপ্রক্রিয়ার কার্যাত্মক উপযোগিতার বিবেচনা দৃষ্ট হয়। ১৯১৩ খ্রী. আমেরিকান মনোবিদ ওয়াটসন (John Watson) লোকব্যবহারের বিজ্ঞানসম্মত অধ্যয়নকে মনোবিজ্ঞানের প্রতিপাদ্য হিসাবে প্রতিপাদন করেন। তাঁর এই অবধারণা ব্যবহারবাদ (Behaviorism) নামে প্রসিদ্ধ। আত্মা, মন, চেতনা প্রভৃতির অপ্রেক্ষণীয়ত্বের কারণে এগুলির অধ্যয়ন কষ্টসাধ্য হওয়ায় তিনি প্রেক্ষণীয় ব্যবহারত্মকপ্রক্রিয়ার অধ্যয়নকেই মনোবিজ্ঞানের বিষয়রূপে গ্রহণ করেছেন। অন্তর্নিরীক্ষণবিধিকে অস্বীকার করে তিনি বিধিচতুষ্টয়ের উল্লেখ করেছেন তা হল - প্রেক্ষণ (Observation), অনুবন্ধন (Conditioning), পরীক্ষণ (Testing) এবং মৌখিক প্রতিবেদন (Verbal report)। এই ক্রমবর্ধমান ধারায় ঊনবিংশ শতাব্দীতে সিগমুণ্ড ফ্রয়েড (Sigmund Freud) মানসিক বিকার থেকে মনোপচারের তথা মানসচিকিৎসার এক নূতন ধারার উদ্ভাবনা করেন। ফ্রয়েডীয় এই নূতন অবধারণা আধুনিক মনোবিজ্ঞানের এক মহত্ত্বপূর্ণ শাখা 'মনঃসমীক্ষণ' বা 'মনোবিশ্লেষণ' (Psychoanalysis) নামে প্রসিদ্ধ। ফ্রয়েড প্রতিপাদিত অচেতন মনের সিদ্ধান্ত অত্যন্ত মহত্ত্বপূর্ণ। তাঁর মতে অসমান্য মানসিকরোগের স্নায়বিক বিকারের মূলকারণ হল এই অচেতন মন। অচেতন মনের সমীক্ষণের কতক বিধিরও অবধারণা আমরা পাই, সেগুলি হল- অবাধ ভাবানুষঙ্গ (Free association), সংবশীকরণ (Hypnosis), স্বপ্ন বিশ্লেষণ (Dream interpretation) ইত্যাদি।

অন্যদিকে ভারতবর্ষে আধুনিক মনোবিজ্ঞানের সূচনা অধ্যাপক শ্রীনরেন্দ্রনাথ সেনগুপ্তের হাত ধরে। ১৯১৫ খ্রীষ্টাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের তত্ত্বাবধানে তিনি প্রথম মনোবিজ্ঞানের বৈজ্ঞানিক প্রয়োগশালা স্থাপনা করেন এবং পরের বছরেই অর্থাৎ ১৯১৬ খ্রী. কলকাতা বিশ্ববিদ্যালয়েই স্বতন্ত্র মনোবিজ্ঞান অধ্যয়ন বিভাগের স্থাপনা করেন। মনোবিজ্ঞানের অপর এক ধারা মনঃসমীক্ষণের আরম্ভও এই বঙ্গভূমিতেই। ভারতীয় মনঃসমীক্ষণের জনক অধ্যাপক শ্রীগিরীন্দ্রশেখর বসুর অধ্যক্ষতায় ১৯২২ খ্রী. কলকাতায় ভারতীয় মনঃসমীক্ষণ সমিতি (Indian Psychoanalytical Society) নামক মনঃসমীক্ষণ অধ্যয়ন কেন্দ্র স্থাপিত হয়। এটি পরের বছরেই আন্তর্জাতিক মনঃসমীক্ষণ সমিতি (International Psychoanalytical Association) এর সদস্যরূপে স্বীকৃতি লাভ করে। ভারতবর্ষে আধুনিক মনোবিজ্ঞানের বিকাশক্রমে ১৯২৫ খ্রী. কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে আয়োজিত এক সভায় Indian Psychological Association নামক সংস্থার স্থাপনা করা হয়, এই সভার সভাপতিরূপে নিয়োজিত ছিলেন স্বয়ং অধ্যাপক শ্রীনরেন্দ্রনাথ সেনগুপ্ত। ১৯৩৮ খ্রী. কলকাতা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগে প্রায়োগিক মনোবিজ্ঞান শাখার স্থাপনা। তারপর মৈসূর বিশ্ববিদ্যালয় ও পাটনা বিশ্ববিদ্যালয়ে মনোবৈজ্ঞানিক অধ্যয়ন তথা অনুসন্ধানের প্রারম্ভিক কেন্দ্রের স্থাপনা করা হয়। সম্প্রতি সমগ্র ভারতবর্ষে অনেক বিশ্ববিদ্যালয়ে, মহাবিদ্যালয়ে এমনকি অনেক সংস্থায় মনোবিজ্ঞান তথা মনঃসমীক্ষণের অধ্যয়ন, অধ্যাপন, গবেষণাকার্যাদি প্রবর্তমান।

মনস্তত্ত্বের এই অবধারণায় কেবল পাশ্চাত্যের যোগদান নেই, ভারতবর্ষে প্রাচীনকাল থেকে মন নিয়ে আলোচনার সুব্যবস্থিত ধারা প্রবাহমান হয়ে এসেছে। ভারতীয় জ্ঞান পরম্পরায় বৈদিকবাঙ্ময় অর্থাৎ সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্ থেকে আরম্ভ করে ভারতীয় দর্শনশাস্ত্র এবং লৌকিক সংস্কৃত সাহিত্য পর্যন্ত প্রায় সর্বত্র মানবমনের সুবিদিত মীমাংসা প্রত্যেক পদে পদে উপলব্ধ হয়। যেখানে পাশ্চাত্ত্য জগতে মনোবিজ্ঞানকে দর্শনশাস্ত্র থেকে পৃথক ধারারূপে আলোচনার বিষয় করা হয়েছে যদ্যপি

বর্তমানেও তা যুক্তিসাপেক্ষ, সেখানে ভারতীয় জ্ঞান পরম্পরায় মানবমন সংক্রান্ত আলোচনা দর্শনশাস্ত্রেরই অভিন্ন অঙ্গরূপে বৈদিককাল থেকেই চর্চিত হয়ে এসেছে। ভারতীয় মনীষীদের চিন্তনে মন যেমন মনুষ্যের সর্ববিধ সাংসারিক বন্ধনের কারণ তেমনই বিবেকজ্ঞান পূর্বক অপবর্গেরও সাক্ষাৎকারণ হল এই মন - 'মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমক্ষয়োঃ'[৩] এই শ্রুত্যুক্ত বাক্যের দ্বারা সাক্ষাৎকৃতধর্ম ঋষিগণ বহুবর্ষ পূর্বেই মনের মহত্ত্ব প্রতিপাদন করেছেন। অন্তঃকরণসমূহের মধ্যে মনই সংসারের রচয়িতা, সকল দুঃখ-সুখের কারণ, তথা মনই কর্ত্তা এবং মনই ভোক্ত-

> সর্বেষু সুখদুঃখেষু সর্বাসু কলনাসু চ।
> মনঃ কর্তৃ মনো ভোক্তৃ মানসং বিদ্ধি মানবম্।।[৪]

আন্তরিক জীবনের আধারভূত তত্ত্বরূপে মনের স্বরূপ বিজ্ঞান ঋষিদের সৃষ্টিকল্প থেকেই সুবিদিত। মনের শক্তি চক্ষু প্রভৃতি জ্ঞানেন্দ্রিয় অপেক্ষা বিশিষ্ট ও মহত্ত্বপূর্ণ- 'ইমানি যানি পঞ্চেন্দ্রিয়াণি মনঃ ষষ্ঠানি মে হৃদি'[৫]। মনের অসামান্য অপরিমিত শক্তির উল্লেখ বৈদিকবাঙ্ময়ে অনেক স্থানে উপলব্ধ হয়। *ঋগ্বেদ*-এর *নাসদীয়সূক্তে* কাম অথবা সঙ্কল্পশক্তিকেই মনের রেতস্ (Essence) অর্থাৎ বীজতত্ত্ব বলা হয়ছে - 'কামস্তদগ্রে সমবর্ততাধি মনসো রেতঃ প্রথমং যদাসীৎ'[৬]। *অথর্ববেদ*-এর ঋষিও সঙ্কল্পশক্তিকে মনের বিভূতিস্বরূপ বলেছেন। মনের সমস্ত কর্তৃত্ব এই সঙ্কল্পশক্তির উপরই নির্ভরশীল। সৃষ্টির প্রারম্ভ এই সমষ্টিভূত সঙ্কল্পশক্তির দ্বারাই সাধ্যকল্প। সঙ্কল্পশক্তির দ্বারাই পরমাণুর সমাযোজন এবং বিয়োজন হয়ে সৃষ্টির রচনা। আর যাতে সমগ্রবিশ্ব এই সঙ্কল্পশক্তির দ্বারাই শক্তি তথা সামর্থ্য প্রাপ্ত হয় সেই প্রার্থনাই ঋষিগণ করেছেন-

> কামস্তদগ্রে সমবর্তত মনসো রেতঃ প্রথমং যদাসীৎ।
> স কাম কামেন বৃহতা সযোনী রায়স্পোষং যজমানায় ধেহী।।[৭]

নাসদীয়সূক্তে মনের অপর এক শক্তির বর্ণনা পাওয়া যায় তা হল 'স্বধা'। স্বধা মনের আন্তরিক শক্তি তথা স্বনির্ভরতার বাচক। 'স্ব' এর অর্থ নিজের এবং 'ধা' এর অর্থ ধারণ করা অর্থাৎ মানুষ্য অন্তঃকরণে বিদ্যমান আন্তরিকশক্তিই স্বধা। আর এই স্বধা তথা আন্তরিকশক্তির দ্বারাই সৃষ্টির পূর্বকালে বিশ্বের সকল আধারভূত তত্ত্ব নিজের অস্তিত্বে বর্তমান ছিল - 'আনীদবাতং স্বধয়া তদেকং'[৮]। *গোপথব্রাহ্মণে* সর্বশক্তিমান ও পরমাত্মস্বরূপ মনকে ব্রহ্ম বলা হয়েছে- 'মনো ব্রহ্ম'[৯]। *ঐতরেয়োপনিষদে* পঞ্চব্রহ্মবিদ্যার মধ্যে মন ব্রহ্মস্বরূপ। মনের দ্বারাই সকল প্রাণীর উৎপত্তি অর্থাৎ স্ত্রী এবং পুরুষের মানসিক প্রেমপূর্ণ সম্বন্ধের দ্বারাই প্রাণী বীজরূপে মাতৃগর্ভে উৎপন্ন হয়। উৎপন্ন হয়ে মন দ্বারাই ইন্দ্রিয়সমূহের মাধ্যমে জীবনোপযোগী বিষয়সকল উপভোগ করে জীবিত থাকে এবং প্রয়াণকালে মনেই প্রবিষ্ট হয়- 'মনো ব্রহ্মেতি ব্যজানৎ। মনসো হ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে। মনসা জাতানি জীবন্তি। মনঃ প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি'[১০]। সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডের রচনা মনের সামর্থ্যের দ্বারাই সাধ্যকল্প, সেই কারণে মনকে ব্রহ্মা বলা হয়েছে- 'মনো ব্রহ্মা'[১১]। মনই সৃষ্টিকর্ত্তা তাই মন প্রজাপতি[১২] নামে অভিহিত। প্রজাপতি মন ব্যষ্টি অর্থাৎ ইন্দ্রিয় এবং সঙ্কল্প-বিকল্প ইত্যাদির অধিষ্ঠাতা হওয়া থেকে সমষ্টিভূত ব্রহ্মাণ্ড পর্যন্ত ব্যাপ্ত।

সর্ববিধ প্রেরণাশক্তি তথা কল্পনাশক্তির আধার মন প্রাণশক্তিরও অধিপতি- 'মনো বৈ প্রাণানামধিপতি'[১৩]। এর তাৎপর্য এই যে, মনের আদেশেই প্রাণশক্তি কার্য করে। উক্ত প্রকারে বৈদিকবাঙ্ময়ে মনকে বাক্ ও প্রাণের থেকে শ্রেষ্ঠতম বলা হয়েছে, কেননা মন ব্যতীত ইন্দ্রিয় সকল স্ব-স্ব কার্য সম্পাদনে অসমর্থ। *বৃহদারণ্যকোপনিষদে* বলা হয়েছে পরমাত্মা তিন অন্নের সৃষ্টি করেন যথা মন, বাক্ এবং প্রাণ। কিন্তু এই তিনের মধ্যে মনের অনবধানতার (Inattention) কারণে চক্ষুরিন্দ্রিয় যেমন দর্শনে অসমর্থ, ঠিক তেমনই শ্রবণেন্দ্রিয় শ্রবণে। অতঃ এর থেকে স্পষ্ট যে সকল প্রত্যক্ষীকরণ (Perception) মনের দ্বারাই হয়ে থাকে, মনই দর্শন করে মনই শ্রবণ করে- 'ত্রীণ্যাত্মনেঽকুরুতেতি মনো বাচং প্রাণং তান্যাত্মনেঽকুরুতান্যত্রমনা অভূবং নাদর্শমান্যত্রমনা অভূবং নাশ্রৌষমিতি মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতি'[১৪]। এইসকল দিব্যশক্তিবিশিষ্ট হওয়ার কারণে মনকে দেব অর্থাৎ ঈশ্বররূপে আখ্যায়িত করা হয়- 'মনো দেব'[১৫] ইতি।

২. বেদে সমসাময়িক মনোবিজ্ঞানের প্রারম্ভিক স্বরূপ

মনোবৈজ্ঞানিক অধ্যয়নকে সাধারণত দুই ভাগে ভাগ করা হয় যথা- সামান্য মনোবিজ্ঞান (General Psychology) এবং অসামান্য মনোবিজ্ঞান (Abnormal psychology)। সামান্য মনোবিজ্ঞানে সাধারণত স্থিতিশীল ভারসাম্য বিশিষ্ট মনুষ্য বা মনুষ্যেতর প্রাণীর মনে চলতে থাকা সংবেগ, বিচার, চিন্তন, প্রবৃত্তি, সংবেদনা, ইচ্ছা, প্রযত্ন প্রভৃতি মানসিক ব্যাপারসমূহের বৈজ্ঞানিক অধ্যয়ন করা হয়ে থাকে। অন্যদিকে মানসিক ভারসাম্যহীন বিলক্ষণ ব্যক্তিদের বিক্ষিপ্ত অবস্থাজন্য মানসিক বিকারসমূহের অধ্যয়ন অসামান্য মনোবিজ্ঞানের বিষয়। এছাড়াও প্রাণিসকল কীভাবে প্রত্যক্ষীকরণ করে, কীভাবে শেখে, মনন করে, স্মরণ করে, কীভাবে অববোধন করে, কীভাবেই বা পারস্পরিক ঘটনাবলীর সাথে ক্রিয়া-প্রতিক্রিয়ারূপ অন্তঃকার্য সম্পাদন করে, ব্যক্তিভেদে মানসিক পর্যায়ের ভিন্নতা কেন ঘটে, ব্যক্তিত্ত্ববিকাশক্রম প্রভৃতি বিষয়ের অধ্যয়ন সমসাময়িক মনোবিজ্ঞানের প্রতিপাদ্য। সমসাময়িক মনোবিজ্ঞানের বিবিধ শাখায় এই সকল বিষয়ের অধ্যয়ন করা হয়ে থাকে। তার মধ্যে কয়েকটি হল - শারীরবৃত্তীয় মনোবিজ্ঞান (Physiological psychology), তুলনাত্মক মনোবিজ্ঞান (Comparative psychology), বিকাশাত্মক মনোবিজ্ঞান (Development psychology), শিশু মনোবিজ্ঞান (Child psychology), ব্যক্তিত্ব মনোবিজ্ঞান (Personality psychology), সমাজ মনোবিজ্ঞান (Social psychology), ব্যবহারিক মনোবিজ্ঞান (Practical psychology) ইত্যাদি। সমসাময়িক মনোবিজ্ঞানের আধারভূত মুখ্যবিষয়গুলি হল চেতন মন (Conscious mind), অর্ধচেতন মন (Subconscious mind), অচেতন মন (Unconscious mind), ব্যক্তিত্ব বিশ্লেষণ (Personality analysis), স্বপ্ন বিশ্লেষণ (Dream analysis), ব্যবহার (Behaviour), অবধান (Attention), শিক্ষণ (Learning), স্মরণ (Remembering), বিস্মরণ (Forgetting), কল্পনা (Imagination), চিন্তন (Thinking), অনুভূতি (Felling), প্রেরণা (Motivation) ইত্যাদি।

কিন্তু প্রশ্ন হল সমসাময়িক মনোবিজ্ঞানে মনের যে ব্যাবহারিক এবং প্রায়োগিক দিক নিয়ে বিবেচনা করা হয়ে থাকে তার কোন অবধারণা ভারতীয় মনস্তাত্ত্বিক বিবেচনায় উপলব্ধ হয় কি না? বলা যেতে পারে সমসাময়িক মনোবিজ্ঞানে মনের যে উন্নত বৈজ্ঞানিক ব্যাখ্যা আজ আমাদের সামনে বিদ্যমান তার প্রারম্ভিক স্বরূপ বৈদিকবাঙ্ময়ে সূত্রাকারে অন্তর্নিহিত রয়েছে। *যজুর্বেদ*-এর ৩৪তম অধ্যায় *শিবসঙ্কল্পসূক্ত* মনস্তত্ত্বের স্বরূপ, কার্য তথা মনের অনন্তশক্তির বৈজ্ঞানিক ব্যাখ্যায় পরিপূর্ণ। মানবমনের প্রায় সমস্ত পর্যায় নিয়ে আলোচনা *শিবসঙ্কল্পসূক্তে* দৃষ্ট হয়। এই সূক্তের প্রথম মন্ত্রে মনের অপরিসীম গতির উল্লেখ রয়েছে-

> যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি।
> দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।[১৬]

মানবমন যেমন জাগ্রতাবস্থাতে (Conscious) ইন্দ্রিয়সমূহের দ্বারা দূর-বাহ্যবিষয়গুলিতে ভ্রমণ করে, ঠিক তেমনই স্বপ্ন তথা নিদ্রাবস্থাতেও (Subconscious) দূর দেশে অর্থাৎ সংস্কারবিষয়ে ভ্রমণ করে। এই কারণে মনকে দৈবমন (Perceptive faculty of the intelligent soul) নামেও অভিহিত করা হয়েছে। এই দৈবমন জ্যোতিসমূহের মধ্যে জ্যোতিস্বরূপ অর্থাৎ প্রকাশকের প্রকাশক। যেমনভাবে বাহ্য তথা আভ্যন্তর বিষয়গুলির প্রত্যক্ষীকরণের সময় ইন্দ্রিয়সমূহের সহায়ক দৈবমনরূপী চন্দ্রমার উদয় হয়, ঠিক তেমনই স্বপ্নাবস্থাতে চিত্তভূমিতে অঙ্কিত পূর্বসংস্কাররূপ চিত্রের প্রত্যক্ষকারী দৈবমনরূপী চন্দ্রমার উদয় হয়ে থাকে। এই দৈবমন হল সকল জ্ঞান-বিজ্ঞানের প্রকাশক তথা চেতনার আধার। কিন্তু এই প্রকাশ তখনই সম্ভব যখন সকলপ্রকার দুর্গুণ তথা দুর্বিচারগুলিকে ত্যাগ করে মন শুভ কল্যাণকারী সঙ্কল্পযুক্ত হবে, তাই বলা হয়েছে - 'তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু'।

জ্ঞান-বিজ্ঞানের অধিষ্ঠাতা দৈবমনের আলোচনার পর যজ্ঞকর্মের অর্থাৎ কর্মক্ষেত্রের অধিকারী যক্ষমনের (Volitional faculty) স্বরূপ বিষয়ে আলোকপাত করা হয়েছে-

> যেন কর্মণ্যপসো মনীষিণো যজ্ঞে কৃণ্বন্তি বিদথেষু ধীরাঃ।
> যদপূর্বং যক্ষমন্তঃ প্রজানাং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।[১৭]

মনুষ্য কর্মেন্দ্রিয়ের সাহায্যে যে সকল কর্মের অনুষ্ঠান করে তা এই যক্ষমনের দ্বারাই নিয়ন্ত্রিত হয়ে করে থাকে। এই যক্ষমনের দ্বারাই প্রেরিত হয়ে কর্মনিষ্ঠ, ধীর, মনীষী তথা বুদ্ধিমান ব্যক্তিগণ কর্মযজ্ঞ এবং জ্ঞানযজ্ঞের অনুষ্ঠান সম্পন্ন করেন। এই যক্ষমন অন্তঃকরণে বিদ্যমান তত্ত্বসমূহের মধ্যে অপূর্ব, পূজ্য এবং তা প্রাণীমাত্রের অভ্যন্তরে অবস্থান করে। যক্ষমনই কর্মেন্দ্রিয় সমূহকে অভিষ্ট লক্ষ্যবিষয়ে আন্তরিক প্রেরণা (Motivation) প্রাদান করে শ্রেয় ও প্রেয় মার্গকে প্রশস্ত করে। তাই প্রার্থনা করা হয়েছে যে শাস্ত্রবিহিত কর্মের অনুষ্ঠানের জন্য মন শুভ কল্যাণকারী সঙ্কল্পবিশিষ্ট হোক। সমসাময়িক মনোবিজ্ঞানেও প্রেরণা বিষয়ে বলা হয়- ‘A motive is any particular internal factor or condition that tends to initiate and to sustain activity’[১৮].

অনন্তর মনের অপর তিন গুণের আলোচনা করা হয়েছে, সেগুলি হল– প্রজ্ঞান মন বা বুদ্ধি (Cognition), চেতস্ মন বা স্মরণশক্তি (Recollection) এবং ধৃতিমন বা ধারণাশক্তি (Retentions)।

যৎপ্রজ্ঞানমুত চেতো ধৃতিশ্চ যজ্জ্যোতিরন্তরমৃতং প্রজাসু।
যস্মান্ন ঋতে কিঞ্চন কর্ম ক্রিয়তে তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।[১৯]

অর্থাৎ অন্তরে প্রকাশমান সেই বুদ্ধিরূপ প্রজ্ঞানমন, প্রাণীমাত্রের মধ্যে উৎপন্ন অমৃত অর্থাৎ সাধারণত বিনষ্ট হয় না এমন সংস্কাররূপ চেতস্ মন এবং যাহাকে ছাড়া কোন কার্য সম্পন্ন হয় না এমন ধৃতিমন শুভ কল্যাণকারী সঙ্কল্পযুক্ত হোক। দৈব ও যক্ষমনের আলোচনার পর আলোচ্য স্থলে প্রজ্ঞান, চেতস্ ও ধৃতিমনের কথা বলা হয়েছে। মনস্তত্ত্বের মধ্যে এই প্রজ্ঞান মন অর্থাৎ বুদ্ধি মস্তিষ্কের এক অংশে বিদ্যমান থেকে ইন্দ্রিয়লভ্য বিষয়গুলিকে সঙ্কল্প তথা বিকল্প শক্তির দ্বারা নিশ্চয় করে, তাই একে অন্তরের জ্যোতিরূপে আখ্যায়িত করা হয়েছে যা আমাদের প্রজ্ঞাকে জ্ঞানালোকে উদ্ভাসিত করে। *যজুর্বেদ*-এর উদ্ঘোষণা অনুসারে মনস্তত্ত্বের বিকাশের মাধ্যমেই মনুষ্য মনকে একাগ্র করে জ্ঞানেন্দ্রিয় এবং কর্মেন্দ্রিয়সমূহকে তত্ত্বজ্ঞানের জন্য প্রেরিত করে আত্মজ্ঞান লাভ করে-

যুঞ্জানঃ প্রথমং মনস্তত্ত্বায় সবিতা ধিয়ঃ।
অগ্নের্জ্যোতির্নিচাস্য পৃথিব্যাঽধ্যাভরৎ।।[২০]

আর এই মনস্তত্ত্বকে পরমাত্মতত্ত্বের সাথে যুক্ত করে মনুষ্য পরমজ্যোতিকে নিজের অন্তঃকরণে সমাহিত করে আত্মানন্দকে প্রাপ্ত হন- ‘যুক্তেন মনসা বয়ং দেবস্য সবিতুঃ সবে। স্বর্গ্যায় শক্ত্যা’[২১]।

শ্রীমদ্ভগবদ্গীতা মধ্যেও সঙ্কল্প ও বিকল্পাত্মক সাত্ত্বিকী বুদ্ধির কথা যোগেশ্বর শ্রীকৃষ্ণের বাণীতে উদ্ধৃত হয়েছে -

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্যাকার্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যো বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী।।[২২]

চেতস্ মন বা চিত্ত অন্তঃকরণের এমন অংশ যেখানে অনুভবজন্য বিষয়গুলির স্মরণ-কার্য সম্পন্ন হয় অর্থাৎ সংস্কার রূপে সেই বিষয়সমূহের জ্ঞান আমাদের হয়ে থাকে। আর অন্তিমে ধৃতিমনের উদ্দেশ্যে বলা হয়েছে - ‘যস্মান্ন ঋতে কিঞ্চন কর্ম ক্রিয়তে,’ অর্থাৎ ধৃতিমনের সহায়তা বিনা কোন কার্য করা সম্ভবপর নয়। *শ্রীমদ্ভগবদ্গীতার* উক্তি অনুসারে অন্তঃকরণে স্থিত এই ধৃতি অর্থাৎ ধারণাশক্তি মন, প্রাণ ও ইন্দ্রিয়ক্রিয়াকে ধারণ করে ব্যক্তিবিশেষে তাহাদের এক বিশিষ্ট রূপ প্রদান করে। ধৃতিই মানসিক বৃত্তি ও কর্মচেষ্টাকে এক নির্দিষ্ট গণ্ডিতে আবদ্ধ রেখে জীবনের আদর্শ নিরূপিত করে-

ধৃত্যা যযা ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী।।[২৩]

সাত্ত্বিকী ধৃতির স্বরূপের বর্ণনা করে রাজসিক ও তামসিক ধৃতি বিষয়ে বলা হয়েছে- রাজসিক ধৃতি ধর্ম, অর্থ এবং কাম লাভের সাধন হয়[২৪], অপরপক্ষে তামসিক ধৃতিবিশিষ্ট ব্যক্তি নিদ্রা, ভয়, শোক, অবসাদ ও মত্ততারূপ মানসিক বিকার (Psychological disorders) গ্রস্ত হন[২৫]।

মনের শক্তি অনন্ত, অপরিসীম। বর্তমান, অতীত ও ভবিষ্যৎ তিন কালেই তা ব্যাপ্ত। মন তার অনন্তশক্তির দ্বারা তিনকালেরই বিষয় গ্রহণ করতে সক্ষম - ‘যেনেদং ভূতং ভুবনং ভবিষ্যৎ

পরিগৃহীতমমৃতেন সর্বম্’[২৬]। *ঋগ্বেদেও* মনকে ত্রিকালদর্শী বলা হয়েছে - ‘যত্তে ভূতঞ্চ ভব্যঞ্চ মনো জগাম দূরকম্’[২৭]। এছাড়াও মনের এক অন্য শক্তির কথাও বলা হয়েছে তা হল মনের বশীকরণ শক্তি। উত্তম সারথি যেমন অশ্বকে লাগামের দ্বারা বশীভূত করে উত্তমমার্গে প্রেরিত করে ঠিক তেমনই মানবমনও সকলকে তার বশীকরণ শক্তির দ্বারা নিজের অনুকূলে চালিত করে। অতঃ মনের সেই প্রবৃত্তি যেন শুভ কল্যাণকারী সঙ্কল্পের দ্বারা যুক্ত হয় সেই প্রার্থনাই করা হয়েছে-

> সুষারথীরশ্বানিব যন্মনুষ্যান্ নেনীয়তেঽভীশুভির্বাজিন ইব।
> হৃৎপ্রতিষ্ঠং যদজিরং জবিষ্ঠং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।।[২৮]

আধুনিক মনোবিজ্ঞানে মনের যেসকল বৈশিষ্ট্যের আলোচনা করা হয়, *অথর্ববেদ*-এর ঋষি মনোবিজ্ঞানের সেই সর্ববিধ বৈশিষ্ট্যের বর্ণনা করে বলেছেন -

> মনসে চেতসে ধিয় আকূতয় উত চিত্তয়ে।
> মত্যৈ শ্রুতায় চক্ষসে বিধেম হবিষা বয়ম্।।
>
> অপানায় ব্যানায় প্রাণায় ভূরিধায়সে।
> সরস্বত্যা উরুব্যচে বিধেম হবিষা বয়ম্।।[২৯]

অর্থাৎ মন, চিত্ত, বুদ্ধি, সঙ্কল্প, স্মৃতি, মতি, শ্রুতি ও দর্শনশক্তির অভিবৃদ্ধির জন্য হবির দ্বারা অর্চনা করি। উক্তমন্ত্রে অন্তঃকরণশক্তি সমূহের তথা বাহ্যজ্ঞানেন্দ্রিয়শক্তির বৃদ্ধির প্রার্থনা করা হয়েছে। মন, চিত্ত, ধারণাবতী বুদ্ধি, সঙ্কল্পশক্তি, স্মৃতি, ধৃতি, মতি, শ্রবণশক্তি, দৃষ্টি, প্রাণ, অপান, ব্যান, বিদ্যা, জ্ঞান-বিজ্ঞান ইত্যাদি অনন্তশক্তি মনুষ্যের অন্তঃকরণে বিদ্যমান। মানুষের সর্ববিধ উন্নতি তথা শান্তি তখনই সম্ভব যখন এই সকল মানসিক শক্তির বৃদ্ধি হবে। ঠিক একইভাবে *শতপথব্রাহ্মণও* মনের বিবিধ পর্যায় নিয়ে আলোচনা করে যেখানে মনের ভিন্ন ভিন্ন তত্ত্বসমূহের উল্লেখ দৃষ্টিগোচর হয়। ব্রাহ্মণ বাক্য অনুসারে কাম, সঙ্কল্প, বিচিকিৎসা, শ্রদ্ধা, অশ্রদ্ধা, ধৃতি, অধৃতি, হ্রী, ধী, ভী ইত্যাদি সকল মহত্ত্বপূর্ণ তত্ত্ব মনেরই ভিন্ন ভিন্ন রূপ - ‘কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধাঽশ্রদ্ধা ধৃতিরধৃতির্হ্রীর্ধীর্ভীরিত্যেৎসর্বম্মন এব’[৩০]। *বৃহদারণ্যকোপনিষদেও* [৩১] মনের উপর্যুক্ত তত্ত্বগুলির উল্লেখ বিষয়টিকে আরও প্রামাণিক করে তোলে। অনুরূপভাবে *ঐতরেয়োপনিষদে* প্রজ্ঞানমনের ষোড়শ মনোদশার বর্ণনা পাওয়া যায়, সেগুলি হল- সংজ্ঞান (Consciousness), অজ্ঞান (Direction), বিজ্ঞান (Sagacity), প্রজ্ঞান (Intelligence), মেধা (Retention), দৃষ্টি (Perception), ধৃতি (Steadiness), মতি (Thought), মনীষা (Power of Thinking), জূতি (Distress), স্মৃতি (Recollection), সঙ্কল্প (Will), ক্রতু (Application), অসু (Vitality), কাম (Desire) এবং বশ (Obedience)- ‘যদেতদ্ধৃদয়ং মনশ্চৈতৎ সংজ্ঞানমাজ্ঞানং বিজ্ঞানং প্রজ্ঞানং মেধা দৃষ্টির্ধৃতির্মতির্মনীষা জূতিঃ স্মৃতিঃ সঙ্কল্পঃ ক্রতুরসুঃ কামো বশ ইতি সর্বাণ্যেবৈতানিপ্রজ্ঞানস্য নামধেয়ানি ভবন্তি’[৩২]। অতঃ বলা যেতে পারে যে, সমসাময়িক মনোবিজ্ঞানে আলোচিত প্রায় সর্ববিধ তত্ত্বের প্রারম্ভিক স্বরূপ ভারতীয় জ্ঞান পরম্পরায় সূত্ররূপে বিদ্যমান রয়েছে। আর মন নিয়ে এই আলোচনা শাস্ত্রীয় এবং দার্শনিক দৃষ্টিকোণ থেকে যতটা গুরুত্বপূর্ণ ঠিক ততটাই গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে।

৩. বেদ ও স্বপ্নমনোবিজ্ঞান

সমসাময়িক মনোবিজ্ঞানের আলোচিত অপর একটি মহত্ত্বপূর্ণ তত্ত্ব হল স্বপ্নতত্ত্ব। জাগ্রত ও সুষুপ্তি অবস্থার মধ্যবর্তী নিদ্রাকালীন চেতন অবস্থাকে স্বপ্নাবস্থা বলা হয়। সুষুপ্তি বা গভীর নিদ্রাবস্থায় দ্রষ্টা বা দৃশ্যের ভেদ জ্ঞান থাকে না অতঃ সুষুপ্তি অবস্থায় স্বপ্ন থাকে না। সুষুপ্তি বা জাগ্রত এই দুই অবস্থার মধ্যবর্তী অর্ধনিদ্রিত অবস্থাই স্বপ্ন ঘটে থাকে। ভারতীয় মনীষীগণ স্বপ্নকে কেবল নিছক কল্পনামাত্র মনে করেন না। স্বপ্নের প্রতিরূপ জাগ্রত অবস্থায় ব্যক্তির আচার, ব্যবহার তথা ভাবের সাথে যুক্ত থাকে - ‘জাগ্রতঃ স্বপ্নন্তঃ উপরামি’[৩৩] অর্থাৎ জাগ্রত অবস্থায় মানুষ যেরূপ আচারণ, ব্যবহার ও ভাববিশিষ্ট হয় সেই ভাবই স্বপ্নরূপে অভিব্যক্ত হয়। অধ্যাস (Illusion) এবং অমূল প্রত্যক্ষের (Hallucination) সংমিশ্রণ হল স্বপ্ন[৩৪]। আধুনিক মনোবিজ্ঞানের ভাষায় স্বপ্ন হল নির্জ্ঞান মনের অবদমিত বাসনাগুলিকে চরিতার্থ করার এক প্রবণতা - ‘The dream is the (disguised) fulfilment of a (suppressed, repressed) wish’[৩৫].

মানবমন ত্রিবিধ অবস্থায় বিভক্ত যথা জাগ্রত, নিদ্রা ও সুষুপ্তি। জাগ্রত অবস্থায় চিন্তাধারার মধ্যে দর্শন (Visual), শ্রবণ (Auditory), স্পর্শন (Tactual) ইত্যাদি সকল প্রকার প্রত্যক্ষ প্রতিরূপ (Image) বর্তমান থাকে, কিন্তু নিদ্রাবস্থায় বা স্বপ্নে দর্শন প্রতিরূপ (Visual imagery) অধিক[৩৬]। স্বপ্নে দর্শন অতিরিক্ত প্রতিরূপের অভাব থাকলেও সুখ, দুঃখ, আনন্দ, ক্রোধ, ভয়, লজ্জা ইত্যাদি অনুভব সাধ্য, যেমন- স্বপ্নমধ্যে ভোজনাদি গ্রহণ করার যে দৃশ্য প্রতিভাত হয়ে থাকে, প্রাতঃকালে জাগ্রত অবস্থায় তা আর থাকে না - 'যদ্ স্বপ্নে অন্নমশ্নামি ন প্রাতরধিগম্যতে'[৩৭]। কিন্তু এগুলি কেবল মিথ্যা নয় অচেতন মনে সুপ্ত রূপে বিদ্যমান অবদমিত ইচ্ছারই প্রতিভাত রূপ।

অথর্ববেদে স্বপ্নের স্বরূপকে আরও স্পষ্ট ভাবে বর্ণনা করা হয়েছে এবং শরীর ও মনে দুঃস্বপ্নের কি প্রভাব তাও নিম্নে আলোচনা করা হয়েছে -

> যো ন জীবোঽসি ন মৃতো দেবানামমৃতগর্ভোঽসি স্বপ্ন।
> বরুণানী তে মাতা যমঃ পিতাররুর্নামাসি।।[৩৮]

স্বপ্ন না জাগ্রত না সুষুপ্ত, না জীবিত না মৃত। স্বপ্নকে দেবতাদের অমৃত গর্ভস্বরূপ বলা হয়েছে, এর তাৎপর্য এই যে এখানে 'দেবানাং' পদের দ্বারা ইন্দ্রিয়সমূহের প্রতি সঙ্কেত করা হয়েছে। অর্থাৎ জাগ্রত অবস্থায় ইন্দ্রিয়সমূহের অনুভব থেকে উৎপন্ন নানাবিধ ইচ্ছা, কামনা, বাসনা মানুষের অন্তঃকরণে অবস্থান করে, কিছু ইচ্ছা পূর্ণ হলেও অনেক ইচ্ছা নানাকারণে অবদমিত হয়। সেই সকল ইচ্ছা যদ্যপি ধীরে ধীরে চেতন মন থেকে সরে গেলেও অচেতন মনে তা সুপ্ত অবস্থায় অবস্থান করে আর স্বপ্নমাধ্যমে তা বহিঃপ্রকাশিত হয়, এই জন্যই স্বপ্নকে অমৃতগর্ভ বলা হয়েছে। দুঃস্বপ্নকে শারীরিক এবং মানসিক ব্যাধির কারণ তথা যমের বা মৃত্যুর সাধন বলা হয়েছে - 'বিদ্ম তে স্বপ্ন জনিত্রং গ্রাহ্যাঃ পুত্রোঽসি যমস্য করণ'[৩৯]। দুঃস্বপ্ন অন্তক তথা জীবননাশকারী মৃত্যুসম - 'অন্তকোঽসি মৃত্যুরসি'[৪০]।

৪. বেদ ও চিকিৎসা মনোবিজ্ঞান

সমসাময়িক মনবিজ্ঞানের একটি অন্যতম বৈশিষ্ট্য হল মানবমনের বিবিধ পর্যায়ের অধ্যয়নের সাথে মানবমনে উৎপন্ন মানসিক বিকারসমূহের উপচার বিধান। আজ আমরা সকলেই বুঝেছি শারীরিক সুস্বাস্থ্য যেমন কাম্য ঠিক তেমনই মানসিক স্বাস্থ্যও। এখানে একটি প্রশ্ন সহজাতভাবে আমাদের সম্মুখে আসে যে, ভারতীয় শাস্ত্র পরম্পরায় মন নিয়ে তাত্ত্বিক বিবেচনা তো দৃষ্ট হয়, কিন্তু মানসিক সুস্বাস্থ্যের জন্য মানসচিকিৎসার কোনো অবধারণা সেখানে আছে কি নেই? *ঋগ্বেদ* এবং *অথর্ববেদের* কয়েকটি সন্দর্ভের বিশ্লেষণের দ্বারা বলা যেতে পারে যে বেদে কেবল মনের তাত্ত্বিক আলোচনা প্রাপ্ত হয় তা নয়, মনস্তত্ত্বের আলোচনার সাথে সাথে মানসিক বিকারগ্রস্ত রোগীদের মানসচিকিৎসার বর্ণনাও বেদে উপলব্ধ হয়। *অথর্ববেদের* 'ত্বং মানসচিকিৎসীঃ'[৪১] এই মন্ত্রাংশটি তার সাক্ষাৎ প্রমাণ। চিকিৎসা মনোবিদ্যা তথা মনঃসমীক্ষণ বা মনোবিশ্লেষণের মাধ্যমে মনোপচারের সুস্পষ্ট দৃষ্টান্তও বেদে দৃষ্টিগোচর হয়। মনস্তত্ত্বের জ্ঞাতা ঋষি সংবশীকরণের (Hypnotize) দ্বারা মনোরোগীর মনকে বশীভূত করে মানসিকরোগের উপচার বিধান করেন তার দৃষ্টান্ত *অথর্ববেদে* পরিলক্ষিত হয়, যথা-

> অহং গৃভ্ণামি মনসা মনাংসি মম চিত্তমনুচিত্তেভিরেত।
> মম বশেষু হৃদয়ানি বঃ কৃণোমি মম যাতমনুবর্ত্মান এত।।[৪২]

অর্থাৎ আমি নিজের মনের দ্বারা তোমার মনকে গ্রহণ করছি, আমার চিত্তের অনুকূলে তোমার চিত্তকে নিয়ে এসো। তোমার হৃদয়কে আমি আমার বশীভূত করছি অতঃ আমার আচরণের অনুকরণ করে আমার কাছে এসো। উক্ত মন্ত্রটিতে মনঃসমীক্ষণের স্পষ্ট অবধারণা পাওয়া যায়। যেমন মনোবিশেষজ্ঞ (Psychiatrist) অবাধ ভাবানুষঙ্গ, স্বপ্নবিশ্লেষণ ইত্যাদি পদ্ধতি তথা মনোরোগীর রোগের লক্ষণগুলির বিশ্লেষণ পূর্বক উপবোধন প্রবিধির (Counselling) দ্বারা মনের উপচার করে থাকেন। ঠিক তেমনই উপর্যুক্ত মন্ত্রেটিতেও মনস্তত্ত্বের জ্ঞাতা ঋষি প্রতিকূল মানসিক স্থিতি বিশিষ্ট মনোরোগীর মনকে অনুকূল করার জন্য প্রথমে রোগীর মনকে বশীভূত করে তদনন্তর উপবোধনের মাধ্যমে রোগীর মনের চিকিৎসা বিধান করেন।

মানসিকরোগ উপশমের অপর এক চিকিৎসা পদ্ধতি হল অভিমর্শন পদ্ধিতি বা হস্তস্পর্শচিকিৎসা পদ্ধতি। ইংরেজী ভাষায় এটি Mesmerism নামে প্রসিদ্ধ। অষ্টাদশ শতাব্দিতে ইউরোপ প্রদেশের

জর্মানচিকিৎসক ফ্রাঞ্জ অ্যান্টন মেস্মর (Franz Anton Mesmer) সর্বপ্রথম এই পদ্ধতির প্রচার করেন। কিন্তু উক্তপদ্ধতির আদিসূত্র বৈদিকবাঙ্ময়েই পাওয়া যায়। *ঋগ্বেদ* তথা *অথর্ববেদে* এই পদ্ধতির বর্ণনা পাওয়া যায়-

> অয়ং মে হস্তো ভগবানয়ং মে ভগবত্তরঃ।
> অয়ং মে বিশ্বভেষজোঽয়ং শিবাভিমর্শনঃ।।[৪৩]
>
> হস্তাভ্যাং দশশাখাভ্যাং জিহ্বা বাচঃ পুরোগবী।
> অনাময়িত্নুভ্যাং ত্বা তাভ্যাং ত্বোপ স্পৃশামসি।।[৪৪]

অর্থাৎ হে রোগী! এই আমার এক হস্ত 'ভগবান্' অর্থাৎ ঐশ্বর্যবিশিষ্ট, আমার অপর হস্ত 'ভগবত্তরঃ' অর্থাৎ অত্যাধিক ঐশ্বর্য বা সামর্থ্যবিশিষ্ট। এই আমার হস্ত সর্ববিধ ঔষধীয় গুণের দ্বারা পূর্ণ, অতঃ এই হস্তের শান্ত সুখপ্রদ কল্যাণকারী অভিমর্শনের দ্বারা সকল রোগ দূরীভূত হবে। সুতরাং এই দশশাখা অর্থাৎ দশটি অঙ্গুলি বিশিষ্ট উভয় হস্তের দ্বারা আমি তোমায় অভিমর্শন (স্পর্শ) করছি। এর তাৎপর্য এই যে আঙুলের দ্বারা কিঞ্চিৎ সংস্পর্শ শরীরকে রোমাঞ্চিত (Sensation) করে। এইরূপ হালকা আনন্দপ্রদ সংস্পর্শে শরীরের তন্তুতে (Nerves) তরঙ্গ প্রবাহ উৎপন্ন হয়, যা তন্তুপ্রবাহের গতিকে তীব্র করে তোলে। ফলস্বরূপ রোগীর শরীর ও মনে বিদ্যুৎতরঙ্গের ন্যায় স্ফূর্তি অনুভূত হয় যা ধীরে ধীরে রোগীর মন এবং শরীরকে স্বাভাবিক করে তোলে। এছাড়াও বেদে মন্ত্রচিকিৎসা, মণিচিকিৎসা, সঙ্কল্পচিকিৎসা প্রভৃতি চিকিৎসাপদ্ধতির উল্লেখ পাওয়া যায়, যা মানসিক স্থিরতা প্রদান করতে সহায়ক।

৫. উপসংহার

উপর্যুক্ত বিবেচনা থেকে আমরা এই মীমাংসাই উপনীত হতে পারি যে, মানবমন নিয়ে আলোচনার ধারা সুপ্রাচীন বৈদিককাল থেকেই প্রবাহমান। ভারতীয় মনীষী মানবজীবনের অন্যসকল তত্ত্বসমূহের ন্যায় মনস্তত্ত্বকেও সমভাবে প্রাধান্য দিয়েছেন। একাদশ ইন্দ্রিয়ের মধ্যে মন হল প্রধান, মনের অনন্ত অপরিসীম শক্তির দ্বারাই ইন্দ্রিয় সকল স্ব-স্বকার্য সম্পাদন করে থাকে। শুধু তাই নয় মনের সঙ্কল্প শক্তির দ্বারাই অখিল বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টি। সমসাময়িক মনোবিজ্ঞানে আলোচিত তত্ত্বসমূহের প্রারম্ভিক সূত্র বৈদিক মনস্তাত্ত্বিক বিবেচনায় উপলব্ধ হয়। মনস্তত্ত্বের জ্ঞাতা ঋষি কেবল মনের তাত্ত্বিক বিবেচনায় ক্ষান্ত থাকেননি মনস্তত্ত্বের বিবেচনার মাধ্যমে মানবমনে ব্যাপ্ত মানসিক অস্থিরতা, মানসিক ব্যাধি তথা মানসিক বিকারাদির উপশমের মূল সূত্রেরও প্রাতিপাদন করেছেন। মানবমন যখন বিষণ্ণতায় অবগাহন করে তখন একমাত্র সমাধানের পথ হিসাবে মনোবিশেষজ্ঞ মনোবিকারগ্রস্ত ব্যক্তির চিত্তের প্রবৃত্তি বা মনোবস্থা বোঝার চেষ্টা করে থাকেন এই মনস্তত্ত্বকে কেন্দ্র করেই। অতএব বৈদিকবাঙ্ময়ে উপলব্ধ মনস্তাত্ত্বিক সন্দর্ভ এখন কেবল ঔপচারিকরূপে অধ্যয়ন-অধ্যাপনার বিষয় নয়। বৈদিক মনোবিজ্ঞান তথা তার উপযোগিতা অনুসন্ধান অনুসন্ধিৎসুগণের কাছে মহত্ত্বপূর্ণ বিষয় হয়ে উঠেছে। অতঃ বলা যেতে পারে যে, বৈদিকবাঙ্ময়ে প্রতিপাদিত মনস্তত্ত্বের বৈজ্ঞানিক ও ব্যবহারিক অনুসন্ধান ভারতীয় জীবনদর্শনকে উচ্চতম উৎকর্ষের প্রতি দিগ্দর্শন করবে।

উল্লেখপঞ্জি

১. *বৃহদারণ্যক উপনিষদ্*, ২/৪/৫।

২. *ভগবদ্গীতা*, ১০/৩২।

৩. *মৈত্রায়ণী উপনিষদ্*, ৬/৩৪।

৪. *যোগবাসিষ্ঠ*, ৩/১১৫/২৪।

৫. *অথর্ববেদ*, ১৯/৯/৫।

৬. *ঋগ্বেদ*, ১০/১২৯/৪।

৭. *অথর্ববেদ*, ১৯/৫২/১।

৮. *ঋগ্বেদ*, ১০/১২৯/২।

৯. *গোপথ ব্রাহ্মণ,* ১/২/১১।

১০. *তৈত্তিরীয় উপনিষদ্,* ৩/৫।

১১. *গোপথ ব্রাহ্মণ,* ১/২/১১।

১২. 'মনো বৈ প্রজাপতিঃ'। *তৈত্তিরীয় ব্রাহ্মণ,* ৩/৭/১/২।

১৩. *তদেব,* ১৪/৩/২/৩।

১৪. *বৃহদারণ্যক উপনিষদ্,* ১/৫/৩।

১৫. *গোপথ ব্রাহ্মণ,* ১/২/১১।

১৬. *যজুর্বেদ,* ৩৪/১।

১৭. *তদেব,* ৩৪/২।

১৮. Guilford, J.P.. *General Psychology.* D. Van Nostrand Company, Inc. 1961, P. 91.

১৯. *যজুর্বেদ,* ৩৪/৩।

২০. *তদেব,* ১১/১।

২১. *তদেব,* ১১/২।

২২. *ভগবদ্গীতা,* ১৮/৩০।

২৩. *তদেব,* ১৮/৩৩।

২৪. 'যয়া তু ধর্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জুন। প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী'।। *তদেব,* ১৮/৩৪।

২৫. 'যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ। ন বিমুঞ্চতি দুর্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী'।। *তদেব,* ১৮/৩৫।

২৬. *যজুর্বেদ,* ৩৪/৪।

২৭. *ঋগ্বেদ,* ১০/৫৮/১২।

২৮. *যজুর্বেদ,* ৩৪/৬।

২৯. *অথর্ববেদ,* ৬/৪১/১-২।

৩০. *শতপথ ব্রাহ্মণ.,* ১৪/৪/৩/৯।

৩১. *বৃহদারণ্যক উপনিষদ্,* ১/৫/৩।

৩২. *ঐতরেয়োপনিষদ্,* ৩/১/২।

৩৩. *তদেব,* ৬/৪৫/২।

৩৪. সেনগুপ্ত, অধ্যাপক প্রমোদবন্ধু। *মনোবিদ্যা*। কলিকাতা : ব্যানার্জী পাবলিশার্স, ২০০৫। পৃ. ৩০৭।

৩৫. Freud, Dr. Sigmund. *The Interpretation of Dreams*. New York: The Macmillan Company, 1913. P. 136.

৩৬. বসু, শ্রীগিরীন্দ্রশেখর। *স্বপ্ন*। কলকাতা : পত্রলেখা, ২০২০। পৃ. ৫৯।

৩৭. *অথর্ববেদ,* ৭/১০১/১।

৩৮. *তদেব,* ৬/৪৬/১।

৩৯. *অথর্ববেদ,* ১৬/৫/১।

৪০. *তদেব,* ১৬/৫/২।

৪১. *তদেব,* ৫/১১/১।

৪২. *তদেব,* ৬/৯৪/২।

৪৩. *ঋগ্বেদ,* ১০/৬০/১২; *অথর্ববেদ,* ৪/১৩/৬।

৪৪. *ঋগ্বেদ,* ১০/১৩৭/৭; *অথর্ববেদ,* ৪/১৩/৭।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অথর্ববেদঃ (শৌনকীয়ঃ) – সায়ণভাষ্যসহিতঃ। হোশিআরপুর: বিশ্বেশ্বরানন্দ বৈদিক শোধ সংস্থান, ১৯৬০-৬৪।

ঈশাদি নৌ উপনিষদ্। গোরখপুর: গীতাপ্রেস, ২০২২।

উপনিষদ্ গ্রন্থাবলী (ভাগ ১-৩)। সম্পা. স্বামী গম্ভীরানন্দ। কলকাতা: উদ্বোধন কার্যালয়, ২০২০।

ঋগ্বেদসংহিতা (শ্রীমৎসায়ণাচার্যবিরচিতভাষ্যসমেতা)। পুনা: বৈদিক সংশোধন মণ্ডল, ১৯৩৬।

ভট্টাচার্য, শ্রীপরেশনাথ। *মনোবিদ্যা*। কলিকাতা: মুখার্জী অ্যাণ্ড কোম্পানী প্রাইভেট লিঃ, ১৯৬৩।

ব্যাসদেব। *ভগবদ্গীতা*। ব্যাখ্যা. শ্রীগিরীন্দ্রশেখর বসু। কলিকাতা: শনিরঞ্জন প্রেস, ১৯৪৮।

যজুর্বেদ সংহিতা। অনু. শ্রীবিজনবিহারী গোস্বামী। কলকাতা: হরফ প্রকাশনী, ১৯৬০।

শতপথব্রাহ্মণ। ব্যাখ্যা. সরস্বতী, স্বামী সমর্পণানন্দ। দিল্লী: দয়ানন্দ সংস্থান, ১৯৬৬।

সরস্বতী, স্বামী আত্মানন্দ। *মনোবিজ্ঞান তথা শিবসঙ্কল্প*। রাবলপিণ্ডী: গুরুকুল পোঠোহার, ১৯৪৩।

নির্বাচিত সোমবংশী অভিলেখে ভাষা ও ব্যাকরণ প্রসঙ্গ

তনুলীনা চৌধুরি

সংক্ষিপ্তসার: ভাষার অর্থ অনুধাবনের জন্য ভাষার আত্মীকরণ অপরিহার্য। কারণ কোন বিষয়ের অর্থ অনেকাংশে তার ভাষার আঙ্গিকে জড়িয়ে রয়েছে। প্রাচীন ভারতীয় ভাষাগুলির মধ্যে অন্যতম হল সংস্কৃত ভাষা। আর ভাষার সঙ্গে যে বিষয়টি আসে সেটি হল সেই ভাষার ব্যাকরণ। কারণ কোনো ভাষা বোধগম্য করতে হলে তার ব্যাকরণ জানা আবশ্যক। বর্তমান প্রবন্ধের মূল আলোচ্য বিষয় যেহেতু অভিলেখমালায় ভাষার প্রসঙ্গ সুতরাং ব্যাকরণকে সঠিকরূপে না বুঝলে অভিলেখের অর্থ স্পষ্ট হওয়া সম্ভব নয়। সংস্কৃত এমন একটি ভাষা যেটি সম্পূর্ণরূপে ব্যাকরণ নির্ভর। ফলত এই ভাষায় প্রযুক্ত কোন বাক্যের অর্থ নির্ধারণ একেবারেই নিয়মনির্দিষ্ট এবং সম্পূর্ণভাবে যুক্তিযুক্ত। সেই কারণবশত আলোচ্য নির্বাচিত অভিলেখগুলিকে ভাষা ও ব্যাকরণের আঙ্গিকে পর্যালোচনার চেষ্টা করা হয়েছে। অভিলেখগুলি নির্বাচনের ক্ষেত্রে যে সময়সীমাটি নির্ধারণ করার চেষ্টা করা হয়েছে তা হল সপ্তম থেকে দশম সাধারণ অব্দ। এবং এখানে যে বিষয়গুলির উপর আলোকপাত করার চেষ্টা করা হয়েছে সেগুলি হল, নির্বাচিত অভিলেখগুলি কী প্রকারের অর্থাৎ গদ্যাত্মক নাকি পদ্যাত্মক, গদ্যগুলির ব্যাকরণ, রাজ প্রশস্তি অংশের ক্ষেত্রে কী ধরনের পরিবর্তন চোখে পড়ছে, পদ্যাত্মকগুলির শ্লোকসমূহের পর্যালোচনা, অভিলেখগুলির সাহিত্যিক মূল্য নিরূপণ, অভিলেখগুলি মূলত কোন রীতি নির্ভর ও ঐ স্থানে কোন কোন বৈদিক শাখার অস্তিত্ব দেখা যাচ্ছে ও যে সকল ব্রাহ্মণদের নাম পাওয়া যাচ্ছে সেগুলির সাপেক্ষে সাহিত্যিক ও ভাষাতাত্ত্বিক মূল্য পর্যালোচনা।

সূচক শব্দ: সোমবংশী, দণ্ডী, *কাব্যাদর্শ*, ছান্দগ্যোচরণ, কৌথুমাচরণ।

যদিও নির্ধারিত সময়কাল অর্থাৎ সপ্তম থেকে দশম সাধারণ অব্দের মধ্যে বহুসংখ্যক অভিলেখ পাওয়া যাচ্ছে, কিন্তু এই বহুসংখ্যক অভিলেখের আলোচনা করা এই স্বল্প পরিসরে সম্ভব নয়, তাই প্রাপ্ত অভিলেখগুলির মধ্যে আটটিকে নির্বাচন করা হয়েছে এবং নির্বাচনের ক্ষেত্রে অভিলেখগুলির প্রকৃতি প্রধান বিবেচ্য হিসেবে গ্রহণ করা হয়েছে। একইসঙ্গে অভিলেখগুলি যাতে একই কালের না হয় সেদিকেও বিশেষ দৃষ্টি রাখা হয়েছে। নির্বাচিত অভিলেখগুলি যথাক্রমে; রাজা মহাশিবগুপ্তের বারদুলা তাম্রশাসন(সাধারণ অব্দ সপ্তম/অষ্টম), শিবগুপ্ত-বালার্জুনের সিরপুর প্রস্তর অভিলেখ(সাধারণ অব্দ সপ্তম/অষ্টম), প্রথম মহাভবগুপ্ত জন্মেজয়ের বক্রতেন্তালি তাম্রশাসন(নবম সাধারণ অব্দ), কালিবাহন তাম্রশাসন(সাধারণ অব্দ নবম) ও ছৌদ্বার তাম্রশাসন (সাধারণ অব্দ দশম), প্রথম মহাশিবগুপ্ত যযাতির ওড়িষা স্টেট মিউজিয়াম প্লেটস্(সাধারণ অব্দ দশম), দ্বিতীয় মহাভবগুপ্ত ভীমরথের কটক তাম্রশাসন(সাধারণ অব্দ দশম) এবং দ্বিতীয় মহাশিবগুপ্ত ধর্মরথের মহুলপার তাম্রশাসন(সাধারণ অব্দ দশম)।

প্রথমেই যে বিষয়টি দেখা যাচ্ছে তা হল, প্রত্যেকটি অভিলেখের শুরুতেই প্রায় মঙ্গলাচরণ বা মঙ্গলাসূচক বিশেষ কয়েকটি শব্দ পাওয়া যাচ্ছে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, বারদুলা তাম্রশাসনে[১] মঙ্গলাচরণসূচক *ওঁ* চিহ্ন ও *স্বস্তি* পদটি পাওয়া যাচ্ছে, সিরপুর প্রস্তর অভিলেখে[২] *ওঁ নমঃ শিবায়...* এরূপ বাক্যটি পাওয়া যাচ্ছে এবং এখানে সরাসরি শিবের মঙ্গলাচরণপূর্বক অভিলেখটি রচনা করা হচ্ছে। আবার বক্রতেন্তলি তাম্রশাসনে[৩] *সিদ্ধম্* ও *স্বস্তি* এই দুটি এবং অন্যান্য তাম্রশাসনগুলিতেও[৪] *সিদ্ধম্*, *ওম্* ও *স্বস্তি* ইত্যাদি মঙ্গলসূচক পদসমূহের দ্বারা তাম্রশাসন শুরু হচ্ছে। তবে বেশীরভাগ অভিলেখের প্রারম্ভেই *সিদ্ধম্*- এই পদটি দেখা যায়, যার আক্ষরিক অর্থ কোন কিছু সিদ্ধ হয়েছে। অর্থাৎ হয়ত কাজটি পূর্বেই হয়ে যেত, শুধুমাত্র সেটিকে লিখিতরূপে রাখার জন্যই হয়ত অভিলেখগুলি রচনা করা হত। যদিও সংস্কৃত সাহিত্যে গ্রন্থ রচনার পূর্বে মঙ্গলাচরণের রীতি অতি প্রাচীন। গ্রন্থারম্ভে সংশ্লিষ্ট গ্রন্থের নির্বিঘ্নে পরিসমাপ্তির জন্য এবং স্বীয় ও সহৃদয়গণের মঙ্গলকামনার্থে প্রায় সকল গ্রন্থকারগণ মঙ্গলাচরণ করে থাকেন। কোথাও কোথাও একে নান্দীও বলা হয়।

এর সাথে আরও একটি বিষয় চোখে পরছে সোমবংশী রাজাদের প্রাপ্ত অভিলেখগুলির মধ্যে বেশীরভাগই তাম্রশাসন এবং সবকটিই প্রায় গদ্যাত্মক। তবে কিছু কিছু অভিলেখ পদ্যাত্মক। যেহেতু সোমবংশীদের আবির্ভাবকাল থেকে অর্থাৎ সাধারণ অব্দ সপ্তম থেকে দশম শতকের মধ্যবর্তী কিছু অভিলেখ নির্বাচন করা হয়েছে, সুতরাং এই সময়পর্বে এই নির্বাচিত অভিলেখগুলির আঙ্গিকে সাহিত্যিক মূল্য সহ উপরি-উক্ত সকল বিষয়গুলিকে ব্যাখ্যা করার চেষ্টা করা হয়েছে। অভিলেখগুলির মধ্যে

বেশীরভাগই তাম্রশাসন বা দানপত্র এবং সেগুলি সবকটিই গদ্যে রচিত। সুতরাং তাম্রশাসনগুলি প্রচারের ক্ষেত্রে একটি নির্দিষ্ট শৈলী দেখা যাচ্ছে এবং এই শৈলীর ক্ষেত্রে মূলত যে বৈশিষ্ট্যগুলি দেখা যাচ্ছে সেগুলি হল প্রথমদিকে দিকে এই তাম্রশাসনগুলির শুরুতে রাজপ্রশস্তি অংশটি রয়েছে। আবার পরবর্তী তাম্রশাসনগুলিতে কোন স্থান থেকে তাম্রপট্টটি প্রচার করা হচ্ছে, সেই স্থানের উল্লেখপূর্বক তাম্রশাসনটি শুরু হচ্ছে এবং অধিকাংশ ক্ষেত্রেই দেখা যাচ্ছে সেটি বিজয়স্কন্ধাবার থেকে প্রচারিত হচ্ছে। যেমন, বারদুলা তাম্রশাসনের[৫] (সাধারণ অব্দ সপ্তম/ মতান্তরে অষ্টম) শুরুতেই দেখা যাচ্ছে সেখানে রাজা শিবগুপ্তের সম্পর্কে একটি দীর্ঘ প্রশস্তির দ্বারা তাম্রশাসনটির সূচনা হচ্ছে। আবার, রাজা প্রথম মহাভবগুপ্ত জন্মেজয়ের বক্রতেন্তলি তাম্রশাসনে[৬] (সাধারণ অব্দ নবম) প্রথমে যে স্থান থেকে দানপত্রটি জারি করা হচ্ছে সেই স্থানের উল্লেখ করা হচ্ছে এবং সেটি যে একটি বিজয় শিবির সেটিও উল্লিখিত হচ্ছে এবং পরবর্তীতে দেখা যাচ্ছে যে স্থান থেকে তাম্রশাসনগুলি প্রচার করা হচ্ছে, সেই স্থান সম্পর্কে বিস্তারিত বর্ণনা দেওয়া হচ্ছে। দৃষ্টান্তস্বরূপ বলা যেতে পারে যে, রাজা প্রথম মহাভবগুপ্ত জন্মেজয়ের কালিবাহন তাম্রপট্টে[৭] মূরসীম নামক একটি অঞ্চল থেকে এই তাম্রশাসনটি প্রচার করা হয়েছে এবং তার পূর্বে এই অঞ্চলটি সম্পর্কে একটি দীর্ঘ বর্ণনা দেওয়া হচ্ছে। আবার, সাধারণ অব্দ দশমে প্রথম মহাশিবগুপ্ত যযাতির ওড়িশা স্টেট মিউজিয়াম পট্টে[৮] দেখা যাচ্ছে, এই তাম্রশাসনটিও বিনিতপুরে স্থাপিত বিজয়শিবির থেকে প্রচারিত হয়েছে। এর পরবর্তী তাম্রশাসনগুলির ক্ষেত্রে অর্থাৎ সাধারণ অব্দ দশম নাগাদ রাজা দ্বিতীয় মহাভবগুপ্ত ভীমরথের কটক তাম্রশাসনে[৯] এবং রাজা দ্বিতীয় মহাশিবগুপ্ত ধর্মরথের মহুলপার তাম্রশাসনে[১০] দেখা যাচ্ছে যে স্থান থেকে তাম্রশাসনটি প্রচার করা হচ্ছে তার বর্ণনাপূর্বক তাম্রশাসনটির সূচনা হচ্ছে এবং এখানে প্রসঙ্গত যে বিষয়টি বিশেষভাবে উল্লেখ্য সেটি হল এই স্থানগুলির বর্ণনার ক্ষেত্রে দীর্ঘ সমাসবদ্ধ পদ দেখতে পাওয়া যাচ্ছে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে, কালিবাহন তাম্রপট্টের[১১] প্রারম্ভে এরকম দীর্ঘ সমাসবদ্ধ পদসমূহের সমাবেশ দেখা যাচ্ছে–

> স্বস্ত্যমলমণিকুট্টিমসদনচলদনেকবখারবিলাসিনীজনচরণনূপুর... নির্জিতসুরসদনমহিম্ন
> শ্রীমতোমূরসীমপত্তনাত্...

আবার, কটক তাম্রশাসনে[১২] এবং ওড়িশা স্টেট মিউজিয়াম পট্টে[১৩] এরকম দীর্ঘ সমাসবদ্ধ পদ দেখতে পাওয়া যাচ্ছে এবং রাজপ্রশস্তি অংশটিতেও বেশ কিছু দীর্ঘ সমাসবদ্ধ পদের উল্লেখ পাওয়া যাচ্ছে–

> মহানদীতুঙ্গতরঙ্গভঙ্গস্ফারোচ্ছলচ্ছীকরবড্ডিরারাত্
> ধর্মার্থোচিতশাস্ত্রনিশ্চিতনয়ণ্যাপারপৌরপ্রজাখ্যাতামাত্যমাতাদ্বিনীতপুরতোন্বর্থপ্রসিদ্ধাহ্বয়াত্ –

পরবর্তী তাম্রশাসনগুলিতেও[১৪] এই একই প্রবণতা দেখা যাচ্ছে। সুতরাং প্রচার স্থানের নামকরণ থেকে শুরু করে প্রশস্তি অংশ সবেতেই দীর্ঘ সমাসবদ্ধ পদের প্রবণতা রয়েছে। অতএব এখানে ওজোগুণের বাহুল্য দেখা যাচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য আচার্য দণ্ডী *কাব্যাদর্শে*[১৫] গ্রন্থে ওজোগুণের লক্ষণ প্রসঙ্গে বলেছেন যে, সমাসের বাহুল্যই ওজোগুণের বৈশিষ্ট্য এবং এটি গদ্যের প্রাণস্বরূপ। সুতরাং আলোচ্য তাম্রশাসনগুলিতেও তার ব্যতিক্রম নেই। আবার সমাসের বাহুল্যজনিত সন্ধির প্রবণতাও দেখা যাচ্ছে। কারণ সমাসে সন্ধি নিত্য। তবে কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে পদগুলি সন্ধিবদ্ধভাবে থাকলেও বস্তুত সমাসবদ্ধ নয়। যেমন দৃষ্টান্তরূপে বলা যেতে পারে বারদুলা তাম্রশাসনে[১৬] *স্বস্তি-* এই পদটিকে একটি বড় পদের সঙ্গে সন্ধিবদ্ধভাবে দেখা যাচ্ছে, কিন্তু প্রকৃতপক্ষে তা সমাসের অন্তর্গত নয়–

> স্বস্ত্যশেষক্ষিতীশবিশেষাসাদিতমহনীয়...

আবার পদ্যাত্মক অভিলেখগুলিতে সমাসের বাহুল্য অপেক্ষাকৃত কম দেখা যাচ্ছে। যেমন, সিরপুর প্রস্তর অভিলেখটি[১৭] সম্পূর্ণরূপে শ্লোকাকারে রচিত এবং এখানে শ্লোকগুলিতে দীর্ঘ সমাসবদ্ধ পদের বাহুল্য অনেক কম দেখা যাচ্ছে। সুতরাং এখানে দীর্ঘ সমাসবদ্ধ পদ দেখা যাচ্ছে যেখানে সন্ধির ব্যবহার রয়েছে। সুতরাং এখান থেকে এই বিষয়টি স্পষ্ট হয় যে অভিলেখের রচয়িতারা সমাস এবং সন্ধির যথাযথ ব্যবহার করেছেন। এ প্রসঙ্গেও উল্লেখ্য যে দণ্ডী তাঁর *কাবাদ্যর্শে*[১৮] ওজোগুণের লক্ষণে বলেছেন, দক্ষিণ দেশবাসী ভিন্ন অন্য কবিগণ পদ্যেও সমাসের বাহুল্যকে অবশ্য গ্রহণীয় বলে মনে করেন। উক্ত বক্তব্যের প্রসঙ্গে বলা যেতে পারে দণ্ডী বৈদর্ভ মার্গের সমর্থক ছিলেন এবং তিনি মনে করেন শ্লেষ,

প্রসাদ, সমতা, মাধুর্য, সুকুমারতা, অর্থব্যক্তি, উদারতা, ওজঃ, কান্তি ও সমাধি নামক এই দশটি গুণ বৈদর্ভ মার্গের প্রাণস্বরূপ। তিনি কারিকাতে বলেছেন যে দক্ষিণ দেশবাসী ভিন্ন কবিরা পদ্যে সমাসাধিক্য পছন্দ করেন। সুতরাং তিনি বলতে চেয়েছেন যে, দক্ষিণ দেশবাসী কবিগণ পদ্যে সমাসের প্রয়োগ কম করেন এবং ভৌগোলিক অবস্থানগত দিক দিয়ে বিদর্ভ অঞ্চলটির অবস্থানও দাক্ষিণাত্যের কাছে এবং এই প্রশস্তিটি যে স্থান থেকে প্রচার করা হচ্ছে সেই শ্রীপুর অঞ্চলটির অবস্থানও বিদর্ভের খুব কাছাকাছি। অতএব এখান থেকে একটি বিষয় অনুমিত হয় যে, হয়ত বিদর্ভের কাছাকাছি অবস্থানের দরুণ অভিলেখগুলিতে বৈদর্ভ মার্গ অনুসৃত হচ্ছে।[১৯] আবার একথাও ঠিক বিদর্ভের কাছে অবস্থানের জন্যই তিনি যে বৈদর্ভ মার্গ অনুসরণ করছেন এমনটা নাও হতে পারে। কারণ কোন্ কবি কোন্ মার্গ অনুসরণ করবেন সেটি একান্তই তাঁর সিদ্ধান্ত।

এছাড়াও প্রশস্তির পরবর্তী অংশে রাজার কীর্তি প্রদর্শনের জন্য উপমার ব্যবহার দেখা যাচ্ছে এবং সর্বত্র উপমার বহুল প্রয়োগ দেখা যাচ্ছে। দৃষ্টান্তস্বরূপ, বারদুলা তাম্রশাসনে[২০] রাজা শিবগুপ্তকে শিবতনয় কার্তিকস্বরূপ বা দেবসেনাপতির সঙ্গে তুলনা করা হয়েছে এবং বলা হচ্ছে কৃত্তিবাস বা শিবের পুত্র যেমন কার্ত্তিক তেমনি রাজা হর্ষদেবের পুত্র হলেন রাজা শিবগুপ্ত, অর্থাৎ তিনি যে শৌর্য-বীর্যে কার্ত্তিকের ন্যায় গৌরব অর্জন করেছিলেন এবং পিতার মুখ উজ্জ্বল করেছিলেন সেটিই এখানে উপমা অলংকারের মাধ্যমে বোঝানো হয়েছে।এছাড়া পদ্যের ক্ষেত্রেও বেশ কিছু বৈশিষ্ট্য দেখা যাচ্ছে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে যে, সিরপুর প্রস্তর অভিলেখে[২১] এছাড়া এখানে বেশীরভাগ ক্ষেত্রে উপমার বহুল প্রয়োগ দেখা যাচ্ছে। পদ্যের শুরুতে যে শ্লোকটি পাওয়া যাচ্ছে, সেটি হল-

> পায়াদলিঙ্গিতা যুষ্মান্ কণ্ঠমেচকরোচিষা... তনুচ্ছবিঃ...

সম্পূর্ণ শ্লোকটির বঙ্গানুবাদ করলে অর্থ হয় শম্ভু বা শিবের ভস্ম যেন অঙ্গরাগস্বরূপ, সেই ধূসর ভস্ম মেখে যার তনু বা শরীর ছায়াকৃষ্ণ অর্থাৎ কালো বা কৃষ্ণকায় হয়েছে এমন যে উদয়ন- এখানে উপমার ব্যবহার করা হচ্ছে এবং এই উপমার মাধ্যমে তাঁর চরম শিবভক্তির দিকটি তুলে ধরা হচ্ছে অর্থাৎ হয়ত তিনি যে পরম শৈব ছিলেন সেদিকটিই হয়ত তুলে ধরা হয়েছে।[২২] এখানে শ্লোকটি উদয়নের বিশেষণরূপে ব্যবহৃত হয়েছে। আবার শ্রীনন্নদেবের ক্ষেত্রেও উপমার ব্যবহার করা হচ্ছে –

> পূর্ণাংনন্নশ্বরো.........যশ্চকারোর্ব্বী শিবালয়ৈঃ

অর্থাৎ তাঁর রাজধানী যেন শিবালয় তুল্য এবং সেখান থেকে যিনি ঊর্বী অর্থাৎ পৃথিবীকে শাসন করছেন, সেই পুণ্যবান নন্নেশ্বর নামে খ্যাত এবং তিনি অভিমানমহোদয় অর্থাৎ আত্মমর্যাদাপূর্ণ ছিলেন অর্থাৎ তিনি যে মহান এক ব্যক্তিত্ব ছিলেন সেটিই বোঝানো হয়েছে। এখানে তাঁর রাজ্যের সাথে শিবালয়ের তুলনা করা হচ্ছে, অর্থাৎ শিবালয়টি উপমান এবং রাজধানীটি উপমেয়। দণ্ডী তাঁর *কাব্যাদর্শ*[২৩] গ্রন্থে উপমার লক্ষণ প্রসঙ্গে বলেছেন, *যথাকথঞ্চিত্ সাদৃশ্যং যত্রোদ্ভূতং প্রতীয়তে/ উপমা নাম সা, তস্যাঃ প্রপঞ্চোয়ং নিদর্শ্যতে।।* অর্থাৎ উপমার ক্ষেত্রে চারটি বিষয় আবশ্যক - উপমান (যার সঙ্গে তুলনা করা হয়), উপমেয় (যাকে তুলনা করা হয়), একটি সাধারণ ধর্ম এবং সাদৃশ্যবাচক শব্দ। উপমার ক্ষেত্রে সাধারণ ধর্মটিকে বেছে নিয়ে দুটি বস্তুর মধ্যে সাদৃশ্য কল্পনা করা হয়ে থাকে। উপমার গুরুত্ব প্রায় সকল ভাষাতেই পরিলক্ষিত হয় এবং এটি প্রাচীনতম অলংকার। এর পরবর্তীতে শিবগুপ্তের ক্ষেত্রে প্রচুর পরিমাণে উপমার ব্যবহার করা হচ্ছে। যেমন,

> ধনুর্ব্বিজ্ঞানমুখ্যো যঃ খ্যাতো বালার্জুনাখ্যয়া

অর্থাৎ ধনুর্বিদ্যায় বিশেষ দক্ষতার কারণে যিনি বালার্জুন অর্থাৎ বালকরূপ অর্জুনরূপে খ্যাত হয়েছিলেন। এখানে বালরূপম্ অর্জুনঃ = *বালার্জুন*- পদটি নিষ্পন্ন হয়েছে। অতএব তাঁর অপর এক নাম বালার্জুন সেটি বর্ণনার ক্ষেত্রে বিশেষ শব্দের প্রয়োগ করা হচ্ছে। এখানে আবার বর্গীয় ব-এরই ব্যবহার হয়েছে এবং এক্ষেত্রে উৎকীর্ণকারের কোন ত্রুটি দেখা যাচ্ছে না এবং শিবগুপ্তের বিশেষণরূপে *তস্যাজনিষ্টেষ্টরণ* (তাঁর অর্থাৎ হর্ষদেবের থেকে যে শিবগুপ্তের উদ্ভব হচ্ছে তাঁর কাছে রণ বা যুদ্ধ হল ইষ্টেরও ইষ্ট অর্থাৎ খুবই প্রিয়), *ধনুর্বিজ্ঞানমুখ্যো* (ধনুর্বিদ্যায় বিশেষভাবে পারদর্শী)- এই পদগুলি ব্যবহৃত হয়েছে।[২৪] এরপরবর্তী শ্লোকগুলিতে (৬ ও ৭নং) রাজা শিবগুপ্তের প্রশস্তি করা হয়েছে। প্রথমে (৬নং শ্লোকে)

তিনি ঠিক কতখানি যুদ্ধে পারদর্শী ছিলেন, সেটি উপমার মাধ্যমে তুলে ধরা হয়েছে। এখানে বলা হয়েছে-

> শ্যামামসিলতাং সংখ্যে কৃত্বা.........মত্তমাতঙ্গমৌক্তিকৈঃ

অর্থাৎ তাঁর তরবারীটি ছিল শ্যামবর্ণের বা কালচে রঙের। এখানে *শ্যামাম্* - *অসিলতাং* -এই পদদ্বয়ের মধ্যে সন্ধি হয়ে পদটি নিষ্পন্ন হয়েছে এবং এখানে সংখ্য শব্দের অর্থ হল যুদ্ধ। সুতরাং সম্পূর্ণ বাক্যটির অর্থ হল শ্যামবর্ণের তরবারীকে যিনি বাল্যকাল থেকেই নিজের সঙ্গিনীরূপে গ্রহণ করেছেন এবং সেই তরবারীর দ্বারা তিনি যুদ্ধক্ষেত্রে শত্রুপক্ষের মত্তমাতঙ্গদের মস্তক এমনভাবে ছেদন করছেন যার ফলস্বরূপ সেই মাতঙ্গবর্গের বিদীর্ণ মস্তক থেকে বিচ্যুত মুক্তরাশি যখন তাঁর তরবারীতে লেগে যাচ্ছে, সেটি দেখে মনে হচ্ছে, তিনি তাঁর প্রিয়াস্বরূপ সেই তরবারিকে যেন মুক্তোর অলংকারে অলংকৃত করছেন, অর্থাৎ প্রিয়াকে যেমন মুক্তোর অলংকারে অলংকৃত করা হয়, ঠিক তেমনি তিনিও তাঁর প্রিয়াস্বরূপ সেই তরবারীকে মুক্তোর অলংকারে অলংকৃত করছেন। আলোচ্য শ্লোকটিতে উৎপ্রেক্ষা অলংকার হয়েছে। দণ্ডী উৎপ্রেক্ষা অলংকারের[২৫] লক্ষণ প্রসঙ্গে বলেছেন- *অন্যথৈব স্থিতা বৃত্তিশ্চেতনস্যেতরস্যবা/ অন্যথোত্‌প্রেক্ষতে যন্ন তামুত্‌প্রেক্ষা বিদুর্যথা*।। অর্থাৎ উৎপ্রেক্ষার ক্ষেত্রে উপমেয় বা প্রকৃত বস্তুর স্বরূপ উপমান বা আরোপিত বস্তুর স্বরূপ রূপে কল্পনা করা হয়। এখানে প্রকৃত বিষয় বা উপমেয়টি হল রাজা শিবগুপ্ত যুদ্ধক্ষেত্রে তরবারীদ্বারা শত্রুপক্ষের মাতঙ্গবর্গের মাথা বিচূর্ণ করছেন, যার ফলে সেই মাতঙ্গবর্গের মস্তক থেকে স্খলিত মুক্তরাশি তাঁর তরবারীকে স্পর্শ করছে এবং উপমান বা আরোপিত বিষয়টি হল এটি দেখে মনে হচ্ছে যেন তিনি তাঁর প্রিয়াস্বরূপ তরবারীকে ঐ সকল মত্তমাতঙ্গাদির মুক্তরাশির দ্বারা অলংকৃত করছেন বা সাজিয়ে দিচ্ছেন। সুতরাং এখানে প্রকৃত বিষয়কে অপ্রকৃত বিষয়ের স্বরূপ রূপে দেখানো হচ্ছে, তাই উৎপ্রেক্ষা পরিলক্ষিত হচ্ছে। উৎপ্রেক্ষাও একটি বহুল প্রচলিত অলংকার। বাণভট্ট *হর্ষচরিত-* এর প্রথম উচ্ছাসের প্রারম্ভেই[২৬] ভারতবর্ষের কোন অঞ্চলের কবিদের ক্ষেত্রে কী ধরনের কাব্যশৈলী দৃষ্ট হয় সেটির উল্লেখ করেছেন এবং সেখানে তিনি উৎপ্রেক্ষাকে দাক্ষিণ্যাত্যের কবিদের প্রিয় বলে উল্লেখ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য উক্ত অভিলেখটির প্রচারস্থান সিরপুর বা প্রাচীন শ্রীপুর এবং ভৌগোলিক অবস্থানের দিক থেকে এটি দক্ষিণ কোশলের মধ্যস্থিত। অতএব এটি দাক্ষিণাত্যের খুব কাছাকাছি বলা যায় এবং এই বিষয় থেকে এটিও অনুমিত হয় যে হয়ত সেই কারণবশত এখানে উৎপ্রেক্ষার প্রয়োগ দেখা যাচ্ছে। এছাড়াও এখানে প্রিয়াম্ আবালং কুরুতে= *প্রিয়ামাবালংকুরুতে-* এই সমাসবদ্ধ পদটি উৎপন্ন হয়েছে এবং এখানেও অভিবিধি অর্থে আ এই অব্যয়টি প্রযুক্ত হয়ে আবালম্- এই পদটি নিষ্পন্ন হয়েছে অর্থাৎ এখানে বাল্য থেকে এরূপ অর্থ দ্যোতিত হয়েছে।[২৭] আবার এর পরবর্তী শ্লোকটিতে (৭নং) *সায়কৈঃ* অর্থাৎ বাণসমূহকে রাজা শিবগুপ্তের অনুগত ভৃত্যের সঙ্গে তুলনা করা হয়েছে। এখানে *সায়কৈঃ-* এটি হল উপমেয় (যাকে তুলনা করা হয়েছে) ও *সুভৃত্য* হল উপমান (যার সঙ্গে তুলনা করা হয়েছে) এবং *ইব* হল সাদৃশ্যবচক শব্দ। সুতরাং এখানে উপমা অলংকার হয়েছে, তবে এখানে বাণের দ্বারা এই অর্থে *সায়কৈঃ-* এই পদটিতে তৃতীয়া বিভক্তি হয়েছে, অতএব তার উপমানস্বরূপ *সুভৃত্য-* পদটিতেও তৃতীয়া হওয়ার কথা, কিন্তু এক্ষেত্রে তা হয়নি। অতএব এখানে অপাণিনীয় প্রয়োগ দেখা যাচ্ছে। এছাড়াও এই শ্লোকটির মাধ্যমে মূলত যে অর্থটি দ্যোতিত হচ্ছে, সেটি হল রাজা শিবগুপ্তের শরগুলি তাঁর সুভৃত্যস্বরূপ অর্থাৎ অনুগত এবং সেই শরের দ্বারা তিনি যুদ্ধক্ষেত্রে শত্রু রাজন্যবর্গের এমন অবস্থা করছেন, যেটি দেখে মনে হচ্ছে যেন স্মর অর্থাৎ কামদেব রাজাকে স্ত্রীসমূহ উপহার দিচ্ছেন, অর্থাৎ আলোচ্য শ্লোকটির মাধ্যমে বোঝানো হয়েছে যে রাজা শিবগুপ্ত যুদ্ধে শত্রুরাজাদের পরাজিত করে এমন অবস্থা করছেন যে তাঁদের পুরুষত্ব আর অবশিষ্ট থাকছে না এবং রাজার অপরূপ কান্তি ও বীরত্বের কাছে তাঁরা অর্থাৎ শত্রুরাজারা স্ত্রীরূপে প্রতিভাত হচ্ছেন। কিন্তু কবি কল্পনা করেছেন যে, কামদেব যেন রাজার কাছে প্রচুর স্ত্রীরত্ন অর্পণ করছেন। এখানে *রাজকম্-* এই পদটিতে সমূহার্থে কন্ প্রত্যয় হয়েছে অর্থাৎ রাজক বলতে রাজাসমূহকে বোঝানো হয়েছে। এখানে অতিশয়োক্তি অলংকার হয়েছে, কেননা বিশেষ অর্থাৎ উপমেয়ের অত্যধিক উক্তি বা বর্ণনাকে অতিশয়োক্তি বলা হয়। আচার্য দণ্ডী অতিশয়োক্তির লক্ষণ প্রসঙ্গে বলেছেন, *বিবক্ষা যা বিশেষস্য লোকসীমাতিবর্তিনী/ অস্যাবতিশয়োক্তিঃ স্যাদলঙ্কারোত্তোমা যথা।।*[২৮] এছাড়াও অভিলেখের শেষে *এতদামেদিনীনাশাদামোদোন্মাদ...* - এই পদটি পাওয়া যাচ্ছে এবং এখানেও

অভিবিধি অর্থে আঙ্- এই অব্যয়টি প্রযুক্ত হয়েছে[২৯] এবং এই অভিলেখটির সময়কালের দিকে যদি দৃষ্টিপাত করা হয় তাহলে দেখা যাচ্ছে সেটি হল সপ্তম সাধারণ অব্দ।

সংস্কৃত বাক্যার্থের বোধ বা মূল বক্তব্য কি সেটি বুঝতে গেলে কারকের জ্ঞান থাকা আবশ্যক। এখানে অভিলেখগুলিতে যে ধরনের বাক্য দেখা যাচ্ছে যে রাজপ্রশস্তির অংশটি শুদ্ধ সংস্কৃতে লেখা এবং পাণিনীয় নিয়মবিধি অনুসৃত হয়েছে। এখানে আরও একটি বিষয় লক্ষ্য করা যাচ্ছে, সেটি হল প্রতিটি তাম্রশাসনের[৩০] ক্ষেত্রে কয়েকটি নির্দিষ্ট ক্রিয়াপদের ব্যবহার লক্ষ্য করা যাচ্ছে, সেগুলি হল *সমাজ্ঞাপয়তি*, *প্রতিবস্তব্যম্* প্রভৃতি। *সমাজ্ঞাপয়তি* পদটির অর্থ হল সম্যকরূপে জানানো অর্থাৎ কোন একটি বিষয়ে অবগত করানো এবং প্রায় প্রতিটি তাম্রশাসনেই[৩১] দেখা যাচ্ছে যে রাজা তাঁর উচ্চপদস্থ রাজপুরুষ ও কিছু অধীনস্থ কর্মচারীদের উল্লেখপূর্বক এই *সমাজ্ঞাপয়তি* পদটির প্রয়োগ করছেন; যেমন সমাহর্তৃ, সন্নিধাতৃ, দণ্ড, পাশিক, চাট, ভট প্রমুখ এবং ভবিষ্যত প্রজন্মের রাজাদের ও কোন কোন ক্ষেত্রে গ্রামবাসীদেরও তিনি উল্লেখ করছেন। এখানে একটি বিষয় উল্লেখ্য যে এই দানগুলি যখন লিখিত হচ্ছে তখন সবসময় যে এই উল্লেখ্য সকল ব্যক্তিবর্গ উপস্থিত থাকতেন এমনটি নয়, কেননা এত সংখ্যক ব্যক্তির একত্রে উপস্থিত থাকাটা কিছুটা অসম্ভব বিষয়। হয়ত এই সকল ব্যক্তি অর্থাৎ যারা এই গ্রামের সঙ্গে বা গ্রামের দেখভাল করার ব্যাপারে সরাসরি জড়িত তাদেরকে গ্রামদানের বিষয়টি যথাযথরূপে অবগত করার জন্যই এরূপ ক্রিয়াপদের প্রয়োগ করা হয়েছে, যাতে এ বিষয়ে সকলে অবগত থাকেন ও যথাযথভাবে তা পালন করেন।[৩২] তবে *প্রতিবস্তব্যম্* পদটির ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এমনিতে কর্তৃবাচ্যে বস্ ধাতুর উত্তর তব্য প্রত্যয় করে বাস্তব্য রূপটি নিষ্পন্ন হয়, কিন্তু এখানে প্রসঙ্গানুযায়ী প্রতিবেশীরূপে বাস করতে হবে এরূপ অর্থ না ধরলে বাক্যের অর্থ স্পষ্ট হয় না। এছাড়াও বক্রতেন্তলি তাম্রশাসন[৩৩] সহ প্রায় প্রতিটি তাম্রপট্টে আরও একটি ক্রিয়াপদসূচক পদ দেখা যাচ্ছে, কিন্তু এটি বস্তুত ক্রিয়াপদ নয়, কৃৎ প্রত্যয়ান্ত একটি প্রাতিপদিক। মূল যে বাক্যটি পাওয়া যাচ্ছে, সেটি হল

> ভাবিভিশ্চ- ভূপতিভির্দ্দত্তেরিয়মস্মদীয়া...স্বদত্তিরিবানুপালনীয়া...

এই পদটির বিসন্ধিকৃতরূপটি হল ভাবিভিঃ চ ভূপতিভিঃ দত্তঃ ইয়ম্ অস্মদীয়া ধর্মগৌরবাত্ অস্মত্ অনুরোধাচ্চ স্বদত্তঃ ইব অনুপালনীয়া অর্থাৎ যার অর্থ পরবর্তী ভূপতিগণ যেন আমাদের দ্বারা প্রদত্ত এই ভূমিকে ধর্মের মাহাত্ম্য রক্ষার্থে ও আমাদের অনুরোধের জন্য এই ভূমিটিকে নিজেদের প্রদত্ত মনে করে তার যথাযথ রক্ষা করেন- এখানে বাক্যটি কর্মবাচ্যে প্রযুক্ত হয়েছে এবং যথাযথ দেখভাল করা অর্থে *অনুপালনীয়া* পদটি প্রযুক্ত হয়েছে। অনু পদটির অর্থ পরবর্তী অর্থাৎ পরবর্তী রাজারা যাতে এই প্রদত্ত ভূমির এবং দানের যথাযথ রক্ষা করেন সেই কারণবশতই এই পদটির প্রয়োগ দেখা যাচ্ছে এবং এর সঙ্গে বক্রতেন্তলি তাম্রশাসনে[৩৪] *আচন্দ্রতারকার্কক্ষিতিসমকালায়*- এই পদটি পাওয়া যাচ্ছে এবং বারদুলা তাম্রশাসনে[৩৫] *আচন্দ্রার্কসমকালোপ...*- এরূপে পদটি পাওয়া যাচ্ছে। যার অর্থ যতদিন পর্যন্ত চন্দ্র-সূর্য বা চন্দ্র ও নক্ষত্র অবস্থান করবে ততদিন পর্যন্ত দানপ্রাপকদের ভূমির অধিকার বজায় থাকবে।[৩৬] এর সঙ্গে প্রশস্তি অংশে ধর্মানুশংসন শ্লোক দেখতে পাওয়া যাচ্ছে এবং পরবর্তী তাম্রশাসনগুলিতে প্রশস্তি অংশের ও ধর্মানুশংসন শ্লোকের আধিক্য দেখা যাচ্ছে। এখান থেকে একটি বিষয় অনুমিত হয় যেহেতু অভিলেখগুলিতে *আচন্দ্রতারকার্কক্ষিতিসমকালায়* বা *আচন্দ্রার্কসমকালোপ* এই পদগুলি বারবার দেখা যাচ্ছে এবং ধর্মানুশংসন শ্লোকের আধিক্য বাড়ছে, অতএব নিশ্চই এই সময়ে দান কেড়ে নেওয়া বা দানের যথাযথ রক্ষা করার ক্ষেত্রে অবহেলা করা হত, তাই এই পদগুলির বারবার প্রয়োগ দেখা যাচ্ছে।

এছাড়া চৌদ্বার তাম্রশাসন[৩৭] থেকে *ধর্মকন্দর্পদেব* নামে রাজা প্রথম মহাভবগুপ্ত জন্মেজয়ের একটি বিশেষ নাম পাওয়া যাচ্ছে। ধর্ম শব্দটির অনেক প্রকার অর্থ হতে পারে- ব্যবহার, প্রকৃতি বা স্বভাব, বৈশিষ্ট্য ইতাদি। আবার কন্দর্প বলতে কামদেব বা মদনদেবকে বোঝানো হয়। সুতরাং এখানে হয়ত কামদেবের ন্যায় কান্তিবিশিষ্ট এবং যিনি ধর্ম অর্থাৎ সত্য, ন্যায় বা সুষ্ঠু স্বভাব / প্রকৃতির ধারক- এরূপ অর্থে রাজার নামকরণ করা হয়েছে অর্থাৎ প্রজাগণের নিকট তিনি এতটাই প্রজাবৎসল ছিলেন এবং অসাধারণ কান্তি বা সৌন্দর্যের দরুণ তিনি হয়ত এই *ধর্মকন্দর্পদেব* নামে জনপ্রিয় হয়েছিলেন। অন্যদিকে ধর্ম শব্দের একটি অর্থ যা ধারণ করে তাই ধর্ম এবং ধর্ম বলতে ধর্মরাজ যমকেও বোঝানো হয়ে থাকে। সুতরাং ধর্ম অর্থাৎ যিনি ন্যায় ও অন্যায়ের নির্ধারক বা বিচারকর্তা– এরূপেও পদটির অর্থ হতে পারে।

এর সাথে আর একটি বিষয় বিশেষভাবে দেখা যাচ্ছে যে ওড়িশা স্টেট মিউজিয়াম পট্টে[৩৮] প্রথমে তাঁদের বংশের তথা সোমবংশের প্রশস্তি করা হয়েছে এবং কেন সেটি চান্দ্রবংশ সেটি বলা হচ্ছে। তারপর সেই বংশটি যে মহাভারতের কুরুবংশের সাথে অন্বিত সেটি বোঝানোর জন্য যুধিষ্ঠিরাদি অন্যান্য নৃপতির বর্ণনাপূর্বক দীর্ঘ প্রশস্তি করা হয়েছে এবং তারপর রাজা মহাভবগুপ্ত জন্মেজয়কে সপ্তদ্বীপের বিভূষণ অর্থাৎ পৃথিবীর অলংকারস্বরূপ বর্ণনাপূর্বক তাঁর প্রশস্তি করে তারপর তাঁর পুত্র যযাতির উল্লেখ করা হচ্ছে। অন্যদিকে কটক তাম্রশাসনে[৩৯] প্রশস্তি অংশে প্রথমে রাজা জন্মেজয়, তারপর তাঁর পুত্র যযাতির এবং তারপর তাঁর পুত্র ভীমরথের উল্লেখ করা হচ্ছে এবং প্রত্যেকের সম্পর্কে প্রশস্তি করা হচ্ছে, তবে এক্ষেত্রে রাজা ভীমরথের দীর্ঘ প্রশস্তি দেখতে পাওয়া যাচ্ছে। আবার মহুলপার তাম্রশাসনে[৪০] প্রশস্তি অংশে প্রথমে রাজা যযাতির, তারপর ভীমরথের এবং তারপর ধর্মরথের প্রশস্তি করা হয়েছে। অভিলেখের ক্ষেত্রে এ ধরণের প্রয়োগ বহুল প্রচলিত এবং দেখা যায় বেশীরভাগ রাজারাই নিজেদের কোন দৈব বংশের সাথে অন্বিত করে নিজেদের পরিচয় দিয়ে থাকেন, যেমন সূর্য বংশ বা চন্দ্র বংশ ইত্যাদি। এর কারণরূপে বলা যায় যেহেতু এই সকল রাজারা নতুন কোন স্থানে এসে নিজেদের সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন, সুতরাং সেখানকার বাসিন্দাদের কাছে যাতে তাদের বংশমর্যাদা বা রাজমাহাত্য অক্ষুণ্ণ থাকে সেই কারণবশতই হয়ত এরূপ সন্নিবেশ।

এছাড়াও তাম্রশাসনগুলি থেকে যে ব্রাহ্মণদের নামগুলি পাওয়া যাচ্ছে, সেগুলি থেকে ঐ বিশেষ বিশেষ অঞ্চলের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের আভাস পাওয়া যাচ্ছে। যেমন, বারদুলা তাম্রশাসনে[৪১] বেশ কিছু ব্রাহ্মণদের নাম পাওয়া যাচ্ছে, যেমন, ত্রৈলোক্যহংসোপাধ্যায়, নারায়ণোপাধ্যায়, বিদ্যাধরহংসোপাধ্যায়, নক্ষত্ররূপ, দুর্গকলশ প্রভৃতি। তবে বেশ কিছু ভিন্ন নামেরও উল্লেখ পাওয়া যাচ্ছে। যেমন, সলোণবিদ্যাধর- এখানে বিদ্যাধরটি হয়ত উপাধি অর্থে এবং লোণ শব্দটি হয়ত লবণ বা লোণার থেকে এসেছে। আবার *অবিগ্রহচরিত* (অবিগ্রহ= যে কখনও ভেঙে পড়ে না এবং চরিত অর্থে বৈশিষ্ট্য এরূপ অর্থ হতে পারে), পোদবরাহ, বিদগ্ধাসুর- এইরকম ভিন্ন ধরনের নামোল্লেখ পাওয়া যাচ্ছে। এটি থেকে অনুমান করা যায় যে হয়ত ঐ অঞ্চলে ব্রাহ্মণদের এধরনের নাম প্রচলিত ছিল এবং ব্রাহ্মণদের উপাধির দিক দিয়েও কিছু সাদৃশ্য ছিল। হয়ত ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যবশতই এই সকল নামের প্রচলন দেখতে পাওয়া যাচ্ছে। এছাড়াও এখানে যে গ্রামটি দান করা হচ্ছে, সেটি হল কোশীরনন্দপুরের বটপদ্রক নামক একটি গ্রাম এবং অন্যদিকে শশাঙ্কের অষ্টম রাজ্যবর্ষে যে মেদিনীপুর তাম্রশাসনটি[৪২] পাওয়া যাচ্ছে, সেখানে যে গ্রামটির উল্লেখ রয়েছে সেটি হল কেতকপদ্রিকা অঞ্চলের কুম্ভারপদ্রক নামক একটি গ্রাম। সুতরাং এই দুটি গ্রামের মধ্যে নামগত সাদৃশ্য রয়েছে, হয়ত মেদিনীপুর ভৌগোলিক দিক দিয়ে সীমান্ত অঞ্চলে অবস্থানের দরুণ এই অঞ্চলগুলির নামগত দিক থেকে সাদৃশ্য দেখা যাচ্ছে এবং হয়ত ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের কারণেই হয়ত এই সাদৃশ্য দেখা যাচ্ছে। এর সাথে সাথে এই ব্রাহ্মণরা যে ছান্দোগ্য ব্রাহ্মণ অর্থাৎ সামবেদীয় শাখার অন্তর্গত সেটিরও উল্লেখ পাওয়া যাচ্ছে। তবে প্রসঙ্গত উল্লেখ্য[৪২] যে এই তাম্রপট্টটিতে প্রথম যে ব্রাহ্মণের উল্লেখ করা হয়েছে তিনি ছান্দোগ্যশাখার অন্তর্গত ব্রাহ্মণরূপে উল্লিখিত হচ্ছেন, কিন্তু বাকি যাদের নাম পাওয়া যাচ্ছে তারা সকলেই ব্রাহ্মণ ছিলেন কিনা সেটি স্পষ্ট নয়। আবার এমনটাও হতে পারে এটি হয়ত তাম্রশাসন রচনার একটি শৈলী যেখানে প্রথমজনকে ব্রাহ্মণরূপে উল্লেখ করে তারপর বাকিদের শুধুমাত্র নামোল্লেখ করা হচ্ছে। অতএব এই বিষয়টি থেকে অবগত হওয়া যাচ্ছে যে হয়ত এই অঞ্চলে সামবেদীয় শাখা খুব গুরুত্বপূর্ণ ছিল। এর পরবর্তীতে বক্রতেন্তলি তাম্রশাসনেও[৪৩] ছান্দোগ্যাচরণের অন্তর্ভুক্ত অর্থাৎ সামবেদীয় শাখার ব্রাহ্মণদের উল্লেখ পাওয়া যাচ্ছে এবং কালিবাহন তাম্রপট্টে[৪৪] বাজসনেয়ী ও মাধ্যন্দিন শাখায় অধ্যয়নরত ব্রাহ্মণদের, আবার ছৌদ্বার তাম্রশাসনে[৪৫] বাজসনেয়ী শাখায় অধ্যয়নরত ব্রাহ্মণদের উল্লেখ পাওয়া যাচ্ছে। তবে ওড়িশা স্টেট মিউজিয়াম পট্টে[৪৬] কিন্তু কোন শাখার উল্লেখ পাওয়া যাচ্ছে না। শুধুমাত্র গোত্র ও প্রবরের উল্লেখ পাওয়া যাচ্ছে। আবার ভীমরথের কটক তাম্রশাসনে[৪৭] সামবেদীয় কৌথুমাচরণের অন্তর্গত এবং ছান্দোগ্যাচরণে অধ্যয়নরত ব্রাহ্মণদের উল্লেখ পাওয়া যাচ্ছে। এর পরবর্তীতে রাজা ধর্মরথের মহুলপার তাম্রশাসনেও[৪৮] কোন বৈদিক শাখার উল্লেখ পাওয়া যাচ্ছে না। এখানেও শুধুমাত্র গোত্র ও প্রবর উল্লিখিত হয়েছে। সুতরাং এগুলি থেকে একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যেতে পারে যে, ঐ সকল অঞ্চলে হয়ত ঐ বিশেষ বিশেষ বৈদিক শাখাগুলির প্রাধান্য ছিল। এছাড়াও এই তাম্রশাসনগুলিতে আরও একটি বিষয় দেখতে পাওয়া যাচ্ছে যে, এখানে বৈদিক শাখার সঙ্গে গোত্র ও প্রবরের উল্লেখ করা হচ্ছে। ব্রাহ্মণ্য

হিন্দু ধর্মে গোত্রের অস্তিত্ব অনেক প্রাচীন। তবে, বর্তমানে এটি পূজা পদ্ধতির মধ্যে সীমাবদ্ধ থাকলেও আদি-মধ্যযুগে এই গোত্র খুবই গুরুত্বপূর্ণ স্থান দখল করেছিল এবং গোত্রের সঙ্গে সঙ্গে প্রবরেরও যথেষ্ট গুরুত্ব ছিল। আলোচ্য তাম্রশাসনগুলির মধ্যে বারদুলা তাম্রশাসনে[৪৯] কোন গোত্র বা প্রবরের উল্লেখ পাওয়া যাচ্ছে না, শুধুমাত্র শাখার উল্লেখ রয়েছে। কালিবাহন তাম্রশাসনে[৫০] পরাশরগোত্র এবং *বাশিষ্ঠশক্তিপারাশর্যপ্রবর* বিশিষ্ট ব্রাহ্মণের উল্লেখ রয়েছে। আবার, প্রথম শিবগুপ্ত যযাতির ওড়িশা স্টেট মিউজিয়াম পট্টে[৫১] কৌশিক গোত্রীয় এবং ত্রিঋষিপ্রবর বিশিষ্ট ব্রাহ্মণের উল্লেখ পাওয়া যাচ্ছে। কটক তাম্রশাসনে[৫২] কৌশিক গোত্রীয় এবং *বিশ্বামিত্র-দেবরাত-ঔন্দল্যপ্রবর* বিশিষ্ট ব্রাহ্মণের উল্লেখ পাওয়া যাচ্ছে। সুতরাং দেখা যাচ্ছে এই তাম্রশাসনগুলিতে ব্রাহ্মণদের নামোল্লেখের ক্ষেত্রে শাখার সঙ্গে সঙ্গে গোত্র ও প্রবরেরও উল্লেখ করা হচ্ছে। প্রবর বিষয়টিও গোত্রের প্রায় সমার্থক। গোত্র বলতে মূলত বৈদিক ঋষিদের বংশকে বোঝানো হয় এবং প্রবর হল ঐ একই বংশের বিশিষ্ট কয়েকজন পুরুষ। প্রকৃতপক্ষে তাম্রশাসনগুলিতে এই গোত্র বা প্রবরগুলির ব্যবহার হয়েছে বংশগত কৌলীন্যের পরিচয় জ্ঞাপনের জন্য। সাথে একটি বিশেষ বৈশিষ্ট্য দেখা যাচ্ছে যে চৌদ্বার তাম্রশাসনে[৫৪] *সাধারণ* নামক একজন রাজকর্মচারীর উল্লেখ পাওয়া যাচ্ছে, যিনি ধর্মশাস্ত্র ও অর্থশাস্ত্র বিশেষভাবে জ্ঞাত ছিলেন। সুতরাং এই সময় থেকে ধর্মশাস্ত্রের প্রধান্য যে বাড়ছে, সেটি চোখে পড়ছে এবং এই সময় সংস্কৃত সাহিত্যের দিক থেকে পর্যালোচনা করলেও দেখা যাবে যে এই সময় নারদ স্মৃতি বা বৃহস্পতি স্মৃতি প্রমুখ স্মৃতি শাস্ত্রও রচিত হচ্ছে।

এর সাথে তাম্রশাসনগুলিতে আর একটি বিষয় উঠে আসছে তা হল, scribe বা উৎকীর্ণকারের কিছু ত্রুটি দেখা যাচ্ছে। যেমন, অনেকক্ষেত্রে সমাসবদ্ধ পদগুলিকে আলাদা লেখার প্রবণতা, আবার বর্গীয় ব-এর স্থানে অন্তঃস্থ ব লেখার প্রবণতা, যেমন, *ব্রাহ্মণান্*- এই পদটিতে বর্গীয় ব-এর স্থানে অন্তঃস্থ ব লেখার প্রবণতা দেখা যাচ্ছে। *তৎপ্রতিনিবাসিকুটুম্বি* - এক্ষেত্রেও বর্গীয় ব-এর স্থানে অন্তঃস্থ ব-এর প্রয়োগ দেখা যাচ্ছে। আবার ত্রি-এর পরিবর্তে তৃ (ত্রিকলিঙ্গাধিপতির স্থলে *তৃকলিঙ্গাধিপতি* লেখা হচ্ছে) ব্যবহৃত হচ্ছে। সেরকমভাবে ণ-এর স্থানে ন লেখা হচ্ছে এবং যেখানে সেখানে বিরামচিহ্নের প্রয়োগ করা হচ্ছে। এছাড়া তাম্রশাসনগুলিতে বর্ণের দ্বিত্ব দেখা যাচ্ছে, যেমন, *যথাকালাধ্যাসিনস্সমা...(স্স), সুবর্ণ্ণপুরসমাবাসিত(ণ্ণ)* এবং অনেকক্ষেত্রে সমাসবদ্ধ পদকে আলাদা লেখার প্রবণতা দেখা যাচ্ছে যেমন, *...প্রকৃষ্ট তরশৌর্য...* প্রভৃতি।[৫৫]

মোটামুটিভাবে অভিলেখগুলির ক্ষেত্রে এসকল বৈশিষ্ট্যই আপাতদৃষ্টিতে চোখে পড়ছে এবং পরিশেষে বলা যেতে পারে যে, যদিও এই স্বল্প পরিসরে অভিলেখগুলির সাহিত্যগত বা ভাষাগত আলোচনা বিশদে সম্ভব নয়, তবে এই আলোচনার মাধ্যমে অভিলেখ থেকে এই সময় কী ধরনের কাব্য লেখা হচ্ছে বা এই সময় থেকে কাব্যের ক্ষেত্রে কী ধরনের বৈশিষ্ট্য দেখা যাচ্ছে সেটি জানা যাচ্ছে। গুপ্তকালীন কাব্যে যেমন, কালিদাসের কাব্যে অলংকারের যে স্বতঃস্ফূর্ত প্রয়োগ দেখা যাচ্ছে তা এই সময় বিরল। এই সময় জটিল ও কষ্টকল্পিত অলংকার প্রয়োগ করার প্রবণতা দেখা যাচ্ছে। সুতরাং এই সকল অভিলেখগুলি সাহিত্যের আঙ্গিকে ব্যাখ্যা করার ফলে একদিকে যেমন ঐ সকল অঞ্চলে কী ধরনের শব্দের প্রয়োগ হত সেটি জানা যাচ্ছে, তেমনি তার সঙ্গে ঐ সময়ে কী ধরনের কাব্য রচিত হচ্ছে, কী ধরনের শৈলী ব্যবহৃত হচ্ছে এবং গদ্য ও পদ্যের ক্ষেত্রে ঐ অঞ্চলে কী ধরনের পরিবর্তন ঘটছে এবং কেন ঘটছে সেটিও বোধগম্য হচ্ছে।

উল্লেখপঞ্জি

১. দণ্ডী, *কাব্যাদর্শ,* পরিচ্ছেদ-১/৮০।

২. J. Sundaram Ed. *USVAE,* Vol-IV, p. 202.

৩. A. M. Sashtri Ed. *ISPS,* Part-II, p. 167.

৪. *তদেব,* p. 183, p. 207, p. 219, p. 257, p. 268.

৫. J. Sundaram Ed. *USVAE,* Vol-IV, p. 202. এখানে *স্বস্ত্যশেষক্ষিতীশবিশেষবিদ্যাভ্যাস......মহাভ্যুদয়* – এই দীর্ঘ সমাসবদ্ধ পদটির মাধ্যমে রাজা শিবগুপ্তের প্রশস্তি করা হচ্ছে এবং এই পদটির অর্থ হল রাজা শিবগুপ্ত সকল প্রকার বিজিগীষুর গুণ সমৃদ্ধ, সকল প্রকার গুণের আকর ও শৌর্য, প্রজ্ঞা ও প্রভাবের প্রতীকস্বরূপ।

৬. A. M. Sashtri Ed. *ISPS*, Part-II, p. 167. তাম্রশাসনটির শুরুতেই সুবর্ণপুরসমাবাসিতশ্রীমতো বিজয়স্কন্ধবারাত্- এই পদটি পাওয়া যাচ্ছে; অর্থাৎ এটি সুবর্ণপুরে স্থাপিত বিজয়-শিবির থেকে প্রচার করা হচ্ছে। পৃ. 207. এখানেও *শ্রীমদারামসমাবাসিনঃ শ্রীমতো বিজয়ক্টকাত্* -এটি পাওয়া যাচ্ছে অর্থাৎ এখানেও শুধুমাত্র বিজয়শিবিরের নাম ও সেই সঙ্গে সেখান যে তাম্রশাসনটি প্রচার করা হচ্ছে, সেটির উল্লেখ করা হচ্ছে।

৭. *তদেব,* p. 183.

৮. *তদেব,* p. 219.

৯. *তদেব,* p. 257-258.

১০. *তদেব,* p. 268-269.

১১. *তদেব,* p. 183.

১২. *তদেব,* p. 257-258.

১৩. *তদেব,* p. 219.

১৪. *তদেব,* p. 257-269.

১৫. দণ্ডী, *কাব্যাদর্শ,* ১/৮০।

১৬. *পূর্বোক্ত,* Sundaram, p. 202.

১৭. তত্রৈব।

১৮. *পূর্বোক্ত,* c, ১/৪১।

১৯. *পূর্বোক্ত,* Sundaram p. 202.

২০. *তদেব,* p. 205.

২১. *তদেব,* p. 205-206.

২২. তত্রৈব।

২৩. *পূর্বোক্ত,* দণ্ডী, পরিচ্ছেদ-২, পৃ. ২৩০।

২৪. *পূর্বোক্ত,* Sundaram, p. 205-206.

২৫. *পূর্বোক্ত,* দণ্ডী, পরিচ্ছেদ-২, পৃ. ৪০৪।

২৬. বাণভট্ট, *হর্ষচরিত,* ১/৭।

২৭. সত্যনারায়ণ চক্রবর্তী, *পাণিনীয় শব্দশাস্ত্র,* পৃ. ২৮১।

২৮. *পূর্বোক্ত,* দণ্ডী, পৃ. ৩৯৫।

২৯. *পূর্বোক্ত,* চক্রবর্তী, পৃ. ২৮১।

৩০. *পূর্বোক্ত,* Sashtri, p. 168, p. 185, p. 208, p. 221, p. 259, p. 270-271.

৩১. তত্রৈব।

৩২. D. C. Sircar, *Indian Epigraphy*, Appendix-I, P.168.

৩৩. *পূর্বোক্ত,* Sashtri, p. 168.

৩৪. *পূর্বোক্ত,* চক্রবর্তী, পৃ. ২৮১।

৩৫. *পূর্বোক্ত,* Sundaram, p. 202-203.

৩৬. *পূর্বোক্ত,* চক্রবর্তী, পৃ. ২৮১।

৩৭. *পূর্বোক্ত,* Sashtri, p. 210.

৩৮. *তদেব,* p. 220. এখানে *সোমাদিস্বকুলোদ্‌গতক্ষিতিরু(ভূ)জাং দেবত্ব...প্রতিপ্রেপ্সানুরূপশ্রিয়ঃ-* এই দীর্ঘ সমাসবদ্ধ পদটি পাওয়া যাচ্ছে এবং এই পদটির মাধ্যমে তাঁরা কেন চন্দ্রবংশজাত তার বর্ণনা করা হচ্ছে।

৩৯. *তদেব,* p. 258-259. এখানেও দীর্ঘ সমাসবদ্ধ পদের দ্বারা রাজা জন্মেজয়ের প্রশস্তি করা হচ্ছে এবং সেখানে *লোকত্রয়প্রথিতশুভ্রয়শোবিতানব্যাপ্তাষ্টদিক্‌প্রসভনির্জিতবৈরিবর্গঃ। রাজা বভূব...সরজবদনো জনমেজয়াখ্যঃ।* – এই পদটি পাওয়া যাচ্ছে। আবার নির্দারিতারিকরি...ধারঃ- এই দীর্ঘ সমাসবদ্ধ পদটির মাধ্যমে রাজা যযাতির কথা বলা হচ্ছে এবং এর ঠিক পরবর্তী অংশে ৭-৯ নং লাইন পর্যন্ত রাজা ভীমরথের প্রশস্তি করা হচ্ছে।

৪০. *তদেব,* p. 269-270. এক্ষেত্রেও ক্রমান্বয়ে তিন পুরুষের প্রশস্তি করে তাম্রশাসনটি শুরু হচ্ছে এবং এই অভিলেখগুলি থেকে এই বংশের বংশতালিকাও পাওয়া যাচ্ছে।

৪১. *পূর্বোক্ত,* Sundaram, p. 202.

৪২. দেবার্চনা সরকার, *নিত্যকালের তুই পুরাতন,* পৃ. ১৪০।

৪৩. *পূর্বোক্ত,* Sundaram, p. 202.

৪৪. *পূর্বোক্ত,* Sashtri, p. 168.

৪৫. *তদেব,* p. 185.

৪৬. *তদেব,* p. 208.

৪৭. *তদেব,* p. 221.

৪৮. *তদেব,* p. 259.

৪৯. *তদেব,* p. 271.

৫০. *পূর্বোক্ত,* Sundaram, p. 202.

৫১. *পূর্বোক্ত,* Sashtri, p. 185.

৫২. *তদেব,* p. 221.

৫৩. *তদেব,* p. 259.

৫৪. *তদেব,* p. 209.

৫৫. *তদেব,* p. 168, p. 185, p. 208, p. 221, p. 259, p. 271.

নির্বাচিত গ্রন্থপঞ্জি

চক্রবর্তী, সত্যনারায়ণ *পাণিনীয় শব্দশাস্ত্র,* কোলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০১২, ২০০৩ (প্রথম প্রকাশ)।

দণ্ডী, *কাব্যাদর্শ,* প্রথম পরিচ্ছেদ, সম্পা. অনিল চন্দ্র বসু, সংস্কৃত বুক ডিপো, ২০০২ (প্রথম প্রকাশ)।

দণ্ডী, *কাব্যাদর্শ,* সম্পা. চট্টোপাধ্যায় চিন্ময়ী, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তকপর্ষৎ।

পতঞ্জলি, *পাণিনীয় মহাভাষ্য,* অনু. পণ্ডিত শ্রীমোক্ষদাচরণ সমাধ্যায়ী (প্রথম আহ্নিক থেকে নবম আহ্নিক), শ্রীশ্রীরামকৃষ্ণ মিশন, ১৩১৬।

রাজশেখর, *কাব্যমীমাংসা,* সম্পা. নগেন্দ্রনাথ চক্রবর্তী, শান্তিনিকেতন: শান্তিনিকেতন প্রেস, ১৯৬০/১৩৬৭।

সরকার, দেবার্চনা *নিত্যকালের তুই পুরাতন,* পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২০১৩ (প্রথম প্রকাশ)।

Bāṇabhaṭṭa, *Harshacharita*, ed. Kane, Pandurang vaman, *The Harshacharita* Bombay: 1918 (1st ed.).

Kane, Pandurang vaman *History of Dharmaśāstra*, Vol-I Pt. I, Poona: Bhandarkar Oriental Research Institute, 1930.

Mitra Shastri, Ajay *Inscriptions of The Śarabhapurīyas, Pāṇḍuvaṁśins and Somavaṁśins*, Part I, Introduction and Part II, Inscriptions, New Delhi: Indian Council of Historical Research and Delhi: Motilal Benarsidass, 1995 (1st ed.).

Sharma, Rama Nath *The Aṣṭadhyayī of Paṇini*, Vol-IV, Munshirtm Manoharlal, 2002.

Sircar, D. C. *Indian Epigraphjy*, Motilal Banarsidass, Delhi: 1965 (1st ed.).

সুকুমারী ভট্টাচার্যের কলমে নারী উত্তরণ: প্রাচীন থেকে বর্তমান

রাণু মণ্ডল

সংক্ষিপ্তসার: একবিংশ শতাব্দীর রজত জয়ন্তী বছরে দাঁড়িয়েও প্রায়ই শুনতে পাওয়া যায় বধূ নির্যাতন, গার্হস্থ্য হিংসা, গণধর্ষণ, ধর্ষণ করে খুনের মতো একাধিক নারী নির্যাতনের কথা। সেখানে ছয়মাসের শিশু থেকে অশীতিপর বৃদ্ধা, হিংস্র হায়নাদের কামনা লোলুপ বিকৃত লালসা থেকে রেহাই পায়না কেউই। নারী মানেই যেন সে কামনার বস্তু, নারী মানেই যেন সে সব পুরুষের ভোগ্য, নারী মানেই তার উপর আরোপিত হওয়া সমস্ত অন্যায় মুখ বুজে সহ্য করতে পারা এক অবলা প্রাণী। সে শুধু স্বামীকে সন্তুষ্ট করবে, পুত্র সন্তানের জন্ম দেবে এবং স্বামীর কথার ওপর কথা বলবে না। হিন্দু ধর্মে তথাকথিত উদারতা ও সহিষ্ণুতার আড়ালে নারীদের উপর ঘটে যাওয়া সমস্ত অনাচার ও বিদ্বেষ বিষয়ে প্রথম সচেতন ও সুচিন্তিত দৃষ্টি আরোপ করেছিলেন সুকুমারী ভট্টাচার্য। তাঁর কলমে অতীত থেকে বর্তমানে নারী উত্তরণের নানা দিক নিয়ে আলোচিত হয়েছে এই গবেষণাপত্রে।

সূচক শব্দ: মাতৃত্ব, নারীবাদ, উত্তরণ।

বৈদিক যুগ থেকে আধুনিক যুগ; সমাজের আনাচে কানাচে সযত্নে লালিত হতে থাকা নারী বিদ্বেষ, নারী হিংসা, গার্হস্থ্য হিংসা, নারী কামনার লোলুপ দৃষ্টি, ঘুণ ধরিয়েছে আধুনিকতার রন্ধ্রে রন্ধ্রে। নারী মানেই সে কামনার বস্তু, নারী মানেই ভোগ্য, নারী মানেই তার উপর আরোপিত হওয়া সমস্ত অন্যায় মুখ বুজে সহ্য করতে পারা এক অবলা প্রাণী। সে শুধু স্বামীকে সন্তুষ্ট করবে, পুত্র সন্তানের জন্ম দেবে এবং স্বামীর কথার ওপর কথা বলবে না। হিন্দু ধর্মে তথাকথিত উদারতা ও সহিষ্ণুতার আড়ালে নারী ও শূদ্র সমাজের এই দুই প্রান্তিক শ্রেণির মানুষের প্রতি কী মাত্রায় বিদ্বেষ পোষণ করা হয়েছে সে বিষয়ে সুকুমারী ভট্টাচার্যই প্রথম সচেতন ও সুচিন্তিত দৃষ্টি আরোপ করলেন, সমক্ষে আনলেন নারী নির্যাতনের নানা দিক। তাঁর হাত ধরেই ক্রমে নারী উত্তরণের সুগম পথ নির্মিত হতে লাগলো। সুকুমারী ভট্টাচার্য নিছক একটা নাম নয়, তিনি আলোর পথের পথিক; আলোর পথযাত্রী।

সুকুমারী ভট্টাচার্যের জন্ম ইংরেজি ১২ই জুলাই ১৯২১ খ্রিস্টাব্দে মেদিনীপুর জেলায়। বাবা সরসী কুমার দত্ত এবং মা শান্তবালা দেবী ছিলেন খ্রিস্টান। কলকাতার সেন্ট মার্গারেট স্কুলের পাঠ শেষ করে সংস্কৃত সাহিত্য নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সমস্ত বিভাগের মধ্যে প্রথম শ্রেণিতে প্রথম হয়ে ঈশান স্কলারশিপের দাবিদার হন। কিন্তু জাতিতে খ্রিস্টান হওয়ার দরুণ এই স্কলারশিপ প্রাপ্তি থেকে তাঁকে বঞ্চিত করা হয়। ১৯৫৭ সালে সাহিত্যিক বুদ্ধদেব বসুর আমন্ত্রণে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তুলনামূলক সাহিত্য বিষয়ে অধ্যাপিকা রূপে যোগদান করেন।

সাহিত্য চর্চাতে তিনি কোনোদিন ছেদ আনতে দেয়নি। অবসরের পর আশি-নব্বই এর কোটায় পৌঁছেও একের পর এক নতুন গবেষণায় মেতেছেন তিনি। ইংরেজি বাংলা মিলিয়ে তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৩৫- এর বেশি। জীবৎকালে সুরেশচন্দ্র মজুমদার স্মৃতি পুরস্কার, আনন্দ পুরস্কার, পশ্চিমবঙ্গ সরকারের সম্মাননার মতো স্বীকৃতিও পেয়েছেন। ইতিহাসবিদ রোমিলা থাপারের মতে- “ওঁর কাজ প্রাচীন ভারতীয় ইতিহাস চর্চার ক্ষেত্রে মাইল ফলক হয়ে আছে।”

সুকুমারী ভট্টাচার্য আজীবন লড়াই চালিয়েছেন মৌলবাদ, গোঁড়ামির বিরুদ্ধে; নারী প্রগতির পক্ষে। স্কুল জীবনে উদয় শঙ্করের নৃত্যশৈলী শেখার ক্ষেত্রে বাধার সম্মুখীন হয়েছিলেন বলে ‘গার্ল গাইড’- এ যোগ দিতে অস্বীকার করেন- “ঈশ্বর, সম্রাট এবং দেশের নামে শপথ নিতে আমি অস্বীকার করেছিলাম। আমার মনে হয়েছিল কোনো রাজার প্রতি অনুগত থাকা আমার দ্বারা হবে না।”[১] অথচ এমন এক দৃঢ়চেতা নির্ভিক প্রগতিশীল নারীকে শুনতে হয়েছে বাঙালী খ্রিস্টান পরিবারের মেয়ে, সে কেন সংস্কৃত পড়বে? পুরুষতান্ত্রিক সমাজে একদিকে মেয়ে আবার অন্যদিকে খ্রিস্টান; সুতরাং সংস্কৃত সাহিত্য নিয়ে পড়াশুনা করার নৈতিক অধিকার তিনি হারিয়েছেন। অনধিকারী সংস্কারহীনদের হাতে পড়লে সংস্কৃত-এর শুদ্ধতা হারাবে; তাই এদেরকে সংস্কৃত পড়তে না দেওয়াই যুক্তিযুক্ত। প্রথমে ইংরেজিতে এম্.এ পাশ করেন। কিন্তু তাঁর হার না মানা অদম্য মানসিকতা সংস্কৃত সাহিত্যের পিছু ছাড়তে দেয়নি, প্রাইভেটে এম্.এ পাশ করলেন। বেদ, পুরাণ, রামায়ণ, মহাভারত, কাব্যশাস্ত্রাদির অন্দরে ঢুকে এক এক করে টেনে বার করতে লাগলেন প্রাচীন ভারতের একমেটে, একপেশে সামাজিক কুসংস্কার ও পুরুষতান্ত্রিকতার কালো অন্ধকারময় দিক।

প্রাচীন ভারতে মেয়েদের সামাজিক অবস্থান কোনো ভাবেই আধুনিক ভারতীয় মেয়েদের সমপর্যায় ছিলনা। বৈদিক যুগের সমাজে নারীকে আর শূদ্র জাতিকে পশুর সঙ্গে তুলনা করাই ছিল পুরুষ শাসিত সমাজের মূল উদ্দেশ্য। সেখানে নারীর ব্যক্তিস্বাধীনতা বা বাক্স্বাধীনতার কোনো জায়গাই ছিল না। নারী মাত্রই কুকুর ও শকুনির মতো অশুভ শক্তির প্রতীক। পুরুষ নামক উপজীব্যের কাছে নারী তার নিজের শরীরের সমস্ত অধিকার ন্যস্ত করেছে, তারা নারী শরীরকে যেমন খুশি ছিঁড়ে, পিষে, খুবলে নিতে পারে, অথচ সব অত্যাচার পীড়ন নারীকে মুখ বুজে সহ্য করে যেতে হবে। '*মৈত্রায়নী সংহিতা*'য় অনেকবার বলা আছে- 'নারীশরীর নারীর নিজের নয়, তাই যৌন পীড়ন থেকে নিজেকে বাঁচানোর কোনো উপায় নেই।'[২] সকুমারী ভট্টাচার্যের ক্ষুরধার কলম বার বার গর্জে উঠেছে নারীদের প্রতি এমন অভব্য কদাচার আচরণের পরিপ্রেক্ষিতে। তাঁর সমস্ত লেখনীর মধ্যে তাই নারীমুক্তি, নারী উত্তরণের বিভিন্ন দিক উন্মোচিত হতে থাকে।

দেখা যায় পশুচারী যাযাবর আর্যরা ভারতে প্রবেশ করে কৃষিজীবী হয়ে ওঠে। "ক্রমে ক্রমে 'কুল'- এর প্রবর্তন হয়। প্রথমে একটা বাড়িতে তিন চার পুরুষ ধরে বৃহৎ পরিবারের বাস। তারপর শুরু হয় যৌথ পরিবার। তারপর শুরু হল একক পরিবার। একটি পুরুষের সংসার। এসবের সঙ্গেই উৎপাদন ব্যবস্থার ঘনিষ্ঠ যোগ ছিল, কিন্তু একটি ব্যাপার ক্রমশ পরিণতির দিকে এগোচ্ছিল: সমাজে নারী ও শূদ্রের স্থান অনিবার্য অবনমন, অর্থাৎ ক্রমেই নারীর স্থান সমাজে ও পরিবারে নেমে যাচ্ছিল। উৎপাদন ব্যবস্থায় নারীর অংশ ক্রমেই কমে যাচ্ছিল, যদিও গৃহকর্মে তার পরিশ্রম ও দায়িত্ব যথেষ্টই ছিল তবু তাকে 'ভার্যা' অর্থাৎ অন্যের দ্বারা ভরণীয়া, স্বামীর অন্নে প্রতিপালিত এই সংজ্ঞা দেওয়া হল। মনে রাখতে হবে 'ভৃত্য' আর 'ভার্যা' শব্দ দুটি ব্যুৎপত্তিগত ভাবে একই; যাকে ভরণ করতে হয়।"[৩] তাঁর অসামান্য গবেষণাতে উঠে আসে, ভারতের মাটিতে আর্যদের বসবাস সূচনার পর মোটামুটি দু'দশক পর্যন্ত নারী তার ব্যক্তিস্বাতন্ত্র্যের অধিকার আংশিক ভাবে হলেও ভোগ করতে পেরেছিল। এই প্রসঙ্গে বলা যায় প্রাচীন বৈদিক যুগে নারীর কিছুটা সাম্য ভোগ করার সুযোগ পেয়েছিল। "দেবগণ ও পিতৃগণকে দৈনন্দিন জল দেওয়ার প্রসঙ্গে গার্গী বাচক্নবী, বাড়বা আত্রেয়ী এবং সলভা মৈত্রেয়ী উদ্দেশ্যেও জল দেওয়া হত।"[৪] কিন্তু এর পর নারী তার সমস্ত অধিকার হারায়। বলা ভাল নারীর প্রাপ্য অধিকার থেকে কালক্রমে তাকে বঞ্চিত করা হয়। এই বঞ্চনা, এই অনৈতিকতা মন থেকে কোনোদিনই মেনে নিতে পারেননি। ঠিক এই কারণেই আমরা দেখতে পাই বিংশশতাব্দীর শেষ লগ্ন থেকে একবিংশ শতাব্দীর ঊষালগ্ন পর্যন্ত এক অশীতিপর বৃদ্ধা সমান ভাবে সমাজের সমস্ত অংশে নারী সচেতনতার কাজে আত্মনিয়োগ করেছেন। নতুন নতুন চেতনা, নতুন নতুন ভাবধারা ছড়িয়ে দিয়েছেন তাঁর অগণিত ছাত্রছাত্রীদের মধ্যে।

যুগ যুগ ধরে নারী অবজ্ঞার পাত্রী হয়ে এসেছে। মাতা, ভগ্নী, জায়া, দুহিতা; যে রূপেই সে পুরুষের কাছে বিরাজ হোকনা কেন। সন্তান প্রসব করা মেয়েদের একটি আবশিক কর্তব্যের মধ্যে ধরা হত। মেয়েদেরকে একজন ভালো স্ত্রী, ভালো মা রূপে পেতে 'একাধিক পুত্রের জননী' হওয়ার আশীর্বাদ করা হয়েছে। পুত্রের জননী হতে আশীর্বাদ করা হলেও কন্যা সন্তান প্রার্থনীয় হয়নি। এমনকি সন্তান জন্মের সময় পুত্র সন্তান জন্মালে তাকে উঁচুতে ধরা এবং শাঁখ বাজানোর রীতি ছিল কিন্তু কন্যা সন্তান জন্মালে শাঁখ বাজানো তো দূরস্থ তাকে মাটিতে শোয়ানো থাকত। শুধু তাই নয়, কন্যার মায়েদের সামাজিক ভাবে পুত্রের মায়েদের তুলনায় নীচু দেখানো হত। '*ঐতরেয় ব্রাহ্মণ*'- এ বলা হয়েছে- "যে নারী পুত্র সন্তানের জন্ম দেয় সেই শ্রেষ্ঠ নারী। আর যে নারী কন্যা সন্তানের জন্ম দেয়, তাকে বারো বছর পর ত্যাগ করা যায়।"[৫] আবার দেখা যায় শিশুর প্রথম ভাত খাবার অনুষ্ঠান 'অন্নপ্রাশন', 'বর্ষবর্ধন' তার দীর্ঘায়ু কামনা করে, শিশুর বিদ্যারম্ভ প্রভৃতি নানা অনুষ্ঠান পরিচালনায় মাতেন পিতা। মাতা শুধুমাত্র পটভূমিকায় থাকে, সে কোনো অনুষ্ঠানে কিছু বলেওনা, করেওনা। নারীর এই সব অপমান, লাঞ্ছনা, তিরস্কারের কথা সকুমারী ভট্টাচার্য বার বার তাঁর লেখনীর মধ্য দিয়ে স্মরণ করিয়ে দিতে চেয়েছেন। কেবল স্মরণ করিয়ে দিয়ে ক্ষান্ত হয়ে থাকেননি, বিভিন্ন জায়গায় নারী সচেতনতামূলক ক্যাম্প ইত্যাদি করে মেয়েদের সচেতন করে তোলার অঙ্গীকার গ্রহণ করেছিলেন।

কিছু ব্যতিক্রম ছাড়া পুরুষকেন্দ্রিক সমাজে কন্যা উপেক্ষিতা, লাঞ্ছিতা। কিছুদিন আগে পর্যন্তও দেখা গেছে, গর্ভস্থ ভ্রূণের লিঙ্গ নির্ধারণ করে অবাঞ্ছিত কন্যা সন্তানটিকে নির্দয় ভাবে হত্যা করতে কারো হাত কাঁপেনি। এখন অবশ্য এর জন্য অনেক আইন প্রণয়ন হয়েছে। গর্ভস্থ ভ্রূণের লিঙ্গ নির্ধারণ করা

দণ্ডনীয় অপরাধ। তা না হলে আমাদের মানবিক মূল্যবোধের অবনমন ঘটবে, আমাদের শিক্ষা লজ্জা পাবে। ভবিষ্যৎ প্রজন্ম অবজ্ঞার কাঠগোড়ায় দাঁড় করাবে আমাদের। এই অবক্ষয় ও অবনমনের কথাগুলি সুকুমারি ভট্টাচার্য তাঁর *‘তনয়া’* নামক প্রবন্ধে তুলে ধরেছেন।

মেয়েরা মায়ের জাত, এই অতি প্রচলিত ও ব্যঞ্জনাময় কৌশলী শব্দের আড়ালে লুকিয়ে আছে মেয়েদের প্রতি সমাজের চরম প্রতারণাময় অভিব্যক্তি। *‘প্রাচীন ভারতের মাতৃত্ব’* প্রবন্ধে বলেছেন মায়েদের ‘দেবী’ বলা আসলে সমাজের নিস্পৃহতার ক্ষতিপূরণ। ভারতে মাতৃত্বের উপর দেবত্বের আরোপ যে উচ্চ পর্যায়ে পৌঁছেছিল তেমন উচ্চ পর্যায়ে আর কোথাও পৌঁছায়নি। “বন্ধ্যা নারীকে পরিত্যাগ করা যায়, কারণ নিঋতি তাকে ভর করেছে”।[৬] সমাজের এমন অবক্ষয় প্রাচীন কালে যেমন প্রকটভাবে পরিলক্ষিত হয়েছিল, ঠিক তেমন বিংশ কিংবা একবিংশ শতকে এসেও তার পরিবর্তন তেমন ভাবে লক্ষ্য করা যায়নি। তাই হয়তো সুকুমারী ভট্টাচার্য তাঁর অসামান্য সব সৃষ্টি, সমাজের সর্বস্তরে ছড়িয়ে দিতে আগ্রহী হয়েছিলেন।

চরম নারীবাদী হওয়া সত্ত্বেও তিনি পুরুষের সব কাজের অন্ধ সমালোচনা করেছেন এমনটা কিন্তু নয়, অনেক ক্ষেত্রে পুরুষতান্ত্রিকতার কিছু সামাজিক নিয়ম যা আজও সমানভাবে পরম্পরাগত তাকে তিনি যথেষ্ট সমাদর করেছেন। তাঁর নারীবাদ কোনো ভাবেই দায়ীত্বজ্ঞানহীন ছিলনা। শূদ্রকের *‘মৃচ্ছকটিক’* নাটকের অনুবাদে আপামর বাঙালী পাঠকের কাছে পরিচয় করিয়ে দিয়েছিলেন বসন্তসেনার মতো সু-মনা গণিকার। অর্থের প্রতি কোনো আকর্ষণ ছিলনা এই স্বাধীনচেতা রমণীর। প্রেমিক চারুদত্তকে আর্থিক সংকটের হাত থেকে বাঁচিয়েছিলেন তিনি। নরনারী সম্পর্কের ক্ষেত্রে সমাজের বাস্তব প্রেক্ষিত ‘বিবাহ’ নামক সামাজিক বন্ধনটি যে গুরুত্বপূর্ণ সেকথা তিনি অস্বীকার করেননি। আবার দেখা যায় তখনকার সমাজ গর্ভিণী নারীর খাদ্যের প্রয়োজন বিষয়ে কিছুটা সচেতন ছিল। “নববধূ, কুমারী কন্যা, রোগী ও গর্ভবতী নারীকে অতিথির আগে খেতে দেবে”[৭] -এসবের কোনো কিছুই তাঁর চোখ এড়ায়নি।

নারীবাদ কেবল মহিলাদের স্বার্থরক্ষা করা কোনো এক তত্ত্ব নয়, -নারীবাদ এক জীবনবীক্ষা, যা বর্তমান সমাজে আলোড়ন সৃষ্টি করেছে। এখনকার সমাজে নারীর যে অবস্থান, প্রাচীন কালে নারীর অবস্থান অনেকটা আলাদাই ছিল বলা যেতে পারে। নারীবাদী পরিস্থিতি অনুযায়ী মেয়েরা কেবল পুরুষ দ্বারাই অত্যাচারিত হত এমনটা ধরে নেওয়া অস্বাভাবিক নয়, কিন্তু দেখা যায় নারীদের প্রতি অত্যাচার কেবল পুরুষ দ্বারাই হয়নি নারী দ্বারাও হয়েছে। *‘নারী সমাজের উপর হিংসাত্মক উপদ্রব’* প্রবন্ধে তিনি স্পষ্টতই বলেছে, - “আদি অনাদি কাল থেকে নারীদের উপর একপ্রকার পাশবিক অত্যাচার করে আসা হয়েছে। সেই অত্যাচার সবসময় পুরুষ দ্বারা নাও হতে পারে, অন্য নারী দ্বারাও সেই ধরণের উপদ্রব হতে পারে। তবে আক্রমণকারী যেই হোকনা কেন, আক্রান্ত মহিলাটির দুর্দশার শেষ থাকেনা।”[৮] সুকুমারী ভট্টাচার্য নারীবাদী দৃষ্টিভঙ্গিতে সমাজের এহেন অবক্ষয়ের কথা স্পষ্ট করেছেন তাঁর ক্ষুরধার কলমে।

বর্তমান যুগে দেখা যায়, নববধূর শরীরে গর্ভের সঞ্চার হলে পরিবারে ‘সাধভক্ষণ’ অনুষ্ঠানের মতো সামাজিক উপাচার পরিলক্ষিত হয়। এই সব উপাচারে অনেক সচেতন ভাবে নারীদের সম্মানের সহিত তার পছন্দ মতো সুস্বাদু খাবার রান্না করে পরিবেশন করা হয়। সন্তান প্রসবের আগে পর্যন্ত স্বামী ও তাদের পরিবার যথেষ্ট পরিমান খেয়াল রাখতে শুরু করে। গর্ভস্থ সন্তান এবং নতুন মায়ের সুস্থতা ছাড়া সন্তান পুত্র কিংবা কন্যা, সে বিষয়ে কারো কোনো আগাম চাহিদা থাকেনা। এসবই হয়তো সুকুমারী ভট্টাচার্যের মতো কিছু সমাজ সচেতক, সুচিন্তকের প্রতিবাদী কণ্ঠের উর্বর ক্ষেতের ফসল।

নারীশক্তির উত্তরণ প্রসঙ্গে সুকুমারী ভট্টাচার্যের উত্তরসূরী হিসাবে নৃসিংহপ্রসাদ ভাদুড়ী মহাশয়ের এখনকার একটি উক্তি যথেষ্ট প্রাসঙ্গিক “আজকের দিনের সকল রমণীই দশভুজা দুর্গারূপিণী– তাঁরা প্রত্যেকেই এক হাতে অফিস সামলান, অন্য হাতে স্বামীকেও সামলান, আর দু’হাতে পুত্র-কন্যার পালন-পোষণ করেন, সংসারের আবর্তে শ্বশুর-শাশুড়িকেও ফেলে দেন না, এমনকী বাজার করতে গেলেও বিভিন্ন বাজারে অত্যন্ত ভদ্রস্থ মেয়েদেরই এত দেখা যায়, তাতে রান্নাঘরের জায়গাতেও তাঁদের সস্নেহ হস্তস্পর্শ অনুমানযোগ্য হয়ে ওঠে। তাই এই জায়গায় মেয়েদের দশ-প্রহরণধারিণীর মূর্তিকল্প সুস্পষ্ট বটে, কিন্তু এটা কোনওমতেই নারীশক্তি-বিবর্দ্ধিণী কোনও ভাবনা নয়।”[৯]

‘বৃহদারণ্যকোপনিষদ’ -এ বলা হয়েছে- “যে ব্যক্তি পণ্ডিতা ও দীর্ঘায়ু কন্যা কামনা করে, তার উচিৎ তার পত্নীকে তিল ও ঘি দিয়ে অন্ন খাওয়ানো।”[১০] এর জন্য কিছু মানুষ নিশ্চয়ই শিক্ষিত কন্যা চাইত

এবং কন্যাদের শিক্ষা দেওয়ার উপরও জোর পেয়েছিল। বৈদিক যুগের প্রথম ভাগে নারীর উপনয়নের অধিকার থাকলেও পরবর্তীতে তা নিষিদ্ধ হয়। মনু বলেছেন- “নারীর পবিত্র ধর্মগ্রন্থ (বেদ) পাঠের কোনো অধিকার নেই। বিবাহ হল নারীর উপনয়ন, স্বামীর গৃহে জীবন কাটানো গুরুগৃহবাস এবং স্বামীসেবা বেদপাঠ।”[১১]

প্রাচীন বেদও একথা স্বীকার করে যে, নারীর শরীর তার নিজস্ব নয় এবং এতটুকু ওজর আপত্তি না করে পতির কাছে আত্মসমর্পণ করা তার বিধেয়। *তৈত্তিরীয় সংহিতা*য় আমরা দেখতে পাই, - ‘নারী কেবল যৌন সম্ভোগের বিষয়।’ মেয়েদের মন নামক কিছু ছিল বলে তখনকার সমাজ মনেই করতো না। এমনভাবে তাকে একজনের স্ত্রী বা ভোগ্যসামগ্রী হয়ে আবার অপরজনের স্ত্রী হতে হত। তাতে মনে হত নারী এমন এক জড় বস্তু যা হাতফেরতযোগ্য খেলনা সামগ্রী ছাড়া অন্য কিছুই নয়। *‘রামায়ণ’, ‘মহাভারত’* -এর যুগে কিছু ব্যক্তিত্বময়ী নারী যেমন; সীতা, কুন্তী, গান্ধারী, দ্রৌপদী প্রভৃতির গলায় প্রতিবাদের ঝড় নেমে আসলেও সমাজ তাকে সুকৌশলে উপেক্ষা করেছে। পুরুষ শাসিত সমাজের রক্তচক্ষুর আড়ালেই থেকে গেছে। নারী মুক্তির পৃথক আন্দোলন গড়ে ওঠা সম্ভব হয়নি। সুতরাং মেয়েদের মানসিক ও শারীরিক নির্যাতন কোনো শাস্তি ভয় ছাড়াই যুগ-যুগান্তর ধরে চলে আসছে।

ঋগ্বেদের যুগে গার্গী, অপালা, লোপামূদ্রা, শাশ্বতী, বিশ্ববারাদের মতো কিছু মহীয়সী নারীর কথা জানা যায়, তাঁরা নিজেরাই নিজের পরিচয়। তবুও সামাজিক দৃষ্টিতে তাঁরা অধস্তন। বিভিন্ন ভাবে জোর পূর্বক তাঁদের অবদমিত করে রাখার একটা কূটনৈতিক প্রয়াস চলত পুরুষ সমাজে। আধ্যাত্মিক বিতর্কে পুরোপুরি কোণঠাসা না করা পর্যন্ত মহর্ষি যাজ্ঞবল্ক্যকে চ্যালেঞ্জ করার দুঃসাহস দেখিয়ে ছিলেন গার্গী। একে দুঃসাহসই বলা চলে, কেননা এর ঠিক পরই যাজ্ঞবল্ক্য গার্গীকে নীরব থাকতে বলার অভিসম্পাত করে বসলেন - “আর কথা বাড়িওনা গার্গী, নাহলে তোমার মাথা খসে পড়বে।”[১২] সুতরাং সমাজ নারীদের কাছে এটাই আশা করেছিল যে, তারা উচ্চ চিন্তা ভাবনার বিষয়গুলি পুরুষের হাতে ছেড়ে দিয়ে সাংসারিক কাজকর্ম আর সন্তান উৎপাদন ছাড়া অন্যত্র সম্পূর্ণ নীরব থাকবেন। ভারতবর্ষে প্রকৃত নারীর সংজ্ঞা হল - “স্বামীকে সন্তুষ্ট করে, পুত্র সন্তানের জন্ম দেয় এবং স্বামীর ওপরে কথা বলেনা।”[১৩] এসব মেনে নিতে পারেননি সুকুমারী ভট্টাচার্য।

‘মনুসংহিতা’ গ্রন্থে ভগবান মনু বলেছেন মেয়েদের নিজস্বতা বলে কিছু থাকতে নেই, তাদের কামনার পুরুষও থাকতে পারেনা। পুরুষ রূপবান হোক কিংবা কুৎসিত তারা সুন্দরী, সুশ্রী নারীকেই কামনা করতে পারে-

> নৈতা রূপং পরীক্ষন্তে নাসাং বয়সি সংস্থিতিঃ।
> সুরূপং বা বিরূপং বা পুমানিত্যেব ভুঞ্জতে।।[১৪]

বিবাহযোগ্যা কন্যার আকাঙ্ক্ষিত বিশেষ গুণ আছে কিনা তা সমাজ ভালোভাবে খুঁটিয়ে দেখে নিত। বিত্ত, রূপ, শিক্ষা, বুদ্ধি, সদ্বংশ এই পাঁচ গুণের কোনো একটি কম থাকলে নববধূকে শ্বশুর বাড়িতে অনেক প্রকার তিরস্কার, লাঞ্ছনার স্বীকার হতে হত। এখনও যে হয়না একথা হলফ করে বলা যায়না। বিভিন্ন সময় সংবাদ পত্রে গার্হস্থ্য হিংসার খবর আমাদের চোখে পড়ে। তবে তার মাত্রা কিছুটা কমেছে। কিন্তু মেয়েদের শিক্ষার অধিকার একটি বিতর্কিত বিষয় হিসাবেই থেকে গেছে। শিক্ষিতা বধূই যদি পুরুষের কাঙ্ক্ষিত হয়ে থাকে তবে নারী শিক্ষা বিষয়ে সমাজের এত আপত্তি কেন? ধীরে ধীরে এবং নিশ্চিত ভাবে মেয়েরা সাংসারিক কাজকর্মের মধ্যে নিজেদের সমর্পণ করে দিতে শুরু করল। বন্দী হতে লাগল অন্তঃপুরে। ক্রমে মেয়েরা শিক্ষার অধিকার, সম্পত্তির অধিকার, জীবিকার অধিকার এমনকি নিজের শরীরের উপর অধিকার থেকেও বঞ্চিত থেকেছে; হয়ে উঠেছে সন্তান উৎপাদনের যন্ত্র স্বরূপ।

“বিবাহ মানে এখন আমরা বুঝি ঐক্যদাম্পত্য (monogamy)- এক পতি, এক স্ত্রী।”[১৫] এই ঐক্যদাম্পত্যই বর্তমানে বিবাহের রূপ নিয়েছে। কিন্তু বহুযুগ আগে থেকেই বহুপত্নীকতার বাহুল্য লক্ষ্য করা যায়। শাস্ত্র ঘাঁটলে বুঝতে পারি-

> সমৃদ্ধং যস্য কানীয়াংসো ভার্যা আসন ভুয়াংসঃ পশবঃ[১৬]
> (সেই ভাগ্যবান যার পশুর সংখ্যা স্ত্রীর সংখ্যার চেয়ে বেশি)

ঠিকানা খুঁজে খুঁজে কুলীন ব্রাহ্মণেরা শ্বশুর বাড়ির আতিথ্য, স্ত্রী-সম্ভোগ এবং যথাসম্ভব দক্ষিণা আদায় করে পরবর্তী স্ত্রীর উদ্দেশ্যে রওনা দিত। এখানে পরিস্কারভাবে বোঝা যায় মেয়েদের আত্মমর্যাদা ও সম্মানকে কোন পর্যায়ে নামিয়ে আনা হয়েছিল। আবার হিন্দু বিবাহ রীতিতে নারীকে পুরুষের অর্ধাঙ্গিনীও বলা হয়েছে; তোমার হৃদয় আমার, আমার আজ থেকে একাত্ম হলাম-

যদিদং হৃদয়ং মম।
তদিদং হৃদয়ং তব।।[১৭]

অথচ উচ্চারিত এই মন্ত্রের আসল গূঢ়ার্থ ব্যর্থ হয়েছে, পুরুষ তার কাঙ্ক্ষিত নারীকে ক্রীতদাসী অথবা ভোগ্য পণ্য রূপে গণ্য করে এসেছে চিরকাল। আজকাল আকছার চোখে পড়ে ভোগলালসা বা কামনা তৃপ্তি হলেই দাম্পত্যের অবসান ঘটছে, বিচ্ছেদ হয়ে যাচ্ছে।

প্রাচীনকাল থেকেই সংসারের চাকায় আবদ্ধ নারীর অবস্থা খাঁচার পাখির মতো; বদ্ধাবস্থায় যার ডানামেলার জায়গা থাকেনা। কেবলই সংসারের যাঁতাকলে পিষ্ট হতে থাকে। রবীন্দ্রনাথ 'মুক্তি' কবিতায় লিখেছেন-

একটানা এক ক্লান্ত সুরে
কাজের চাকা চলছে ঘুরে ঘুরে।
বাইশ বছর রয়েছি সেই এক চাকাতেই বাঁধা
পাকের ঘোরে আঁধা।[১৮]

প্রাচীন গ্রীস ও রোম সাম্রাজ্যে মেয়েদের রক্ষার্থে আইন প্রণয়ন হয়েছে এবং কালের ব্যবধানে তার পরিবর্তন, পরিমার্জনও হয়েছে। এরকম অবস্থা ভারতীয় সমাজেও লালিত হওয়া একেবারেই অসম্ভব ছিল না, কিন্তু এখানে একত্রিত হয়ে মেয়েদের দুরবস্থা আলোচনা করার কোনো সুগঠিত মঞ্চ বা প্রতিষ্ঠান ছিল না। তিনি 'নারী সমাজের উপর হিংসাত্মক উপদ্রব' প্রবন্ধে স্পষ্টতই বলেছেন - 'হাজার বছরের পুরানো এই কদাচারের অবসান ঘটতে পারে কেবল মেয়েদের সংঘবদ্ধ চেষ্টায়; আর যদি তার পিছনে থাকে দ্ব্যর্থহীন স্পষ্ট নীতি ও স্বচ্ছভাবে নির্ধারিত আইন।'

'নারী ও নীরবতা' প্রবন্ধে তিনি বলেন - "ভারতীয় নারীকে কেন এমন আড়ালে রাখা হল, কথা বলার ন্যূনতম সুযোগ পর্যন্ত দেওয়া হলনা?"[১৯] -এর উত্তর খুঁজতে গিয়ে দেখলেন -মেয়েদের সামাজিক মর্যাদা যা সমাজ শিক্ষালাভ ও তার ফলে স্বাধীন বৃত্তি অবলম্বন থেকে বঞ্চিত রেখেছে। নারী-পুরুষ উভয়ই নারীর এই সামাজিক নীরবতা মেনে নিয়েছিল। নারী নীরবতার আর একটি কারণও তিনি আলোকিত করেছিলেন - পুরুষের উপর মেয়েদের চূড়ান্ত অর্থনৈতিক নির্ভরশীলতা। যার ফলে সে পুরুষের অন্যায়ের বিরুদ্ধে কথা বলার সাহস দেখাতে পারেনি। এভাবেই শারীরিক, মানসিক ও অর্থনৈতিক উপেক্ষা মেনে নিয়ে এই অন্যায়কে সামাজিক বিধান বলে মেনে নিতে বাধ্য হল।

প্রাচীন ভারতীয় সমাজে যেখানে ভালো নারীর লক্ষণ কেমন হওয়া বাঞ্ছনীয় তা নিরূপণ করা হয়, কিন্তু ভালো পুরুষ হতে গেলে কি যোগ্যতা লাগে সমাজ তার প্রয়োজন বোধ করেনা, সেখানে তিনি সিদ্ধহস্তে কলম চালিয়েছেন। ভাবতে অবাক লাগে, নারী তার সতীত্ব রক্ষা করে শুদ্ধতার পরিচয় দেবে; পুরুষ বহুগামী হলেও সমাজের চোখে তা কখনও নিন্দনীয় নয়। এই ধরণের একপেশে, স্বার্থযুক্ত, অর্থহীন, সমাজ ফতোয়ার কালো দিকে কলম শানিত করেছিলেন সুকুমারী ভট্টাচার্য।

নারী ও পুরুষের সমানাধিকার নিয়ে আমরা গলা ফাটিয়ে চিৎকার করলেও এই অধিকার পেতে সময় লাগবে। যতদিন না নারী অর্থনৈতিক ভাবে স্বচ্ছল হচ্ছে ততদিন পর্যন্ত এই অবস্থার উন্নতি হওয়া প্রায় অসম্ভব। নারীদের সামাজিক উন্নয়নের আন্দোলনে মেয়েদের প্রতিনিধিত্ব চোখে পড়ার মতো নয়। মেয়েরা সবদিক থেকে নিজেদের এতটাই দুর্বল ভাবে যে, কোনো সিদ্ধান্ত নিতে গেলে পুরুষের সাহায্য নিতে হয়। নারীদের প্রতি এই বৈষম্য আচরণের পরিবর্তন আনতে গেলে সমাজের সর্বস্তরের মানুষকে এক যোগে ঝাঁপিয়ে পড়তে হবে।

একবিংশ শতাব্দীর এই ক্ষণে দাঁড়িয়ে আমরা দেখি মেয়েদের কেমন যেন নিজের ভোগ্য বস্তু হিসাবে পরিণত করেছে। পুকুরের মাছ যেমন নির্বিচারে মেরে উদরস্থ করা যায়, ঠিক তেমন মেয়েদের অবস্থা।

এক থেকে আশি কেউই বাদ যায়না পুরুষের কামুক লোলুপ দৃষ্টির নাগপাশ থেকে। কামদুনী, পার্কস্ট্রীট, কাকদ্বীপ, উন্নাও, আর.জি.কর অথবা জয়নগর সবখানেই নারীকে খুবলে ছিঁড়ে খেতে বিকৃতকাম পুরুষের (যদিও তাদের পুরুষ বলতে ঘৃণার উদ্রেক হয়) ভিড় জমতে শুরু করে।

নারীদের প্রতি এই ধরণের হিংসাত্মক আচরণের পরিবর্তন করতে হলে আগে সমাজের সর্বস্তরের দৃষ্টিভঙ্গির বদল আনা চাই। এই দৃষ্টিভঙ্গি বদলানোর কাজে নিজের সমস্ত উজাড় করে দিয়েছিলেন সুকুমারী ভট্টাচার্য। সে সমাজ সচেতনতামূলক প্রবন্ধ রচনা করেই হোক কিংবা মেয়েদের সুরক্ষা দেওয়ার সংগঠন গড়ে তোলাই হোক, সর্ব ক্ষেত্রে তাঁকে অগ্রণী ভূমিকা পালন করতে দেখা গেছে। কেবল আইন প্রণয়ন করে এই সমস্যার সমাধান করা যাবেনা। সমাজের আষ্টেপৃষ্টে জড়িয়ে থাকা অনাচার, হিংসা, কুসংস্কার এসবের নির্মূল করতে পারলে তবেই পরিবর্তন আনা সম্ভব হবে। মেয়েদের এই উত্তরণের পথ কোথায়? কেমন করে সম্ভব এই বিদ্বেষ বিরূপতা থেকে মেয়েদের জাতিসত্তা ফিরিয়ে আনা? সুদূর প্রাচীনকাল থেকে আজও সমাজে প্রান্তিক থেকে উচ্চবংশীয় সর্বস্তরের নারীরা খুঁজে চলেছে নিজেদের বেঁচে থাকার সত্তা, নিজেদের সত্তার স্বর।

তাই হয়তো মেয়েদের আত্মমর্যাদা ও সামাজিক সমতার প্রত্যাশী সুকুমারী ভট্টাচার্য শুধু প্রবন্ধ রচনা কিংবা বৌদ্ধিক আলোচনাতেই সীমাবদ্ধ ছিলেন তা নয়, সমাজের প্রতিটি ক্ষেত্রে নিজেকে প্রসারিত করে দিয়েছিলেন। দুঃস্থ ছাত্রছাত্রীদের সাহায্যের জন্য নিজস্ব ফাণ্ডও তৈরি করেছিলেন। **১৯৮২** সালে সুকুমারী ভট্টাচার্যকে সভানেত্রী করে যশোধরা বাগচী 'সচেতনা' নামে একটি সংগঠন গড়ে তোলেন, সেখানে নিপীড়িত, লাঞ্ছিত, শোষিত, সংসারে চরম অবহেলিত মেয়েদের আত্মনির্ভর ও আত্মসচেতন হতে সাহায্য করা হত। তাঁর কন্যা তনিকা সরকারের কথায় - "সচেতনা' বলে কলকাতায় একটা নারীবাদী সংগঠন হয়, যশোধরা বাগচী, মালিনী ভট্টাচার্য -এরা অনেকে মিলে গড়ে তোলেন। সেই সভায় যা আলোচনা হত, সেটাও মাকে খানিকটা নারীবাদ-সচেতন করে তোলে।"

আজীবন অদম্য লড়াকু মানসিকতার অসম সাহসী সুকুমারী ভট্টাচার্য নারীদের প্রতি চরম লাঞ্ছনা ও বঞ্চনার বিরুদ্ধে শক্ত হাতে কলম ধরে এসেছেন। প্রাচীন ভারতে হিন্দু সমাজের লোক দেখানো উদারতার আড়ালে শূদ্র জাতি ও নারীদের প্রতি কীরকম বিদ্বেষ ও বৈষম্য পোষণ করা হত তা প্রথম চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন তিনি। পণ্ডিত মহলের অনেকাংশের ধারণা অনুযায়ী আর্য সমাজে সব ক্ষেত্রেই নারী ও পুরুষের সমান অধিকার ছিল, সেই তথাকথিত 'মিথ' -এর মূল ধরে নাড়িয়ে দিয়েছিলেন তিনি, প্রথা ভেঙে নির্মাণ করেছিলেন নিজস্ব সড়ক। আসলে ছক ভেঙে বেরিয়ে আসতে পারলে, প্রথা ভেঙে সামনের সারিতে দাঁড়াতে পারলে তবেই সমাজের অন্ধ কুসংস্কারাচ্ছন্ন কালো মেঘ কেটে গিয়ে সূচিত হবে উত্তরণের প্রথম পদক্ষেপ।

উল্লেখপঞ্জি

১. *প্রাচীন ভারতে সমাজ ও সাহিত্য*। সুকুমারী ভট্টাচার্য, আনন্দ পাব্লিশার্স, কলকাতা।

২. *মৈত্রায়নীসংহিতা* - ৩:৬:৩; ৪:৬:৭; ৪:৭:৪; ১০:১০:১১।

৩. *প্রাচীন ভারতে সমাজ ও সাহিত্য*। সুকুমারী ভট্টাচার্য, আনন্দ পাব্লিশার্স, কলকাতা।

৪. *সাংখ্যায়ন গৃহ্যসূত্র* ৪:১০:৩; *আপস্তম্ভ গৃহ্যসূত্র* ৩:৪:৪; *কৌষীতকী গৃহ্যসূত্র* ১:২৮:২২।

৫. *ঐতরেয় ব্রাহ্মণ* ৬:৩:১৭:১৩।

৬. *শতপথ ব্রাহ্মণ ষষ্ঠ* ২:৩:১৩; পঞ্চম ৩:১:১৩।

৭. নারী সমাজের উপর হিংসাত্মক উপদ্রব: সুকুমারী ভট্টাচার্য।

৮. প্রাচীন ভারতের মাতৃত্ব: সুকুমারী ভট্টাচার্য।

৯. নারীশক্তি: অস্ত্রহীন বাগবিভূতিতেই নারী এক্সট্রাঅর্ডিনারি, নৃসিংহপ্রসাদ ভাদুড়ী।

১০. *বৃহদারণ্যকোপনিষদ* ৬:৪:১৭।

১১. *মনুসংহিতা* ২:৬৭।

১২. *বৌধায়ন ধর্মসূত্র* ৩:৬:১৭।

১৩. *ঐতরেয় ব্রাহ্মণ* ৩:২৪:২৭।

১৪. *মনুসংহিতা* ৯/১৪।

১৫. *প্রবন্ধ সংগ্রহ ২:* ক্রীতদাসী - সুকুমারী ভট্টাচার্য।

১৬. *শতপথবাহ্মণ* ২:৩:২:৮।

১৭. সামবেদীয় বিবাহ মন্ত্র।

১৮. *পলাতকা:* মুক্তি: রবীন্দ্রনাথ ঠাকুর।

১৯. নারী ও নীরবতা: সুকুমারী ভট্টাচার্য।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

ঠাকুর, রবীন্দ্রনাথ। *পলাতকা*। প্রকাশ ১৯১৮।

দেবী, জ্যোতির্ময়ী। সমাজের একটি অন্ধকার দিক। *যাদবপুর নারী শিক্ষাকেন্দ্র* (প্রথম খণ্ড)। কলকাতা: যাদবপুর বিশ্ববিদ্যালয়, ১৯৯২।

ভট্টাচার্য, দীপক (সম্পাদনা)। *ভারত ও ভারততত্ত্ব অতীত বর্তমান ভবিষ্যৎ*। কলকাতা: ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ২০০৪।

ভট্টাচার্য, সুকুমারী। *ইতিহাসের আলোকে বৈদিক সাহিত্য*। কলকাতা: পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ্, ২০১৫ (প্রথম প্রকাশ ১৯৯১)।

ভট্টাচার্য, সুকুমারী। *প্রাচীন ভারতে নারী ও সমাজ*। কলকাতা: গাঙচিল, ২০০৯।

ভট্টাচার্য, সুকুমারী। *প্রাচীন ভারতে সমাজ ও সাহিত্য*। কলকাতা: আনন্দ পাব্লিশার্স, পঞ্চম মূদ্রণ, ১৪১১।

ভট্টাচার্য, সুকুমারী। প্রবন্ধ সংগ্রহ ২। কলকাতা: গাঙচিল, (প্রথম প্রকাশ জানুয়ারী ২০০২)।

‘শেষদিন পর্যন্ত ছিলেন তাজা মন’ - আনন্দবাজার পত্রিকা, ২৫মে ২০১৪।

‘ভাঙতে হলে জানতে হয়’ - আনন্দবাজার পত্রিকা, ১লা জুন ২০১৪।

‘শতবর্ষে সুকুমারী’ - মৌ দাশগুপ্ত, আনন্দ বাজার পত্রিকা, ১৯জুলাই ২০২০।

অধ্যাপিকা সুকুমারী ভট্টাচার্যের জন্মশতবর্ষ শ্রদ্ধাঞ্জলি: একটি শুচি উদ্যোগ - https://youtube/ddO0Egf1Wms

‘শতবর্ষে সুকুমারী (১৯২১-২০১৪)’ সাক্ষাৎকার: সুকুমারী ভট্টাচার্য, আলাপে কুমকুম রায় - www.guruchandali.com

‘শতবর্ষে সুকুমারী (১৯২১-২০১৪)’ সাক্ষাৎকার: তনিকা সরকার, আলাপে রণবীর চক্রবর্তী - www.guruchandali.com

সুকুমারী ভট্টাচার্য -একটি আলোকবর্তিকা: বিজয়া গোস্বামী - ৩০জুন ২০১৫, abasar.net।

উজান পথের যাত্রী সুকুমারী ভট্টাচার্য - কণিষ্ক চৌধুরী, আপনপাঠ ওয়েবজিন, ১৬ জুলাই ২০২১।

CONTRIBUTORS

NAME	DESIGNATION
SECTION A	
ASHOK KUMAR MAHATA	Professor and Head, Department of Sanskrit, Jadavpur University
SITANATH GOSWAMI	Former Professor, Department of Sanskrit, Jadavpur University
TAPATI MUKHERJEE	Former Vice-Chancellor, Sidho-Kanho-Birsha University, Purulia.
DEBARCHANA SARKAR	Former Professor, Department of Sanskrit, Jadavpur University.
BROTI GAYEN	Assistant Professor, Department of Bengali, Jadavpur University.
MANDIRA GHOSH	Assistant Professor, Department of Philosophy, Maharani Kasiswari College.
SECTION B	
NANDITA BARUI	Assistant Professor, Department of Sanskrit, Vivekananda Mahavidyalaya, Haripal.
SUBHAJOY SARKAR	Assistant Professor, Department of Philosophy, Fakir Chand College, under University of Calcutta.
ANEESH DAS	Assistant Professor, Department of Philosophy, Netajai Subhas Ashram Mahavidyalaya, Suisa.
SIKHA SARKAR SIKDAR	Assistant Professor, Department of Sanskrit, Galsi Mahavidyalaya, Galsi, Purba Burdwan.
SUTAPA MONDAL	SACT, Shirakole Mahavidyalaya.
SECTION C	
NILADRI GHARA	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University

ACHINTYA KUMAR PAL	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
DEBAJYOTI KUNDU	Ph.D. Research Scholar, Department of Vaidic Darshan, Faculty of Sanskrit Vidya Dharma Vijnan, Benaras Hindu University, Varanasi, UP.
ANJAN KUMAR BISWAS	Ph.D Research Scholar, Department of Sanskrit Sahitya, Kumar Bhaskar Varma Sanskrit and Ancient Studies University, Nalbari, Assam.
SAIKAT MOHANTA	Research Scholar of Ramakrishna Mission Vivekanada Educational and Research Institute, Belur Math, Howrah
PALAS BISWAS	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
RITAPA CHAKRABARTY	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
CHANDANA DAS	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
CHAITALI BANERJEE	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
ANUPAM DEY	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
SUDESHNA GHOSH	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
LIPI BARMAN	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
SAMIR MONDAL	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
MOUSUMI SANPUI	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
HABAL RUIDAS	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.

DEBESH SARKAR	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Rabindra Bharati University
MITHUN MONDAL	Ph.D. Research Scholar, Department of Sanskrit, Jadavpur University.
SUKHEN GHOSH	Research Scholar, Department of Sanskrit, Mahatma Gandhi Central University.
TANULINA CHOUDHURY	Ex-Student, Department of Sanskrit, Jadavpur University.
RANU MONDAL	Ex-Student, Department of Sanskrit, Jadavpur University.